প্রথমা। না গো, উনি মিখ্যা বলছেন না। আমিও শুনেছি বটে। কাউকৈ বলভে সাহস করি নি।

। कांत्र कांट्स समाना।

প্রথমা। ওই যে আমার ভাস্থরঝি মন্দাকিনী। তীর্থ করে ফিরে আসছিল। পথে দেখা। রাজকুমারী চলেছেন মার্ভগুদেবের উপাসিকার দীক্ষা নিতে।

- २। विश्वाम कति की करत। त्क्र, তোর मत्क कथा रम किছू?
- ১। প্রণাম করে বলনুম, তুমি আমাদের রাজকুমারী স্থমিতা। তিনি বললেন, আমার নাম তপতী। জানিস তো সেই অপরূপ রপ। সেই লাবণা যেন আগুনের স্থান করে এল। বললেম, দেবী, চরণের সেবক হয়ে বাই সজে। তিনি নীরবে তর্জনী তুলে ফিরে যেতে ইন্সিত করলেন।
- ৩। হুর্গম তীর্থে রাজকুমারী একলা চলেছেন, তুই এখানে এসে রাজবাড়িতে জানালিনে?
- ১। তুই-একজনকে জানাতে গিয়েছিলেম— আমাকে যারে আরু কি। বলে, আমি নেশা করেছি!

আর-একজনের প্রবেশ

- 8। किছु एक शांखि हम ना।
 - २। कांत्र कथा वन छ।
- ৪। আমাদের সভাকবি দত্র। খুড়োমহারাজের আশ্রন্থ ছাড়তে সাহস করল না। আন্ধ অভিষেকে কোনোরকমের একটা সভাকবি চাই তো।
- ৩। চাই বৈকি। আত্তকের মতো রীজরক্ষা করে ভার পরে সংক্ষেপে বিদায় কর্মেট হবে।
- 8। खोगांफ कराहि धकि। यम छारक निष्म षोगहा विषमी, वाटक अवजीर्व, मरक नाती षोहा।
 - । এর থেকেই ঠাওরালে সে কৰি?

- 8। तथरलम, शांहरूलांस यर प्राविधि शांन शांहरू चां वांबार व्यव्या । मूथ त्वर्थ मान्य हल लांक है। चांत्र किहूरे ना शांकक, शांन वांनार शांत्र। तिश्व शिव्य वाल्म, जूमि कवि, हरला तांकात विख्य विष्य । श्राव्य वांक्य वांकात वांकात वांका वांक
 - । 'ना' यनवात्र मटला म्याति नत्र वाध कति।
- ৪। একেবারেই না। দেখলেম দিবাি বশ মেনেছে। মেয়েটি যদি বলভ, চলো, লড়াই করবে, ভবে তথনই চুটত লড়াই করতে, কবিতা লেখা ভো সামান্ত কথা।
- ২। শুনে ব্যক্তি, লোকটি কবি। মনে তো আছে, আমাদের ধরণীদাস। গৌরীতরাইদ্বের নথনি বৃনত শাল, ধরণী আল্তে আল্তে এসে দীড়াত তার আভিনার কোণে। আর সে দিত তার কুওল ঝুলিয়ে ঝংকার, তারই চোটে ধরণী সাত খাতা কুড়ে ছড়া লিখছে। থেতুলাল, তুই ধরেছিস ঠিক, লোকটা কবি।
 - हा क् ता ना हाक, छहातात्र मानादा। ७३-य चान् छ।

ममूत्र मरक नात्रम ७ विभागात প্রবেশ

বিপাশা। (নরেশের প্রতি) কবি নরোন্তম, এদের বঞ্চিত কোরো না। তোমাকে গান গাইতে বলতে সাহস পাই নে। কিছু আমি তো ভোমারই শিশা, বধাসময়ে আমাকে অমুমতি কোরো, আমি গাইব।

নরেশ। তোমার ভক্তিতে আমি প্রীত। ভালো, অমুমতি করছি, গাও ভূমি।
বিপাশা। সে কি প্রভু, এখনই ? এখনো ভো সমর হর নি।
নরেশ। এতদিনেও আমার কাছে এ শিক্ষা হল না বে, গানের অসমর নেই ?
১। কবি অক্সার বলেন নি। ওই দেখো-না, লোক অড়ো হয়েছে। সমর হল।
বিপাশা।

দিনের পরে দিন-বে গেল জাঁধার ঘরে,
ভোমার আসনধানি দেখে মন-বে ক্ষেমন করে।
তথা বঁধু, ফুলের সাজি
মঞ্জরীতে ভরল আজি,
বাধার ছারে গাঁধব ভারে রাধব চরণ 'পরে।

পাষের ধানি গনি রাতের ভারা জাগে। উত্তরীয়ের হাওয়া এসে ফুলের বনে লাগে। ফাগুনবেলার বুক্ষের মাঝে পথ-চাওয়া হ্মর কেঁদে বাজে,

প্রাণের কথা ভাষা হারায় চোখের অলে ঝরে॥

- ১। হার হার, থাটি কবি বটে রে। ছেড়ে দেওরা হবে না। দানাশওরের আটচালার এক কোণে জারগা করে দেব।
- २। कित, तहना राजाता वर्षे कि । अभितास वर्षे निष्ठा ति । अभितास वर्षे निष्ठा निष्ठा कि । अभितास वर्षे निष्ठा ।

নরেশ। ভণিতার সম্পর্ক রাখি নে। আমি জানি গান যে গায় গান ভারই। গানটা আমার কি ভোমার, এই অভ্যন্ত বাজে প্রশ্ন যদি না ভূলিয়ে দিলে ভা হলে সে গান গানই নয়।

৩। কিন্তু দেখো কবি, আমার কেমন মনে হচ্ছে এ গান আমি পূর্বে শুনেছি

নরেশ। বড়ো খুশি হলুম এ কথা শুনে। তুমি রসিক লোক। ভালো গান শুনলেই মনে হয় এ গান আগেই শুনেছি।

৩। মনে হচ্ছে আমাদের কবি শশাস্ক ষেন ওইরকমের একটা---

নরেশ। কিছুই অসম্ভব নয়, কোনো কোনো কবি থাকেন যার রচনা ঠিক অক্ত লোকের রচনার মতোই হয়।

वित, रेक्ट कद्राह जायां क वक्षा माना पिरे।

নরেশ। মালা আমি নিই নে। আমার গান গার কঠে, আমার মালাও তাঁরই কঠে পড়ে।

৪। সে তো ভালো কথা। উনি মালা পরার বোগ্য বটেন। হাঁ গা, ভোষাদের ভালিতে তো মালা অনেক আছে, একখানা দাও-না ওঁকে পরিয়ে দিই।

व्यथमा। हां, मिनाम वरन!

8। डांलांगाञ्चत थि, मिल लांव की।

षिতীয়া। তোমরা দোষ দেখতে পাবে কেন। পথে ঘাটে মালা পরিয়ে বেড়ানো তোমাদের স্বভাব যে।

। योगि, तांश कत रकन ?

षिछोद्रा। আর 'হাসি' 'মাসি' করতে হবে না।

७। चाक्रा, हाफ्राय मानि वना, या वनाम प्रि हल छारे वनव। चानालक दक्षाना माना वाल-ना, खँक निर्देश विरे।

ভূতীয়া। তোমরা কি লক্ষার মাথা থেয়ে বসেছ! কোথাকার কে ভার ঠিক নেই, রাজার অভিবেকের মালা দিতে হবে! এত লন্তা নয় গো।

- ১। ও-কথা বোলো না দিদিশাশুড়ি, রাজা থাকলে শ্বন্ধ: ওকে মালা দিতেন।
 বিতীয়া। ভরততলির লোক, ভোমাদের ব্যাভারটা কী রক্ষম গো। ওকে
 দিদিশাশুড়ি বল কোন্ সম্পর্কে। ও আমার বোনঝি।
- ১। মাসি বলতে সাহস হল না। ভাবলুম দাদাশগুরের গ্রামে থাকে, ওই সম্পর্কের নামটা বেমানান হবে না।

প্রথমা। ওই-যে রাজা আগছেন শিবির থেকে। এখনো তো সময় হয় নি। এরা স্ব গান গেয়ে উৎপাত করে ওঁকে বের করে আনলে।

गकला खन्न, यहांदोक क्यांत्ररगत्नत्र सन्।

কুমারদেনের প্রবেশ

কুমার। শীঘ্র আমার অস্থ প্রস্তুত করো।
ত। কবি, ধরো ধরো, একটা গান ধরো শিগগির।
বিপাশা। গান

তোমার আসন শৃক্ত আজি, হে বীর পূর্ব করো, ওই যে দেখি বস্থার কাপল থরোখরো। বাজল তুর্ব আকাশপথে, পূর্ব আসেন অগ্নিরথে, এই প্রভাতে দখিন হাতে বিজয়গজা ধরো। ধর্ম ভোমার সহায়, ভোমার সহায় বিশ্ববাদী। অমর বীর্ব সহায় ভোমার, সহায় বজ্ঞপানি। ফুর্নম পথ সন্গোরবে ভোমার চরণচিক্ত লবে,

চিন্তে অভয়বর্ম ভোমার বন্দে ভাছাই পরো।
কুমারসেন। (বিপাশাকে ইন্দিভে কাছে ভেকে) হঠাৎ এথানে এলে যে।
বিপাশা। ছুটি পেয়েছি যুবরাজ।
কুমারসেন। ক্ষিত্রা ?

विशामा। ता विवानी । इति श्रिक्त ।

क्यांत्ररमन। मृजा ?

विशामा। ना, नृजन প्रांग।

क्यांवरमन। अर्थ की, वृक्षित्त्र मांछ।

বিপাশা। **জালদ্বর ছেড়েছেন** ভিনি। গেছেন গ্রুবতীর্থে, উপাসিকার দীক্ষা নেবেন।

কুমারসেন। তোমার কথাটাকে এখনো মনের মধ্যে ঠিক নিতে পারছি নে।

বিপাশা। যুবরাজ, স্থমিত্রাকে তো চেনো। স্বর্ধের তপস্তা সেই জ্যোতির্ময়ী ছাড়া কে গ্রহণ করতে পারে আজকের দিনে। আলোকের দৃতী যারা, ভোগের ভাগ্রারে তাদের বন্ধন কর্মদেব সহু করতে পারেন না।

क्रमात्रमा । जात जानकततां वृद्धि मृद्धन हाट नित्त हूटिएन।

বিপাশা। মাটির বাঁধ দিয়ে নদীকে বেঁধে তার স্রোভকে রাজভাতারে জ্বমা করবার জন্তে; তাঁর কথা জিজ্ঞাসা করো আমার ওই পথের সঞ্চীকে।

কুমারসেন। ভোমার পথের সঞ্চী ?

विशामा। है। य्वतास, जामात श्रापत मन्नी। हूल करत ब्रहेल। এর থেকে व्यक्ति जूमि व्यक्ति। এর উপরে কথা চলে না।

क्यांत्रत्म। এडिमित्न वस्त शहन कत्रत्म, विभामा ?

বিপাশা। বিপাশা সিন্ধুনদীতে মিলেছে, সে মুক্তধারার মিলন।

क्यांत्रस्म। एवं नामि वर्णा।

विशामा। छँत नाम नदिन। त्राका विक्रासित विभाग छोह। एएक चानिह। कुमांत्ररान। नमस्रोत, त्राक्षकुमांत।

न्द्रम । नम्स्राद ।

क्यांतरमन। ভোষার মভো অভিথিকে পেয়ে আমার আক্তকের দিন সার্থক।

নরেশ। আমি আমার মহারানীর অম্বর্তী— তীর্বধাত্রী আমি, পথের অতিথি। তোমার থারে আঞ্চ যে-অতিথি অনাহত এসেছেন, তাঁর সংবাদ পেরেছ? প্রস্তুত হয়েছ তোঁ?

क्यांत्रराजन। এই यां वा गःवाम পেরেছি। আর্মোজন নেই, किন্ত আহ্বান করতে হবে। বিশেষ করে আ্যারই সঙ্গে ডার যুদ্ধের কারণ কী ঘটেছে ভা এখনো প্রস্তু বুঝাভেই পারি নি।

नद्रम । कायर विद्यासन एवं ना । सक विद्या सक विदा वाहर द्र खारक अध

থোঁজেনা, সভাবের ভিতরেই তার আশ্রয়। তোষার ষর্বাদা উনি সহু করতে পারেন না, তার অহৈতুক উল্লেখনা ওর দীনতার মধ্যে। এ বে বিধাতার অভিশাপ। তার উপরে উনি মনে-মনে সন্দেহ করেন মহারানী স্থমিত্রা ভোষার প্রশ্রম পেরেছেন বা তোষার প্রশ্রম প্রার্থনা করতে এসেছেন।

কুমারসেন। এতদিনেও কি জানেন না স্থমিত্রার পক্ষে তা জসম্ভব। নরেশ। স্থানবার শক্তি যদি থাকত তা হলে হারাবার তুর্তাগ্য তাঁর ঘটত না।

बाम्मनगरनत्र व्यायम

পুরোহিত। মহারাজ, অভিষেকের কাজ এখনই আরম্ভ করা কর্তব্য। মনে হচ্ছে বিশক্ষে বিশ্ব হতে পারে। নানাপ্রকার জনশ্রুতি শোনা যাচ্ছে।

কুমারসেন। অভিষেকের কাজ সংক্ষিপ্ত করো। বিলম্ব সইবে না। পুরোহিত। চলো তবে মহারাজ, ওই অক্থবেদিকার। সকলে অর্থানি করো।

ভুরী ভেরী শঙ্খধনি

সকলে। জন্ম মহারাজাধিরাজ কাশ্মীরাধিপতির জন। সুমারসেন। বাহিরে ওই কিসের কোলাহল।

অমুচরদের প্রবেশ

অস্চর। খুড়োমহারাজ হঠাৎ উপস্থিত। প্রহরীরা বলছে প্রাণ থাকতে তাঁকে এথানে প্রবেশ করতে দেবে না। তারা লড়াই করে মরতে প্রস্তু। আদেশ করো মহারাজ।

কুমারসেন। শাস্ত করো প্রহরীদের। খুড়োমহারাজকে অভার্থনা করে নিয়ে এসো।

[অফ্চরছের প্রস্থান
বিপাশা। আমরা তবে প্রচ্ছর হই।

[নরেশ ও বিপাশার প্রস্থান

চक्षरमत्नद्र श्रातम

क्यांत्ररान। शांत्या राज्यता। अ क्यांन वृद्धि राज्यात्मत्र। उनि अरमस्व वियाम करत स्थायात्र कारह। চন্দ্রসেন। কিছু ভয় নেই, বংস, ভধু বিশ্বাসের উপর ভর করে আসি নি। ওদের বদি অপঘাতমৃত্যুর ইচ্ছা থাকে নিরাশ করব না।

কুষারসেন। প্রণাম পিতৃব্যদেব। আমার অভিবেকমুহূর্ত তোমার সমাগমে সার্থক হল। আমাকে আশীর্বাদ করো।

চক্রসেন। সে পরে হবে। সময় একটুও নেই। কেন এসেছি শোনো। সহসা আসম্বরাজ সসৈক্তে কাশ্মীরে উপস্থিত।

কুমারসেন। শুনেছি সে সংবাদ। অভিষেকের কাজ সম্বর সমাধা করব।
চক্রসেন। থাক্ এখন অভিষেক। অবিশয়ে চলো তাঁর কাছে আত্মসমর্পণ
করবে।

सूमांत्रामन। आधाममर्गन! युक्त नम्र ?

চন্দ্রবেন। সৈশ্র কোথার তোমার।

কুমারলেন। কেন। রাজধানীতে সৈক্তের অভাব নেই।

চক্রবেন। সে তো এখনো তোমার নয়।

কুমারসেন। কিন্তু কাশ্মীরের ভো বটে!

চক্রনেন। বিক্রম তো কাশ্মীর চান না, তোমাকেই চান।

क्यांत्ररान । जायांत्र यान-अपयान की कांगीरत्रत नह ।

চক্রসেন। কী বল ভূমি! এ তো সামান্ত আত্মীয়কলহ। দাও তাঁর কাছে ধরা, চাও তাঁর ম্নেহ ও ক্ষমা, হাসিমুখে সমস্ত নিম্পন্তি হয়ে যাবে।

কুমারসেন। খুড়োমহারাজ, তর্ক করবার সময় নেই, শেষবার জিজ্ঞাসা করি— রাজধানী থেকে সৈক্ত পাব না?

চন্দ্রদেন। রাজধানী! বিজেপ করছ? শুনেছি ওই আখরোটবনেই কাশ্মীরের রাজধানী। তোমার আদেশ এইখান থেকেই ঘোষণা কোরো। আমাকে ভো কোনো প্রয়োজন নেই। আমি বিদায় হই।

সকলে। ধিক্ ধিক্। নিপাত যাও। কোটি জন্ম তোমার নরকবাস হোক। সিংহাসনের কীট, সিংহাসনকে জীব করে ভার ধূলির মধ্যে তোমার বিলুপ্তি ঘটুক।

কুমারসেন। শুদ্ধ হও। শোনো। জালদ্ধর কাশ্মীর আক্রমণে এসেছেন, আমাকে একলা লড়ভে হবে।

সকলে। মহারাজ, স্তায় ভোষার পক্ষে, ধর্ম ভোষার পক্ষে, সমস্ত কাশ্মীরের ফার্ম ভোষার পক্ষে। জন্ন মহারাজা সুমারসেনের জন্ম! ধিক্ ধিক্ চন্দ্রসেনকে শভ শভ শভ ধিক্। क्रमांत्रत्य । हुन करता, त्र्था উত্তেজনার বলক্ষর কোরো না। এখনই যাও সৈপ্ত সংগ্রহ করো গে।

সকলে। আর অভিষেক ?

क्यांत्राम । नारेवा इन चिंदिक।

त्रका । त्र इत्व ना, महात्राक, त्र इत्व ना। हक्षत्रात्न हकां छ त्यार महत्व इत्व । এ किছুতেই পারব ना সইতে। আমরা আছি, সৈক্তসংগ্রহের আরোজনে এখনই চলসুম। কিছু উৎসব চলুক, অমুষ্ঠান শেষ হোক।

কুমারসেন। ভর নেই, মন্দিরে দেবসাক্ষী করে তীর্থোদকে একমৃহর্তে আমার অভিষেক হরে যাবে। যদি ফিরে আসি উৎসব সম্পূর্ণ করব। কিন্তু তোমরা যাও। আর বিসম্ব নয়।

नकरण। अत्र महातास क्मातरणराजा। धिक् ठक्करणन। धिक् धिक् धिक्। [नकरणत প্रकान

আর-এক দলের প্রবেশ

- ১। মহারাজ, আর সময় নেই। পালাতে হবে। কুমারসেন। কেন।
- ১। জালদ্ধরের সৈক্ত অন্ধ্যনির মাঠ পর্যন্ত এলেছে, পালানো ছাড়া এখন আর উপান্ন নেই। চলো, শম্পুপ্রস্থের বনে আমি পথ জানি। ডিডম্বের প্রস্থান
 - २। এইমাত-य भूष्मिमश्रां व এসেছিলে।
 - ১। চাতৃরী, চাতৃরী। শত্রুপক্ষকে তিনি নিজে সন্ধান বাতলিয়েছেন।
- ২। গ্রামে গ্রামে লোক গেছে সৈক্ত জোগাড় করতে, কিন্তু সময় তো পাওয়া গেল না। এরা মৃত্য করতেও দিলে নারে।
 - ৩। এ-ধে বেড়া আগুন, কিছুই করতে পারব না, মরব ভগু। অসম !
 - >। कानकदत्रत भाभिवृता अत्कर यान मुक्क करा। अ एका मास्य भून करा!

আর-এক দল

- >। नागभक्त कालिय मिरब्राह या, कालिय मिरब्राह ।
- २। याजिन की।
- ৩। ইা, সেধানকার মাত্রগুলো শেষ পর্যন্ত টেচিয়ে গলা ভেঙেছে— জয় মহারাজ কুষারসেলের জয়।

- ২। এর পিছনে আছে খুড়োরাজা। নাগপন্তন ওকে কিছুতেই মানে নি কিনা, এবার ভারই লোধ নিলে বিদেশীকে দিয়ে।
 - । তা इल অনেক পত্তনেরই লীলা সাক হবে।

(দবদন্তের প্রবেশ

দেবদন্ত। শোনো শোনো, ভোমাদের মধ্যে কুন্তীপুরের মাহ্র কেউ আছ ?

১। কেন বলো তো।

দেবদন্ত। চক্রসেনের সঞ্চে বিক্রম মহারাক্তের পরামর্শ হয়েছে, সেথানে সৈক্ত পাঠাবেন উৎপাত করবার জন্তে।

२। जाशनि एक इन महाभय। वितनी वत्न वीध इत्छ। स्वन्छ। दै। वितनी।

जानक्त्रत्र मोश्य ?

त्मवन्छ। ठिक ठाउँदाइ।

১। ভোমার এতটা ধর্মবৃদ্ধি হল কেমন করে।

দেবদন্ত। বিধাতার আশ্চর্য মহিমার কদাচিৎ এমনতরো ঘটে। তোমাদের কাশ্মীরে চক্রসেন যে বংশে জন্মছেন সে বংশেও ভদ্রমান্থর জন্মার দেখেছি।

২। বেশ বলেছেন, ঠাকুর, বেশ বলেছেন। ব্রাহ্মণ তো?

(मरमख। दां, बांचन।

गकरम। अनाम रहे।

२। निष्कत्र त्रांकात्र विकृत्य व्यांशनि---

দেবদন্ত। রাজার বিক্তে বল একে কোন্ বৃদ্ধিতে। আমার রাজার পাপ যতটা নিবারণ করব আমার রাজভক্তি তভটাই সার্থক হবে।

৩। কিন্তু বিপদ আছে তো ঠাকুর, রাজা বদি---

দেবদন্ত। রাজার হয়ে আজ যারা অক্যায় করছে, বিপদের আশস্কা আমার চেম্নে তাদের তো কম নয়। অধর্ম যদি সাহস দিতে পারে, ধর্ম কি ভীক্ষ হবে।

- २। थ्र राष्ट्रा कथा रमाम ठोक्स। मान्त, चात्र-এकरात्र भारतत धूरमा मान्छ। स्वरमञ्च। य्वत्रांक क्रांत्ररमन अथान खरक भामार्क्ड (भरत्रह्म १
-)। ठाक्त, मान करता, ७३८० नात्रव ना, य्वतारकत कथा खायात गरक हन्दिना।

(मरमञ। किছू रनए हरद ना, जात्रि जानए हाई, जिनि निवानम छ।?

-)। जानम-विनाम कथा क वना जारत। जात किना जामारमत क्रिक्टा कि किना जामारमत क्रिक्टा कि
- ৩। দেখো দেখো, ওই পশ্চিম পাছাড়ে। বোধ হচ্ছে অচলেশবের কাছে ওরা আঞ্জন লাগিরেছে। বনটা স্থন্ধ জলে উঠেছে। অকারণ সর্বনাশ করতে এল কেন এরা! খিদে পেলে বাঘে খায়, ভয় পেলে সাপে তাড়া করে আসে, এদের এ যে নিছাম পাপ, অহৈতুকী হিংসা। এরা কোন্ জাতের মান্ত্র্য, ঠাকুর।

দেবদন্ত। দৈতা, দৈতা। দেবতার 'পরে এদের বিশুদ্ধ বিশেষ। ওরে উন্মন্ত
ত্ব্ তি অন্ধ, তোমার মহাপাতক ভোমাকে মহাপতনে নিয়ে চলল, আৰু কে ভোমাকে
বাঁচাতে পারে। ধিক্ ভোমার বন্ধদের।

বিক্রম ও চরের প্রবেশ

विक्रम। की वन्ता। ज्ञान शांख्या शंना ना ? इत। ना महात्राख।

বিক্রম। তবে যে চদ্রসেন বললেন, এইখানেই তাঁর অভিষেক হচ্ছিল। সে তো বেশিক্ষণের কথা নয়।

চর। এই মাত্র দেখলুম তাঁর ঘোড়া ফিরিয়ে আনছে। তিনি প্রবেশ করেছেন শভুপ্রস্থের বনে। সেধানে শুহার পথে অদুক্ত হতে মুহুর্তমাত্র বিলম্ব হয় না।

विक्रम। योता १४ काटन जोएमत ४८व काटना।

চর। মহারাজ, মরে গেলেও তারা বলবে না। ওথানে সন্ধান করতে যাবে এমন সাহসও কারো নেই। ও বে ভূতে পাওয়া অরণ্য।

विक्रम। एउटक जात्ना ठखरगनटक।

চल्लामानेत्र श्रात्म

কোথার কুমারসেন ?

চক্রসেন। প্রজারা মিলে কোথায় তাঁকে গোপন করেছে, পুঁজে পাওয়া অসম্ভব। বিক্রম। আগুল লাগাও চারি দিকে, আপনি বেরিরে আসবেন।

ठक्ररान । क्यां चार्कन ना ख्वरन व्यक्ति नांशारना हिः नात्र ह्रा क्यां क्रिया

বিক্রম। সন্ধান তুমি জান, গোপন করছ।

চক্রসেন। পাপে তো প্রবৃদ্ধ হয়েছি, তার উপরে মৃচতা বোগ করব, এতবড়ো অর্বাচীন আমি নই। গোপন করে তোমার কাছে নিজের বিপদ কেন ঘটাব।

विक्रम। चामि छामात्क विचान कवि न।

२३१३७

চক্রসেন। সমস্ত কাশ্মীরের লোক আমাকে অভিসম্পাত করছে, অবশেষে তোমারও মুখে এমন কথা শুনব এ আমি আশা করি নি।

বিক্রম। তুমি অল আগেই এখানে কুমারের কাছে এসেছিলে এ কথা সত্য কিনা।

চন্দ্রনে। তাঁকে ভোষার কাছে আত্মসমর্পণের পরামর্শ দিতে এসেছিলুম।

বিক্রম। সেই ছলেই তাকে জানিয়েছ আমি এসেছি। আমার পক্ষ অবলখনের ভান করে তাকে সভর্ক করে দিয়েছ।

চক্রসেন। ভুল করে আমাকে অবিশাস কোরো না, মহারাজ।

বিক্রম। সেও ভালো, কিন্তু বিশাস করে ভূল করবার সময় নেই। সেনাপতিকে আদেশ করে দিচ্ছি, তুমি দৃষ্টিবন্দী হয়ে থাকবে, শেষ পর্যন্ত কুমায়কে স্থমিত্রাকে যদি না পাই তবে পশুর মতো পিঞ্জরে পুরে তোমাকে জালদ্ধরে নিয়ে যাব, প্রাণদণ্ড দেওয়াও তোমার পক্ষে সন্ধান।

দ্বিতীয় চরের প্রবেশ

চর। মছিষীর সংবাদ পাওয়া গেছে।

বিক্রম। বলো বলো, কোখার তিনি।

চর। তিনি গেছেন মার্তগুদেবের মন্দিরে, ঞ্বতীর্থে।

विक्रम। हला, अथनहे हला लिथान। अहे मृहुर्छ।

চক্রসেন। মহারাজ, কাশ্মীরের দেবতার বিরুদ্ধে স্পর্ধা প্রকাশ কোরো না। দেবালয়ে গিয়ে মার্ডগুদেবের উপাসিকাকে হরণ করা সইবে না।

বিক্রম। তোমাদের মার্ভগুদেবই তো আমার মহিষীকে হরণ করেছেন। দেবভার চৌর্থ আমি স্বীকার করব না।

हिस्टान। ध की वनह। छत्र तिहे छोगात्र ?

विक्रम। ना, जन्न तिरे।

চক্রসেন। তা হলে আমার প্রাণদণ্ড করো। এ পাপের দারিত্ব আমি বছন করতে পারব না।

বিক্রম। প্রাণদণ্ড সব শেষে। যতক্ষণ ভোষার কাছ থেকে কাজ উদ্ধারের আশা আছে, ততক্ষণ নয়। সেনাপত্তি—

সেনাপতির প্রবেশ

সেনাপতি। की মহারাজ।

বিক্রম। চলো মার্ডগুলেবের মন্দিরের পথে। সেনাপতি। ওই মন্দিরের তুর্গম পথে সৈক্ত নিম্নে যাওয়া অসম্ভব।

বিক্রম। অসম্ভবকে সম্ভব করতে হবে। মন্দিরের হুর্গমতা লৌকিক হোক অলৌকিক হোক, ভৌতিক হোক দৈবিক হোক, কিছুতে মানব না। স্থমিত্রার পক্ষে কাশ্মীরের আশ্রের চুর্ব চুর্ব করব এই শপথ আমি নিয়েছি।

চজ্রসেন। দেবমন্দির ইহলোকের সীমার নর মহারাজ, সে তো পার্ষিব কাশ্মীরের বাহিরে।

বিক্রম। সে কথা দেবতা সম্বন্ধে থাটে, কিন্তু স্থমিত্রা সম্বন্ধে নয়; তিনি ইহলোকের সীমায় যতক্ষণ আছেন ততক্ষণ তিনি আমার, ততক্ষণ তিনি দেবতার নন। ততক্ষণ আমার কাছে তাঁর নিম্বৃতি নেই, তাঁর কাছে আমায়ও নেই নিম্বৃতি।

চক্রসেন। মহারাজ, আমি ভোমার বয়োজ্যেষ্ঠ, আমি ভোমার পারের কাছে মাথা রাথছি, লও আমার মৃওচেছদন করে, কাশ্মীরের দেবতার অপমান কোরো না।

বিক্রম। তোমার মৃত্তের কী মৃল্য আছে বে, তার পরিবর্তে আমার অপমান লাঘব হবে। আমাকে ছলনা করে তুমি পরিত্রাণ পাবে না। সেনাপতি, উদরপুর অবরোধ করো। এইখানেই কুমার নিশ্চর লুকিয়ে আছেন চন্দ্রসেন সে কথা গোপন করছেন। তার পরে চলব তীর্ষের পথে। কন্দর্পদেবের পরিচয় পূর্বেই পেয়েছি, এবার নেব মার্তত্তদেবের পরিচয়। যে উৎসব জালদ্ধরের দেবমন্দিরে আরম্ভ করেছিল্ম, কাশ্মীরের দেবমন্দিরে সেই।উৎসবের সমাপ্তি হবে।

8

ধ্রুবভীর্থ। মার্তগুমন্দির বিপাশা, পুরোহিড, মন্দিরের সেবকগণ স্থোদয়কালে বেদমন্ত্রে ন্তব

উত্ তাং জাতবেদসং দেবং বছন্তি কেতবং

দৃশে বিশায় প্ৰ্য্

অপ তো ভান্নবো ষধা ৰক্ষ্মা যন্ত্যকুভিঃ
প্রায় বিশ্বচক্ষসে।

পদ্মের অর্ঘ্য হাতে স্থমিত্রার প্রবেশ

বিপাশা।

গান

कारमा कारमा

আল্সশর্মবিলয় ।

बार्गा बार्गा

তামসগহননিময়।

ধৌত কক্ষক কক্ষণাক্ষণ বৃষ্টি

স্প্রিঞ্জিড়ত যত আবিল দৃষ্টি;

बार्गः बार्गा

দু:খভারনত উত্থমভগ্ন।

জ্যোতি:সম্পদ ভরি দিক চিত্ত

ধনপ্রলোভননাশন বিন্ত,

জাগো জাগো

পুণাবসন পরে। লক্ষিত নগ্ন।

পুরোহিত ভার্গবের প্রবেশ

ভাৰ্গৰ। মা।

স্থমিতা। কী বংস ভার্গব।

ভার্গব। কিছুদিন থেকে এই হুর্গম তীর্থের পথে নানাবিধ লোকের যাভারাত লক্ষ্য করছি। তারা পুণ্যকামী নয়।

স্থমিতা। তাতে দোষ নেই, ভয়ও নেই।

ভার্ব। বোধ হর যেন তারা বিদেশী।

স্থমিতা। ভগবান স্থের উদয়দিগস্ত দেশে দেশে। তাঁর দেশে বিদেশী কে আছে।

ভার্গব। অপরাধ নিয়ো না দেবি, আমরা কিন্তু কিছুদিন থেকে এথানে বিদেশীদের পথরোধ করেছি।

স্থমিতা। তা হলে আমারও এখানে পথ ক্লম হল।

ভার্গব। ক্ষমা করো, দেবি। ভোমাকে বিপদ হতে রক্ষা করব আমরা, এমন চিন্তা করা আমাদের স্পর্ধা, এ আমাদের মোহ। তুর্বল বৃদ্ধির অপরাধ নিয়ো না, যাত্রীদের কোনো বাধা ঘটবেঁনা।

শিখরিণীর প্রবেশ

শিখরিণী। মা তপভী।

স্থমিতা। की मिश्रतिनी, তুমি যে এখানে?

मिथितिगै। यांगांत्र यांगोरक अत्रा त्यद्र रक्टलहा

স্মিতা। সে কী কথা। তিনি ষে সাধুপুক্ষ ছিলেন, তাঁকে মারলে কেন।

শিধরিণী। যুবরাজ কোথার, সেই সংবাদ তাঁর কাছ থেকে ওরা বের করতে চেষ্টা করেছিল। দেশে স্বাই তাঁকে সভ্যবাদী বলে জানত বলেই তাঁর এই বিপদ ঘটল। দেবি, আমি কিছুতেই সাজনা পাচ্ছি নে, আমাকে ব্ঝিরে বলো, সংসারে যারা ধর্মকে প্রাণপণে মানেন, ধর্ম কেন তাঁদেরই এত হৃংথ দিরে মারেন।

স্থমিতা। যারা মরতে পেরেছেন তাঁরাই এ কথার তত্ত্ব জানেন। মৃত্যু দিয়ে গাঁরা সত্যকে পান তাঁদের জন্ত শোক কোরো না।

শিধরিণী। শোক করব না মা, তিনি আমার মৃত্যুর ভর ঘৃচিয়ে দিয়ে গেছেন, আমাকে এই তাঁর শেষ দান। গ্রামের লোকেরা আমাকে বলেছে অভাগিনী; কী ব্যবে তারা! তিনি আমার স্বামী ছিলেন এই আমার পরম সৌভাগ্য।

স্থমিত্রা। যারা তাঁকে মেরেছে, মৃত্যুর বারা তাদের তিনি জয় করেছেন, সে কথা তারা কোনোদিন ব্যবে না এইটেই সকলের চেয়ে শোকের কথা। কিছু কংসে, তুমি এখানে এসেছ কেন।

শিখরিণী। এখানে তোমার চরণতলে যদি আশ্রম নিতে পারতুম তা হলে বেঁচে যেতুম। কিন্তু মা, সংসারের আলো নিবলে তব্ও সংসার থাকে। আমার মেরেটি আছে— অমন পিতার কোল হারিয়েছে, তার কল্যাণের জন্তেই সেই অন্তকারায় আমাকে থাকতে হবে। তারই জন্তে তোমার কাছে এসেছি।

श्विका। वरना, भागारक की करार श्रव।

লিখরিণী। এই অলংকারগুলি এনেছি দেবনন্দিরে রক্ষা করবার জন্তে। জানার মাধ্রের কাছ থেকে আমি পেরেছি, আমার কন্তার জন্তে রাখব। যে পরিবারের 'পরে চন্দ্রসেনের বিষেষ, জালন্ধরের সৈক্ত দিয়ে তাদের সর্বস্ব লুঠ করাজেন। এই লগু মা, তোমার স্পর্শ লাভ করুক— আমার মেয়ের দেহ পবিত্র হবে।

कुश्रमारमञ् श्रातम

কুঞ্জলাল। আৰু বাছিয়ের কোথাও আমাদের ছঃখের পরিত্রাণ নেই দেবি, কিছু মনে হয় বেন অস্তরে অস্তরে তুমি সেই ছঃখকে নাপ করতে পার, তাই এসেছি। स्थिता। वर्णा वर्ग, जामात्र की वनवात्र चारह।

ক্ষলাল। যে নগরীতে ভোমার মাভামহীর জন্মভূমি সেই উদন্ধপুর এতদিন
চক্রসেনকৈ জনীকার করে স্বতন্ত ছিল। তিনি বখনই সৈন্ত নিম্নে উৎপাত করতে
এসেছেন প্রজারা সমন্ত পুরী উজাড় করে চলে গেছে। এবার সেইখানেই ব্বরাজের
রাজধানী স্থাপন করে তাঁর অভিষেকের আন্নোজন হয়েছিল, বাধা পড়ল। রাজা
বিক্রমের সৈত্ত উদন্ধপুর বেষ্টন করেছে। প্রজাদের বেরিয়ে যাবার পথ কছ।

ভার্গব। কুঞ্জলাল, এ কী বৃদ্ধি ভারে। কত বড়ো হৃ:খ ওঁকে দিলি দেখ্ ভো। কেন এ-সব সংবাদ এই শান্তিভীর্ষে।

কুঞ্জাল। মা, কেন এমন ন্তম হয়ে আকাশে তাকিয়ে রইলে। চিস্তার কথা কিছুই নেই, মৃত্যুর পথ খোলা আছে, কোনো অপমান সেখানে পৌছয় না। দাও বহুতে আজকে পূজার নির্মাল্য, নিয়ে যাই ভাদের কাছে, আর দাও তোমার হাতের লিখন একখানি, একটি আশীর্বাদ— তাদের সব দুঃখ শুল্র হয়ে যাবে।

[সকলের প্রস্থান

नरत्रामंत्र প্রবেশ

नरत्रण। विभागा, आमात्र की मत्न हर्ष्क वनव ?

বিপাশা। বলো তো।

নবেশ। এইখানে এসে আমাদের প্রেম পরিপূর্ণ হয়েছে। আশ্চর্যের কথা শুনবে?

विभाग। की, वरमा।

নরেল। আজ মন তোমার গান শোনবারও অপেক্ষা করে না— সকল ধ্বনি এথানে আলোক হয়ে উঠেছে, প্রতাক্ষ আমার অস্তরে প্রবেশ করে। তুমি কি তাই অমুদ্রব কর না।

বিপাশা। প্রিয়তম, তোমার জানন্দে জান্ধ জামি জানন্দিত, তার চেয়ে বেশি কিছু বলতে পারি নে।

নরেশ। আজ আলোকের মধ্যে তোমাকে দেখলুম আলোকরপে, আর সেই সঙ্গে আমাকেও। আর কোনো ক্ষোভ নেই আমার।

স্থমিত্রার প্রবেশ

স্থমিতা। কুমার এসেছেন, শীন্ত তাঁকে ভেকে আনো, বিপাশা।

ि नरत्रम ७ विशामात्र श्रमान

क्यांत्ररमत्नत्र व्यादम

কুমারদেন। রাজত্বের পথ অভিক্রম করে এই তীর্থেই শেষে আসতে হল, বোন। স্থমিতা। অক্তর ভোমাকে অনেক প্রয়োজন আছে। শেষ যদি না হয়ে থাকে, এখানে এলে কেন।

কুমারসেন। ভোমাকে রক্ষা করবার জন্তে।

স্থমিতা। কার হাত থেকে।

কুমারসেন। বিক্রম মহারাজ জালামুখী দেবীর শপথ নিয়ে প্রতিজ্ঞা করেছেন, যে করে হোক এখান থেকে তোমাকে সরাবেন। তীর্ষের পথে সৈম্প্রাহিনী আসা অসম্ভব তাই একে একে ক্রমে ক্রমে তাঁর লোক নিয়ে চারি দিক পূর্ণ করে তুলছেন।

স্মিতা। স্থামাকে ভিনি চান ?

. क्यांत्रलन। शा।

স্মিতা। আর কী চান।

কুমারসেন। আর তিনি চান আমাকে।

স্মিতা। কেন, ভোমার সঙ্গে তাঁর কিসের বিরোধ।

কুমারসেন। আমার সঙ্গে বিরোধের স্পষ্ট কারণ যদি থাকত তা হলে সে কারণ দূর করলেই বিপদ কাটত। কারণ তাঁর অন্ধপ্রকৃতির মধ্যে, সেইজক্তে এত তুর্নিবার, এত ভরংকর।

श्विषा। जामि विष यारे जिनि कि जामां मुक्ति (मर्वन।

কুমারসেন। কিন্তু তুমি কী করে বাবে তাঁর কাছে ? তুমি বে দেবতার। রাজ্যের কথা আর আমি ভাবি নে কিন্তু কাশ্মীরের দেবতার অপমান ঘটতে দিতে পারব না।

স্থমিতা। কী করবে তুমি।

কুমারসেন। কিছু না পারি তো মরব। পাপকে ঠেকাবার জন্তে কিছু না করাই তো পাপ।

त्निंशा। यहातानी!

श्रमिका। अकी, अ त्य त्मवम्ख ठाकूत्र!

(मयम्ख्य श्रीतम

(स्वावस्थ । करत्रकविन (धरक वर्षात्वत्र किहो करत्रिकृत, आंशांत्र किहोत्रां (वर्ष कांगांत्र अञ्चलत्रकात्र यान गरमंत्र चाकि ना । आंशांक्यवां क्ष्रयांनिक (वर्ष त्रांक्यतां (य-त्रक्य मन्दिश्च इत्विक्ति अवत्र त्रहे वर्षा । आंशां अहेगांत्र इति एकन अता अन्तर इत जानि न। होड़ा (भरत्रहे एक्या कदारा अरमिह। अकटा निरायन जारह- छनए छहे इर्य जामात्र कथा।

स्थिवा। वरणा।

দেবদত্ত। আর সহ্ন হয় না মহারানী। গ্রাম থেকে গ্রামে, নগর থেকে নগরে অগ্নিকাও ছডিক্স রক্তপাত নারীনির্বাতন। পাপের নেশা জালদ্ধরের সমস্ত সৈক্তকেই পেয়েছে— থামতে পারছে না, মাত্রা কেবলই বেড়ে চলেছে। আমি মহারাজকে গিয়ে অভিশাপ দিয়েছিলেম, বলেছিলেম, অহরহ য়য়য়াক্ষের কাছে প্রার্থনা করছি তিনি ভোমাকে সরিয়ে নিয়ে যান। রাজা আমাকে কারাক্ষদ্ধ করেছিলেন, প্রহরী দয়া করেছেড়ে দিলে। আজ মহারাজকে কেউ নিষেধ করতে পারবে না একমাত্র তুমি ছাড়া।

কুমারসেন। ঠাকুর, এমন কথা কী করে বলছ, স্থমিত্রা যাবেন তাঁর কাছে? এ মন্দির থেকে ওঁর তো ফেরবার পথ নেই। এতে স্বর্গে মর্ড্যে ধিকৃকার উঠবে যে।

দেবদন্ত। আমি জ্বানি বড়োই কঠিন ব্যাপার, এও জ্বানি রাজা এখন প্রক্নতিন্থ নন। তবু বলছি দেবী স্থমিত্রা, আজ্ব তুমি সকল মান-অপমান স্থ-ছুখের অতীত— তুমি পবিত্র, পাপ তোমার কাছে কুষ্ঠিত হবে, তুমি এই বীভৎসের মধ্যে নির্বিকার চিত্তে নামতে পার।

কুমারসেন। স্থমিত্রার কী ঘটতে পারে না-পারে সে কথা ভাববার সময় আজ নেই— কিন্তু স্থমিত্রা কাশ্মীরের দেবতাকে অপমান করে এখান থেকে চলে যাবে সে আমি ঘটতে দেব না। দেবতার ধন হরণ করে তাকে মান্থবের ভোগের ভাগুরে নিয়ে যাবে আমাদের বংশের ক্যা!

স্মিতা। ভাই কুমার, তাঁকে এইখানে আহ্বান করে আনব। কুমারসেন। এইখানে ? এই দেবালয়ে ?

স্মিত্রা। আস্থন এখানেই, নইলে তাঁর মৃক্তি কিছুতেই হবে না। আমার এই শেষ কাঞ্জ, তাঁকে বাঁচাতে হবে— তাঁর মোহগ্রন্থি ছিম্ম করে দিয়ে চলে যাব।

দেবদত্ত। এ কিন্তু বড়ো সংকটের কথা, মছারানী। অনেক পাপ সে করেছে, অবশেষে ছুর্ন্ত যদি দেবালয়ে এসে দেবতার অসম্মান করে, পুণ্যতীর্থে যদি কলুষ আনে ?

স্থাতা। ভর নেই, ঠাকুর, কোনো ভর নেই। আমার প্রভ্, আমার হিরণাতাতি সকল পাপ দথ করবেন, নিঃশেষে জন্ম করবেন। সেই ক্ষমে আমাকে গ্রহণ করেছেন, ভার কাছ থেকে আমাকে ছিন্ন করে নিভে পারে এমন শক্তি কারো নেই। কুমার, ভোমার সঙ্গে শংকর আছে ?

कूमांत्रराम । ७३ व्य ला लाकरन मांक्रिय ।

स्थिका। भःकत्र!

শংকর। কী দিদি। কী দেবি। এই যে আমি এসেছি। বেদিন ওরা ভোমাকে কেড়ে নিয়ে গেল সেদিন মরার বেলি দ্বংধ পেয়েছি; শেষকালে কাশ্মীরের কক্তাকে কাশ্মীরের দেবতা স্বয়ং উদ্ধার করে আনলেন এই দেখে আমার জন্ম সার্থক হল।

স্থমিতা। তুমি আমার দৃত হয়ে যাও মহারাজ বিক্রমের কাছে।

भःकत्र। अवह यात्। याना की कानाए इता।

নরেশ। দেবী, শংকরকে নম, আমাকে পাঠিয়ে দাও, রাজা যদি অপমান করে বৃদ্ধ সইতে পারবে না।

স্মিতা। নারাজকুমার, এই আমার শেষ আমন্ত্রণ— আমার চিরবন্ধু ছাড়া কার হাত দিরে পাঠাব। শংকর, শিশুকালে তোমার কোলে একদিন আমাকে গ্রহণ করেছ। মৃত্যুর সমন্ত্র পিতা তাঁর শেষ অভিবাদন দিরেছিলেন তোমাকেই। আজ সেই তোমার স্থমিত্রার বাণী নিরে তোমাকেই ষেতে হবে, হরতো অপমানের মৃথে। শাস্ত হরে সহিষ্ণু হরে বোলো মহারাজকে, তাঁর সঙ্গে সম্বন্ধের চরম পরিণামের জস্তে মন্দিরে দেবতার চরণপ্রাক্তে স্থমিত্রা অপেক্ষা করবে। আর তোমার পরম স্লেহের ধন কুমার, ওই কুমারের জন্ত ভেবো না; তিনি মৃত্যুকে ভন্ন করেন না। সেই বন্ধু, সেই বিশ্ববিচারক ধর্মরাজ রইলেন তাঁর সহান্ধ।

শংকর। দিদি, বৃদ্ধের একটি কথা শোনো, জানি কুমারের সৈন্তসামস্ত নেই, জানি চদ্রাসেন ওঁর বিক্লছে, তবু যে-করজন আমরা আছি ওঁর সহচর, তাদের নিয়ে ওঁকে যুদ্ধক্ষেত্রেই যেতে হবে। সেধানে তাঁর জন্মভূমি তাঁকে পুণ্যক্রোড়ে গ্রহণ করবেন।

দেবদন্ত। দেশের দুঃধ তাতে আরো আলোড়িত হয়ে উঠবে, শংকর। উন্নত্তের মন্ততায়িতে আর ইন্ধন দিয়ো না।

কুমারসেন। শংকর, যাও তুমি, মহারাজকে ডেকে নিয়ে এসোগে। অতিথি ডিনি, অডিথির মতো তাঁকে সংক্রড করব।

শংকর। হে কল, হে হিরণাপাণি, আজ ভোমার জ্যোভিতে আবরণ কেন। ভোমার সেবকদের লজা নিবারণ করো। দাপ্যমান তেজে এসো বাহির হয়ে— ভোমার অ্যিকেন্তু উদ্ঘাটিত করে দাও। নমন্বার ভোমাকে, নমন্বার ভোমাকে, বারবার ভোমাকে নমন্বার।

ভার্গবের প্রবেশ

ভার্গব। মহারাজ বিক্রম অনতিদূরে, এই শুনি জনশ্রুতি। আদেশ করো, সমস্ত ভার ক্লম করে দিই। স্মিত্রা। খুলে দাও, খুলে দাও, সমস্ত বার খুলে দাও, আসবার বার এবং বাবার বার। বাও বাও ভার্গব, তাঁকে আমন্ত্রণ করে আনো।

ভার্গব। তাঁর প্রতিজ্ঞা, দেবতার কাছ থেকে তিনি ভোমাকে কেড়ে নিয়ে বাবেন। আমি এ মন্দিরের পুরোহিত, আমার কর্তব্য করতে হবে তো।

স্থমিত্রা। ভোমার কর্তবাই করো। দেবতার পথ রোধ কোরো না— বে পথ
দিয়ে রাজার সৈক্ত আসবে সেই পথ দিয়েই আমার দেবতা আমাকে উদ্ধার করতে
আসবেন। যাও তুমি এখনই, যদিরের সিংহ্ছার খুলে দাও। ভার্গবের প্রস্থান
দেবতার। তা ললে শংকর তামি থাকো, মহাবানীর দতে হয়ে আমিই টোকে

দেবদন্ত। তা হলে শংকর তুমি থাকো, মহারানীর দৃত হয়ে আমিই ডাঁকে আহ্বান করে আনি।

শংকর। দিদি, রাজগৃহ থেকে সেবার তোমাকে ওরা কেড়ে নিয়ে গেল, এবার কি দেবালর থেকে তোমাকে কেড়ে নিতে দেবে। এও কি আমরা চূপ করে সহ্য করব।

স্মিত্রা। ভর নেই শংকর। আৰু আমাকে নেবার সাধ্য কার আছে। শংকর। তবে বলো, তোমার কী সংকল্প।

স্থমিত্রা। ক্লন্তের কাছে বছদিন পূর্বে আত্মনিবেদন করেছিল্ম। ব্যাঘাত ঘটেছিল, সংসার আমাকে অভটি করেছে। তপস্তা করেছি, আমার দেহমন শুদ্ধ হয়েছে। আৰু আমার সেই অনেকদিনের সংকল্প সম্পূর্ণ হবে। তাঁর পরমতেক্তে আমার তেজ মিলিয়ে দেব।

শংকর। আমার মোছ দ্র হোক স্থমিত্রা, মোছ দ্র হোক। ভোষাকে যেন নির্ভ্ত না করি।

স্থমিতা। বিপাশা!

বিপাশার প্রবেশ

विभाषा। वाला सिव।

স্থাতা। আমার অগ্নিশব্যা অনেকদিন থেকেই প্রস্তুত হচ্ছে, তুমি দেখেছ বহু-ছংখের সেই আয়োজন। আজ সময় হয়েছে, আনন্দ করে।, জনুক শিথা, বিলম্ব কোরো না।

विशाला। य ज्ञाराल पानि। [शारत्रत्र कार्ष्ट माथा त्राय शप्क द्रोण स्मिता। ७० विशाला, এবার ज्ञामात्र त्यव श्रृका कति। ज्ञां श्राक्ष ज्ञास्त ? विशाला। ज्ञास्त, त्यती।

পদ্মের অর্ঘ্য হাতে স্থমিত্রা

বিপাশা।

গান

শুল নবশৃত্ব তব গগন ভবি বাছে, ধানিল শুভ জাগরণ-গীত। জরুণক্ষচি আসনে চরণ ভব রাজে, যম হাময়কমল বিকশিত। গ্রহণ করো তারে

তিমির পরপারে, দক্তর পণক্তবপরশ-হর্ষিত ॥

স্থিতা।

বিমলতর পুণ্যকরপরশ-হরষিত।
অতা দেবা উদিতা সুর্বস্থ
নিরংছস: পিপৃতা নিরবভাং।
পৃথিবী শান্তিরস্তরিক্ষং শান্তিদোঁ: শান্তি:।
শান্তি: শান্তি: শান্তি:।

শেষ দৃশ্য

নেপথ্য থেকে চিতাগ্নির আভাস আসছে সকলের বেদমন্ত্রসহ বেদী প্রদক্ষিণ

वाष्त्रनिमम्कम्प्यस्थाः ज्यासः मतीत्रम् ॥
ॐ क्रां जात्र क्रुकः व्यतः ॥
क्रां जात्र क्रुकः व्यतः ॥
व्या नत्र व्याभा त्रां व्यान्
विशानि स्व व्यानि विषान् ॥
यूर्वाधाव्यक्ष्त्रांगरम्भा
कृषिकाः एक नम क्रिकः विरक्षमः ॥

त्निशर्था वार्ष्णाष्ट्रम । विक्रम, स्ववस्त्व, मःकरत्रत्र व्यातम

পরিশিষ্ট

মন্ত্রের অমুবাদ

১। কর্পুর ইব দয়োহপি শক্তিমান্ যো জনে জনে। নমোইশ্বার্থবীর্গায় তল্মৈ মকরকেতবে।

—স্ভাবিতরপুভাগোগার

কর্প্রের মতো, দশ্ধ হইলেও যাহার শক্তি প্রত্যেক ব্যক্তিতে অমুভূত, যাহার প্রভাবকে কেহ নিবারণ করিতে পারে না, সেই মকরকেতুকে নমস্কার।

। উত্ব তাং জাতবেদসং দেবং বছস্তি কেতবঃ
 দৃশে বিশ্বায় স্থ্য

-- अग्रवम ३. ८०. ३

অপ ত্যে তাম্ববো যথা লক্ষ্যা ৰস্তাক্তৃতিঃ
স্বাম বিশ্বচক্ষণে ॥

- अर्ग (वन). ६०. २

বিশ্ব দেখিতে পাইবে এই উদ্দেশ্যে রশ্মিসমূহ সমস্ত ভূতের জ্ঞাতা উচ্ছল স্থকে উধে বছন করিতেছে।

বিশ্বস্তপ্তা সূর্যকে আসিতে দেখিয়া সেই নক্ষত্রগুলি রাত্রির সহিত চোরের মতো পলায়ন করিতেছে।

वाष्त्रनिष्णमम्ख्यस्यकः ख्यासः भरोत्रम् ॥

 कं क्रिका त्रम्न कृष्णः त्रम् ॥
 क्रिका त्रम् कृष्णः त्रम् ॥
 क्रिका त्रम् कृष्णा नात्म व्यक्तान् ।
 विश्वानि स्वयं वय्नानि विद्यान् ।
 यूर्वाधात्र्यक्ष्माणस्माण्याः
 कृषिक्षाः क्रिकः विरथमः ॥

মহাবায়তে আমার প্রাণবায় এবং এই শরীর ভল্মে মিলিত হোক। ওঁ, আপন কর্তব্য স্মরণ করো, আপন ক্লুকার্য স্মরণ করো।

হে অগ্নি, আমাদিগকে স্থপথে লইয়া যাও। হে দেব, তুমি আমাদের সকল কার্য জান, তুমি আমাদের সমন্ত কুটিল পাপকে বিনাশ করো। তোমাকে আমরা বারংবার নমশ্বার করি।

৪। অভা দেবা উদিতা স্থাত্ত্র
 নিরংহস: পিপৃতা নিরবভাৎ ॥

-- अर्ग त्वन ३. ३३६. ७

অগু সূর্যের উদিত উজ্জল কিরণসমূহ পাপ হইতে, নিন্দনীয় কর্ম হইতে, আমাদিগকে উদ্ধার করিয়া পালন করুন।

পৃথিবী শান্তিরন্তরিক্ষং শান্তিদ্যো: শান্তি:।
 শান্তি: শান্তি: শান্তি:।

- अथर्वत्वन ३२. २. ३८

পৃথিবীলোক শাস্তি আনয়ন করুক। অন্তরীক্ষলোক শাস্তি আনয়ন করুক। তালোক শাস্তি আনয়ন করুক।

উপगाम ও গল

গল্পগুচ্ছ

नवा शक्

তুরাশা

দার্জিলিঙে গিয়া দেখিলাম, মেঘে বৃষ্টিতে দশ দিক আছের। ঘরের বাহির হইতে ইচ্ছা হয় না, ঘরের মধ্যে থাকিতে আরো অনিচ্ছা জন্মে।

হোটেলে প্রাতঃকালের আহার সমাধা করিয়া পারে মোটা বুট এবং আপাদমন্তক
মাকিন্টল পরিয়া বেড়াইতে বাহির হইয়াছি। ক্লেল ফলে টিপ্ টিপ্ করিয়া বৃষ্টি
পড়িতেছে এবং সর্বত্র ঘন মেঘের কুল্মাটিকায় মনে হইতেছে, যেন বিধাতা হিমালয়পর্বতহন্দ্র সমস্ত বিশ্বচিত্র রবার দিয়া ঘবিয়া ঘবিয়া মৃছিয়া ফেলিবার উপক্রম
করিয়াছেন।

জনশৃত্য ক্যাল্কাটা রোডে একাকী পদচারণ করিতে করিতে ভাবিতেছিলাম— অবলম্বনহীন মেঘরাজ্যে আর তো ভালো লাগে না, শবস্পর্দরপমন্নী বিচিত্রা ধরণী-মাতাকে পুনরায় পাঁচ ইন্দ্রির বারা পাঁচ রকমে আঁকড়িয়া ধরিবার জন্য প্রাণ আকুল হইয়া উঠিয়াছে।

এমন সময়ে অনতিদ্রে রমণীকণ্ঠের সকরুণ রোদনগুল্ধনধানি শুনিতে পাইলাম। রোগশোকসংস্থল সংসারে রোদনধানিটা কিছুই বিচিত্র নহে, অগ্রত্র অক্সময় হইলে ফিরিয়া চাহিতাম কি না সন্দেহ, কিছু এই অসীম মেঘরাজ্ঞাের মধ্যে সে-রোদন সমস্ত লুগু জগতের একমাত্র রোদনের মতো আমার কানে আসিয়া প্রবেশ করিল, ভাহাকে তুল্ছ বলিয়া মনে হইল না।

শব্দ লক্ষ্য করিয়া নিকটে গিয়া দেখিলাম, গৈরিকবসনার্তা নারী, ভাহার মন্তকে স্বর্ণকপিশ জটাভার চূড়া-আকারে আবদ্ধ, পথপ্রাস্তে শিলাখণ্ডের উপর বসিয়া মৃত্তবরে ক্রেনন করিতেছে। তাহা সন্তশোকের বিলাপ নহে, বছদিনসঞ্চিত নিঃশব্দ শ্রান্তি ও অবসাদ আজ মেঘাদ্ধকার নির্জনতার ভারে ভাতিয়া উচ্চুসিত হইয়া পড়িতেছে।

মনে মনে ভাবিলাম, এ বেশ হইল, ঠিক ষেন ঘর-গড়া গল্পের মতো আরম্ভ হইল; পর্বতভৃত্তে সন্ন্যাসিনী বসিন্না কাঁদিভেছে ইছা যে কখনো চর্মচক্ষে দেখিব এমন আশা কিম্নিকালে ছিল না।

श्रथम উত্তর দিল না, মেঘের মধ্য ছইতে সম্বলদীপ্তনেত্রে আমাকে একবার দেখিয়া লইল।

আমি আবার কহিলাম, "আমাকে ভন্ন করিয়ো না। আমি ভন্তলোক।"

শুনিয়া সে হাসিয়া খাস হিন্দুবানিতে বলিয়া উঠিল, "বহুদিন হইতে ভয়ভরের মাথা খাইয়া বসিয়া আছি, লজ্জাশরমও নাই। বাবুজি, একসময় আমি ষে-জেনানায় ছিলাম সেখানে আমার সহোদর ভাইকে প্রবেশ করিতে হইলেও অমুমতি লইতে হইত, আজ বিশ্বসংসারে আমার পর্দা নাই।"

প্রথমটা একটু রাগ হইল, আমার চালচলন সমস্তই সাহেবী, কিন্তু এই হতভাগিনী বিনা দিধার আমাকে বাবৃদ্ধি সম্বোধন করে কেন। ভাবিলাম, এইখানেই
আমার উপন্তাস শেষ করিয়া সিগারেটের ধোঁয়া উড়াইয়া উন্নতনাসা সাহেবিয়ানার
বেলগাড়ির মতো সশব্দে সবেগে সদর্পে প্রস্থান করি। অবশেষে কৌতৃহল জয়লাভ
করিল। আমি কিছু উচ্চভাব ধারণ করিয়া বক্রগ্রীবায় জিজ্ঞাসা করিলাম, "ভোমাকে
কিছু সাহায্য করিতে পারি? ভোমার কোনো প্রার্থনা আছে?"

সে স্থিরভাবে আমার মৃথের দিকে চাহিল এবং ক্ষণকাল পরে সংক্ষেপে উত্তর করিল, "আমি বন্ত্রাগুনের নবাব গোলামকাদের থার পুত্রী।"

বদ্রাওন কোন্ মূল্ল্কে এবং নবাব গোলামকাদের থা কোন্ নবাব এবং ওাঁহার কলা যে কী হংখে সন্ন্যাসিনীবেশে দার্জিলিঙে ক্যালকাটা রোডের ধারে বসিন্না কাঁদিতে পারে আমি তাহার বিন্দ্বিসর্গ জানি না এবং বিশাসও করি না, কিন্তু ভাবিলাম, রসভক্ষ করিব না, গল্লটি দিবা জমিন্না আসিতেছে।

তৎক্ষণাৎ স্থগন্তীর মূখে স্থদীর্ঘ দেলাম করিয়া কহিলাম, "বিবিসাহেব, মাপ করে।, ভোমাকে চিনিতে পারি নাই।"

চিনিতে না পারিবার অনেকগুলি যুক্তিসংগত কারণ ছিল, তাহার মধ্যে সর্বপ্রধান কারণ, তাঁহাকে পূর্বে কম্মিনকালে দেখি নাই, ভাহার উপর এমনি কুরাশা যে নিজের হাত পা কর্মধানিই চিনিন্না লওরা ত্বাধ্য।

বিবিসাহেবও আমার অপরাধ লইলেন না এবং সম্ভটকণ্ঠে দক্ষিণহন্তের ইঞ্চিতে স্বতম্ভ শিলাখণ্ড নির্দেশ করিয়া আমাকে অহুমতি করিলেন, "বৈঠিয়ে।"

দেখিলাম, রমণীটির আদেশ করিবার ক্ষমতা আছে। আমি তাঁহার নিকট হইতে সেই সিক্ত শৈবালাচ্ছর কঠিনবন্ধুর শিলাখণ্ডতলে আসনগ্রহণের সম্বতি প্রাপ্ত হইরা এক অভাবনীয় সন্মান লাভ করিলাম। বজাওনের গোলামকাদের থার পুত্রী হুরউরীসা বা মেহেরউরীসা বা হুর-উল্মূল্ক আমাকে দার্জিলিঙে ক্যালকাটা রোডের ধারে তাঁহার অনতিদ্রবর্তী অনতি-উচ্চ পদিল আসনে বিশ্বার অধিকার দিয়াছেন। হোটেল হইতে ম্যাকিন্টণ পরিদ্বা বাহির হইবার সময় এমন হুমহৎ সম্ভাবনা আমার স্বপ্রেরও অগোচর ছিল।

হিমালরবক্ষে শিলাতলে একান্তে ঘুইটি পাছ নরনারীর রহজালাপকাহিনী সহসা
সভ্যসম্পূর্ণ কবোষ্ণ কাব্যকথার মতো গুনিতে হয়, পাঠকের হ্রদয়ের মধ্যে দ্রাগত
নির্দ্ধন গিরিকন্দরের নির্বরপ্রপাতধ্বনি এবং কালিদাসরচিত মেঘদ্ত-কুমারসভবের
বিচিত্র সংগীতমর্মর জাগ্রত হইয়া উঠিতে থাকে, তথাপি এ কথা সকলকেই স্বীকার
করিতে হইবে য়ে, বুট এবং ম্যাকিন্টশ পরিয়া ক্যালকাটা রোভের ধারে কর্দমাসনে
এক দীনবেশিনী হিন্দুয়ানী রমণীর সহিত একত্র উপবেশনপূর্বক সম্পূর্ণ আত্মগৌরব
আক্রজাবে অম্বত্রব করিতে পারে, এমন নব্যবন্ধ অতি অল্লই আছে। কিন্তু সেদিন
ঘনঘোর বাম্পে দশ দিক আবৃত ছিল, সংসারের নিকট চক্ল্মজ্ঞা রাখিবার কোনো বিষয়
কোথাও ছিল না, কেবল অনম্ভ মেঘরাজ্যের মধ্যে বল্রাওনের নবাব গোলামকাদের
থার পুত্রী এবং আমি, এক নববিকশিত বাঙালী সাহেব— ঘুইজনে ঘুইখানি প্রস্তরের
উপর বিশ্বজগতের ঘুইথণ্ড প্রলম্বাবশেষের ন্যায় অবশিষ্ট ছিলাম, এই বিসদৃশ সন্মিলনের
পরম পরিহাস কেবল আমাদের অদৃষ্টের গোচর ছিল, কাহারো দৃষ্টিগোচর ছিল না।

वामि कहिनाम, "विविगाह्य, छामात्र এ हान क कतिन।"

বদ্রাওনকুমারী কপালে করাঘাত করিলেন। কহিলেন, "কে সমস্ত করার তা আমি কি জানি! এতবড়ো প্রস্তরময় কঠিন হিমালয়কে কে সামান্ত বাম্পের মেধে অস্তরাল করিয়াছে।"

আমি কোনোরপ দার্শনিক তর্ক না তুলিয়া সমস্ত স্বীকার করিয়া লইলাম; কহিলাম, "তা বটে, অদৃষ্টের রহস্ত কে জানে! আমরা তো কীটমাতা।"

তর্ক তুলিতাম, বিবিসাহেবকে আমি এত সহজে নিছতি দিতাম না কিন্তু আমার ভাষায় কুলাইত না। দরোমান এবং বেহারাদের সংসর্গে বেটুকু হিন্দি অভ্যন্ত হইয়াছে ভাহাতে ক্যালকাটা রোডের ধারে বসিয়া বজাওনের অথবা অক্স কোনো স্থানের কোনো নবাবপুত্রীর সহিত অদৃষ্টবাদ ও স্বাধীন ইচ্ছাবাদ সম্বন্ধে স্থাপট্টভাবে আলোচনা করা আমার পক্ষে অসম্ভব হইত।

विविनार्ट्य कहित्नन, "आभाव कीवत्नव आकर्ष काहिनी अण्डे शविनमाश रहेब्राह, यहि क्वमार्यं करवन रहा विन।" আমি শশব্যস্ত হইয়া কহিলাম, "বিলক্ষণ! ফরমায়েশ কিলের। যদি অন্তগ্রহ করেন তো শুনিয়া প্রবণ সার্থক হইবে।"

কেহ না মনে করেন, আমি ঠিক এই কথাগুলি এমনিভাবে হিনুম্বানি ভাষায় বলিয়াছিলাম, বলিবার ইচ্ছা ছিল কিন্তু সামর্থ্য ছিল না। বিবিসাহেব ষধন কথা কহিতেছিলেন আমার মনে হইতেছিল, যেন শিশিরস্নাত ফর্ণনীর্য স্নিপ্রস্রামল শস্ত্য-ক্ষেত্রের উপর দিয়া প্রভাতের মন্দমধূব বায়ু হিল্লোলিত হইয়া যাইতেছে, তাহার পদে পদে এমন সহন্ধ নম্রভা, এমন সৌন্দর্য, এমন বাক্যের অবারিত প্রবাহ। আর আমি অভি সংক্ষেপে থণ্ড ভাবে বর্বরের মতো সোজা সোজা উত্তর দিতেছিলাম। ভাষায় সেরপ স্পম্পূর্ণ অবিচ্ছিয় সহন্ধ শিষ্টতা আমার কোনোকালে জানা ছিল না; বিবিসাহেবের সহিত কথা কহিবার সময় এই প্রথম নিজের আচরণের দীনতা পদে পদে অমুভ্রে করিতে লাগিলাম।

তিনি কহিলেন, "আমার পিতৃকুলে দিল্লির সমাটবংশের রক্ত প্রবাহিত ছিল, সেই কুলগর্ব রক্ষা করিতে গিয়া আমার উপযুক্ত পাত্রের সন্ধান পাওয়া হংসাধ্য হইয়াছিল। লক্ষোয়ের নবাবের গহিত আমার সম্বন্ধের প্রস্তাব আলিয়াছিল, পিতা ইতন্তত করিতেছিলেন, এমন সময় দাতে টোটা কাটা লইয়া সিপাছিলোকের সহিত সরকার-বাহাত্রের লড়াই বাধিল, কামানের ধোঁয়ায় হিন্দুষান অন্ধ্বার হইয়া গেল।"

ত্রীকঠে, বিশেষত সন্ত্রান্ত মহিলার মৃথে হিন্দুখানি কখনো শুনি নাই, শুনিয়া প্লাপ্ত বিতে পারিলাম, এ ভাষা আমিরের ভাষা— এ যে-দিনের ভাষা সে-দিন আর নাই, আরু রেলােরে টেলিগ্রাফে, কাজের ভিড়ে, আভিজাত্যের বিলােপে সমস্তই যেন হম্ব থর্ব নিরলংকার হইয়া গেছে। নবাবজাদীর ভাষামাত্র শুনিয়া সেই ইংয়াজরচিত আধুনিক শৈলনগরী দার্জিলিভের ঘনকুজাটকাজালের মধ্যে আমার মনশুক্রের সম্মুখে মোঘলস্থাটের মানসপ্রী মায়াবলে জাগিয়া উঠিতে লাগিল— শেতপ্রশুররচিত বজাে বজাে অভাভানী সৌধভানী, পথে লম্পুছে অম্পূর্চে মছলন্দের সাজ, হন্তীপৃষ্ঠে মর্গঝালরথচিত হাওদা, পুরবাসিগণের মন্তকে বিচিত্রবর্ণের উফ্টার, শালের রেশমের মস্লিনের প্রচ্রপ্রসর জামা পায়জামা, কোমরবন্ধে বক্র তরবারি, জরির ফুতার অগ্রভাগে বক্র শীর্ষ— স্থাীর্ষ অবসর, স্থান্থ পরিছেম, স্প্রচুর শিষ্টাচার।

নবাবপুত্রী কছিলেন, "আমাদের কেলা যমুনার তীরে। আমাদের ফৌজের অধিনায়ক ছিল একজন হিন্দু ব্রাহ্মণ। তাহার নাম ছিল কেশরলাল।"

রমণী এই কেশরলাল শন্ধটির উপর তাহার নারীকঠের সমস্ত সংগীত যেন একেবারে এক মূহুর্ভে উপুড় করিয়া ঢালিয়া দিল। আমি ছড়িটা ভূমিতে রাখিয়া নজিয়া-চড়িয়া খাড়া হইয়া বসিলাম। "কেশরলাল পরম হিন্দু ছিল। আমি প্রত্যাহ প্রত্যাবে উঠিয়া অস্তঃপুরের গবান্ধ ছইতে দেখিতাম, কেশরলাল আবন্ধ বম্নার জলে নিমগ্ন হইয়া প্রদক্ষিণ করিতে করিতে জ্যোড়করে উর্দেশে নবোদিত স্থর্গের উদ্দেশে অঞ্জলি প্রদান করিত। পরে সিক্তবন্ধে ঘাটে বসিয়া একাগ্রমনে জপ সমাপন করিয়া পরিষার স্কর্পে ভৈরোরাগে ভজনগান করিতে করিতে গৃহে ফিরিয়া আসিত।

আমি মৃসলমানবালিকা ছিলাম কিন্ত কথনো স্বধর্মের কথা গুনি নাই এবং স্বধর্মসংগত উপাসনাবিধিও জানিতাম না; তথনকার দিনে বিলাসে মত্যপানে স্বেচ্ছাচারে আমাদের প্রুষ্থের মধ্যে ধর্মবন্ধন শিথিল হইয়া গিয়াছিল এবং অন্তঃপুরের প্রযোদ-ভবনেও ধর্ম সঞ্জীব ছিল না।

বিধাতা আমার মনে বােধ করি স্বাভাবিক ধর্মপিপাসা দিয়াছিলেন, অথবা আর-কোনো নিগৃঢ় কারণ ছিল কি না বলিতে পারি না, কিন্তু প্রত্যহ প্রশান্ত প্রভাতে নবাৈমেষিত অকণালোকে নিশুরক নীল যম্নার নির্জন স্বেত সোপানতটে কেশরলালের প্রভাবিত আমার সভাস্থপ্রোভিত অস্তঃকরণ একটি অব্যক্ত ভক্তিমাধুর্বে পরিপ্রত হইয়া যাইত।

নিয়ত সংযত শুদ্ধাচারে ত্রাহ্মণ কেশরলালের গৌরবর্ণ প্রাণসার হন্দর তহু দেহখানি ধ্মলেশহীন ক্যোতিঃশিখার মতো বোধ হইত, ত্রাহ্মণের পুণ্যমাহাত্মা অপূর্ব প্রদ্ধাভরে এই মুসলমানত্হিতার মৃত্ হৃদয়কে বিনম্র করিয়া দিত।

আমার একটি হিন্দু বাঁদি ছিল, সে প্রতিদিন নত হইয়া প্রণাম করিয়া কেশরলালের পদর্বল লইয়া আসিত, দেখিয়া আমার আনন্দও হইত ইবাও জন্মিত। ক্রিয়াকর্ম-পার্বন উপলক্ষে এই বন্দিনী মধ্যে মধ্যে ব্রাহ্মনভোজন করাইয়া দক্ষিণা দিত। আমি নিজে হইতে তাহাকে অর্থসাহায্য করিয়া বলিতাম, 'তুই কেশরলালকে নিমন্ত্রণ করিবি না ?' সে জিভ কাটিয়া বলিত, 'কেশরলালঠাকুর কাহারো অন্নগ্রহণ বা দানপ্রতিগ্রহ করেন না।'

এইরপে প্রত্যক্ষে বা পরোক্ষে কেশরলালকে কোনোরপ ভক্তিচিহ্ন দেখাইতে না পারিয়া আমার চিত্ত যেন ক্র ক্ষাত্র হইয়া থাকিত।

আমাদের পূর্বপুরুষের কেহ-একজন একটি ব্রাহ্মণকন্তাকে বলপূর্বক বিবাহ করিয়া আনিয়াছিলেন, আমি অস্তঃপুরের প্রান্তে বিসিয়া তাঁহারই পুণারক্তপ্রবাহ আপন শিরার মধ্যে অস্তত্তব করিতাম, এবং সেই রক্তস্ত্তে কেশরলালের সহিত একটি ঐক্যসম্বদ্ধ ক্লানা করিয়া কিয়ৎপরিমাণে তৃপ্তি বোধ হইত।

आगाव हिन्दू माजीव निकं हिन्दूधर्मव नमख आठाव वावहाव, स्वरमयीव नमख

আশ্বর্ধ কাহিনী, রামারণ-মহাভারতের সমন্ত অপূর্ব ইতিহাস তর তর করিরা গুনিতাম, গুনিরা সেই অবরুদ্ধ অন্তঃপুরের প্রান্তে বসিরা হিন্দুজগতের এক অপরূপ দৃশ্য আমার মনের সম্মুখে উদ্ঘাটিত হইত। মুতিপ্রতিমুতি, শুখাণীধানি, স্বর্ণচ্ডাখচিত দেবালয়, ধূপধুনার ধূম, অপ্তরুচন্দনমিল্লিত পুন্দারাশির হুগদ্ধ, যোগীসন্নাসীর অলোকিক ক্ষমতা, ব্রাহ্মণের অমাহ্যয়িক মাহাত্মা, মাহ্যব-চন্নবেশধারী দেবতাদের বিচিত্র দীলা, সমন্ত জড়িত হইয়া আমার নিকটে এক অতিপুরাতন অতিবিদ্ধীর্ণ অতিহ্বন্দর অপ্রান্তত মারালোক ক্ষন করিত; আমার চিত্ত যেন নীড়হারা ক্ষ্ত পন্দীর লাম প্রদোষকালের একটি প্রকাণ্ড প্রাচীন প্রাসাদের কক্ষে কন্দে উড়িয়া উড়িয়া বেড়াইত। হিন্দুসংসার আমার বালিকাহন্বরের নিকট একটি পরমরমণীয় রূপকথার রাজ্য ছিল।

এমন সময় কোম্পানি বাছাত্রের সহিত সিপাহিলোকের লড়াই বাধিল। আমাদের বদ্রাওনের ক্ষুদ্র কেল্লাটির মধ্যেও বিপ্লবের তরঙ্গ জাগিয়া উঠিল।

কেলরলাল বলিল, 'এইবার গো-খাদক গোরালোককে আধাবর্ত হইতে দ্র করিয়া দিয়া আর-একবার হিন্দুস্থানে হিন্দুস্লমানে রাজপদ লইয়া দ্যুতক্রীড়া বসাইতে হইবে।'

আমার পিতা গোলামকাদের থাঁ সাবধানী লোক ছিলেন; তিনি ইংরাজ জাতিকে কোনো একটি বিশেষ কুটুমসম্ভাষণে অভিহিত করিয়া বলিলেন, 'উহারা অসাধা সাধন করিতে পারে, হিন্দুয়ানের লোক উহাদের সহিত পারিয়া উঠিবে না। আমি অনিশিত প্রত্যাশে আমার এই কুল্ল কেল্লাটুকু খোরাইতে পারিব না, আমি কোম্পানিবাহাত্বের সহিত লড়িব না।'

যথন হিন্দুখানের সমস্ত হিন্দুম্ললমানের রক্ত উত্তপ্ত হইরা উঠিয়াছে, তথন আমার পিতার এই বণিকের মতো সাবধানতার আমাদের সকলের মনেই ধিকার উপস্থিত হইল। আমার বেগম মাতৃগণ পর্যস্ত চঞ্চল হইরা উঠিলেন।

এমন সময় ফৌব্দ লইয়া সশস্ত্র কেশরলাল আসিয়া আমার পিতাকে বলিলেন, 'নবাবসাহেব, আপনি যদি আমাদের পক্ষে যোগ না দেন তবে যতদিন লড়াই চলে আপনাকে বন্দী রাখিয়া আপনার কেল্পার আধিপত্যভার আমি গ্রহণ করিব।'

পিতা বলিলেন, 'সে-সমন্ত হাজামা কিছুই করিতে হইবে না, তোমাদের পক্ষে
আমি রহিব।'

क्ष्यत्रमाम कहित्मन, 'धनकाय रहेर्ड किছू वर्ष वाहित कतिर्ड रहेर्व।'

পিতা বিশেষ কিছু দিলেন না, কহিলেন, 'বধন বেমন আবশ্যক হইবে আমি দিব।' আমার সীমস্ত হইডে পদাব্দী পর্যন্ত অঞ্পপ্রভাব্দের যতকিছু ভূষণ ছিল সমস্ত কাপড়ে বাধিয়া আমার হিন্দু দাসী দিয়া গোপনে কেশরলালের নিকট পাঠাইয়া দিলাম। তিনি গ্রহণ করিলেন। আনন্দে আমার ভূষণবিহীন প্রত্যেক অক্পপ্রত্যক্ষ পুশকে রোমাঞ্চিত হইয়া উঠিল।

কেশরলাল মরিচাপড়া বন্দুকের চোও এবং পুরাতন তলোয়ারগুলি মাজিয়া ঘষিয়া লাফ করিতে প্রস্তুত হইলেন, এমন লময় হঠাৎ একদিন অপরায়ে জিলার কমিশনার লাহেব লালকৃতি গোরা লইয়া আকাশে ধুলা উড়াইয়া আমাদের কেলার মধ্যে আসিয়া প্রবেশ করিল।

আমার পিতা গোলামকাদের থা গোপনে তাঁহাকে বিদ্রোহনংবাদ দিয়াছিলেন।
ব্রভাওনের ফৌজের উপর কেশরলালের এমন একটি অলোকিক আধিপতা
ছিল যে, তাঁর কথার তাহারা ভাঙা বন্দুক ও ভোঁভা তরবারি হস্তে লড়াই করিয়া
মরিতে প্রস্তুত হইল।

বিশাস্থাতক পিতার গৃহ আমার নিকট নরকের মতো বোধ হইল। কোভে ছঃথে লজার দ্বার বুক ফাটিয়া বাইতে লাগিল, তবু চোখ দিয়া এক ফোটা জল বাহির হইল না। আমার ভীক্ল লাতার পরিচ্ছদ পরিয়া ছদ্মবেশে অন্তঃপুর হইতে বাহির হইয়া গেলাম, কাহারো দেখিবার অবকাশ ছিল না।

তথন ধূলা এবং বাক্লদের ধোঁয়া, সৈনিকের চিৎকার এবং বন্দুকের শব্দ থামিয়া গিয়া মৃত্যুর ভীষণ শাস্তি জলস্থল-আকাশ আচ্ছন্ন করিয়াছে। যম্নার জল রক্তরাগে রঞ্জিত করিয়া সূর্য জন্ম গিয়াছে, সন্ধ্যাকাশে শুক্লপক্ষের পরিপূর্ণপ্রায় চন্দ্রমা।

রণক্ষেত্র মৃত্যুর বিকট দৃশ্যে আকীর্ন। অন্ত সময় হইলে করুণায় আমার বক্ষ্যাপিত হইরা উঠিত, কিন্তু সেদিন স্বপ্নাবিষ্টের মতো আমি ঘুরিয়া ঘুরিয়া বেড়াইতে-ছিলাম, থুজিতেছিলাম কোপায় আছে কেশ্রলাল, সেই একমাত্র লক্ষ্য ছাড়া আর সমস্ক আমার নিকট অলীক বোধ হইতেছিল।

খুঁজিতে খুঁজিতে রাত্রি বিপ্রহরে উজ্জল চন্দ্রালোকে দেখিতে পাইলাম, রণক্ষেত্রের অদৃরে যম্নাতীরের আফ্রকাননছায়ায় কেশরলাল এবং তাঁহার ভক্তভূতা দেওকি-নন্দনের মৃতদেহ পড়িয়া আছে। বুঝিতে পারিলাম, সাংঘাতিক আহত অবস্থায়, হয় প্রভূতিক অথবা ভূতা প্রভূকে রণক্ষেত্র হইতে এই নিরাপদ স্থানে বহন করিয়া আনিয়া শান্তিতে মৃত্যুহত্তে আজ্ঞসমর্পণ করিয়াছে।

প্রথমেই আমি আমার বছদিনের বুভূক্ষিত ভক্তিবৃত্তির চরিতার্থতা সাধন করিলাম। কেশরলালের পদতলে লুক্তিত হইয়া পড়িয়া আমার আঞান্তলম্বিত কেশজাল উন্মুক্ত করিয়া দিয়া বারম্বার তাঁহার পদধ্লি মৃছিয়া লইলাম, আমার উত্তপ্ত ললাটে তাঁহার হিমলীতল পাদপদ্ম তুলিয়া লইলাম, তাঁহার চরণ চুম্বন করিবামাত্র বহুদিবসের নিরুদ্ধ অঞ্জরাশি উচ্চুসিত উদ্বেলিত হইয়া উঠিল।

এমন সময়ে কেশরলালের দেহ বিচলিত হইল, এবং সহসা তাঁহার মুখ হইতে বেদনার অফুট আর্ডম্বর শুনিয়া আমি তাঁহার চরণতল ছাড়িয়া চমকিয়া উঠিলাম; শুনিলাম নিমীলিত নেত্রে শুদ্ধ কঠে একবার বলিলেন 'জ্ঞল'।

আমি তৎক্ষণাৎ আমার গাত্রবন্ধ যম্নার জলে ভিজাইয়া ছুটিয়া চলিয়া আসিলাম। বসন নিংড়াইয়া কেশরলালের আমীলিত ওঠাধরের মধ্যে জল দিতে লাগিলাম, এবং বামচক্ষ্ নই করিয়া তাঁহার কপালে যে নিদারুণ আঘাত লাগিয়াছিল সেই আহত হানে আমার সিক্ত বসনপ্রাস্ত ছিড়িয়া বাঁধিয়া দিলাম।

এমনি বারকতক ষম্না হইতে জল আনিয়া তাঁহার মুখে চক্ষে সিঞ্চন করার পর অল্লে চতনার সঞ্চার হইল। আমি জিজ্ঞাসা করিলাম, 'আর জল দিব ?' কেশরলাল কহিলেন, 'কে তুমি।' আমি আর থাকিতে পারিলাম না, বলিলাম, 'অধীনা আপনার ভক্ত সেবিকা। আমি নবাব গোলামকাদের থাঁর কল্পা।' মনে করিয়াছিলাম, কেশরলাল আসম মৃত্যুকালে তাঁহার ভক্তের শেষ পরিচয় সঙ্গে করিয়া লইয়া যাইবেন, এ স্থুখ হইতে আমাকে কেহু বঞ্চিত করিতে পারিবে না।

আমার পরিচয় পাইবামাত্র কেশরলাল সিংহের ন্যায় গর্জন করিয়া উঠিয়া বলিলেন, 'বেইমানের করা, বিধমী! মৃত্যুকালে যবনের জল দিয়া তুই আমার ধর্ম নপ্ত করিলে!' এই বলিয়া প্রবল বলে আমার কপোলদেশে দক্ষিণ করতলের আঘাত করিলেন, আমি মৃত্তিভপ্রায় হইয়া চক্ষে অন্ধকার দেখিতে লাগিলাম।

তথন আমি ষোড়নী, প্রথম দিন অস্তঃপুর হইতে বাহিরে আসিয়াছি, তথনো বহিরাকাশের লুক্ক তপ্ত স্থকর আমার স্কুক্মার কপোলের রিক্তম লাবণাবিভা অপহরণ করিয়া লয় নাই, সেই বহিঃসংসারে পদক্ষেপ করিবামাত্র সংসারের নিকট হইতে, আমার সংসারের দেবভার নিকট হইতে এই প্রথম সম্ভাষণ প্রাপ্ত হইলাম।"

আমি নির্বাপিত-সিগারেটে এতক্ষণ মোহমুম চিত্রাপিতের ন্যায় বসিয়া ছিলাম। গল্প ভনিতেছিলাম, কি ভাষা ভনিতেছিলাম, কি সংগীত ভনিতেছিলাম জানি না, আমার মৃথে একটি কথা ছিল না। এতক্ষণ পরে আমি আর থাকিতে পারিলাম না, হঠাৎ বলিয়া উঠিলাম, "জানোরার।"

নবাবজাদী কহিলেন, "কে জানোয়ায়! জানোয়ার কি মৃত্যুযঞ্জণার সময় মৃথের নিকট সমাস্তত জলবিন্দু পরিত্যাগ করে।"

আমি অপ্রতিভ হইয়া কহিলাম, "তা বটে। সে দেবতা।"

নবাবজাদী কহিলেন, "কিসের দেবতা! দেবতা কি ভক্তের একাগ্রচিত্তের সেবা প্রত্যাখ্যান করিতে পারে!"

আমি বলিলাম, "তাও ঘটে।" বলিয়া চুপ করিয়া গেলাম।

নবাবপুত্রী কহিতে লাগিলেন, "প্রথমটা আমার বড়ো বিষম বাজিল। মনে হইল, সমস্ত বিশ্বজ্ঞগৎ হঠাৎ আমার মাধার উপর চুরমার হইলা ভাঙিয়া পড়িয়া গেল। মুহুর্তের মধ্যে সংজ্ঞা লাভ করিলা সেই কঠোর কঠিন নিষ্ঠ্য নির্বিকার পবিত্র বীর আন্ধানের পদতলে দ্ব হইতে প্রণাম করিলাম— মনে মনে কহিলাম, হে আন্ধান, তুমি হীনের সেবা, পরের অল, ধনীর দান, যুবতীর যৌবন, রমণীর প্রেম কিছুই গ্রহণ কর না; তুমি শ্বত্ত্ত্ব, তুমি একাকী, তুমি নির্লিপ্ত, তুমি শ্বদ্র, তোমার নিকট আ্থাসমর্পণ করিবার শ্রেধিকারও আমার নাই!

নবাবছহিতাকে ভূল্পিতমন্তকে প্রণাম করিতে দেখিয়া কেশরলাল কা মনে করিল বলিতে পারি না, কিন্তু তাহার মূখে বিশ্বর অথবা কোনো ভাবান্তর প্রকাশ পাইল না। শান্তভাবে একবার আমার মুখের দিকে চাহিল; তাহার পরে ধীরে ধীরে উঠিল। আমি সচকিত হইরা আশ্রায় দিবার জন্তু আমার হন্ত প্রসারণ করিলাম, সে তাহা নীরবে প্রত্যাখ্যান করিল, এবং বহু কট্টে যম্নার ঘাটে গিরা অবতীর্ণ হইল। সেখানে একটি খেরানোকা বাধা ছিল। পার হইবার লোকও ছিল না, পার করিবার লোকও ছিল না। সেই নৌকার উপর উঠিয়া কেশরলাল বাধন খুলিয়া দিল, নৌকা দেখিতে দেখিতে মধ্যশ্রোতে গিয়া ক্রমণ অদৃশ্র হইয়া গেল— আমার ইচ্ছা হইতে লাগিল, সমস্ত হদরভার, সমস্ত ঘৌবনভার, সমস্ত অনাদৃত ভক্তিভার লইয়া সেই অদৃশ্র নৌকার অভিমুখে জোড়কর করিয়া সেই নিজক নিশীথে সেই চন্দ্রালাকপুলকিত নিজরক্ষ বম্নার মধ্যে অকাল-বৃস্তচ্যুত পুল্যমন্ত্রীর স্নায় এই ব্যর্থ জীবন বিসর্জন করি।

কিন্তু পারিলাম না। আকাশের চন্দ্র, বম্নাপারের ঘনক্রফ বনরেখা, কালিন্দার নিবিড় নীল নিক্ষপ জলরাশি, দুরে আত্রবনের উর্ধে আর্মাদের জ্যোৎস্নাচিক্কণ কেলার চূড়াগ্রভাগ, সকলেই নি:শব্দগন্তীর ঐকভানে মৃত্যুর গান গাহিল; সেই নিশীথে গ্রহচন্দ্রভারাথচিত নিন্তন্ধ তিন ভূবন আ্যান্কে একবাক্যে মরিতে কহিল। কেবল বীচিভন্নবিহীন প্রশান্ত ষম্নাবন্দোবাহিত একখানি অনৃশ্য জীর্ণ নৌকা সেই জ্যোৎস্না বজনীর সৌম্যস্থলর শান্তশীতল অনস্ত ভ্বনমোহন মৃত্যুর প্রসারিত আলিজনপাশ হইতে বিচ্ছিন্ন করিয়া আমাকে জীবনের পথে টানিয়া লইয়া চলিল। আমি মোহ-প্রপ্রাভিহতার জায় ষম্নার তীরে তীরে কোথাও-বা কাশবন, কোথাও-বা মক্ষবালুকা কোথাও-বা বন্ধুর বিদীর্ণ তট, কোথাও-বা ঘনগুরুত্র্গম বনগণ্ডের ভিতর দিয়া চলিতে লাগিলাম।"

এইখানে বক্তা চুপ করিল। আমিও কোনো কথা কহিলাম না।

অনেকক্ষণ পরে নবাবছহিতা কহিল, "ইহার পরে ঘটনাবলী বড়ো জটিল। সে কেমন করিয়া বিশ্লেষ করিয়া পরিষ্কার করিয়া বলিব জানি না। একটা গহন অরণ্যের মাঝখান দিয়া যাত্রা করিয়াছিলাম, ঠিক কোন্ পথ দিয়া কখন চলিয়াছিলাম সে কি আর খুঁজিয়া বাহির করিতে পারি। কোথায় আরম্ভ করিব, কোথায় শেষ করিব, কোন্টা ত্যাগ করিব, কোন্টা রাখিব, সমস্ত কাহিনীকে কী উপায়ে এমন স্পষ্ট প্রত্যক্ষ করিয়া তুলিব যাহাতে কিছুই অসাধ্য অসম্ভব অপ্রকৃত বোধ না হয়।

কিন্তু জীবনের এই কয়টা দিনে ইহা বৃঝিয়াছি যে, অসাধা অসম্ভব কিছুই নাই।
নবাব-অন্তঃপুরের বালিকার পক্ষে বাহিরের সংসার একান্ত ছর্গম বলিয়া মনে হইতে
পারে, কিন্তু তাহা কাল্লনিক; একবার বাহির হইয়া পড়িলে একটা চলিবার পথ
থাকেই। সে-পথ নবাবি পথ নহে, কিন্তু পথ; সে-পথে মাহ্ম্ম চিরকাল চলিয়া
আসিয়াছে— তাহা বন্ধুর বিচিত্র সীমাহীন, তাহা শাখাপ্রশাখায় বিভক্ত, তাহা
স্থথেত্বংথে বাধাবিত্বে জটিল, কিন্তু তাহা পথ।

এই সাধারণ মানবের পথে একাকিনী নবাবছহিতার স্থার্থ প্রমণবৃদ্ধান্ত স্থপ্রাব্য হইবে না, হইলেও সে-সব কথা বলিবার উৎসাহ আমার নাই। এক কথায়, তৃঃথকট বিপদ অবমাননা অনেক ভোগ করিতে হইয়াছে, তবু জীবন অসহ্য হয় নাই। আতশবান্ধির মতো যত দাহন ততই উদ্ধাম গতি লাভ করিয়াছি। যতক্ষণ বেগে চলিয়াছিলাম ততক্ষণ পুড়িতেছি বলিয়া বোধ ছিল না, আজ হঠাৎ সেই পরম তৃঃথের সেই চরম স্থথের আলোকলিখাটি নিবিয়া গিয়া এই পথপ্রান্থের ধূলির উপর জড়পদার্থের স্থায় পড়িয়া পিয়াছি— আজ আমার যাত্রা লেষ হইয়া গেছে, এইথানেই আমার কাহিনী সমাপ্ত।"

এই বলিয়া নবাবপুত্রী থামিল। আমি মনে মনে ঘাড় নাড়িলাম; এখানে ভো

কোনোমতেই শেষ হয় না। কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া ভাঙা হিন্দিতে বলিলাম, "বেয়াদপি মাপ করিবেন, শেষদিককার কথাটা আর অল্ল একটু খোলসা করিয়া বলিলে অধীনের মনের ব্যাকুলতা অনেকটা হ্রাস হয়।"

নবাবপুত্রী হাসিলেন। বুঝিলাম, আমার ভাঙা হিন্দিতে ফল হইয়াছে। যদি আমি থাস হিন্দিতে বাৎ চালাইতে পারিভাম তাহা হইলে আমার কাছে তাঁহার লক্ষা ভাঙিত না, কিন্তু আমি বে তাঁহার মাভূভাষা অতি অল্লই জানি সেইটেই আমাদের উভয়ের মধ্যে বৃহৎ ব্যবধান, সেইটেই একটা আক্র।

তিনি প্নরায় আরম্ভ করিলেন, "কেশরলালের সংবাদ আমি প্রায়ই পাইতাম কিন্তু কোনোমতেই তাঁহার সাক্ষাৎ লাভ করিতে পারি নাই। তিনি তাঁতিয়াটোপির দলে মিশিয়া দেই বিপ্লবাচ্চয় আকাশতলে অকস্মাৎ কথনো পূর্বে, কথনো পশ্চিমে, কথনো ঈশানে, কথনো নৈশ্বতি, বজ্পপাতের মতো মৃহুর্তের মধ্যে ভাঙিয়া পড়িয়া, মৃহুর্তের মধ্যে অদৃশু হইতেছিলেন।

আমি তখন যোগিনী সাজিয়া কাশীর শিবাননন্তামীকৈ পিতৃসযোধন করিয়া তাঁহার নিকট সংস্কৃত শাস্ত্র অধ্যয়ন করিতেছিলাম। ভারতবর্ষের সমস্ত সংবাদ তাঁহার পদতলে আসিয়া সমাগত হইত, আমি ভক্তিভরে শাস্ত্র শিক্ষা করিতাম এবং মর্মান্তিক উদ্বেশের সহিত যুদ্ধের সংবাদ সংগ্রহ করিতাম।

ক্রমে বিটিশরাক্ষ হিন্দুস্থানের বিদ্রোহ্বহ্নি পদতলে দলন করিয়া নিবাইয়া দিল।
তথন সহসা কেশরলালের সংবাদ আর পাওয়া গেল না। ভীষণ প্রলয়ালোকের রক্তরশ্মিতে ভারতবর্ষের দ্রদ্রান্তর হইতে যে-সকল বীর-মৃতি ক্ষণে ক্ষণে দেখা যাইতেছিল,
হঠাৎ ভাহারা অশ্বকারে পড়িয়া গেল।

ज्यन यामि यात्र थाकिए भातिमाम ना। श्वम्त याध्यत्र हाण्डिता देवतीरताल यात्रात्र ताहित रहेत्रा পिएलाम। भाग भारे नाहे। इहे-धक्यन यारात्रा जारात्र नाम यानिज, किल, 'त्र रत्र पृष्ट नम्न ताब्यता मूण्ड नाहे। इहे-धक्यन यारात्रा जारात्र नाम यानिज, किल, 'त्र रत्र पृष्ट नम्न ताब्यता मूण्ड लाख कित्राहा।' यामात्र व्यवताया किल, 'क्यान नार, क्यानालात मूण्ड नाहे।— त्रहे वाच्या त्रहे इःमह खनमधि क्यान निर्दाण भाग्न नाहे, यामात्र याखाहिज शहन कित्रतान्न स्म्न त्र व्यवता कित्रा प्राप्त नाहे, यामात्र याखाहिज शहन कित्रतान्न सम्न त्र व्यवता कित्रा प्राप्त प्राप्त विर्वाण प्रस्तिया हेमा व्यवतालहि ।'

हिन्द्रभाष्य चारह कात्नत्र बात्रा छशकात्र बात्रा मुख बान्नन इरेन्नाहरू, ग्रममान

ব্রাহ্মণ হইতে পারে কি না সে কথার কোনো উল্লেখ নাই; তাহার একমাত্র কারণ তথন মুসলমান ছিল না। আমি জানিভাম কেশরলালের সহিত আমার মিলনের বহু বিলম্ব আছে, কারণ তৎপূর্বে আমাকে ব্রাহ্মণ হইতে হইবে। একে একে ত্রিশ বংসর উত্তীর্ণ হইল। আমি অন্তরে বাহিরে আচারে ব্যবহারে কার্মনোবাক্যে ব্রাহ্মণ হইলাম, আমার সেই ব্রাহ্মণ পিডামহীর রক্ত নিচ্চল্যতেকে আমার সর্বাক্তে প্রবাহিত হইল, আমি মনে মনে আমার সেই যৌবনারভের প্রথম ব্রাহ্মণ, আমার বোবনশেকের শেষ ব্রাহ্মণ, আমার ত্রিভ্বনের এক ব্রাহ্মণের পদতলে সম্পূর্ণ নিঃসংকোচে আপনাকে প্রতিষ্ঠিত করিয়া একটি অপরূপ দীপ্রিলাভ করিলাম।

যুদ্ধবিপ্লবের মধ্যে কেশরলালের বীরত্বের কথা আমি অনেক শুনিরাছি, কিন্তু সে কথা আমার হৃদরে মৃদ্রিত হয় নাই। আমি সেই যে দেখিরাছিলাম, নিঃশব্দে জ্যোৎস্নানিশীথে নিস্তন্ধ যম্নার মধ্যশ্রোতে একখানি ক্ষুত্র নৌকার মধ্যে একাকী কেশরলাল ভাসিরা চলিরাছে, সেই চিত্রই আমার মনে অন্ধিত হইয়া আছে। আমি কেবল অহরছ দেখিতেছিলাম, ত্রাহ্মণ নির্জন স্রোত্ত বাহিয়া নিশিদিন কোন্ অনির্দেশ মহারহস্যাভিম্বে ধাবিত হইতেছে, তাহার কোনো সন্ধী নাই, সেবক নাই, কাহাকেও তাহার কোনো আবশ্রক নাই, সেই নির্মল আগ্রনিমগ্র পুরুষ আপনাতে আপনি সম্পূর্ণ; আকাশের গ্রহচন্দ্রতারা তাহাকে নিঃশব্দে নিরীক্ষণ করিতেছে।

এমন সময় সংবাদ পাইলাম, কেশরলাল রাজ্বণত হইতে পলায়ন করিয়া নেপালে আশ্রেয় লইয়াছে। আমি নেপালে গেলাম। সেধানে দীর্ঘকাল বাস করিয়া সংবাদ পাইলাম, কেশর্লাল বছকাল ছইল নেপাল ত্যাগ করিয়া কোথায় চলিয়া গিয়াছে কেছ জানে না।

তাহার পর হইতে পাহাড়ে পাহাড়ে শ্রমণ করিতেছি। এ হিন্দুর দেশ নহে—
ভূটিরা লেপচাগণ ফ্লেচ্চ, ইহাদের আহারব্যবহারে আচারবিচার নাই, ইহাদের দেবতা
ইহাদের পূজার্চনাবিধি সকলই স্বতম্ভ। বছদিনের সাধনার আমি ধে বিশুদ্ধ শুচিতা
লাভ করিরাছি, ভর হইতে লাগিল, পাছে তাহাতে রেখামাত্র চিহ্ন পড়ে। আমি
বহু চেইার আপনাকে সর্বপ্রকার মলিন সংস্পর্ল হইতে রক্ষা করিয়া চলিতে লাগিলাম।
আমি জ্বানিতাম, আমার তরী তীরে আসিয়া পৌছিয়াছে, আমার জীবনের চরমতীর্থ
ক্ষনতিদ্রে।

ভাহার পরে আর কী বলিব। লেষ কথা অভি স্বন্ধ। প্রদীপ ষধন নেষে

তথন একটি ফুৎকারেই নিবিয়া বায়, সে কথা আর স্থদীর্ঘ করিয়া কী ব্যাখ্যা করিব।

আটজিশ বংসর পরে এই দার্জিলিঙে আসিয়া আজ প্রাতঃকালে কেশরলালের দেখা পাইয়াছি।"

বক্তাকে এইখানে ক্ষান্ত হইতে দেখিয়া আমি ঔৎস্থক্যের সহিত জিজ্ঞাসা করিলাম, "কী দেখিলেন।"

নবাবপুত্রী কহিলেন, "দেখিলাম, বৃদ্ধ কেশবলাল ভূটিয়াপক্ষীতে ভূটিয়া দ্রী এবং তাহার গর্ভন্নাত পৌত্রপোত্রী লইয়া মানবত্রে মলিন অন্ধনে ভূটা হইতে শশু সংগ্রহ করিতেছে।"

' গল্প শেষ হইল। আমি ভাবিলাম, একটা সাম্বনার কথা বলা আবশ্রক। কহিলাম, "আটত্রিশ বংসর একাদিক্রমে যাহাকে প্রাণভন্নে বিজ্ঞাতীয়ের সংপ্রবে অহরহ থাকিতে হইয়াছে সে কেমন করিয়া আপন আচার রক্ষা করিবে।"

নবাবকন্তা কহিলেন, "আমি কি তাহা বুঝি না। কিন্তু এতদিন আমি কী মোহ
লইয়া ফিরিতেছিলাম! যে ব্রহ্মণ্য আমার কিলোর হৃদর হরণ করিয়া লইয়াছিল
আমি কি জানিতাম, তাহা অভ্যাস তাহা সংস্কার মাত্র। আমি জানিতাম, তাহা ধর্ম,
তাহা অনাদি অনন্ত। তাহাই যদি না হইবে তবে বোলোবৎসর বয়সে প্রথম
পিতৃগৃহ হইতে বাহির হইয়া সেই জ্যোৎসানিশীথে আমার বিকশিত পুল্পিত ভক্তিবেগকম্পিত দেহমনপ্রাণের প্রতিদানে ব্রাহ্মণের দক্ষিণ হস্ত হইতে যে তু:সহ অপমান প্রাপ্ত
হইয়াছিলাম, কেন তাহা গুরুহন্তের দীক্ষার ন্তায় নি:শব্দে অবন্ত মন্তকে বিগুণিত
ভক্তিভরে শিরোধার্য করিয়া লইয়াছিলাম। হার ব্রাহ্মণ, তুমি তো ভোমার এক
অভ্যাসের পরিবর্তে আর এক অভ্যাস লাভ করিয়াহ্ন, আমি আমার এক বৌবন এক
জীবনের পরিবর্তে আর-এক জীবন বৌবন কোধার ফিরিয়া পাইব।"

এই विनिन्ना त्रमणी উठिन्ना मिए। देना कहिन, "नमकात वाव् ि!"

মূহুর্তপরেই যেন সংশোধন করিয়া কহিল, "সেলাম বার্সাহেব!" এই মুসলমান-অভিবাদনের বারা সে যেন জীর্ণডিডি ধূলিশারী ভগ্ন ব্রহ্মণ্যের নিকট শেষ বিদার গ্রহণ করিল। আমি কোনো কথা না বলিভেই সে সেই হিমান্তিশিধরের ধূসর কুষ্মাটকারাশির যথো মেবের মডো মিলাইয়া গেল।

व्यामि क्लकांग एक् मुक्कि कतिता भमछ घटेनांचनी मानग्नट हिव्बिड स्थिड

লাগিলাম। মছলন্দের আগনে যম্নাতীরের গবাক্ষে হুখাগীনা বাড়েনী নবাব-বালিকাকে দেখিলাম, তীর্থমন্দিরে সন্ধারতিকালে তপদ্বিনীর ভক্তিগদ্গদ একাগ্র মৃতি দেখিলাম, তাহার পরে এই দার্জিলিঙে ক্যালকাটা রোডের প্রান্তে প্রবীণার কুহেলিকাচ্ছর ভগ্রহদরভারকাতর নৈরাশুমৃতিও দেখিলাম, একটি হুকুমার রমণীদেহে ব্রাহ্মণম্পলমানের রক্ততরক্তের বিপরীত সংঘর্ষজনিত বিচিত্র ব্যাকৃল সংগীতধ্বনি হুন্দর হুসম্পূর্ণ উর্জু ভাষার বিগলিত হইয়া আমার মন্তিক্তের মধ্যে স্পন্দিত হুইতে লাগিল।

চক্ষ্ খুলিরা দেখিলাম, হঠাৎ মেঘ কাটিরা গিরা ত্মিয় রৌজে নির্মল আকাশ ঝলমল করিতেছে, ঠেলাগাড়িতে ইংরাজ রমণী ও অশ্বপৃষ্ঠে ইংরাজ পুরুষগণ বায়ুসেবনে বাহির হইরাছে, মধ্যে মধ্যে ত্রই-একটি বাঞ্জালির গলাবন্ধবিজ্ঞড়িত মুখমগুল হইতে আমার প্রতি সকৌতুক কটাক্ষ বর্ষিত হইতেছে।

ক্রত উঠিয়া পড়িলাম, এই স্থালোকিত অনাবৃত অগৎদৃশ্রের মধ্যে সেই মেঘাচ্ছয় কাহিনীকে আর সত্য বলিয়া মনে হইল না। আমার বিশাস, আমি পর্বতের কুয়াশার সহিত আমার সিগারেটের ধ্ম ভ্রিপরিমাণে মিশ্রিত করিয়া একটি কয়নাথও রচনা করিয়াছিলাম— সেই ম্সলমানব্রাহ্মণী, সেই বিপ্রবীর, সেই যম্নাতীরের কেল্লা, কিছুই হয়তো সত্য নহে।

देवणांच ১०००

भू <u>ख</u>यख

বৈভানাথ গ্রামের মধ্যে বিজ্ঞ ছিলেন সেইজক্ত তিনি ভবিশ্বতের দিকে দৃষ্টি রাখিরা বর্তমানের সমস্ত কাল করিতেন। যখন বিবাহ করিলেন তখন তিনি বর্তমান নববধ্র অপেকা ভাবী নবকুমারের মুখ স্পষ্টভররপে দেখিতে পাইয়াছিলেন। শুভদৃষ্টির সময় এতটা দ্রদৃষ্টি প্রায় দেখা যায় না। তিনি পার্কা লোক ছিলেন সেইজক্ত প্রেমের চেয়ে পিওটাকেই অধিক ব্ঝিতেন এবং পুরোর্থে ক্রিয়তে ভার্যা এই মর্মেই তিনি বিনাদিনীকে বিবাহ করিয়াছিলেন।

কিন্ত এ সংসারে বিচ্ছ লোকও ঠকে। যৌবন্প্রাপ্ত, হুইয়াও যুখন বিনোদিনী ভাহার সর্বপ্রধান কর্তবাটি পালন করিল না তখন পুয়াম নরকের দার খোলা দেখিয়া বৈজনাথ বড়ো চিন্তিত হুইলেন। মৃত্যুর পরে ভাঁহার বিপুল এখর্ছ বা কে ভোগ করিবে এই ভাষনায় মৃত্যুর পূর্বে তিনি সেই ঐশ্বর্গ ভোগ করিতে একপ্রকার বিম্থ ছইলেন। পূর্বেই বলিয়াছি, বর্তমানের অপেকা ভবিশ্বংটাকেই তিনি সতা বলিয়া জানিতেন।

কিন্তু যুবতী বিনোদিনীর নিকট হঠাৎ এতটা প্রাক্ততা প্রত্যাশা করা যার না। সে বেচারার তুর্লা বর্তমান তাহার নববিকশিত যৌবন বিনা প্রেমে বিফলে অতিবাহিত হইরা যার, এইটেই তাহার পক্ষে সবচেয়ে শোচনীর ছিল। পারলৌকিক পিতের ক্ষ্ণাটা লে ইহলৌকিক চিত্তক্ষাদাহে একেবারেই ভূলিয়া বসিয়াছিল, মহর পবিত্র বিধান এবং বৈত্যনাথের আধ্যাত্মিক ব্যাখ্যার তাহার বৃভ্কিত হদরে তিলমাত্র ভৃপি হইল না।

যে যাহাই বলুক, এই বয়সটাতে ভালোবাসা দেওয়া এবং ভালোবাসা পাওয়াই রমণীর সকল স্থুপ এবং সকল কর্তব্যের চেয়ে স্বভাবতই বেশি মনে হয়।

কিন্তু বিনোদার ভাগ্যে নবপ্রেমের বর্ষাবারিসিঞ্চনের বদলে স্বামীর, পিস্শাশুড়ির এবং অক্সান্ত গুরু ও গুরুতর লোকের সমৃদ্ধ আকাশ হইতে তর্জন-গর্জনের শিলার্ষ্টি ব্যবস্থা হইল। সকলেই তাহাকে বন্ধ্যা বলিয়া অপরাধী করিত। একটা ফুলের চারাকে আলোক এবং বাভাস হইতে কন্ধ্যরে রাখিলে ভাহার বেরূপ অবস্থা হয়, বিনোদার বঞ্চিত যৌবনেরও সেইরূপ অবস্থা ঘটিয়াছিল।

সদাস্বদা এইসকল চাপাচুপি ও বকাবকির মধ্যে থাকিতে না পারিয়া যখন সে কুহুমের বাড়ি তাস থেলিতে যাইত সেই সমন্ত্রটা তাহার বড়ো ভালো লাগিত। সেধানে প্ৎনরকের ভীষণ ছান্না সর্বদা বর্তমান না থাকাতে হাসি-ঠাট্রা-গল্পের কোনো বাধা ছিল না।

কুষ্ম যেদিন তাস থেলিবার কাড না পাইত সেদিন তাহার তরুণ দেবর নগেব্রুকে ধরিয়া আনিত। নগেব্রু ও বিনাদার আপত্তি হাসিয়া উড়াইয়া দিত। এ সংসারে এক হইতে আর হয় এবং থেলা ক্রমে সংকটে পরিণত হইতে পারে, এ-সব গুরুতর কথা অল্পবয়সে হঠাৎ বিশাস হয় না।

এ সম্বন্ধে নগেন্দ্রেরও আপন্তির দৃঢ়তা কিছুমাত্র দেখা গেন্স না, এখন আর সে তাস খেলিবার অস্ত অধিক পীড়াপীড়ির অপেক্ষা করিতে পারে না।

धरेक्रा वित्नामात्र महिल नागत्स्वत्र धाष्ठ्रे तम्थामान्याः इटेल नामिन।

নগেন্দ্র যথন তাস থেলিতে বসিত তথন তাসের অপেক্ষা সঞ্জীবতর পদার্থের প্রতি তাহার নয়নমন পড়িয়া থাকাতে খেলায় প্রায়ই হারিতে লাগিল। পরাজয়ের প্রস্তুত কারণ বৃথিতে কুহুম এবং বিনোদার কাহারো বাকি রহিল না। প্রেই বলিয়াছি,

কর্মফলের গুরুজ বোঝা অল্ল বন্ধসের কর্ম নহে। কুন্থম মনে করিত, এ একটা বেশ মজা হইতেছে, এবং মজাটা ক্রমে বোলো-আনান্ন সম্পূর্ণ হইন্না উঠে ইহাতে তাহার একটা আগ্রহ ছিল। ভালোবাসার নবাস্ক্রে গোপনে জলসিঞ্চন তরুণীদের পক্ষে বড়ো কৌতুকের।

বিনোদারও মন্দ লাগিল না। হৃদয়জয়ের হতীক্ষ ক্ষমতাটা একজন পুরুষ মাহুষের উপর শাণিত করিবার ইচ্ছা জন্মায় হইতে পারে, কিন্তু নিতান্ত অস্বাভাবিক নহে।

এইরপে তাসের হারজিং ও ছক্কাপাঞ্চার প্নঃপ্ন আবর্তনের মধ্যে কোন্-এক সময়ে তুইটি খেলোরাড়ের মনে মনে মিল হইয়া গেল, অন্তর্গামী ব্যতীত আর-একজন খেলোরাড় তাহা দেখিল এবং আমোদ বোধ করিল

একদিন ত্পুরবেলার বিনোদা কুন্ন ও নগেন্দ্র তাস থেলিতেছিল। কিছুক্ষণ পরে কুন্নম তাহার রুগ্ণ শিশুর কারা শুনিরা উঠিয়া গেল। নগেন্দ্র বিনোদার সহিত গল্প করিতে লাগিল। কিন্তু কী গল্প করিতেছিল তাহা নিক্ষেই বৃথিতে পারিতেছিল না; রক্তন্ত্রোত তাহার হৎপিও উদ্বেলিত করিয়া তাহার সর্বশরীরের শিরার মধ্যে তর্মিত হইতেছিল।

হঠাৎ একসময় তাহার উদাম বৌবন বিনয়ের সমস্ত বাঁধ ভাঙিয়া ফেলিল, হঠাৎ বিনোদার হাত ঘটি চাপিয়া ধরিয়া সবলে তাহাকে টানিয়া লইয়া চুম্বন করিল। বিনোদা নগেন্দ্র-কর্তৃক এই অবমাননায় কোধে ক্ষোভে লজ্জায় অধীর হইয়া নিজেয় হাত ছাড়াইবার জন্ম টানাটানি করিতেছে এমন সময় তাহাদের দৃষ্টিগোচর হইল, ঘরে তৃতীয় ব্যক্তির আগমন হইয়াছে। নগেন্দ্র নতম্বে ঘর হইতে বাহির হইবার পথ অয়েষণ করিতে লাগিল।

পরিচারিকা গন্তীরম্বরে কছিল, "বউঠাকন্ধন, ভোমাকে পিসিমা ডাকছেন।" বিনোদা ছলছল চক্ষে নগেন্দ্রের প্রতি বিদ্যাৎকটাক্ষ বর্ষণ করিয়া দাসীর সঙ্গে চলিয়া গেল।

পরিচারিকা যেটুকু দেখিরাছিল তাহাকে হ্রন্থ এবং বাহা না দেখিরাছিল তাহাকেই স্থানিতর করিরা বৈজনাথের অন্তঃপুরে একটা বাড় তুলিরা দিল। বিনোদার কী দশা হইল সে কথা বর্ণনার অপেকা করনা সহজ্ঞ। সে যে কতদ্র নিরপরাধ কাহাকেও ব্রাইতে চেষ্টা করিল না, নতমুখে সমস্ত সহিয়া গোল।

दिश्वनाथ व्यापन छावी भिश्वमाछात्र व्याविक्षावना व्याप्त गरमप्राच्छत स्थान कतिया वित्नामात्क कहिन, "कनिक्रनी, जूरे व्यामात्र यत्र रहेर्ड मृत रहेशा था।"

বিনোদা শয়নকক্ষের দ্বাম রোধ করিয়া বিছানায় শুইয়া পড়িল, ভাছার অঞ্চীন

চক্ষ্ মধ্যাহের মক্ষভ্যির মতো জলিতেছিল। যথন সন্ধার জনকার ঘনীভূত হইরা বাহিরের বাগানে কাকের ভাক থামিরা গেল, তথন নক্ষত্রথচিত শাস্ত আকাশের দিকে চাহিরা ভাহার বাপমারের কথা মনে পড়িল এবং তথন তুই গণ্ড দিরা অঞ্চ বিগলিত হইরা পড়িতে লাগিল।

সেই রাত্রে বিনোধা স্বামীগৃহ ত্যাগ করিরা গেল। কেছ তাহার খ্যেজও করিল না।

তখন বিনোদা জানিত না বে, 'প্রজনার্থং মহাভাগা' ত্রী-জন্মের মহাভাগা সে লাভ করিয়াছে, তাহার স্বামীর পারলৌকিক সদ্গতি তাহার গর্ভে আশ্রের গ্রহণ করিয়াছে।

এই ঘটনার পর দশ বংসর অতীত হইয়া গেল।

ইতিমধ্যে বৈখনাথের বৈধায়ক অবস্থার প্রচুর উন্নতি হইয়াছে। এখন তিনি পল্লীগ্রাম ছাড়িয়া কলিকাতায় বৃহৎ বাড়ি কিনিয়া বাস করিতেছেন।

किन्न ठाँशात विषय यण्डे वृद्धि श्टेन विषयत्वत উखताधिकात्रीत क्या लाग छण्डे बाक्न श्टेमा উঠिতে नागिन।

পরে পরে মুইবার বিবাহ করিলেন তাহাতে পুত্র না জনিয়া কেবলই কলহ জনিতে লাগিল। দৈবজ্ঞপণ্ডিতে সন্নাসী-অবধৃতে ঘর ভরিয়া গেল; শিকড় মাত্রলি জলপড়া এবং পেটেন্ট শুষধের বর্ষণ হইতে লাগিল। কালীঘাটে যত ছাগশিশু মরিল তাহার অন্থিত্পে তৈম্বলজের কল্পালম্বন্ত ধিক্কত হইতে পারিত; কিন্তু তব্, কেবল গুটিকতক অন্থি ও অতি স্বল্প মাংলের একটি ক্ষ্ত্তম শিশুও বৈজনাথের বিশাল প্রাসাদের প্রাক্তমান অধিকার করিয়া দেখা দিল না। তাঁহার অবর্তমানে পরের ছেলে কে তাঁহার অন্ধ থাইবে ইহাই ভাবিয়া অন্ধে তাঁহার অক্ষচি জনিল।

বৈজনাথ আরো একটি দ্রী বিবাহ করিলেন। কারণ সংসারে আশারও অস্ত নাই, কন্তাদারগ্রন্থের কন্তারও শেষ নাই।

দৈবজেরা কোটা দেখিয়া বলিল, ওই কলার পুত্রহানে ষেরপ শুভযোগ দেখা যাইতেছে তাছাতে বৈছানাথের ঘরে প্রজাবৃদ্ধির আর বিলম্ব নাই; তাহার পরে ছয় বংসর অতীত হইয়া গেল তথাপি পুত্রহানের শুভযোগ আলশু পরিত্যাগ করিলেন না।

বৈখনাথ নৈরাখ্যে অবনত হইয়া পড়িলেন। অবশেষে শান্তক্ত পণ্ডিতের পরামর্শে একটা প্রচুর ব্যয়সাধ্য যজের আন্নোজন করিলেন, ভাছাভে বছকাল ধরিয়া বছ বান্ধণের সেবা চলিতে লাগিল। এ দিকে তথন দেশব্যাপী ছুর্ভিক্ষে বন্ধ বিহার উড়িয়া অন্থিচর্মসার হইয়া উঠিয়াছিল। বৈহ্যনাথ বখন অন্নের মধ্যে বসিরা ভাবিতেছিলেন 'আমার অন্ন কে থাইবে', তথন সমস্ত উপবাসী দেশ আপন রিক্তন্থালীর দিকে চাহিয়া ভাবিতেছিল 'কী ধাইব'।

ক্রিক সেই সময়ে চারিমাস কাল ধরিয়া বৈগুনাথের প্রত্থ সহধর্মিণী একশত ব্রাহ্মণের পাদোদক পান করিতেছিল এবং একশত ব্রাহ্মণ প্রাতে প্রচ্ন অয় এবং সায়াহ্ন অপর্বাপ্ত পরিমাণে জলপান ধাইয়া খুরি সরা ভাঁড় এবং দিধিয়তলিপ্ত কলার পাতে মানিসিপালিটির আবর্জনাশকট পরিপূর্ণ করিয়া তুলিতেছিল। অয়ের গঙ্গে ঘুভিক্ষকাতর বৃভ্ক্পণ দলে দলে বাবে সমাগত হইতে লাগিল, তাহাদিগকে সর্বদা ধেদাইয়া রাধিবার জন্ম অতিরিক্ত বারী নিযুক্ত হইল।

একদিন প্রাতে বৈখনাথের মার্বলমণ্ডিত দালানে একটি সুলোদর সন্ন্যাসী তুইসের মোহনভোগ এবং দেড়সের হয়- সেবায় নিযুক্ত আছে, বৈখনাথ গায়ে একখানি চাদর দিয়া জোড়করে একান্ত বিনীতভাবে ভূতলে বসিয়া ভক্তিভরে পবিত্র ভোজনব্যাপার নিরীক্ষণ করিতেছিলেন, এমন সময় কোনোমতে দারীদের দৃষ্টি এড়াইয়া জীর্ণদেহ বালক-সহিত একটি অতি শীর্ণকান্না রমণী গৃহে প্রবেশ করিয়া ক্ষীণ স্বরে কহিল, "বাব্, দুটি থেতে দাও।"

বৈহানাথ শশবান্ত হইয়া চিৎকার করিয়া উঠিলেন, "গুরুদয়াল। গুরুদয়াল।" গতিক মন্দ বৃঝিয়া গ্রীলোকটি অতি করুণ স্বরে কহিল, "ওগো, এই ছেলেটিকে ছুটি থেতে দাও। আমি কিছু চাই নে।"

গুরুদয়াল আসিয়া বালক ও তাহার মাতাকে তাড়াইয়া দিল। সেই ক্ষাত্র নিরম বালকটি বৈতনাথের একমাত্র পুত্র। একশত পরিপুষ্ট ব্রাহ্মণ এবং তিনজন বলিষ্ঠ সম্রাসী বৈতনাথকে পুত্রপ্রাপ্তির হ্রাশায় প্রলুক করিয়া তাহার আম ধাইতে লাগিল।

टेकार्घ ३७० ६

ডিটেকটিভ

আমি পুলিসের ভিটেডটিভ কর্মচারী। আমার জীবনে ছটিমাত্র লক্ষ্য ছিল—
আমার লী এবং আমার ব্যবসায়। পূর্বে একাল্লবর্জী পরিবারের মধ্যে ছিলাম, সেধানে
আমার লীর প্রতি সমানরের অভাব হওয়াতেই আমি দাদার সক্ষে ঝগড়া করিয়া
বাহির হইয়া আসি। দাদাই উপার্জন করিয়া আমাকে পালন করিতেছিলেন, অভএব
সহসা সত্রীক ভাঁহার আশ্রয় ত্যাগ করিয়া আসা আমার পক্ষে ছংসাহসের কাজ
হইয়াছিল।

কিন্ত কথনো নিজের উপরে আমার বিশ্বাসের ক্রাট ছিল না। আমি নিশ্চয় জানিতাম, হৃদরী ব্রীকে ষেমন বল করিয়াছি বিম্থ অদৃষ্টলন্দ্রীকেও তেমনি বল করিতে পারিব। মহিমচন্দ্র এ সংসাবে পশ্চাতে পড়িয়া থাকিবে না।

প্লিসবিভাগে সামান্তভাবে প্রবেশ করিলাম, অবশেষে ডিটেকটিভ-পদে উত্তীর্ণ হইতে অধিক বিলম্ব হইল না।

উচ্ছল শিখা হইতেও ষেমন কঞ্চলপাত হয় তেমনি আমার বীর প্রেম হইতেও দ্বা এবং সন্দেহের কালিমা বাহির হইত। সেটাতে আমার কিছু কাজের ব্যাঘাত করিত; কারণ প্লিসের কর্মে স্থানাস্থান কালাকাল বিচার করিলে চলে না, বরঞ্চ সানের অপেক্ষা অস্থান এবং কালের অপেক্ষা অকালটারই চর্চা অধিক করিয়া করিতে হয়— তাহাতে করিয়া আমার বীর স্বভাবদিদ্ধ সন্দেহ আরো যেন ছনিবার হইয়া উঠিত। সে আমাকে ভয় দেখাইবার জন্ম বলিত, "তুমি এমন যখন-তখন যেখানে-সেখানে যাপন কর, কালেভন্মে আমার সন্দে দেখা হয়, আমার জন্ম তোমার আলহা হয় না?" আমি তাহাকে বলিতাম, "সন্দেহ করা আমানের ব্যবসায়, সেই কারণে ঘরের মধ্যে সেটাকে আর আনি না।"

ত্রী বলিত, "সম্পেহ করা আমার ব্যবসায় নহে, উহা আমার স্বভাব, আমাকে তুমি লেশমাত্র সন্দেহের কারণ দিলে আমি সম করিতে পারি।"

ভিটেকটিভ লাইনে আমি সকলের সেরা হইব, একটা নাম রাখিব, এ প্রতিজ্ঞা আমার দৃঢ় ছিল। এ সম্বন্ধে ষতকিছু বিবরণ এবং গল্প আছে তাহার কোনোটাই পড়িতে বাকি রাখি নাই। কিন্তু পড়িয়া কেবল মনের অসম্ভোষ এবং অধীরতা বাড়িতে লাগিল।

कांत्रण, व्यामारमत्र म्हण्यत्र व्यवत्राधीश्वमा श्रीक निर्दिश, व्यवत्राधश्वमा निर्वीत এवः

সরল, তাহার মধ্যে ত্রহতা ত্র্গমতা কৈছুই নাই। আমাদের দেশের খুনী নররক্তপাতের
উৎকট উত্তেজনা কোনোমতেই নিজের মধ্যে সংবরণ করিতে পারে না। জালিয়াত
বে-জাল বিস্তার করে তাহাতে অনভিবিলমে নিজেই আপাদমন্তক জড়াইয়া পড়ে,
অপরাধব্যহ হইতে নির্গমনের কৃটকৌশল সে কিছুই জানে না। এমন নিজীব দেশে
ডিটেকটিভের কাজে স্থও নাই, গৌরবও নাই।

বড়োবাজারের মাড়োয়ারি জ্য়াচোরকে অনায়াসে গ্রেপ্তার করিয়া কতবার মনে মনে বলিয়াছি, 'ওরে অপরাধীকুলকলঙ্ক, পরের সর্বনাশ করা গুণী ওন্তাদলোকের কর্ম; তোর মতো আনাড়ি নির্বোধের সাধুতপন্ধী হওয়া উচিত ছিল।' খুনীকে ধরিয়া তাহার প্রতি ন্থাত উক্তি করিয়াছি, 'গবর্মেন্টের সম্মত ফাঁসিকার্চ কি তোদের মতো গৌরববিহীন প্রাণীদের জন্ম হইয়াছিল— তোদের না আছে উদার কল্পনাশক্তি, না আছে কঠোর আত্মসংষম, তোরা বেটারা খুনী হইবার স্পর্ধা করিস!'

আমি কল্পনাচক্ষে ষধন লগুন এবং প্যারিসের জনাকীর্ণ পথের তুই পার্থে শীন্তবাষ্পাকৃল অল্পভেদী হর্মাশ্রেণী দেখিতে পাইতাম তথন আমার শরীর রোমাঞ্চিত হইয়া
উঠিত। মনে মনে ভাবিতাম, 'এই হর্মারাজি এবং পথ-উপপথের মধ্য দিয়া যেমন
জনস্রোত কর্মস্রোত উৎসবস্রোত সৌন্দর্যস্রোত অহরহ বহিয়া যাইতেছে, তেমনি
সর্বএই একটা হিংপ্রকৃটিল কৃষ্ণকৃঞ্চিত ভয়ংকর অপরাধপ্রবাহ তলে তলে আপনার পথ
করিয়া চলিয়াছে, তাহারই সামীপ্যে মুরোপীয় সামাজিকতার হাস্তকৌতুক শিষ্টাচার
এমন বিরাটভীষণ রম্পীয়তা লাভ করিয়াছে। আর, আমাদের কলিকাতার পথপার্শ্বের
মৃক্তবাতায়ন গৃহশ্রেণীর মধ্যে রায়াবাটনা, গৃহকার্য, পরীক্ষার পাঠ, তাসদাবার বৈঠক,
দাম্পত্য কলহ, বড়োজোর লাত্বিচ্ছেদ এবং মকদ্দমার পরামর্শ ছাড়া বিশেষ
কিছু নাই— কোনো-একটা বাড়ির দিকে চাহিয়া কখনো এ কথা মনে হয় না য়ে,
হয়তো এই মৃহতেই এই গৃহের কোনো-একটা কোনে শয়তান মৃথ শুঁজিয়া বসিয়া
আপনার কালো কালো ভিমশুলিতে তা দিতেছে।

আমি অনেক সময়ই রাস্তায় বাহির হইয়া পথিকদের মৃথ এবং চলনের ভাব পর্যবেক্ষণ করিতাম; ভাবে ভঙ্গিতে যাহাদিগকে কিছুমাত্র সন্দেহজনক বোধ হইয়াছে আমি অনেক সময়ই গোপনে তাহাদের অহুসরণ করিয়াছি, তাহাদের নামধাম ইতিহাস অহুসন্ধান করিয়াছি, অবশেষে পরম নৈরাঞ্জের সহিত আবিদ্ধার করিয়াছি— তাহারা নিদ্ধার ভালোমাহুষ, এমন-কি তাহাদের আত্মীয়-বাদ্ধবেরাও তাদের সহদ্ধে আড়ালে কোনোপ্রকার গুরুতর মিথা। অপবাদও প্রচার করে না। পথিকদের মধ্যে সবচেয়ে বাহাকে পাষ্ও বলিয়া মনে হইয়াছে, এমন-কি বাহাকে দেখিয়া নিশ্চর মনে করিয়াছি

ষে, এইমাত্র সে কোনো একটা উৎকট হুবার্ধ সাধন করিব্বা আসিরাছে, সন্ধান করিব্বা আনিরাছি— সে একটি ছাত্রবৃত্তি ছুলের বিতীয় পণ্ডিত, তথনই অধ্যাপনকার্থ স্বাধা করিবা বাড়ি ফিরিবা আসিতেছে। এইসকল লোকেরাই অন্ত-কোনো দেশে অন্তগ্রহণ করিলে বিখ্যাত চোরভাকাত হইবা উঠিতে পারিত, কেবলমাত্র যথোচিত জীবনীশক্তি এবং যথেষ্ট পরিমাণ পৌক্ষবের অভাবেই আমাদের দেশে ইহারা কেবল পণ্ডিতি করিবা বৃদ্ধবিশ্বসে পেন্দন লইবা মরে; বহু চেষ্টা ও সন্ধানের পর এই বিতীয় পণ্ডিতটার নিরীহতার প্রতি আমার বেরপ স্থাতীর অপ্রতা অরিবাছিল কোনো অভিক্ত ঘটবাটি-চোরের প্রতি তেমন হর নাই।

অবশেষে একদিন সন্ধাবেলার আমাদেরই বাসার অনতিদ্বে একটি গ্যাসপোঠের নীচে একটা মাহ্রষ দেখিলাম, বিনা আবশুকে সে উৎস্কভাবে একই স্থানে ঘ্রিতেছে ফিরিতেছে। তাহাকে দেখিরা আমার সন্দেহমাত্র রহিল না যে, সে একটি-কোনো গোপন ত্রভিসন্ধির পশ্চাতে নিযুক্ত রহিরাছে। নিজে অন্ধকারে প্রচ্ছর থাকিরা তাহার চেহারাখানা বেল ভালো করিরা দেখিরা লইলাম— তরুল বরস, দেখিতে স্থা ; আমি মনে মনে কহিলাম, তৃষ্ঠ করিবার এই ভো ঠিক উপযুক্ত চেহারা ; নিজের মুখল্রীই যাহাদের সর্বপ্রধান বিশ্বন্ধ সাক্ষী তাহারা বেন সর্বপ্রকার অপরাধের কান্ধ স্ব-প্রথম্বে পরিহার করে , সৎকার্য করিয়া তাহারা নিক্ষল হইতে পারে, কিন্তু তৃষ্ঠ্য ঘারা সফলতালাভও তাহাদের পক্ষে ত্রালা। দেখিলাম, এই ছোকরাটির চেহারাটাই ইহার সর্বপ্রধান বাহাত্রি ; সে জন্ম আমি মনে মনে অনেকক্ষণ ধরিয়া তাহার তারিফ করিলাম ; বলিলাম, 'ভগবান তোমাকে যে ত্র্লভ স্বরিধাটি দ্বিয়াছেন সেটাকে রীতিমত কান্ধে খাটাইতে পার, ভবে তো বলি সাবাস্।'

আমি অন্ধলার হইতে তাহার সমুখে আসিয়াই পৃঠে চপেটাঘাতপূর্বক বলিলাম, "এই যে, ভালো আছেন তো।" সে তৎক্ষণাৎ প্রবলমাত্রার চমকিয়া উঠিয়া একেবারে ফ্যাকান্দে হইয়া উঠিল। আমি কহিলাম, মাপ করিবেন, ভূল হইয়াছে, হঠাৎ আপনাকে অন্ত লোক ঠাওরাইয়াছিলাম।" মনে মনে কহিলাম 'কিছুমাত্র ভূল করি নাই, যাহা ঠাওরাইয়াছিলাম তাই বটে।' কিন্তু এভটা অধিক চমকিয়া ওঠা তাহার পক্ষে অন্থপযুক্ত হইয়াছিল, ইহাতে আমি কিছু ক্ষ হইলাম। নিজের শরীরের প্রতি তাহার আরো অধিক দখল থাকা উচিত ছিল, কিন্তু শ্রেষ্ঠতার সম্পূর্ণ আদর্শ অপরাধী শ্রেণীর মুধ্যেও বিরল। চোরকেও সেরা চোর করিয়া ভূলিতে প্রকৃতি ক্বপণতা করিয়া থাকে।

व्यक्षत्रात्म व्यामिश्रा त्मिनाम, त्म व्यक्षणात्य भागरभाग्ये ছाजिश्रा विनश्रा भिना

পিছনে পিছনে গেলাম; দেখিলাম, ছোকরাটি গোলদিঘির মধ্যে প্রবেশ করিয়া পুছরিণীতীরে তৃণশব্যার উপর চিত হইয়া শুইয়া পড়িল; আমি ভাবিলাম, উপারচিন্তার এ একটা স্থান বটে, গ্যাসপোন্টের তলদেশ অপেকা অনেকাংশে ভালো—লোকে যদি কিছু সন্দেহ করে তো বড়োজোর এই ভাবিতে পারে যে, ছোকরাটি অন্ধলার আকাশে প্রেরসীর মুখচন্দ্র অন্ধিত করিয়া ক্লফপক্ষ রাত্রির অভাব প্রণ করিতেছে। ছেলেটির প্রতি উত্তরোভর আমার চিত্ত আক্লষ্ট হইডে লাগিল।

অমুসদ্ধান করিয়া তাছার বাসা জানিলাম। মন্মথ তাছার নাম, সে কলেজের ছাত্র, পরীক্ষা ফেল্ করিয়া গ্রীমাবকালে ঘ্রিয়া ঘ্রিয়া বেড়াইতেছে, তাহার বাসার সহবাসী ছাত্রগণ সকলেই আপন আপন বাড়ি চলিয়া গেছে। দীর্ঘ অবকাশকালে সকল ছাত্রই বাসা ছাড়িয়া পালায়, এই লোকটিকে কোন্ ছুইগ্রহ ছুটি দিতেছে না সেটা বাহির করিতে কুতসংকল্ল হইলাম।

আমিও ছাত্র সাজিয়া তাহার বাসার এক অংশ গ্রহণ করিলাম। প্রথম দিন যখন সে আমাকে দেখিল কেমন একরকম করিয়া সে আমার মুখের দিকে চাহিল, ভাহার ভাবটা ভালো ব্ঝিলাম না। যেন সে বিস্মিত, যেন সে আমার অভিপ্রায় ব্ঝিতে পারিয়াছে, এমনি একটা ভাব। ব্ঝিলাম, শিকারীর উপযুক্ত শিকার বটে, ইহাকে সোজাভাবে ফস্ করিয়া কায়দা করা যাইবে না।

অধচ যথন তাহার সহিত প্রণয়বন্ধনের চেষ্টা করিলাম তথন দে ধরা দিতে কিছুমাত্র বিধা করিল না। কিন্তু মনে হইল, সেও আমাকে স্থতীক্ষ দৃষ্টিতে দেখে, সেও আমাকে চিনিতে চায়। ময়য়চ্বিতের প্রতি এইরপ সদাসতর্ক সঞ্জাগ কৌতৃহল, ইহা ওন্তাদের লক্ষণ। এত অল্প বন্ধসে এতটা চাতুরী দেবিয়া বড়ো খুশি হইলাম।

মনে ভাবিলাম, মাঝধানে একজন রমণী না আনিলে এই অসাধারণ অকালধৃর্ড ছেলেটির হানম্বার উদ্যাটন করা সহজ হইবে না।

একদিন গদ্গদকণ্ঠে মন্মথকে বলিলাম, "ভাই, একটি ত্রীলোককে আমি ভালোবাসি, কিন্তু সে আমাকে ভালোবাসে না।"

প্রথমটা সে যেন কিছু চকিতভাবে আমার মুখের দিকে চাহিল, তাহার পর ঈষৎ হাসিরা কহিল, "এরপ দুর্যোগ বিরল নহে। এইপ্রকার মঞ্জা করিবার জন্মই কৌতৃষ্পর বিধাতা নরনারীর প্রভেদ করিয়াছেন।"

व्यापि किश्लाम, "তোমার পরামর্শ ও गাহাষা চাহি।" সে সম্মত হইল।

আমি বানাইয়া বানাইয়া অনেক ইতিহাস কহিলাম; সে সাগ্রহে কৌত্হলে সমস্ত কথা শুনিল, কিন্তু অধিক কথা কহিল না। আমার ধারণা ছিল, ভালোবাসার, বিশেষত গর্হিত ভালোবাসার, ব্যাপার প্রকাশ করিরা বলিলে মাহষের মধ্যে অন্ত-রক্ষতা ক্রত বাড়িরা উঠে; কিন্তু বর্তমান ক্ষেত্রে ভাহার কোনো লক্ষণ দেখা গেল না, ছোকরাট প্রাপেক্ষা যেন চুপ মারিরা গেল, অথচ সকল কথা মনে গাঁথিরা লইল। ছেলেটির প্রতি আমার ভক্তির সীমা রহিল না।

এ দিকে মন্মথ প্রভাছ গোপনে দার রোধ করিয়া কী করে, এবং তার গোপন অভিসদ্ধি কিন্ধপে কভদ্র অগ্রদর হইভেছে আমি তাহার ঠিকানা করিতে পারিলাম না, অথচ অগ্রসর হইতেছিল তাহার সন্দেহ নাই। কী একটা নিগৃঢ় ব্যাপারে সে ব্যাপৃত আছে এবং সম্প্রতি সেটা অত্যম্ভ পরিপক হই শাছে, তাহা এই নব্যুবকটির মুখ দেখিবামাত্র বুঝা যাইত। আমি গোপন চাবিতে তাহার ভেস্ক খুলিয়া দেখিয়াছি, ভাহাতে একটা অভান্ত চুৰ্বোধ কবিভার খাতা, কলেজের বক্তৃতার নোট এবং বাড়ির লোকের গোটাকতক অকিঞ্চিৎকর চিঠি ছাড়া আর কিছুই পাওয়া যায় নাই। কেবল বাড়ির চিঠি হইতে এই প্রমাণ হইয়াছে বে, বাড়ি ফিরিবার জ্ঞা আত্মীয়ম্বজন বারম্বার প্রবল অমুরোধ করিয়াছে; তথাপি, তৎসত্তেও বাড়ি না ষাইবার একটা সংগত কারণ অবশ্য আছে; সেটা যদি ফ্রায়সঙ্গত হইত তবে নিশ্চয় কথায় কথায় এতদিনে ফ্রাস ্হইত, কিন্তু তাহার সম্পূর্ণ বিপরীত হইবার সম্ভাবনা থাকাতেই এই ছোকরাটির গতিবিধি এবং ইতিহাস আমার কাছে এমন নিরতিশয় ঔৎস্কাজনক ইইয়াছে— ষে অসামাজিক মহয়সম্প্রদায় পাতালতলে সম্পূর্ণ আত্মগোপন করিয়া এই বৃহৎ মহয়-नमाज्ञ नर्वनारे नौरुत्र निक रहेए जानायमान कतिया याथियाह, এर वानकि जिरे বিশ্ব্যাপী বহুপুরাতন বৃহৎজাতির একটি অন্ধ, এ সামান্ত একজন স্থলের ছাত্র নহে; व जन्दक्विशदिनी नर्वनामिनीय वक्षि क्षमप्रमहत्यः, व्याधुनिककारमय हम्मानया নিরীহ বাঙালী ছাত্রের বেশে কলেজের পাঠ অধ্যয়ন করিতেছে, নুমুগুধারী কাপালিক বেশে ইহার ভৈরবতা আমার নিকট আরো ভৈরবতর হইত না; আমি ইহাকে ভক্তি করি।

অবশেষে সদারীরে রমণীর অবতারণা করিতে হইল। পুলিসের বেতনডোগী হরিমতি আমার সহায় হইল। মন্মথকে জানাইলাম, আমি এই হরিমতির হতভাগ্য প্রণায়াকাক্ষী, ইহাকে লক্ষ্য করিয়াই আমি কিছুদিন গোলদিঘির ধারে মন্মথের পার্যার হইরা 'আবার গগনে কেন স্থাংগু-উদয় রে' কবিভাটি বার্যার আবৃত্তি করিলাম; এবং হরিমতিও কডকটা অস্তরের সহিত, কডকটা লীলাসহকারে জানাইল ষে, তাহার চিত্ত লে মন্মথকে সমর্পণ করিয়াছে। কিন্তু আশাহ্মরপ ফল হইল না, মন্মথ স্থার নির্লিপ্ত অবিচলিত কৌতুহলের সহিত সম্প্ত পর্যবেক্ষণ করিতে লাগিল। এমন সময় একদিন মধাাকে তাহার ঘরের মেজেতে একখানি চিঠির গুটিকতক ছিলাংশ কুড়াইরা পাইলাম। জোড়া দিরা দিরা এই অসম্পূর্ণ বাকাটুকু আদার করিলাম, "আজ সন্ধা সাতটার সময় গোপনে ভোমার বাসার"— অনেক থুজিরা আর কিছু বাহির করিতে পারিলাম না।

আমার অন্ত:করণ পুলকিত হইয়া উঠিল; মাটির মধ্য হইতে কোনো বিল্পবংশ প্রাচীন প্রাণীর একখণ্ড হাড় পাইলে প্রত্নজীবতত্ত্বিদের কল্পনা যেমন মহানন্দে সজাগ হইয়া উঠে আমারও সেই অবস্থা হইল।

আমি জানিতাম, আজ রাত্রি দশ্টার সময় আমাদের বাসায় হরিমতির আবির্ভাব হইবার রুপা আছে, ইতিমধ্যে সন্ধ্যা সাতটার সময় ব্যাপারধানা কী। ছেলেটির যেমন সাহস তেমনি তীক্ষ বৃদ্ধি। যদি কোনো গোপন অপরাধের কাজ করিতে হয় তবে ঘরে যেদিন কোনো একটা বিশেষ হালামা সেই দিন অবকাশ বৃঝিরা করা ভালো। প্রথমত প্রধান ব্যাপারের দিকে সকলের দৃষ্টি আক্রন্থ থাকে, দ্বিতীয়ত যেদিন যেখানে কোনো বিশেষ সমাগম আছে সেদিন সেখানে কেই ইচ্ছাপূর্বক কোনো গোপন ব্যাপারের অষ্ঠান করিবে ইহা কেই সম্ভব মনে করে না।

হঠাৎ আমার সন্দেহ হইল বে, আমার সহিত এই নৃতন বন্ধুত্ব এবং হরিমতির সহিত এই প্রেমাভিনর, ইহাকেও মন্মথ আপন কার্যসিদ্ধির উপার করিয়া লইয়াছে; এইজন্তই সে আপনাকে ধরাও দেয় না, আপনাকে ছাড়াইয়াও লয় না। আমরা তাহাকে তাহার গোপন কার্য হইতে আড়াল করিয়া রাথিয়াছি; সকলেই মনে করিতেছে বে, সে আমাদিগকে লইয়াই ব্যাপৃত রহিয়াছে— সেও সে শ্রম দ্র করিতে চার না।

তর্কগুলা একবার ভাবিয়া দেখো। যে বিদেশী ছাত্র ছুটির সময় আত্মীয়য়য়নের অম্নয়বিনয় উপেক্ষা করিয়া শৃত্য বাসায় একলা পড়িয়া থাকে, নির্ধ্বন স্থানে ভাহার বিশেষ প্রয়োজন আছে এ-বিষয়ে কাহারো সংশয় থাকিতে পারে না, অথচ আমি ভাহার বাসায় আসিয়া ভাহার নির্ধানতা ভক করিয়াছি; এবং একটা রমণীয় অবভারণা করিয়া নৃতন উপত্রব স্ফল করিয়াছি; কিন্ত ইহা সম্বেও সে বিরক্ত হয় না, বাসা ছাড়ে না, আমাদের সক্ত হইতে দ্রে থাকে না— অথচ হরিমতি অথবা আমার প্রতি ভাহার ভিলমাত্র আসক্তি জয়ে নাই ইহা নিক্তয় সভা, এমন-কি ভাহায় অসভর্ক অবয়ায় বারয়ায় লক্ষা করিয়া দেবিয়াছি, আমাদের উভয়ের প্রতি ভাহার একটা আন্তরিক ম্বণা ক্রমেই যেন প্রবল হইয়া উঠিভেছে।

ইহার একমাত্র তাৎপর্ব এই যে, সজনতার সাফাইটুকু রক্ষা করিয়া নির্জনতার

স্থবিধাটুত্ব ভোগ করিতে হইলে আমার মভো নবপরিচিত লোককে নিকটে রাখা সর্বাপেক্ষা সন্থপার; এবং কোনো বিষয়ে একান্তমনে লিপ্ত হওয়ার পক্ষে রমণীর মভো এমন সহজ ছুতা আর কিছু নাই। ইভিপূর্বে মন্মথর আচরণ যেরপ নির্ব্বক এবং সন্দেহজনক ছিল, আমাদের আগমনের পর তাহা সম্পূর্ব লোপ হইল। কিন্তু এতটা দ্রের কথা মৃহর্ভের মধ্যে বিচার করিয়া দেখিতে পারে, এতবড়ো মতলবী লোক বে আমাদের বাংলাদেশে জন্মগ্রহণ করিতে পারে ইহা চিস্তা করিয়া আমার হলর উৎসাহে পূর্ব হইয়া উঠিল— মন্মথ কিছু যদি মনে না করিত, ভবে আমি বোধ হয় তাহাকে ছই হাতে বক্ষে চাপিয়া ধরিতে পারিতাম।

সেদিন মন্নথের সঙ্গে দেখা হইবামাত্র ভাহাকে বলিলাম, "আজ ভোমাকে সন্ধান সাভটার সমন্ন হোটেলে থাওয়াইব সংকল্প করিয়াছি।" শুনিরা সে একটু চমকিয়া উঠিল, পরে আত্মসম্বরণ করিয়া কহিল, "ভাই, মাপ করো, আমার পাকষ্মের অবস্থা আজ বড়ো পোচনীয়।" হোটেলের খানায় মন্নথর কখনো কোনো কারণে অনভিক্ষচি দেখি নাই, আজ ভাহার অস্তরিজ্ঞিয় নিশ্চম্বই নিভাস্কই ত্রুহ অবস্থায় উপনীত হইয়াছে।

সেদিন সন্ধার পূর্বভাগে আমার বাসায় থাকিবার কথা ছিল না। কিন্তু আমি সেদিন গায়ে পড়িয়া নানা কথা পাড়িয়া বৈকালের দিকে কিছুতেই আর উঠিবার গা করিলাম না। মন্মথ মনে মনে অন্থির হইয়া উঠিতে লাগিল, আমার সকল মতের সঙ্গেই সে সম্পূর্ণ সন্মতি প্রকাশ করিল, কোনো তর্কের কিছুমাত্র প্রতিবাদ করিল না। অবশেষে ঘড়ির দিকে দৃষ্টিপতি করিয়া ব্যাকুলচিন্তে উঠিয়া দাঁড়াইয়া কহিল, "হরিমতিকে আন্ধ আনিতে বাইবে না?" আমি সচকিত ভাবে কহিলাম, "হা হা, সে কথা ভূলিয়া গিয়াছিলাম। তুমি, ভাই, আহারাদি প্রস্তুত করিয়া রাখো, আমি ঠিক সাড়ে দশটা রাত্রে তাহাকে এখানে আনিয়া উপস্থিত করিষ।" এই বলিয়া চলিয়া গেলাম।

আনন্দের নেশা আমার সর্বশরীরের রক্তের মধ্যে সঞ্চরণ করিতে লাগিল। সন্ধান তাত ঘটকার প্রতি মন্মধের বেপ্রকার উৎস্ক্তা দেখিলাম আমার উৎস্কার তমপেকা আরু ছিল না; আমি আমাদের বাসার অনতিদ্বে প্রচ্ছর থাকিরা প্রেরসীসমাগমোৎ-ক্তিত প্রণরীর স্থায় মৃত্মূত্র ঘড়ি দেখিতে লাগিলাম। গোধূলির অন্ধনার ঘনীভূত হইয়া যখন রাজপথে গ্যাস জালিবার সমন্ন হইল এমন সমন্ন একটি রুদ্ধরার পাল্কি আমাদের বাসার মধ্যে প্রবেশ করিল। ওই আক্তর পাল্কিটির মধ্যে একটি অঞ্চসিক্ত অয়ঞ্জিত পাপ, একটি মৃতিমতী ট্যাজেডি কলেজের ছাত্রনিবাসের মধ্যে গুটকতক

উড়ে বেহারার স্বন্ধে চাপিয়া সমৃচ্চ হাঁই-হাঁই শব্দে অত্যন্ত অনারাসে সহজ্ঞাবে প্রবেশ করিতেছে কল্পনা করিয়া আমার সর্বশরীরে অপূর্ব পুলকসঞ্চার হইল।

আমি আর অধিক বিশ্ব করিতে পারিলাম না। অনতিকাল পরে ধীরে ধীরে দিঁ ড়ি বাহিয়া দোতলার উঠিলাম। ইচ্ছা ছিল গোপনে লুকাইয়া দেখিয়া শুনিয়া লইব, কিন্তু তাহা ঘটিল না; কারণ, দিঁ ড়ির দায়খবতাঁ ঘরেই দিঁ ড়ির দিকে মুখ করিয়া ময়ধ বিদয়াছিল, এবং গৃহের অপর প্রান্তে বিপরীতম্থে একটি অবগুরিতা নারী বিদয়া মৃত্বেরে কথা কহিতেছিল। যথন দেখিলাম ময়থ আমাকে দেখিতে পাইয়াছে, তথন ক্রত ঘরের মধ্যে প্রবেশ করিয়াই বিললাম, "ভাই, আমার ঘড়িটা ঘরে ফেলিয়া আদিয়াছি, তাই লইতে আদিলাম।" ময়ধ এমনি অভিভৃত হইয়া পড়িল যে, বোধ হইল যেন তথনই দে মাটিতে পড়িয়া যাইবে। আমি কৌতুক এবং আনন্দে নিরতিশয় ব্যগ্র হইয়া উঠিলাম; বিললাম, "ভাই, তোমার অয়থ করিয়াছে না কি।" সে কোনো উত্তর দিতে পারিল না। তথন সেই কার্চপ্রেলিকাবং আড়েই অবশুরিত নারীর দিকে ফিরিয়া জিজ্ঞালা করিলাম, "আপনি ময়ধর কে হন।" কোনো উত্তর পাইলাম না, কিন্তু দেখিলাম তিনি ময়ধর কেহই হন না, আমারই বী হন! তাহার পর কী হইল সকলে জানেন।

এই আমার ডিটেকটিভ-পদের প্রথম চোর ধরা।

আমি কিরৎক্ষণ পরে ডিটেকটিভ মহিমচক্রকে কহিলাম, "মন্মথর সহিত তোমার প্রীর সমন্ধ সমাজবিক্ষ না হইতেও পারে।"

মহিম কহিল, "না হইবারই সম্ভব। আমার ত্রীর বাক্স হইতে মন্মথর এই চিঠিখানি পাওয়া গেছে।" বলিয়া একখানি চিঠি আমার হাতে দিল; সেখানি নিয়ে প্রকাশিত হইল—

স্ক্চরিতাম,

হতভাগ্য মন্মধের কথা তুমি বোধ করি এতদিনে তুলিরা গিরাছ। বাল্যকালে বধন কাজিবাড়ির মাতৃলালয়ে বাইতাম, তখন সর্বন্ধই সেধান হইতে ভোমাদের বাড়ি গিরা ভোমার সহিত অনেক খেলা করিরাছি। আমাদের সে খেলাবর এবং সে খেলার সম্পর্ক ভাঙিরা গেছে। তুমি জান কি না বলিতে পারি না, একসমর ধৈর্বের বাঁধ ভাঙিরা এবং লজার মাথা খাইরা ভোমার সহিত আমার বিবাহের সম্বন্ধ-চেষ্টাও করিরাছিলাম, কিন্তু আমাদের বন্ধস প্রায় এক বলিরা উভর পক্ষেরই কর্তারা কোনোক্রমে রাজি হইলেন না।

তাহার পর তোমার বিবাহ হইয়া গেলে চার-পাঁচ বংসর তোমার আর কোনো

সন্ধান পাই নাই। আজ পাঁচ মাস হইল ভোমার স্থামী কলিকাভার পুলিসের কর্ম লইয়া শহরে বদলি হইয়াছেন, ধবর পাইয়া আমি ভোমাদের বাসা সন্ধান করিয়া বাহির করিয়াছি।

তোমার সহিত সাক্ষাতের ত্বাপা আমার নাই এবং অন্তর্গামী আনেন, তোমার গার্হস্থাস্থপের মধ্যে উপদ্রবের মতো প্রবেশলাভ করিবার ত্রভিসন্ধিও আমি রাখি না। সন্ধার সময় ডোমাদের বাসার সম্থবর্তী একটি গ্যাসপোস্টের তলে আমি স্থোপাসকের ক্সায় দীড়াইয়া থাকি, তুমি ঠিক সাড়ে-সাতটার সময় একটি প্রজ্ঞলিত কেরোসিন ল্যাম্প লইয়া প্রত্যহ নিয়মিত ভোমাদের দোভলার দক্ষিণ দিকের ঘরের কাঁচের জানলাটির সম্থে স্থাপন কর; সেইসময় মৃহর্তকালের জন্ত ভোমার দীপালোকিত প্রতিমাধানি আমার দৃষ্টিপথে উদ্থাসিত হইয়া উঠে, ভোমার সম্ব্রে আমার এই একটিমাত্র অপরাধ।

ইতিমধ্যে ঘটনাক্রমে তোমার স্বামীর সহিত আমার আলাপ এবং ক্রমে ঘনিষ্ঠতাও হইয়াছে। তাঁহার চরিত্র যেরপ দেখিলাম তাহাতে ব্ঝিতে বাকি নাই যে, তোমার জীবন স্থের নহে। তোমার প্রতি আমার কোনোপ্রকার সামাজিক অধিকার নাই, কিন্তু যে বিধাতা তোমার হংথকে আমার হংখে পরিণত করিয়াছেন তিনিই সে হংখ-মোচনের চেষ্টাভার আমার উপরেই স্থাপন করিয়াছেন।

অতএব আমার স্পর্গ মাপ করিয়া শুক্রবার সন্ধাবেলার ঠিক সাতটার সময় গোপনে পালকি করিয়া একবার বিশ মিনিটের জ্বন্ত আমার বাসায় আসিলে আমি তোমাকে তোমার স্বামী সম্বন্ধে কতকগুলি গোপন কথা বলিতে চাহি, যদি বিশ্বাস না কর এবং যদি সহু করিতে পার তবে তৎসম্বন্ধে প্রমাণও দেখাইতে পারি, এবং সেই সঙ্গে কতকগুলি পরামর্শ দিতেও ইচ্ছা করি; আমি ভগবানকে অস্করে রাখিয়া আশা করিতেছি, সেই পরামর্শমতে চলিলে তুমি একদিন স্থা হইতে পারিবে।

আমার উদ্বেশ্য সম্পূর্ণ নিংশার্থ নহে। ক্ষণকালের জন্ত তোমাকে সমুখে দেখিব, তোমার কথা শুনিব এবং তোমার চরণতলম্পর্শে আমার গৃহখানিকে চিরকালের জন্ত স্থান্থমিতিত করিয়া তুলিব, এ আকাজ্জাও আমার অন্তরে আছে। যদি আমাকে বিশাস না কর এবং যদি এ স্থুখ হইতেও আমাকে বঞ্চিত করিতে চাও, তবে দে কথা আমাকে লিখিলো, আমি তত্ত্তরে পত্রযোগেই সকল কথা আনাইব। যদি চিঠি লিখিবার বিশাসও না থাকে তবে আমার এই পত্রখানি তোমার স্থামীকে দেখাইশ্রো, তাহার পরে আমার যাহা বক্তব্য তাহা তাঁহাকেই বলিব।

নিতাগুভাকাজী শ্রীমন্মধনাথ মজুমদার

অধ্যাপক

প্রথম পরিচেদ

কলেজে আমার সহপাঠীসপ্রাদারের মধ্যে আমার একটু বিশেষ প্রতিপত্তি ছিল। সকলেই আমাকে সকল বিষয়েই সমজদার বলিয়া মনে করিত।

ইহার প্রধান কারণ, ভূল ছউক আর ঠিক হউক, সকল বিষয়েই আমার একটা মতামত ছিল। অধিকাংশ লোকেই হাঁ এবং না জোর করিয়া বলিতে পারে না, আমি সেটা খুব বলিতাম।

কেবল যে আমি মতামত লইয়া ছিলাম তাহা নহে, নিজেও রচনা করিতাম; বক্তৃতা দিতাম, কবিতা লিখিতাম, সমালোচনা করিতাম, এবং সর্বপ্রকারেই আমার সহপাঠীদের ইবা ও প্রদার পাত্র হইয়াছিলাম।

কালেজে এইরপে শেষপর্যন্ত আপন মহিমা মহীয়ান রাখিয়া বাহির হইয়া আলিতে পারিতাম। কিন্তু ইতিমধ্যে আমার খ্যাতিস্থানের শনি এক নৃতন অধ্যাপকের মৃতি ধারণ করিয়া কালেজে উদিত হইল।

আমাদের তথনকার সেই নবীন অধ্যাপকটি আঞ্চলাকার একজন স্বিধ্যাত লোক, অতএব আমার এই জীবনরভাস্তে তাঁহার নাম গোপন করিলেও তাঁহার উজ্জ্বন নামের বিশেষ ক্ষতি হইবে না। আমার প্রতি তাঁহার আচরণ লক্ষ-করিয়া বর্তমান ইতিহাসে তাঁহাকে বামাচরণবার বলিয়া ভাকা যাইবে।

ইহার বয়স যে আমাদের অপেক্ষা অধিক ছিল তাহা নহে; অল্পদিন হইল এম. এ পরীক্ষায় প্রথম হইয়া টনি সাহেবের বিশেষ প্রশংসালাভ করিয়া বাহির হইয়া আসিয়াছেন, কিন্তু লোকটি ব্রাহ্ম বলিয়া কেমন তাঁহাকে অত্যন্ত স্থাম এবং স্বতম্ব মনে হইত, আমাদের সমকালীন সমবয়য় বলিয়া বোধ হইত না। আময়া নবাহিন্দ্র দল পরস্পারের মধ্যে তাঁহাকে ব্রহ্মদৈত্য বলিয়া ভাকিতাম।

আমাদের একটি তর্কগভা ছিল। আমি সে সভার বিক্রমাদিতা এবং আমিই সে-সভার নবরত্ব ছিলাম। আমরা ছত্তিশব্দন সভা ছিলাম, তন্মধ্যে পর্যত্তিশ জনকে গণনা হইতে বাদ দিলে কোনো ক্ষতি হইত না এবং অবশিষ্ট একজনের যোগাড়া সম্বন্ধে আমার যেরপ ধারণা উক্ত পর্যত্তিশ জনেরও সেইস্কপ ধারণা ছিল।

এই সভার বার্ষিক অধিবেশন উপলক্ষে আমি কার্লাইলের সমালোচনা করিরা এক ওজনী প্রবন্ধ রচনা করিয়াছিলাম। মনে দৃদ বিশ্বাস ছিল, ভাহার অসাধারণত্তে त्थां जो नार्ष्य हिन्द क्रिक्ट क्रिक क्रिक्ट क्रिक्ट क्रिक्ट क्रिक क्रिक क्रिक्ट क्रिक्ट क्रिक क्

সে অধিবেশনে সভাপতি ছিলেন বামাচরণবার্। প্রবন্ধপাঠ শেষ হইলে আমার সহাধাারী ভক্তগণ আমার মতের অসমসাহসিকতা ও ইংরাজিভাষার বিশ্বদ্ধ তেজজিতার বিম্ব্ব ও নিরুত্তর হইরা বসিরা রহিল। কাহারো কিছু বক্তব্য নাই গুনিরা বামাচরণবার্ উঠিরা শাস্তগন্তীর শ্বরে সংক্ষেপে ব্যাইরা দিলেন যে, আমেরিকার স্থলেধক স্থবিধ্যাত লাউয়েল সাহেবের প্রবন্ধ হইতে আমার প্রবন্ধটির যে-অংশ চুরি সে-অংশ অতি চমৎকার, এবং ষে-অংশ আমার সম্পূর্ণ নিজের সেটুকু পরিত্যাগ করিলেই ভালো হইত।

যদি তিনি বলিতেন, লাউদ্বেলের সহিত নবীন প্রবন্ধলেখকের মতের এমন-কি ভাষারও আশ্চর্য অবিকল ঐক্য দেখা ঘাইতেছে, তাহা হইলে তাঁহার কথাটা সত্যও হঁইত অথচ অপ্রিয়ও হুইত না।

এই ঘটনার পর, সহপাঠীমহলে আমার প্রতি যে অথগু বিশাস ছিল তাহাতে একটি বিদারণরেখা পড়িল। কেবল আমার চিরাম্বক্ত ভক্তাগ্রগণা অমূল্যচরণের হৃদরের লেশমাত্র বিকার জন্মিল না। সে আমাকে বারখার বলিতে লাগিল, "ভোমার বিহাপিতি নাটকখানা ব্রহ্মদৈত্যকে শুনাইয়া দাও, দেখি সে সম্বন্ধে নিন্দুক কী বলিতে পাবে।"

রাজা শিবসিংহের মহিনী লছিমাদেবীকে কবি বিভাপতি ভালোবাসিতেন এবং তাঁহাকে না দেখিলে তিনি কবিতা রচনা করিতে পারিতেন না। এই মর্ম অবলয়ন করিয়া আমি একখানি পরম শোকাবছ উচ্চশ্রেণীর পভনাটক রচনা করিয়াছিলাম; আমার শ্রোভ্বর্গের মধ্যে বাঁহারা প্রাভত্তের মর্বাদা লজ্জ্বন করিতে চাহেন না তাঁহারা বলিতেন, ইতিহাসে এরপ ঘটনা ঘটে নাই। আমি বলিতাম, সে ইতিহাসের তুর্ভাগ্য! ঘটিলে ইতিহাস ঢের বেশি সরস ও সভ্য হইত।

নাটকথানি যে উচ্চশ্রেণীর সে কথা আমি পূর্বেই বলিরাছি। অমূল্য বলিত সর্বোচ্চ-শ্রেণীর। আমি আপনাকে ষতটা মনে করিতাম, সে আবার আমাকে তাহারও চেয়ে বেশি মনে করিত। অতএব, আমার যে কী-এক বিরাট রূপ তাহার চিত্তে প্রতিফলিত ছিল, আমিও তাহার ইন্তরা করিতে পারিতাম না।

নাটকথানি বামাচরণবাবুকে শুনাইয়া দিবার পরামর্শ আমার কাছে মন্দ লাগিল না; কারণ, সে নাটকে নিন্দাযোগ্য ছিন্ত লেশমান্ত ছিল না এইরূপ আমার স্বৃদ্ বিশাস। অভএব, আর-একদিন ভর্কসভার বিশেষ অধিষেশন আহুত হইল, ছাত্রবুন্দের সমক্ষে আমি আমার নাটকখানি পাঠ করিলাম এবং বামাচরণবাব্ ভাহার সমালোচনা করিলেন।

সে সমালোচনাটি বিস্তারিত আকারে লিপিবদ্ধ করিবার প্রবৃত্তি আমার নাই। সংক্ষেপত, সমালোচনাটি আমার অমুক্ল হয় নাই; বামাচরণবাব্র মতে নাটকগত পাত্রগণের চরিত্র ও মনোভাব-সকল নির্দিষ্ট বিশেষদ্ব প্রাপ্ত হয় নাই। বড়ো বড়ো সাধারণ ভাবের কথা আছে, কিন্তু তাহা বাষ্পবৎ অনিষ্ঠিত, লেথকের অস্তরের মধ্যে আকার ও জীবন প্রাপ্ত হইয়া তাহা স্বিদ্ধিত হইয়া উঠে নাই।

বৃদ্দিকের পুচ্ছদেশেই হল থাকে, বামাচরণবাব্র সমালোচনার উপসংহারেই তীব্রতম বিষ সঞ্চিত ছিল। আসন গ্রহণ করিবার পূর্বে তিনি বলিলেন, আমার এই নাটকের অনেকগুলি দৃশ্য এবং মৃলভাবটি গেটে-রচিত টাসো নাটকের অমুকরণ, এমন কি অনেকস্থলে অমুবাদ।

এ কথার সত্ত্তর ছিল। আমি বলিতে পারিতাম, হউক অমুকরণ, কিন্তু সেটা
নিন্দার বিষয় নহে! সাহিত্যরাজ্যে চুরিবিছা বড়ো বিছা, এমন-কি, ধরা পড়িলেও।
সাহিত্যের বড়ো বড়ো মহাজনগণ এই কাজ করিয়া আসিয়াছেন, এমন-কি, সেক্ষপিয়রও বাদ ধান না। সাহিত্যে যাহার অরিজিন্তালিটি অত্যন্ত অধিক সেই চুরি
করিতে সাহস করে, কারণ, সে পরের জিনিসকে সম্পূর্ণ আপনার করিতে পারে।

ভালো ভালো এইরপ আরো অনেক কথা ছিল, কিন্তু সেদিন বলা হর নাই। বিনর তাহার কারণ নহে। আসল কথা, সেদিন একটি কথাও মনে পড়ে নাই। প্রায় পাঁচ-সাতদিন পরে একে একে উত্তরগুলি দৈবাগত ব্রহ্মান্তের স্থার আমার মনে উদয় হইতে লাগিল; কিন্তু শত্রুপক্ষ সম্পুথে উপস্থিত না থাকাতে সে অন্তগুলি আমাকেই বিঁধিরা মারিল। ভাবিতাম, এ কথাগুলো অন্তত আমার ক্লাসের ছাত্রদিগকে ভনাইরা দিব। কিন্তু উত্তরগুলি আমার সহাধ্যারী গর্দভদিগের বৃদ্ধির পক্ষে কিছু অতিমাত্র স্ক্ল ছিল! তাহারা জানিত, চুরিমাত্রেই চুরি; আমার চুরি এবং অক্টের চুরিতে যে কতটা প্রভাগ আছে তাহা বৃর্ধিবার সামর্থা যদি তাহাদের থাকিত তবে আমার সহিতও তাহাদের বিশেষ প্রভেদ থাকিত না।

বি. এ পরীক্ষা দিলাম, পরীক্ষার উত্তীর্ণ হইতে পারিব ভাহাতেও আমার সন্দেহ ছিল না; কিন্তু মনে আনন্দ রহিল না। বামাচরণের সেই গুটিকতক কথার আঘাতে আমার সমন্ত খ্যাতি ও আশার অভ্রতেদী মন্দির ভরতুপ হইরা পড়িল। কেবল আমার প্রতি অবোধ অম্ল্যের প্রদা কিছুতেই ব্রাস হইল না; প্রভাতে যখন যশঃস্থ আমার সমুখে উদিত ছিল তখনো সেই প্রদা অভি দীর্থ ছারার ক্রার আমার পদতললগ্ন হইরা হিল, আবার সায়াহে যথন আমার যশংস্থ পশ্চাতে অন্তোন্ধ হইল তথনো সেই প্রদা দীর্ঘায়তন বিস্তার করিয়া আমার পদপ্রাম্ভ পরিত্যাগ করিল না। কিন্তু এ প্রদায় কোনো পরিহৃপ্তি নাই, ইহা শৃশু ছায়ামাত্র, ইহা মৃত্ত ভক্ষদেরে মোহান্ধকার, ইহা বৃদ্ধির উজ্জল রশ্মিপাত নহে।

দ্বিতীয় পরিচেছদ

বাবা বিবাহ দিবার জক্ত আমাকে দেশ হইতে ভাকিয়া পাঠাইলেন। আমি কিছুদিন সময় লইলাম।

বামাচরণবাব্র সমালোচনার আমার নিজের মধ্যে একটা আত্মবিরোধ, নিজের প্রতি নিজের একটা বিজ্ঞাহভাব জন্মিয়াছিল। আমার সমালোচক অংশ আমার লেখক অংশকে গোপনে আঘাত দিতেছিল। আমার লেখক অংশ বলিতেছিল, আমি ইহার প্রতিশোধ লইব; আবার একবার লিখিব এবং তখন দেখিব, আমি বড়ো না আমার সমালোচক বড়ো।

মনে মনে স্থির করিলাম, বিশ্বপ্রেম, পরের জন্ম জাত্মবিসর্জন এবং শক্রকে মার্জনা
—এই ভাবটি অবলম্বন করিয়া গত্মে হউক পত্মে হউক, খুব 'সাব্লাইম'-গোছের
একটা-কিছু লিখিব; বাঙালী সমালোচকদিগকে স্বর্হৎ সমালোচনার খোরাক
জোগাইব।

শ্বির করিলাম, একটি হৃদ্দর নির্দ্ধন স্থানে বসিয়া আমার জীবনের এই সর্বপ্রধান কীতিটির স্পষ্টকার্য সমাধা করিব। প্রতিজ্ঞা করিলাম, অস্তুত একমাসকাল বন্ধ্বান্ধব পরিচিত অপরিচিত কাছারো সহিত সাক্ষাৎ করিব না।

অমৃলাকে ডাকিয়া আমার প্লান বলিলাম। সে একেবারে শুন্তিত হইয়া গেল, সে বেন তথনই আমার ললাটে স্বদেশের অনতিদ্রবর্তী ভাবী মহিমার প্রথম অন্ধ-জ্যোতি দেখিতে পাইল। গন্তীর মৃথে আমার হাত চাপিয়া ধরিয়া বিস্ফারিত নেত্র আমার মৃথের প্রতি স্থাপন করিয়া মৃত্রুরে কহিল, "বাও, ভাই, অমর কীর্তি অক্ষয় গৌরব অর্জন করিয়া আইস।"

আমার শরীর রোমাঞ্চিত হইন্না উঠিল; মনে হইল, যেন আসন্নগোরবগরিত ভক্তিবিহ্বল বন্দদেশের প্রতিনিধি হইন্না অমূল্য এই কথাগুলি আমাকে বলিল।

অমৃল্যও বড়ো কম ত্যাগমীকার করিল না; সে ম্বদেশের হিতের জন্ম স্থার্থ একমাসকাল আমার সজপ্রত্যাশা সম্পূর্ণরূপে বিসর্জন করিল। স্থাতীর দীর্ঘনিধাস ফেলিয়া আমার বন্ধু টামে চড়িয়া তাহার কর্নভয়ালিস স্ট্রীটের বাসায় চলিয়া গেল, আমি গঙ্গার ধারে ফরাসডাভার বাগানে অমর কীতি অক্ষয় গৌরব উপার্জন করিতে গেলাম।

গদার ধারে নির্দ্রন ঘরে চিত হইন্না শুইন্না বিশ্বন্ধনীন প্রেমের কথা ভাবিতে ভাবিতে মধ্যাহ্নে প্রগাঢ় নির্দ্রাবেশ হইত, একেবারে অপরারে পাঁচটার সময় জাগিরা উঠিতাম। তাহার পর শরীর-মনটা কিছু অবসাদগ্রন্ত হইন্না থাকিত; কোনোমতে চিত্তবিনোদন ও সময়যাপনের জন্ম বাগানের পশ্চাদ্ধিকে রাজপথের ধারে একটা ছোটো কাষ্ঠাগনে বসিন্না চুপচাপ করিন্না গোক্রর গাড়িও লোক-চলাচল দেখিতাম। নিতান্ত অসহ হইলে স্টেশনে গিন্না বসিতাম, টেলিগ্রাফের কাঁটা কট্কট্ শল করিত্ত, টিকিটের ঘটা বাজিত, লোকসমাগম হইত, রক্তচক্ষ্ সহস্রপদ লোহসরীস্প স্কৃষিতে ক্ষিতে আসিত, উৎকট চীৎকার করিন্না চলিন্না যাইত, লোকজনের হুড়ামুড়ি পড়িত, কিন্নৎক্ষণের জন্ম কৌত্তকবাধ করিতাম। বাড়ি ফিরিন্না, আহার করিন্না, সন্ধী অভাবে সকাল-সকাল শুইন্না পড়িতাম, এবং প্রাতঃকালে সকাল-সকাল উঠিবার কিছুমাত্র প্রয়োজন না থাকাতে বেলা আট-নন্নটা পর্যন্ত বিছানান্ন যাপন করিতাম।

শরীর মাটি হইল, বিশ্বপ্রেমেরও কোনো অন্ধিসন্ধি খুঁজিয়া পাইলাম না। কোনোকালে একা থাকা অভ্যাস না থাকাতে সঙ্গীহীন গলাতীর শৃষ্ণ শ্বশানের মতো বোধ হইতে লাগিল, অম্ল্যটাও এমনি গর্দভ যে, একদিনের জন্মও সে আপন প্রতিজ্ঞা ভঙ্গ করিল না।

ইতিপূর্বে কলিকাতার বসিরা ভাবিতাম, বিপুলচ্ছারা বর্টবৃক্ষের তলে পা ছড়াইরা বসির, পদপ্রান্তে কলনাদিনী স্রোত্থিনী আপন-মনে বহিরা চলিবে— মাঝখানে স্বপ্নাবিষ্ট কবি, এবং চারি দিকে তাহার ভাবরাজ্য ও বহিঃপ্রকৃতি— কাননে পুল, শাখার বিহন্ধ, আকাশে তারা, মনের মধ্যে বিশ্বজনীন প্রেম এবং লেখনীমুখে অপ্রান্ত অজন্র ভাবন্রোত বিচিত্র ছন্দে প্রবাহিত। কিন্তু কোখার প্রকৃতি এবং কোখার প্রকৃতির কবি, কোখার বিশ্ব আর কোখার বিশ্বপ্রেমিক! একদিনের জন্তও বাগানে বাহির হই নাই। কাননের ক্লল কাননে ফুটিভ, আকাশের তারা আকাশে উঠিভ, বটরক্ষের ছারা বটরক্ষের তলে পড়িভ, আমিও ঘরের ছেলে ঘরেই পড়িরা থাকিতাম।

আত্মমাহাত্ম্য কিছুতেই প্রমাণ করিতে না পারিয়া বামাচরণের প্রতি আক্রোশ বাড়িরা উঠিতে লাগিল।

ल नमप्रोटिक वानाविवाह नहेमा वादनात निक्छिन्मात्व अक्टी वान्यूद

বাধিয়াছিল। বামাচরণ বালাবিবাহের বিরুদ্ধ পক্ষে ছিলেন এবং পরস্পর শোনা গিয়াছিল যে তিনি একটি যুবতী কুমারীর প্রণরপাশে আবন্ধ এবং অচিরে পরিণয়-পাশে বন্ধ হইবার প্রত্যাশার আছেন।

বিষয়টা আমার কাছে অত্যন্ত কোতুকাবছ ঠেকিয়াছিল, এবং বিশ্বপ্রেমের মহাকাব্যও ধরা দিল না, তাই বসিয়া বসিয়া বামাচরণকে নায়কের আদর্শ করিয়া কদম্বলী মন্ত্র্মদার নামক একটি কাল্পনিক যুবতীকে নায়িকা খাড়া করিয়া স্থতীত্র এক প্রহুসন লিখিলাম। লেখনী এই অমর কীতিটি প্রসব করিবার পর আমি কলিকাভা যাত্রার উত্যোগ করিতে লাগিলাম! এমন সময় যাত্রায় ব্যাঘাত পড়িল।

ভূতীয় পরিচ্ছেদ

ত্রকদিন অপরায়ে স্টেশনে না গিয়া অলসভাবে বাগানবাড়ির ঘরগুলি পরিদর্শন করিতেছিলাম। আবশুক না হওয়াতে ইতিপূর্বে অধিকাংশ ঘরে পদার্পণ করি নাই, বাহ্যবন্ত সম্বন্ধে আমার কৌত্রূল বা অভিনিবেশ লেশমাত্র ছিল না। সেদিন নিতান্তই সমন্ব্যাপনের উদ্দেশে বায়্ভরে উড্ডীন চ্যুভপত্রের মতো ইতন্তত ফিরিতেছিলাম।

উত্তর দিকের ঘরের দরজা খুলিবামাত্র একটি ক্ষুত্র বারান্দার গিয়া উপস্থিত হইলাম। বারান্দার সমুখেই বাগানের উত্তরসীমার প্রাচীরের গাত্রসংলগ্ন ছুইটি বৃহৎ জামের গাছ মুখামুখী করিয়া দাড়াইয়া আছে। সেই ছুইটি গাছের মধ্যবর্তী অবকাশ দিয়া আর-একটি বাগানের স্থার্ঘ বকুলবীথির কিয়দংশ দেখা যায়।

কিন্ত সে-সমন্তই আমি পরে প্রত্যক্ষ করিয়াছিলাম, তখন আমার আর-কিছুই দেখিবার অবসর হয় নাই, কেবল দেখিয়াছিলাম, একটি ষোড়নী যুবতী হাতে একখানি বই লইয়া মন্তক আনমিত করিয়া পদচারণা করিতে করিতে অধ্যয়ন করিতেছে।

ঠিক সে-সময়ে কোনোরপ তত্বালোচনা করিবার ক্ষমতা ছিল না, কিন্তু কিছুদিন পরে ভাবিয়াছিলাম বে, ছয়ন্ত বড়ো বড়ো বাণ শরাসন বাগাইয়া রথে চড়িয়া বনে মগয়া করিতে আসিয়াছিলেন, মগ ভো মরিল না, মাঝে হইতে দৈবাং দশমিনিট কাল গাছের আড়ালে দাঁড়াইয়া যাহা দেখিলেন, যাহা শুনিলেন, তাহাই তাঁহার কীবনের সকল দেখাশুনার সেরা হইয়া দাঁড়াইল। আমিও পেন্দিল কলম এবং থাতাপত্ত উত্যত করিয়া কাব্যমগরায় বাহির হইয়াছিলাম, বিশপ্রেম বেচারা ভো পলাইয়া রক্ষা পাইল, আর আমি ছইট আমগাছের আড়াল হইতে বাহা দেখিবার তাহা দেখিয়া লইলাম; মাছবের একটা জীবনে এমন ছইবার দেখা যায় না।

পৃথিবীতে অনেক জিনিসই দেখি নাই। জাহাজে উঠি নাই, বেলুনে চড়ি নাই, কম্বলার থনির মধ্যে নামি নাই— কিন্তু আমার নিজের মানসী আদর্শের সম্বন্ধে আমি যে সম্পূর্ণ প্রান্ত এবং অজ্ঞ ছিলাম তাহা এই উত্তর দিকের বারান্দার আসিবার পূর্বে সন্দেহমাত্র করি নাই। বয়স একুল প্রান্ন উত্তীর্ণ হয়, ইতিমধ্যে আমার অভ্যঃকরণ কর্মনাযোগবলে নারীসোন্দর্ধের একটা ধ্যানমূতি যে স্ক্রন করিয়া লয় নাই, এ কথা বলিতে পারি না। সেই মৃতিকে নানা বেশভ্যায় সজ্জিত এবং নানা অবস্থার মধ্যে ছাপন করিয়াছি, কিন্তু কখনো অব্যুর স্বপ্নেও তাহার পায়ে জ্বতা, গায়ে জামা, হাতে বই দেখিব এমন আশাও করি নাই, ইচ্ছাও করি নাই। কিন্তু আমার লক্ষী ফান্তন-শেষের অপরায়ে প্রবীণ তক্ষশ্রেণীর আকম্পিত ঘনপল্লববিতানে দীর্ঘনিপতিত ছায়া-এবং আলোক-রেখান্থিত পূক্ষবনপথে, জুতা পায়ে দিয়া, জামা গায়ে দিয়া, বই হাতে করিয়া, তুইটি জামগাছের আড়ালে অক্ষাৎ দেখা দিলেন— আমিও কোনো কথাটি কহিলাম না।

ত্ই মিনিটের বেশি আর দেখা গেল না। নানা ছিদ্র দিয়া দেখিবার নানা চেষ্টা করিয়াছিলাম কিন্তু কোনো ফল পাই নাই। সেইদিন প্রথম সন্ধ্যার প্রাক্তানে বটরক্ষতলে প্রসারিত চরণে বিলাম— আমার চোখের সন্মুখে পরপারের ঘনীভূত তহ্নশ্রেণীর উপর সন্ধ্যাতারা প্রশান্ত স্মিতহাক্ষে উদিত হইল, এবং দেখিতে দেখিতে সন্ধ্যাপ্রী আপন নাথহীন বিপুল নির্জন বাসরগৃহের দার খুলিয়া দিয়া নিঃশন্দে দাড়াইয়া রহিল।

যে বইখানি তাহার হাতে দেখিয়াছিলাম সেটা আমার পক্ষে একটা নৃতন রহস্তনিকেতন হইয়া দাঁড়াইল। ভাবিতে লাগিলাম, সেটা কী বই। উপকাস অথবা
কাবা? তাহার মধ্যে কী ভাবের কথা আছে। যে পাতাটি খোলা ছিল এবং
বাহার উপরে সেই অপরায়্রবেলার ছায়া ও রবিরশ্মি, সেই বকুলবনের পদ্ধবমর্মর এবং
সেই যুগলচক্ষর ঔংস্কাপৃন স্থিরদৃষ্টি নিপতিত হইয়াছিল, ঠিক সেই পাভাটিতে
গল্পের কোন্ অংশ, কাবোর কোন্ রসটুকু প্রকাশ পাইতেছিল। সেইসকে ভাবিতে
লাগিলাম, ঘনমুক্ত কেশজালের অভকারছায়াভলে স্কুমার ললাটমগুপটির অভ্যন্তরে
বিচিত্র ভাবের আবেশ কেমন করিয়া লীলায়িত হইয়া উঠিতেছিল, কুমারীয়দয়ের
নিভ্ত নির্জনতার উপরে নব নব কাব্যমায়া কী অপুর্ব সৌন্দর্যলোক স্কান করিতেছিল
—অর্ধেক রাত্রি ধরিয়া এমন কত কী ভাবিয়াছিলাম ভাহা পরিক্টরূপে ব্যক্ত করা
অসম্ভব।

किन्द, त्म य क्यांत्री এ कथा आयाक क विनन। आयात वह्म्ववर्षी त्थियिक

হয়স্তকে পরিচয়লাভের পূর্বেই বিনি শকুস্তলা সম্বন্ধে আশাস দিরাছিলেন, ভিনিই। ভিনি মনের বাসনা; ভিনি মাছ্যকে সভ্য মিথ্যা তের কথা অক্তম বলিয়া থাকেন; কোনোটা খাটে, কোনোটা খাটে না, হয়স্কের এবং আমারটা খাটিয়া গিরাছিল।

আমার এই অপরিচিতা প্রতিবেশিনী বিবাহিতা কি কুমারী কি রান্ধণ কি শ্রু, সে সংবাদ লওয়া আমার পক্ষে কঠিন ছিল না, কিন্তু তাহা করিলাম না, কেবল নীরব চকোরের মতো বহুসহস্র বোজন দূর হইতে আমার চক্রমগুলটিকে বেষ্টন করিয়া করিয়া উপর্কিণ্ঠ নিরীক্ষণ করিবার চেষ্টা করিলাম।

প্রদিন মধ্যাহে একখানি ছোটো নৌকা ভাড়া করিয়া ভীরের দিকে চাহিয়া জোয়ার বাহিয়া চলিলাম, মাল্লাদিগকে দাড় টানিতে নিষেধ করিয়া দিলাম।

আমার শকুন্তলার তপোবনকুটিরটি গন্ধার ধারেই ছিল। কুটিরটি ঠিক করের কুটিবের মতো ছিল না; গন্ধা হইতে ঘাটের সিঁড়ি বৃহৎ বাড়ির বারান্দার উপর উঠিরাছে, বারান্দাটি ঢালু কাঠের ছাদ দিয়া ছারামর।

আমার নৌকাটি যথন নিঃশব্দে ঘাটের সম্মুখে ভাসিয়া আসিল, দেখিলাম আমার নবযুগের শক্তলা বারান্দার ভূমিভলে বসিয়া আছেন; পিঠের দিকে একটা চৌকি, চৌকির উপরে গোটাকতক বই রহিয়াছে, সেই বইগুলির উপরে তাঁহার খোলা চূল ভূপাকারে ছড়াইয়া পড়িয়াছে, তিনি সেই চৌকিতে ঠেন্ দিয়া উর্মেখ করিয়া উর্জোলিভ বাম বাছর উপর মাথা রাখিয়াছেন, নৌকা হইতে তাঁহার মুখ আদৃশ্ত, কেবল স্থকোমল কঠের একটি স্কুমার বক্ররেখা দেখা যাইতেছে, খোলা তুইখানি পদপল্পবের একটি ঘাটের উপরের সিঁড়িতে এবং একটি তাহার নীচের সিঁড়িতে প্রমারিত, লাড়ির কালো পাড়টি বাকা হইয়া পড়িয়া সেই ছটি পা বেইন করিয়া আছে। একখানা বই মনোযোগহীন শিথিল দক্ষিণ হস্ত হইতে স্রস্ত হইয়া ভূতলে পড়িয়া রহিয়াছে। মনে হইল, যেন মুর্তিমতী মধ্যাহ্ললন্ধী! সহসা দিবসের কর্মের মাঝখানে একটি নিস্পন্ধস্ক্রমী অবসরপ্রতিমা। পদতলে গলা, সম্মুখে স্থল্ব পরপার এবং উর্ম্বে তাঁবভাপিত নীলাম্বর তাহাদের সেই অস্তরাত্মারূপিনীর দিকে, সেই ছটি খোলা পা, সেই অলসবিক্তন্ত বাম বাছ, সেই উৎক্রিপ্ত বন্ধিম কঠরেখার দিকে নিরভিশন্ত নিস্তম্ব একাগ্রতার সহিত নীরবে চাহিয়া আছে।

যতক্ষণ দেখা যায় দেখিলাম, ছুই সজলপল্পর নেত্রপাডের দারা ছুইথানি চরণপদ্ম বারদার নিছিয়া মুছিয়া লইলাম।

অবশেষে নৌকা যথন দুরে গোল, মাঝখানে একটা ভীরভকর আড়াল আসিয়া পড়িল, তথন হঠাৎ যেন কী একটা ক্রটি শ্বরণ হইল, চমকিয়া মাঝিকে কহিলাম, "মাঝি, আজ আর আমার হুগলি যাওয়া হুইল না, এইখান হুইডেই বাড়ি ফেরো।"
কিন্তু ফিরিবার সময় উজানে দাঁড় টানিতে হুইল, সেই শবে আমি সংকৃচিত হুইরা
উঠিলাম। সেই দাড়ের শবে যেন এমন কাহাকে আঘাত করিতে লাগিল যাহা সচেতন
ফুলর স্কুমার, যাহা অনস্ত-আকাশ-ব্যাপী অথচ একটি হরিণশাবকের মভো ভীক।
নৌকা যখন ঘাটের নিকটবর্তী হুইল তখন দাড়ের শবে আমার প্রতিবেশিনী প্রথমে
ধীরে মুখ তুলিয়া মৃদ্ধ কৌতৃহলের সহিত আমার নৌকার দিকে চাহিল, মূহুর্ত পরেই
আমার ব্যগ্রবাকুল দৃষ্টি দেখিয়া সে চকিত হুইয়া গৃহমধ্যে চলিয়া গেল; আমার মনে
হুইল, আমি যেন তাহাকে আঘাত করিলাম, যেন কোথায় তাহার বাজিল!

তাড়াতাড়ি উঠিবার সময় তাহার ক্রোড় হইতে একটি অর্ধনিষ্ট স্বল্লপক পেয়ারা গড়াইতে গড়াইতে নিম সোপানে আসিয়া পড়িল, সেই দশনচিহ্নিত অধরচ্ছিত ফলটির জন্ম আমার সমস্ত অস্তঃকরণ উৎস্ক হইয়া উঠিল, কিন্ত মাঝিমাল্লাদের লজায় তাহা দ্র হইতে নিরীক্ষণ করিতে করিতে চলিয়া গেলাম। দেখিলাম, উত্তরোধ্বর লোল্পায়মান জোয়ারের জল ছলছল লুক শন্দে তাহার লোল রসনার দারা সেই ফলটিকে আয়ন্ত করিবার জন্ম বারমার উন্মুখ হইয়া উঠিতেছে, আধ ঘণ্টার মধ্যে তাহার নির্লজ্ঞ অধ্যবসায় চরিতার্থ হইবে ইহাই কল্পনা করিয়া ক্লিইচিত্তে আমি আমার বাড়ির ঘাটে আসিয়া উত্তীর্ণ হইলাম।

বটবৃক্ষজায়ায় পা ছড়াইয়া দিয়া সমস্ত দিন স্বপ্ন দেখিতে লাগিলাম, ছইখানি স্থকোমল পদপল্লবের তলে বিশ্বপ্রকৃতি মাথা নত করিয়া পড়িয়া আছে— আকাশ আলোকিত, ধরণী পুলকিত, বাতাস উতলা, তাহারই মধ্যে ছইখানি অনাবৃত চরণ স্থিম নিম্পন্দ স্থন্দর; তাহারা জানেও না যে, তাহাদেরই রেণুকণার মাদকতায় তপ্রযৌবন নববসন্ত দিখিদিকে রোমাঞ্চিত হইয়া উঠিতেছে।

ইতিপূর্বে প্রকৃতি আমার কাছে বিক্ষিপ্ত বিচ্ছিন্ন ছিল, নদী বন আকাশ সমন্তই বতন্ত্র ছিল। আন্ধ সেই বিশাল বিপুল বিকীর্ণভার মাঝখানে একটি স্থলরী প্রতিমৃতি দেখা দিবামাত্র তাহা অবদ্বব ধারণ করিরা এক হইয়া উঠিয়াছে। আন্ধ প্রকৃতি আমার কাছে এক ও স্থলর, সে আমাকে অহরহ মুকভাবে অহ্নর করিতেছে, "আমি মৌন, তুমি আমাকে ভাষা দেও, আমার অন্তঃকরণে যে-একটি অব্যক্ত ন্তব উথিত হইতেছে তুমি তাহাকে ছলে লয়ে তানে ভোমার স্থলর মানবভাষার ধ্বনিত করিয়া তোলো।"

প্রকৃতির সেই নীরব অম্বনের আমার হৃদরের সমস্ত ভদ্রী বাজিতে থাকে। বারখার কেবল এই গান শুনি, "ছে হৃন্দরী, ছে মনোহারিণী, ছে বিশ্বজন্ত্রী, ছে মনপ্রাণপতজ্বে একটিমাত্র দীপশিখা, হে অপরিসীম জীবন, হে অনস্তমধুর মৃত্য়!" এ গান শেষ করিতে পারি না, সংলগ্ন করিতে পারি না; ইহাকে আকারে পরিস্ফৃট করিতে পারি না, ইহাকে ছন্দে গাঁথিয়া ব্যক্ত করিয়া বলিতে পারি না; মনে হন্ধ, আমার অস্তরের মধ্যে জোন্নারের জলের মতো একটা অনিব্চনীয় অপরিমেয় শক্তির স্কার হইতেছে, এখনো ভাহাকে আন্তর্ভ করিতে পারিতেছি না, যখন পারিব তখন আমার কণ্ঠ অকস্বাৎ দিব্য সংগীতে ধনিত, আমার ললাট অলোকিক আভায় আলোকিত হইন্না উঠিবে।

এমন সময় একটি নৌকা প্রপায়ের নৈহাটি স্টেশন হইতে পার হইয়া আমার वांशानित्र घाटी व्यांत्रियां नांशिन। इंटे क्षा उपत्र केंग्रांना नामत्र त्र्नाट्या हाजांहि कत्क गरेवा शंक्रमृत्थ व्यम्मा नामिवा পिएम। व्यक्तार यक्त प्रिवा व्यामात्र मन यक्रे जात्वाक्ष हरेन, यांना कत्रि, नक्रेंच প্रতিও कांशात्वा एक महेक्रें ना घटि। বেলা প্রায় তুইটার সময় আমাকে সেই বটের ছায়ায় নিতান্ত ক্ষিপ্তের মতো বসিয়া थाकिए एतियां अपृनात यान छात्रि धक्टी आंगात नकात्र रहेन। शास्त्र वक्षात्र एत ভবিশ্বৎ সর্বশ্রেষ্ঠ কাব্যের কোনো-একটা অংশ তাহার পদশব্দে সচকিত হইয়া বক্স वाकश्राव माला এक्वांत कलाव माथा शिवां शिक लाहे छात्र ला नगरकांक मृज्यन्मग्रयन जागिए नागिन; प्रिश्वा जामात्र जाता त्रांग रहेन, किक्ष्रि ज्यौत्र हरेबा कहिनाय, "की ए व्यम्ना, वााशावशाना की! जायाव शाख कांग्रे कृष्टिन नाकि।" व्यम्ना डाविन, वामि थ्व এक । मकात्र कथा विनिनाम ; शिनिए शिनिए को एक व्यांत्रियां उक्छम काँ विषय विषय प्रति वा विषय प्रति वा विषय प्रति वा विषय वा विषय वा विषय वा विषय वा विषय वा व नरेत्रा डांक थूनित्रा विछारेत्रा डाहांत्र উপরে সাবধানে বসিল, কহিল, "যে প্রহসনটা লিখিয়া পাঠাইয়াছ সেটা পড়িয়া হালিয়া বাঁচি না।" বলিয়া ভাহার স্থানে স্থানে আবৃত্তি করিতে করিতে হাস্যাচ্ছানে তাহার নিশাসরোধ হইবার উপক্রম হইল। षामात्र अमिन मत्न इहेन या, या कनारम त्नाहे श्राह्मनाठी निश्चित्राहिनाम, त्नाठी या शास्त्र কাৰ্চনতে নিৰ্মিত সেটাকে শিকজ্ম্ব উৎপাটন করিয়া মন্ত একটা আগুন করিয়া প্রহুসনটাকে ছাই করিয়া ফেলিলেও আমার খেদ মিটিবে না।

অমৃল্য সসংকোচে জিজ্ঞাসা করিল, "তোমার সে কাব্যের কওদ্র।" শুনিরা আবো আমার গা জলিতে লাগিল, মনে মনে কহিলাম, 'বেমন আমার কাব্য তেমনি তোমার বৃদ্ধি।' মুখে কহিলাম, "সে-সব পরে হইবে ভাই, আমাকে অনর্থক ব্যস্ত করিয়া ভূলিয়ো না।"

व्यम्ना लाक्टी क्लोज्हनी, ठादि मिक পर्यत्यक्त ना कितियां ता शांकिए भारत ना,

जाशंत्र अप व्यापि उत्तरत नत्रकां । यक कतिया मिनाम। त्न व्यापादक विकानां कित्रन, "७ मिटक की व्याप्त हर।" व्यापि विनाम, "कि इ ना!" এডवएम मिथा। कथां व्यापाद कीवत व्याप्त कथां विनाम नारे।

ছুটা দিন আমাকে নানা প্রকারে বিদ্ধ করিয়া, দগ্ধ করিয়া, ভৃতীয় দিনের সন্ধার द्धित अपूना ठनिया रान । এই ছুটা मिन आिय वांशात्मत्र উखरत्र मिरक यारे नारे, লে দিকে নেত্রপাত্যাত্র করি নাই, রূপণ যেমন তাহার রত্নভাগ্রাট লুকাইয়া বেড়ায় আমি তেমনি করিয়া আমার উত্তরের সীমানার বাগানটি সামলাইয়া বেড়াইতেছিলাম। অমৃল্য চলিয়া যাইবামাত্র একেবারে ছুটিয়া দার খুলিয়া দোতলার ঘরের উত্তরের वात्रान्नाम वाहित्र इरेम्ना পिएनाम। উপরে উন্মুক্ত আকাশে প্রথম ক্লফপক্ষের অপর্বাপ্ত জ্যোৎসা; নিমে শাখাজালনিবদ্ধ তক্লশ্রেণীতলে থগুকিরণখচিত একটি গভীর নিভূত প্রদোষাত্মকার; মর্মরিত ঘনপল্লবের দীর্ঘনিখাসে, তরুতলবিচ্যুত বকুসফুলের নিবিড় সৌরভে এবং সন্ধ্যারণ্যের স্তম্ভিত সংষত নিঃশব্দতায় তাহা রোমে রোমে পরিপূর্ণ হইয়া ছিল। তাহারই মাঝখানটিতে আমার কুমারী প্রতিবেশিনী তাহার খেতশ্রশ্র বৃদ্ধ পিতার দক্ষিণ হস্ত ধরিয়া ধীরে ধীরে পদচারণা করিতে করিতে কী কথা কহিতেছিল— বৃদ্ধ সম্মেছে অথচ শ্রদ্ধাভরে ঈষৎ অবনমিত হইয়া নীরবে মনোধোগসহকারে শুনিতে-ছিলেন। এই পবিত্র স্নিগ্ধ বিশ্রস্তালাপে ব্যাঘাত করিবার কিছুই ছিল না, সন্ধ্যাকালের শাস্ত নদীতে ক্ষচিৎ দাঁড়ের শব্দ স্থদূরে বিশীন হইতেছিল এবং অবিরল তরুশাখার व्याःशा नीए इपि-এकपि भाशि मिवार क्षिक मृद्यकाकनिए काशिया छेठिए ছिन। व्यामात्र व्यक्षः कत्रण व्यानत्म व्यथवा विमान्न एयन विमोर्ग इटेर मत्न इटेन। व्यामात्र व्यक्तिय यन প্রসারিত হইয়া সে ছায়ালোকবিচিত্র ধরণীতলের সহিত এক হইয়া গেল, আমি যেন আমার বক্ষঃস্থলের উপর ধীরবিক্ষিপ্ত পদচারণা অমুভব করিতে লাগিলাম, যেন তরুপল্লবের সহিত সংলগ্ন হইয়া গিয়া আমার কানের কাছে মধুর মৃত্ঞল্লব্ধনি खनिष्ठ भारेनाम। এই विभाग मृष् श्रक्तित अन्तर्रामना एम आमात्र गर्वनदीरत्रत অস্থিলির মধ্যে কুহরিত হইয়া উঠিল; আমি ষেন বুঝিতে পারিলাম, ধরণী পায়ের নীচে পড়িয়া থাকে, অথচ পা জড়াইয়া ধরিতে পারে না বলিয়া ভিতরে ভিতরে কেমন করিতে থাকে, নতশাখা বনস্পতিগুলি কথা গুনিতে পান্ন অথচ কিছুই বুঝিতে পারে না বলিয়া সমন্ত শাখার পল্লবে মিলিয়া কেমন উর্ধেখাসে উন্মাদ কলশনে হাহাকার করিয়া উঠিতে চাহে। আমিও আমার সর্বাঙ্গে সর্বাস্তঃকরণে ওই পদবিক্ষেপ, ওই বিশ্রস্তালাপ, অব্যবহিতভাবে অমুভব করিতে লাগিলাম কিছু কোনোমতেই ধরিতে পারিলাম না विनिष्ठा सुविष्ठा सुविष्ठा मित्रिए नानिनाम।

পর্নিলে আমি আর থাকিতে পারিলাম না। প্রাতঃকালে আমার প্রতিবেশীর সহিত সাক্ষাৎ করিতে গেলাম। ভবনাথবাবু তথন বড়ো এক পেরালা চা পালে वाथिया होएथ हनमा मिया नौनिशिनिन्मांग-करा धक्थाना हामिन्हित्तर श्रांछन भूषि यत्नारयां विश्वा পড়িভেছিলেন। আমি यत्त्र প্রবেশ করিলে চশমার উপরিভাগ एहेए जागारक किन्नरक्ष्मन अस्त्रमनक्षारत प्रिश्निन, वहे एहेए मन्द्रोरक धक मृद्रार्ख প্রত্যাহরণ করিতে পারিলেন না। অবশেষে অকন্মাৎ সচকিত হইয়া জন্জভাষে আডিথ্যের অন্ত প্রস্তুত ছইয়া উঠিলেন। আমি সংক্ষেপে আত্মপরিচয় দিলাম। তিনি এমনি ववता इहेशा উঠिলেন যে চলমার খাপ श्रृंकिशा পাইলেন না। খামকা বলিলেন, "आंश्रीन हा शाहरदन?" आमि यिक हा शाह ना, उथाशि विनिनाम, "आंश्रिख नाई।" खवनाथवावू वाख हरेवा উठिवा 'कित्रन' 'कित्रन' विनवा छाकित्छ नागित्नन। बाद्यव নিকট অত্যন্ত মধুর শব্দ শুনিলাম, "কী, বাবা।" ফিরিয়া দেখিলাম, তাপসকণ্ণছহিতা जरुगा यांगांक प्रित्रा जन्छ रतिगीत गएना भनात्रानाग्राना रहेत्राह्म। ज्यनाथवात् उँ। हारक कितिया छाकित्वन ; আমার পরিচয় निया कहित्वन, "ইनि আমাদের প্রতিবেশী महौक्कक्रभाव वावू।" এवः श्रामारक कहिल्लन, "हैनि श्रामाद कन्ना किवनवाला।" আমি কী করিব ভাবিয়া পাইতেছিলাম না, ইতিমধ্যে কিরণ আমাকে আনম্রহ্মর নমস্বার করিলেন। আমি তাড়াতাড়ি ক্রটি সারিয়া লইয়া তাহা শোধ করিয়া দিলাম। **ख्यनाथवाव् कहिलान, "मा, महौस्यवाव्य बन्छ এक পেয়ালা চা व्यानिया मिए इहेरव।"** णामि मन मन ज्ञास मः कृष्ठिल हरेवा छेठिनाम किस मूथ कृषिवा किছू वनिवांत्र পূर्विश किया घर हरेए वाहित हरेया शिलन। आयात्र मत्न हरेन, स्वन किनारन ननांजन ভোলানাথ তাঁহার কন্তা স্বয়ং লক্ষ্মীকে অভিথির জন্ত এক পেরালা চা আনিতে বলিলেন; অতিথির পক্ষে সে নিশ্চরই অমিশ্র অমৃত হইবে, কিন্তু তবু, কাছাকাছি নন্দীভূদী কোনো दिए के कि का कि का ना

চতুর্থ পরিচেছদ

্ ভবনাথবাবুর বাড়ি আমি এখন নিত্য অতিথি। পূর্বে চা জিনিসটাকে অত্যম্ভ ডরাইতাম, এক্ষণে সকালে বিকালে চা খাইরা খাইরা আমার চারের নেশা ধরিরা গেল।

আমাদের বি. এ. পরীক্ষার জন্ত অর্থানপণ্ডিত-বিরচিত দর্শনশাত্রের নব্য-ইতিহাস আমি স্থা পাঠ করিয়া আসিয়াছিলাম, ভত্নপলক্ষে ভ্রনাথবাব্র সহিত ক্ষেল দর্শন-আলোচনার জন্তই আসিভাম কিছুদিন এইপ্রকার ভান করিলাম। ভিনি হ্যামিলটন প্রভৃতি কতকপ্তলি দেকাল-প্রচলিত প্রান্ধ পূঁথি লইয়া এখনো নিযুক্ত রহিয়াছেন, ইহাতে তাঁহাকে আমি রূপাপাত্র মনে করিতাম, এবং আমার নৃতন বিছা অত্যন্ত আড়ধরের সহিত জাহির করিতে ছাড়িতাম না। তবনাধবাব এমনি ভালোমাখ্য, এমনি সকল বিষয়ে সসংকোচ যে, আমার মতো অল্পরয়য় যুবকের মুখ হইতেও সকল কথা মানিয়া যাইতেন, তিলমাত্র প্রতিবাদ করিতে হইলে অস্থির হইয়া উঠিতেন, ভয় করিতেন পাছে আমি কিছুতে ক্র হই। কিরণ আমাদের এই-সকল তত্বালোচনার মাঝখান হইতেই কোনো ছুতায় উঠিয়া চলিয়া যাইত। তাহাতে আমার যেমন ক্ষোভ জনিত তেমনি আমি গর্বও অফুভব করিতাম। আমাদের আলোচ্য বিষয়ের ত্রুহ পাতিত্য কিরণের পক্ষে ত্রুহং গোতিত্য কিরণের পক্ষে ত্রুহং গোতিত্য কিরণের পক্ষে ত্রুহং চাহিতে হইত।

কিরণকে যখন দ্র হইতে দেখিতাম তখন তাহাকে শকুন্তলা দময়ন্তী প্রভৃতি বিচিত্র নামে এবং বিচিত্র ভাবে জানিতাম, এখন ঘরের মধ্যে তাহাকে 'কিরণ' বলিয়া জানিলাম, এখন আর সে জগতের বিচিত্র নায়িকার ছায়ার্মপিণী নহে, এখন সে একমাত্র কিরণ। এখন সে শতশতানীর কাব্যলোক হইতে অবতীর্ণ হইয়া, অনস্ত-কালের যুবকচিত্তের স্থপ্রস্থা পরিহার করিয়া, একটি নির্দিষ্ট বাঙালিঘরের মধ্যে কুমারীক্ষার্মপে বিরাজ করিতেছে। সে আমারই মাভ্ডাবায় আমার সঙ্গে অতান্ত সাধারণ ঘরের কথা বলিয়া থাকে, সামান্ত কথায় সরলভাবে হাসিয়া উঠে, সে আমানেরই ঘরের মেয়ের মতো ছই হাতে ছটি সোনার বালা পরিয়া থাকে, গলার হারটি বেশি কিছু নয় কিন্তু বড়ো স্থমিষ্ট, শাড়ির প্রান্তটি কথনো কবরীর উপরিভাগ বাঁকিয়া বেইন করিয়া আসে কখনো বা পিতৃগৃহের অনভ্যাসবশত চ্যুত হইয়া পড়িয়া যায়, ইছা আমার কাছে বড়ো আননের। সে যে অকাল্পনিক, সে যে সত্যা, সে যে কিরণ, সে যে তাহা ব্যতীত নহে এবং তাহার অধিক নহে, এবং যদিচ সে আমার নহে তব্ও সে যে আমানের, সেজক্র আমার অন্তঃকরণ সর্বদাই তাহার প্রতি উচ্ছুসিত কৃতজ্ঞভারতে অভিযিক্ত হইতে থাকে।

একদিন জ্ঞানমাত্রেরই আপেক্ষিকতা লইয়া ভবনাথবাব্র নিকট অত্যন্ত উৎসাহসহকারে বাচালতা প্রকাশ করিতেছিলাম; আলোচনা কিয়দ্দ্র অগ্রসর হইবামাত্র
কিরণ উঠিয়া গেল এবং অনতিকাল পরেই সম্ম্বের বারান্দার একটা তোলা উনান এবং
রাধিবার সর্ঞাম আনিয়া রাধিয়া, ভবনাথবাব্দে ভইসনা করিয়া বলিল, "বাবা,
ক্ষেন তৃমি মহীদ্রবাব্দে ঐসকল শক্ত কথা লইয়া রুণা বকাইতেছ। আম্বন
মহীদ্রবাব্, তার চেয়ে আমার রায়ায় যোগ দিলে কালে লাগিবে।"

ভবনাথবাব্র কোনো দোষ ছিল না, এবং কিরণ তাছা অবগত ছিল। কিছ ভবনাথবাব্ অপরাধীর মতো অহতপ্ত হইরা ঈষৎ হাসিয়া বলিলেন, "তা বটে! আছো ও কথাটা আর-একদিন হইবে।" এই বলিয়া নিরুদ্বিয়চিত্তে তিনি তাঁহার নিত্য-নিরমিত অধ্যরনে নিযুক্ত হইলেন।

আবার আর-একদিন অপরায়ে আর-একটা গুরুতর কথা পাড়িয়া ভবনাথবাবৃকে শুন্তিত করিয়া দিতেছি এমন সময় ঠিক মাঝখানে আসিয়া কিরণ কহিল, "মহীদ্রবাবৃ, অবলাকে সাহায্য করিতে হইবে। দেয়ালে লভা চড়াইব, নাগাল পাইতেছি না, আপনাকে এই পেরেকগুলি মারিয়া দিভে হইবে।" আমি উৎফুল হইয়া উঠিয়া গেলাম, ভবনাথবাবৃও প্রফুলমনে পড়িতে বসিলেন।

এমনি প্রায় বখনই ভবনাথবাব্র কাছে আমি ভারী কথা পাড়িবার উপক্রম করি, কিরণ একটা-না-একটা কাজের ছুতা ধরিদ্ধা ভঙ্গ করিয়া দেয়। ইহাতে আমি মনেমনে পুলকিত হইয়া উঠিতাম, আমি ব্ঝিতাম যে, কিরণের কাছে আমি ধরা পড়িয়াছি; সে কেমন করিয়া ব্ঝিতে পারিয়াছে বে, ভবনাথবাব্র সহিত তত্বালোচনা আমার জীবনের চরম স্থুখ নহে।

বাহ্যবন্তর সহিত আমাদের ইন্দ্রিরবোধের সম্বন্ধ নির্ণন্ন করিতে গিন্না যখন ছরহ রহস্তরসাতলের মধ্যপথে অবতীর্ণ হইন্নাছি এমন সমন্ন কিরণ আসিন্না বলিত, "মহীক্রবাব্, রান্নাঘরের পাশে আমার বেগুনের খেত আপনাক্ষে দেখাইন্না আনিগে, চলুন।"

আকাশকে অসীম মনে করা কেবল আমাদের অন্থমানমাত্র, আমাদের অভিজ্ঞতা ও কল্পনাশক্তির বাহিরে কোথাও কোনো-একরপে তাহার সীমা থাকা কিছুই অসম্ভব নহে, ইত্যাকার মন্তব্য প্রকাশ করিতেছি, এমন সময় কিরণ আসিয়া বলিত, "মহীজ্র-বাব্, হটো আম পাকিয়াছে, আপনাকে ভাল নামাইয়া ধরিতে হইবে।"

কী উদ্ধার, কী মৃক্তি! অকৃল সমৃত্রের মাঝখান হইতে এক মৃহুর্তে কী স্থলর কৃলে আসিরা উঠিতাম। অনম্ভ আকাল ও বাহ্যবন্ধ সম্বন্ধে সংশরজাল বতই মৃত্রেছত জটিল হউক-না কেন, কিরণের বেগুনের থেত বা আমতলা সম্বন্ধে কোনোপ্রকার মূরহতা ও সন্দেহের লেশমাত্র ছিল না। কাব্যে বা উপক্রাসে তাহা উল্লেখযোগ্য নহে কিন্তু জীবনে তাহা সমৃত্রবেষ্টিত দীপের ক্লার মনোহর। মাটিতে পা ঠেকা বে কী আরাম তাহা সে-ই জানে যে বহুক্ষণ জলের মধ্যে সাঁতার দিরাছে। আমি এতদিন কল্পনার বে প্রেমসমৃত্র স্কলন করিরাছিলাম তাহা যদি সভ্য হইত তবে সেধানে চিরকাল যে কী করিয়া ভাসিরা বেড়াইতাম ভাহা বলিতে পারি না। সেধানে আকাশও অসীম,

गम्ज अभीम, त्मशान हरेए आमारित अछिनियम् विविध कीयनगाजात भीमायक ব্যাপার একেবারে নির্বাসিত, সেখানে তুচ্ছতার দেশমাত্র নাই, সেখানে কেবল ছন্দে লয়ে সংগীতে ভাব বাক্ত করিতে হয়, এবং তলাইতে গেলে কোথাও তল পাওয়া যায় না। কিরণ দেখান হইতে মৰ্জমান এই হতভাগ্যের কেলপাল ধরিয়া যখন তাহার আমতলায় তাহার বেশুনের খেতে টানিয়া তুলিল তখন পায়ের তলায় মাটি পारेका जामि वैक्ति शामाम । जामि मिरिनाम, वाक्रान्माक विक्रि कौ धिक्रा, मरे চড়িয়া দেয়ালে পেরেক মারিয়া, লেবুগাছে ঘনসবুজ পত্ররাশির মধ্য হইতে সবুজ লেব্ফল সন্ধান করিতে সাহায়া করিয়া অভাবনীয় আনন্দ লাভ করা যায়, অথচ সে আনন্দলাভের জন্ত কিছুমাত্র প্রশ্নাস পাইতে হয় না— আপনি যে কথা মুখে আসে, আপনি যে হাসি উচ্ছুসিত হইয়া ওঠে, আকাশ হইতে যতটুকু আলো আসে এবং গাছ হইতে ষতটুকু ছায়া পড়ে তাহাই যথেষ্ট। ইহা ছাড়া আমার কাছে একটি সোনার কাঠি ছিল আমার নবযৌবন, একটি পরশপাধর ছিল আমার প্রেম, একটি অক্ষ্ম কল্পতক ছিল আমার নিজের প্রতি নিজের অক্ষ্ম বিশাস; আমি বিজয়ী, আমি रेख, जामात्र উक्तिः खेवात পথে कारना वाधा प्रिथिए शारे नारे। कित्रन, जामात्र কিরণ, তাহাতে আমার সন্দেহ নাই। সে কথা এতক্ষণ স্পষ্ট করিয়া বলি নাই, কিন্তু क्षाद्भत এक প্রাপ্ত হইতে আর-এক প্রাপ্ত মৃহুর্তের মধ্যে মহাস্থপে বিদীর্ণ করিয়া সে কথা বিহাতের মতো আমার সমস্ত অন্তঃকরণ ধাঁধিয়া ক্ষণে কণে নাচিয়া উঠিতেছিল। কিরণ, আমার কিরণ।

ইতিপূর্বে আমি কোনো অনাত্মীয়া মহিলার সংশ্রবে আসি নাই, ষে নব্য-রমণীগণ শিক্ষালাভ করিয়া অবরোধের বাহিরে সঞ্চরণ করেন তাঁহাদের রীতিনীতি আমি কিছুই অবগত নহি; অতএব তাঁহাদের আচরণে কোন্ধানে শিষ্টতার সীমা, কোন্ধানে প্রেমের অধিকার, তাহা আমি কিছুই জানি না; কিন্তু ইহাও জানি না, আমাকে কেনই বা ভালো না বাসিবে, আমি কোন্ অংশে ন্ন।

কিরণ যখন আমার হাতে চায়ের পেরালাটি দিয়া যাইত তথন চায়ের সঞ্চে পাজভরা কিরণের ভালোবাসাও গ্রহণ করিতাম, চা-টি যখন পান করিভাম ভখন মনে করিতাম, আমার গ্রহণ সার্থক হইল এবং কিরণেরও দান সার্থক হইল। কিরণ যদি সহল হবে বলিত 'মহীদ্রবার, কাল সকাল-সকাল আসবেন তো ?' তাহার মধ্যে ছন্দে লবে বাজিয়া উঠিত—

की माहिनी कान, रक्, की माहिनी कान! करनात श्रांव निष्ड नाहि रक्डामा-रहन! আমি সহজ কথার উত্তর করিতাম, 'কাল আটটার মধ্যে আসব।' তাহার মধ্যে কিষণ কি শুনিতে পাইত না—

> পরানপুতলি তুমি হিষে-মণিহার, সরবস ধন মোর সকল সংসার।

আমার সমস্ত দিন এবং সমস্ত রাত্তি অমৃতে পূর্ণ হইরা গেল। আমার সমস্ত চিন্তা এবং কল্পনা মৃহুর্তে মৃহুর্তে নৃতন নৃতন শাখাপ্রশাখা বিজ্ঞার করিয়া লতার স্থায় কিরণকে আমার সহিত বেষ্টন করিয়া বাঁধিতে লাগিল। বথন শুভ-অবসর আসিবে তথন কিরণকে কী পড়াইব, কী শিখাইব, কী শুনাইব, কী দেবাইব তাহারই অসংখ্য সংকল্পে আমার মন আছের হইয়া গেল। এমন-কি দ্বির করিলাম, জর্মানপণ্ডিত-রচিত দর্শনশাল্পের নব্য ইতিহাসেও বাহাতে তাহার চিন্তের উৎস্ক্র জন্মে এমন শিক্ষা তাহাকে দিতে হইবে, নতুবা আমাকে সে সর্বতোভাবে বৃঝিতে পারিবে না। ইংরাজি কাব্যসাহিত্যের সৌন্দর্যলোকে আমি তাহাকে পথ দেখাইয়া লইয়া হাইব। আমি মনে মনে হাসিলাম, কহিলাম, 'কিরণ, তোমার আমতলা এবং বেশুনের থেত আমার কাছে নৃতন রাজ্ঞা। আমি কন্মিনকালে স্বপ্লেও জানিতাম না বে, সেখানে বেশুন এবং ঝডে-পড়া কাঁচা আম ছাড়াও তুর্লভ অমৃতফল এত সহজে পাওয়া ঘায়। কিস্কু যথন সময় আসিবে তথন আমিও তোমাকে এমন এক রাজ্যে লইয়া হাইব যেখানে বেশুন ফলে না কিন্তু তথাপি বেশুনের অভাব মৃহুর্তের জল্প অমৃতব করিতে হয় না। সে জানের রাজ্য, ভাবের স্বর্গ।"

স্বান্তকালের দিগস্তবিলীন পাশ্বর্ণ সন্ধ্যাতারা ঘনারমান সান্নাক্ত ক্রমেই ষেমন পরিক্ট দীপ্তি লাভ করে, কিরপও তেমনি কিছুদিন ধরিরা ভিতর হইতে আনন্দে লাবণাে নারীন্দের পূর্ণতার যেন প্রকৃটিত হইরা উঠিল। সে যেন তাহার গৃহের, তাহার সংসারের ঠিক মধ্য-আকাশে অধিরোহণ করিয়া চারি দিকে আনন্দের মক্তন-জ্যোভি বিকীর্ণ করিছে লাগিল; সেই জ্যোভিতে তাহার বৃদ্ধ পিতার গুলুকেশের উপর পবিত্রতর উচ্চল আভা পড়িল, এবং সেই জ্যোভি আমার উদ্বেল হৃদরসমূক্তের প্রত্যেক ভরত্বের উপর কিরণের মধুর নামের একটি করিয়া জ্যোভির্ময় স্বাক্তর করিয়া দিল।

এ দিকে আমার ছাট সংক্ষিপ্ত হইয়া আসিল, বিবাহ-উদ্দেশে বাড়ি আসিবার জন্ত পিডায় সঙ্গেহ অন্থরোধ ক্রমে কঠিন আদেশে পরিণত হইবার উপক্রম হইল, এ দিকে অম্ল্যকেও আর ঠেকাইয়া রাখা যান্ত না, সে কোন্দিন উন্তত্ত বক্তহন্তীর ক্রায় আমার এই পদ্মবনের মারখানে ফল করিয়া ভাছার বিপুল চরণচতুইর নিক্ষেপ করিবে এ উদ্বেগও উত্তরোত্তর প্রবল ছইতে লাগিল। কেমন করিয়া অবিলম্বে অন্তরের আকাজ্ঞাকে ব্যক্ত করিয়া আমার প্রণয়কে পরিণয়ে বিকশিত করিয়া তুলিব, তাহাই ভাবিতে লাগিলাম।

পঞ্চম পরিচ্ছেদ

একদিন মধ্যাহ্নকালে ভবনাথবাবুর গৃহে গিয়া দেখি, তিনি গ্রীমের উত্তাপে চৌকিতে ঠেশান দিয়া ঘুমাইয়া পড়িয়াছেন এবং সন্মুখে গঞ্চাতীরের বারান্দায় নির্জন ঘাটের সোপানে বসিয়া কিরণ কী বই পড়িভেছে। আমি নি:শব্দপদে পশ্চাভে গিয়া দেখি, একখানি নৃতন কাব্যসংগ্ৰহ, যে পাতাটি খোলা আছে তাহাতে শেলির একটি কবিতা উদ্ধৃত এবং তাহার পার্ঘে লাল কালিতে একটি পরিষ্কার লাইন টানা। সেই কবিতাটি পাঠ করিয়া কিরণ ঈষৎ একটি দীর্ঘনিশাস ত্যাগ করিয়া স্বপ্নভারাকুল নয়নে আকাশের দূরতম প্রান্তের দিকে চাহিল; বোধ হইল, যেন সেই একটি কবিতা কিরণ व्याक এक घन्छ। धतिया मनवात कतिया পড়িয়াছে এবং व्यनस नोनांकारन, व्यापन समय-তর্ণীর পালে একটিমাত্র উত্তপ্ত দীর্ঘনিখাস দিয়া, তাহাকে অতিদ্র নক্ষত্রলোকে প্রেরণ করিয়াছে। শেলি কাহার জন্ম এই কবিতাটি লিখিয়াছিল জানি না; महौक्षनाथ नामक क्लाना वांक्षांन यूवक्तर क्या लाउं नारे जाराज गत्मर नारे, किन्न আজ এই স্তবগানে আমি ছাড়া আর-কাহারো অধিকার নাই ইহা আমি জোর করিয়া বলিতে পারি। কিরণ এই কবিতাটির পাশে আপন অন্তর্তম হৃদয়-পেন্সিল দিয়া একটি উজ্জল রক্তচিক আঁকিয়া দিয়াছে, সেই মায়াগণ্ডির মোহমঞ্চে কবিতাটি আজ তাহারই, এবং সেই সঙ্গে আমারও। আমি পুলকোচ্ছুসিত চিত্তকে সম্বরণ করিয়া महस स्रा किलाय, "की পড়িতেছেন।" পালভরা নৌকা যেন হঠাৎ চড়ায় ঠেকিয়া গেল। কিরণ চমকিয়া উঠিয়া তাড়াতাড়ি বইখানা বন্ধ করিয়া একেবারে আঁচলের মধ্যে ঢাকিয়া ফেলিল। আমি হাসিয়া কহিলাম, "বইখানি একবার দেখিতে পারি?" कित्रं को एयन वां जिन, तम जां शहर हकां दित्र बिनिया छिठिन, "ना ना, '७ वहें थाक्।"

আমি কিয়দ্দ্রে একটা ধাপ নীচে বসিন্না ইংরাজি কাব্যসাহিত্যের কথা উত্থাপন করিলাম, এমন করিন্না কথা তুলিলাম যাহাতে কিরণেরও সাহিত্যশিক্ষা হয় এবং আমারও মনের কথা ইংরাজ কবির জবানিতে ব্যক্ত হইন্না উঠে। খররোজতাপে স্থাভীর নিস্তন্ধভার মধ্যে জলের স্থলের ছোটো ছোটো কলশনগুলি নিজাকাতর জননীর ঘ্যপাড়ানি গানের মতো অভিশন্ন মৃত্ন এবং সকরণ হইন্না আসিল।

कित्रण रयन अभीत्र रहेन्रा উঠिन; कहिन, "वावा এका विनिन्ना आहिन, अनस्ट

আকাশ সহছে আপনাদের সে ভর্কটা শেষ করিবেন লা?" আমি মনে মনে ভাবিলাম, অনম্ভ আকাশ তো চিরকাল থাকিবে এবং তাহার সহছে ভর্কও তো কোনোকালে শেষ হইবে না, কিছু জীবন স্বন্ধ এবং শুভ অবসর ফুর্লড ও ক্লপ্যায়ী। কিরণের কথার উদ্ভর না দিয়া কহিলাম, "আমার কতকণ্ডলি কবিতা আছে, আপনাকে শুনাইব।" কিরণ কহিল, "কাল শুনিব।" বলিয়া একেবারে উঠিয়া ঘরের দিকে চাহিয়া বলিয়া উঠিল, "বাবা, মহীক্রবার্ আসিয়াছেন।" ভবনাথবার্ নিজ্রাভব্দে বালকের ন্তায় তাঁহার সরল নেত্রহুর উন্মালন করিয়া ব্যন্ত হইয়া উঠিলেন। আমার বক্ষে যেন ধক্ করিয়া একটা মন্ত যা লাগিল। ভবনাথবার্র ঘরে গিয়া অনম্ভ আকাশ সহছে তর্ক করিতে লাগিলাম। কিরণ বই হাতে লইয়া দোতলায় বোধ হর তাহার নির্জন শ্রনকক্ষে নির্বিদ্ধে পড়িতে গেল।

• পরদিন সকালের ভাকে লালপেন্সিলের দাগ দেওয়া একখানা স্টেইস্মান কাগজ পাওয়া গোল, তাহাতে বি এ পরীকার ফল বাহির হুইয়াছে। প্রথমেই প্রথম-ভিবিশান-কোঠায় কিরণবালা বন্দ্যোপাধ্যায় বলিয়া একটা নাম চোখে পড়িল; আমার নিজের নাম প্রথম দিতীয় তৃতীয় কোনো বিভাগেই নাই।

পরীক্ষার অকতার্থ হইবার বেদনার সঙ্গে বজ্ঞাগ্নির ন্যায় একটা সন্দেহ বাজিতে লাগিল যে, কিরণবালা বন্দ্যোপাধ্যায় হয়তো আমাদেরই কিরণবালা। সে-যে কালেকে পড়িয়াছে বা পরীক্ষা দিয়াছে, এ কথা যদিও আমাকে বলে নাই তথাপি সন্দেহ ক্রমেই প্রবল হইতে লাগিল। কারণ, ভাবিয়া দেখিলাম, বৃদ্ধ পিতা এবং তাঁহার ক্যাটি নিজেদের সম্বন্ধে কোনো কথাই কথনো আলাপ করেন নাই, এবং আমিও নিজের আখ্যান বলিতে এবং নিজের বিহ্যা প্রচার করিতে সর্বদাই এমন নিযুক্ত ছিলাম যে, তাঁহাদের কথা ভালো করিয়া জিক্ষাসাও করি নাই।

শ্বমিনপণ্ডিত-রচিত আমার নৃতন-পড়া দর্শনের ইতিহাস সম্বারীর তর্কঞ্জিল আমার মনে পড়িতে লাগিল, এবং মনে পড়িল, আমি একদিন কিরণকে বলিরাছিলাম, "আপনাকে যদি আমি কিছুদিন গুটিকতক বই পড়াইবার স্বযোগ পাই ভাহা হইলে ইংরাজি কাব্যসাহিত্য সম্বন্ধে আপনার একটা পরিষার ধারণা জন্মাইতে পারি।"

कियन योग वर्षने वा व्याप व्या

व्ययमार्थ व्यवन व्योग निम्ना व्यानन जनाक्त व्यश्नाम्य के किया किया किया किया व

"হয় হউক— আমার রচনাবলী আমার জয়ন্তভা।" বলিয়া থাতা-হাতে সবলে পা ফেলিয়া মাথা পুর্বাপেকা উচ্চে তুলিয়া ভবনাথবাবুর বাগানে গিয়া উপস্থিত হইলাম।

তথন তাঁছার ঘরে কেই ছিল না। আমি একবার ভালো করিয়া বৃদ্ধের
পৃষ্টকগুলি নিরীক্ষণ করিতে লাগিলাম। দেখিলাম, এক কোণে আমার সেই
নব্যকার্মান-পণ্ডিত-রচিত দর্শনের ইভিহাসখানি অনাদরে পড়িয়া রহিয়াছে, খুলিয়া
দেখিলাম, ভবনাথবাব্র স্বহন্তলিখিত নোটে ভাহার মার্জিন পরিপূর্ণ। বৃদ্ধ নিক্ষে
তাঁহার কলাকে শিক্ষা দিয়াছেন। আমার আর সন্দেহ রহিল না।

ভবনাথবাবু অক্সদিনের অপেক্ষা প্রসন্ধাতিবিচ্ছুরিত মুথে ঘরে আসিয়া প্রবেশ করিলেন, যেন কোনো স্থাংবাদের নির্ম্বরধারায় তিনি সভা প্রাভঃলান করিয়া আসিরাছেন। আমি অকস্মাৎ কিছু দন্তের ভাবে রুক্ষহান্ত হাসিয়া কহিলাম, "ভবনাথবাবু, আমি পরীক্ষায় ফেল করিয়াছি।" যে-সকল বড়ো বড়ো লোক বিভালয়ের পরীক্ষায় ফেল করিয়া জীবনের পরীক্ষায় প্রথমশ্রেণীতে উত্তীর্ণ হয়, আমি যেন আন্দ্র তাহাদেরই মধ্যে গণ্য হইলাম। পরীক্ষা বাণিক্য ব্যবসায় চাকুরি প্রভৃতিতে রুভকার্য হওয়া মাঝামাঝি লোকের লক্ষ্য, নিয়তম এবং উচ্চতম শ্রেণীর লোকদেরই অক্সভকার্য হইবার আন্দর্য ক্ষমতা আছে। ভবনাথবাবুর মুখ সম্মেহকক্ষ্য হইয়া আসিল, তিনি তাহার কল্যার পরীক্ষোভরণসংবাদ আমাকে আর দিতে পারিলেন না; কিছু আমার অসংগত উগ্র প্রফ্রতা দেখিয়া কিছু বিস্মিত হইয়া গোলেন। তাহার সরল বৃদ্ধিতে আমার গর্বের কারণ বৃঝিতে পারিলেন না।

এমন সময় আমাদের কালেজের নবীন অধ্যাপক বামাচরণবাব্র সহিত কিরণ সলজ্জ সরসোজ্জল মুখে বর্ষাধীত লতাটির মতো ছল্ছল্ করিতে করিতে ঘরের মধ্যে প্রবেশ করিল। আমার আর কিছুই ব্ঝিতে বাকি রহিল না। রাত্রে বাড়িতে আসিরা আমার রচনাবলীর খাতাখানা পুড়াইরা ফেলিরা দেশে গিরা বিবাহ করিলাম।

গদার ধারে যে বৃহৎ কাবা লিখিবার কথা ছিল তাহা লেখা হইল না, কিছু জীবনের মধ্যে তাহা লাভ করিলাম।

कास ३७० t

রাজটিকা

নবেন্দ্রশেধরের সহিত অরুণদৈখার যথন বিবাহ হইল তখন হোমধ্যের অন্তরাল হইতে ভগবান প্রজাপতি ঈবং একটু হাস্ত করিলেন। হার, প্রজাপতির পক্ষে যাহা খেলা আমাদের পক্ষে তাহা সকল সময়ে কৌতুকের নহে।

নবেন্দুশেখরের পিতা পূর্ণেন্দুশেধর ইংরাজরাজ-সরকারে বিখ্যাত। তিনি এই ভবসমূত্রে কেবলমাত্র ক্রতবেগে সেলাম-চালনা ধারা রায়বাহাত্রর পদবীর উত্তুক্ত মককুলে উত্তান হইরাছিলেন। আরো তুর্গমতর সমানপথের পাথের তাঁহার ছিল, কিন্তু পঞার বংসর বয়:ক্রমকালে অনতিদ্রবর্তী রাজ্ঞধেতাবের কুহেলিকাছের গিরিচ্ডার প্রতি কন্ধণ লোলুপ দৃষ্টি হিরনিবদ্ধ করিয়া এই রাজাহুগৃহীত ব্যক্তি অক্সাৎ থেতাব-বর্জিত-লোকে গমন করিলেন এবং তাঁহার বহু-সেলাম-শিথিল গ্রীবাগ্রন্থি শ্রশানশ্ব্যার বিশ্রাম লাভ করিল।

কিন্তু, বিজ্ঞানে বলে, শক্তির স্থানান্তর ও রূপান্তর আছে, নাশ নাই—চঞ্চনা লক্ষ্মীর অচঞ্চলা স্থা সেলামশক্তি পৈতৃক স্বন্ধ হইতে পুত্রের স্বন্ধে অবজীন হইলেন, এবং নবেন্দুর নবীন মন্তক তরঙ্গতাড়িত কুমাণ্ডের মতে। ইংরাজের থারে খারে আবিশ্রাম উঠিতে পড়িতে লাগিল।

নি:সম্ভান অবস্থায় ইহার প্রথম জীর মৃত্যু হইলে যে পরিবারে ইনি বিতীয় দারপরিগ্রহ করিলেন সেখানকার ইতিহাস ভিন্নপ্রকার।

সে পরিবারে বড়োভাই প্রমথনাথ পরিচিতবর্গের প্রীতি এবং আত্মীয়বর্গের আদরের স্থল ছিলেন। বাড়ির লোকে এবং পাড়ার পাঁচজনে তাঁহাকে সর্ববিষয়ে অনুকরণস্থল বলিয়া আনিত।

প্রমথনাথ বিছায় বি. এ এবং বৃদ্ধিতে বিচক্ষণ ছিলেন, কিন্তু মোটা মাহিনা বা ক্লার কলমের কোনো ধার ধারিতেন না; মৃক্ষিরে বলও তাঁহার বিশেষ ছিল না, কারণ, ইংরাজ তাঁহাকে যে পরিমাণ দ্রে রাখিত তিনিও তাহাকে সেই পরিমাণ দ্রে রাখিয়া চলিতেন। অভএব, গৃহকোণে এবং পরিচিত্মগুলীর মধ্যেই প্রমথনাথ জাজলামান ছিলেন, দ্রন্থ লোকের দৃষ্টি আকর্ষণ করিবার কোনো ক্ষমতা তাঁহার ছিল না।

এই প্রমণনাথ একবার বছর তিনেকের জন্ম বিলাতে জ্রমণ করিয়া আসিয়াছিলেন। সেখানে ইংরাজের সৌজন্মে মৃথ হইয়া ভারতবর্ষের অপমানহঃখ সমস্ত ভুলিয়া ইংরাজি সাক্ষ পরিয়া দেশে ফিরিয়া আসেন।

खाইবোনেরা প্রথমটা একটু কুষ্ঠিত হইল, खबम्पर ছুইদিন পরে বলিতে লাগিল, ২১॥১৭ ইংরাজি কাপড়ে দাদাকে যেমন মানায় এমন আর-কাছাকেও না। ইংরাজি বজের গৌরবগর্ব পরিবারের অন্তরেয় মধ্যে ধীরে ধীরে সঞারিত হইল।

প্রমথনাথ বিলাত হইতে মনে ভাবিয়া আসিয়াছিলেন 'কী করিয়া ইংয়াজের সহিত সমপ্রায় রক্ষা করিয়া চলিতে হয় আমি তাহারই অপূর্ব দৃষ্টান্ত দেখাইব'— নত না হইলে ইংরাজের সহিত মিলন হয় না এ কথা যে বলে সে নিজের হীনতা প্রকাশ করে এবং ইংরাজকেও অন্যায় অপরাধী করিয়া থাকে।

প্রমধনাথ বিলাতের বড়ো বড়ো লোকের কাছ হইতে অনেক সাদরপত্র আনিয়া ভারতবর্ষীয় ইংরাজমহলে কিঞিৎ প্রতিপত্তি লাভ করিলেন। এমন-কি মধ্যে মধ্যে সন্ত্রীক ইংরাজের চা ডিনার খেলা এবং হাস্তকোতৃকের কিঞ্চিং কিঞিৎ ভাগ পাইডে লাগিলেন। সৌভাগ্যমদমন্ততায় ক্রমশই তাঁহার শিরা-উপশিরাগুলি অল্প অল্প রীরী করিতে শুক্ করিল।

তমন সময়ে একটি নৃতন রেলওয়ে লাইন খোলা উপলক্ষে রেলওয়ে কোম্পানির নিমন্ত্রণ ছোটোলাটের সঙ্গে দেশের অনেকগুলি রাজপ্রসাদগর্বিত সন্ত্রাস্তলোকে গাড়ি বোঝাই করিয়া নবলোহপথে যাত্রা করিলেন। প্রথমনাথও তাহার মধ্যে ছিলেন।

ফিরিবার সময় একটা ইংরাজ দারোগা দেশীয় বড়োলোকদিগকে কোনো-এক বিশেষ গাড়ি হইতে অত্যস্ত অপমানিত করিয়া নামাইয়া দিল। ইংরাজবেশধারী প্রমথনাথও মানে মানে নামিয়া পড়িবার উপক্রম করিতেছেন দেখিয়া দারোগা কহিল, "আপনি উঠিতেছেন কেন, আপনি বস্থন-না।"

এই বিশেষ সন্মানে প্রমথনাথ প্রথমটা একটু স্ফাত হইয়া উঠিলেন। কিন্তু, যথন গাড়ি ছাড়িয়া দিল, যথন তৃণহীন কর্ষণধূসর পশ্চিম প্রান্তরের প্রান্তসীমা হইতে মান স্থান্ত-আভা সক্ষণরক্তিম লচ্চার মতো সমন্ত দেশের উপর যেন পরিব্যাপ্ত হইয়া পড়িল এবং যথন তিনি একাকী বসিয়া বাতায়নপথ হইতে অনিমেষনয়নে বনান্তরাল-বাসিনী কৃতিতা বঙ্গভূমির প্রতি নিরীক্ষণ করিয়া ভাবিতে লাগিলেন, তথন ধিকারে তাঁহার হাদয় বিদীণ হইল এবং হই চক্ষ্ দিয়া অগ্রিজালাময়ী অক্রধারা পড়িতে লাগিল।

তাঁহার মনে একটা গল্পের উদন্ন হইল। একটি গর্দভ রাজপথ দিয়া দেবপ্রতিমার রথ টানিয়া চলিতেছিল, পথিকবর্গ তাহার সম্মুথে ধুলার লুন্তিত হইয়া প্রতিমাকে প্রণাম করিতেছিল এবং মৃঢ় গর্দভ আপন মনে ভাবিতেছিলেন, 'সকলে আমাকেই সম্মান করিতেছে।'

श्रम्भाष मत्न मत्न कहिलानं, 'गर्माखत्र महिल ष्यामात्र धरे धक्रे श्राप्तम

मिश्टिक, जामि जांक वृत्तिवाहि, नषान जांगांटक नटक, जांगांत करकत्र दावाक्षमाटक।

প্রমথনাথ বাড়ি আসিয়া বাড়ির ছেলেপুলে সকলকে ডাকিয়া একটা হোমায়ি জালাইলেন এবং বিলাতি বেশভ্যাগুলো একে একে আছতিশ্বরূপ নিক্ষেপ করিতে লাগিলেন। শিখা যভই উচ্চ হইয়া উঠিল ছেলেয়া ভতই উচ্ছুসিত আনন্দে নৃত্য করিতে লাগিল।

তাহার পর হইতে প্রমথনাথ ইংরাজ্বরের চারের চুমুক এবং ক্লটির টুকরা পরিত্যাগ করিয়া পুনশ্চ গৃহকোণত্র্গের মধ্যে তুর্গম হইয়া বসিলেন, এবং পূর্বোক্ত লাছিত উপাধিধারীগণ পূর্ববং ইংরাজের ছারে ছারে উফীষ আন্দোলিত করিয়া ফিরিতে লাগিল।

ি দৈবছর্বোগে দুর্ভাগ্য নবেন্দুশেধর এই পরিবারের একটি মধ্যমা ভগিনীকে বিবাহ করিয়া বসিলেন। বাড়ির মেয়েগুলি লেখাপড়াও ষেমন জানে দেখিতে শুনিতেও তেমনি; নবেন্দু ভাবিলেন, 'বড়ো জিতিলাম।'

কিন্ত 'আমাকে পাইরা তোমরাও জিতিয়াছ' এ কথা প্রমাণ করিতে কালবিলম্ব করিলেন না। কোন্ সাহেব তাঁহার বাবাকে কবে কী চিঠি লিখিয়াছিল তাহা খেন নিতান্ত প্রমবশত দৈবক্রমে পকেট হইতে বাহির করিয়া খালীদের হন্তে চালান করিয়া দিতে লাগিলেন। খালীদের ফুলর স্থকোমল বিম্নোষ্ঠের ভিতর হইতে তীক্ষ প্রথম হাসি বখন টুক্টুকে মখমলের খাপের ভিতরকার কক্ঝকে ছোরার মতো দেখা দিতে লাগিল, তখন ম্বানকালপাত্র সম্বন্ধে হতভাগোর চৈতক্ত জনিল। বৃষিল, 'বড়ো ভূল করিয়াছি।'

খালীবর্ণের মধ্যে জ্যোষ্ঠা এবং রূপে গুণে জ্রেষ্ঠা লাবণালেখা একদা গুড়দিন দেখিরা নবেন্দ্র শরনককের কুল্দির মধ্যে তুইজ্যোড়া বিলাভি বুট সিন্দ্রে মণ্ডিভ করিয়া স্থাপন করিল; এবং তাহার সম্মুখে ফুলচন্দন ও তুই জ্বলম্ভ বাভি রাখিয়া ধ্পধুনা জালাইয়া দিল। নবেন্দ্ ঘরে প্রবেশ করিবামাত্র তুই খালী ভাহার তুই স্থান ধরিয়া কহিল, "ভোমার ইইদেবভাকে প্রণাম করো, তাঁহার কল্যাণে ভোমার পদবৃদ্ধি হউক।"

তৃতীয়া খালী কিরণলেখা বছদিন পরিশ্রম করিয়া একখানি চাদরে জোল নিথ ব্রাউন টম্সন প্রভৃতি একশত প্রচলিত ইংরাজি নাম লাল স্থতা দিয়া সেলাই করিয়া একদিন মহাসমায়োছে নবেন্দুকে নামাবলি উপহার দিল। চতুর্থ খালী শশান্ধলেখা যদিও বয়:ক্রম ছিলাবে গণাব্যক্তির মধ্যে নছে, বলিল, "ভাই, আমি একটা অপমালা তৈরি করিয়া দিব, লাহেবের নাম অপ করিবে।"

তাহার বড়ো বোনরা তাহাকে শাসন করিয়া বলিল, "যা:, তোর আর জাঠামি করিতে হইবে না।"

নবেন্দ্র মনে মনে বাগও হয়, লজ্জাও হয়, কিন্তু শ্রালীদের ছাড়িতেও পারে না; বিশেষত বড়োশ্রালীটি বড়ো স্থলরী। তাহার মধুও যেমন কাঁটাও তেমনি; তাহার নেশা এবং তাহার জালা হটোই মনের মধ্যে একেবারে লাগিয়া থাকে! ক্ষতপক্ষ পতক রাগিয়া ভোঁ-ভোঁ করিতে থাকে অথচ অন্ধ অবোধের মতো চারি দিকে ঘ্রিয়া ঘ্রিয়া মরে।

অবশেষে শ্রালীসংসর্গের প্রবল মোহে পড়িয়া সাহেবের সোহাগ-লালসা নবেন্দ্র সম্পূর্ণ অস্বীকার করিতে লাগিল। বড়োসাহেবকে যেদিন সেলাম নিবেদন করিতে বাইত শ্রালীদিগকে বলিত, "হ্বেক্সবাড়ুযোর বক্তৃতা শুনিতে ঘাইতেছি।" দার্জিলিং হইতে প্রত্যাসন্ন মেজোসাহেবকে শেরালদহ স্টেশনে সম্মান জ্ঞাপন করিতে যাইবার সমন্ন শ্রালীদিগকে বলিয়া যাইত, "মেজমামার সহিত দেখা করিতে চলিলাম।"

সাহেব এবং শ্রালী, এই তুই নৌকার পা দিয়া হতভাগা বিষম সংকটে পড়িল। শ্রালীরা মনে মনে কহিল, 'ভোমার অক্ত নৌকাটাকে ফুটা না করিয়া ছাড়িব না।'

মহারানীর আগামী জন্মদিনে নবেন্দু খেতাব-শ্বর্গলোকের প্রথম সোপানে রায়বাহাত্ত্ব পদবীতে পদার্পণ করিবেন এইরপ গুজব গুলা গেল, কিন্তু সেই সম্ভাবিত সম্মানলাভের আনন্দ-উচ্চুসিত সংবাদ ভীক্ষ বেচারা খালীদিগের নিকটে বাক্ত করিতে পারিল না; কেবল একদিন শরংশুক্রপক্ষের সায়াহে সর্বনেশে চাঁদের আলোকে পরিপ্র্ণিচিন্তাবেগে দ্বীর কাছে প্রকাশ করিয়া ফেলিল। পরদিন দিবালোকে দ্বী পান্ধি করিয়া তাহার বড়দিদির বাড়ি গিয়া অঞ্চগদ্গদ করে আক্ষেপ করিতে লাগিল। লাবণ্য কহিল, "তা বেশ তো, রায়বাহাত্ত্ব হইয়া তোর স্বামীর তোলে বাছির হইবে না, তোর এত লক্ষাটা কিসের!"

অরুণলেখা বারম্বার বলিতে লাগিল, "না দিদি, আর যা-ই হই, আমি রামবাহাত্ত্রনী হইতে পারিব না।"

আসল কথা, অঙ্গণের পরিচিত ভূতনাথবার্ রাম্বাহাছ্র ছিলেন, পদবীটার প্রতি আন্তরিক আপত্তির কারণ তাহাই। मार्या व्यत्व व्यापात्र मिश्रा कहिन, "व्याक्ता, खांदि त्रक्छ डांविएड इहेर्द ना।"

বন্ধারে লাবণার স্বামী নীলরতন কাজ করিতেন। শরতের অবসানে নবেন্দু সেধান হইতে লাবণার নিমন্ত্রণ পাইলেন। আনন্দচিত্তে অনতিবিলম্বে গাড়ি চড়িরা যাত্রা করিলেন। রেলে চড়িবার সময় তাঁহার বামান্দ কাঁপিল না, কিন্তু তাহা হইতে কেবল এই প্রমাণ হয় যে, আসম বিপদের সময় বামান্দ কাঁপাটা একটা অমৃলক কুসংস্থারমাত্র।

লাবণ্যলেখা পশ্চিম প্রদেশের নবশীতাগমসস্থৃত সাস্থা এবং সৌন্দর্বের অরুবে পাঞ্রে পূর্ণপরিক্ট হইন্না নির্মল শরৎকালের নির্জন-নদীকৃল-লালিতা অমানপ্রফুলা কাশবনশ্রীর মতো হাস্তে ও হিল্লোলে ঝলমল করিতেছিল।

' নবেন্দুর মৃশ্ব দৃষ্টির উপরে যেন একটি পূর্ণপূপিতা মালতীলতা নবপ্রভাতের শীভোজ্জল নিশিরকণা ঝলকে ঝলকে বর্ষণ করিতে লাগিল।

মনের জানন্দে এবং পশ্চিমের হাওয়ায় নবেন্দ্র জ্ঞান রোগ দ্র হইয়া গেল।
ভাত্যের নেশায়, সৌন্দর্যের মোহে এবং শ্রালীহন্তের গুঞাষাপুলকে সে যেন মাটি ছাড়িয়া
ভাকাশের উপর দিয়া চলিতে লাগিল। তাহাদের বাগানের সম্মুখ দিয়া পরিপূর্ণ গলা
যেন তাহারই মনের ত্রম্ভ পাগলামিকে আকার দান করিয়া বিষম গোলমাল করিতে
করিতে প্রবল আবেগে নিক্দেশ হইয়া চলিয়া ষাইত।

ভোরের বেলা নদীতীরে বেড়াইয়া ফিরিবার সময় শীতপ্রভাতের স্নিয়বৌল যেন প্রিয়মিলনের উভাপের মতো ভাহার সমন্ত শরীরকে চরিভার্থ করিয়া দিত। ভাহার পর ফিরিয়া আসিয়া ভালীর শধের রন্ধনে জোগান দিবার ভার লইয়া নবেনুর অক্কভা ও অনৈপুণ্য পদে পদে প্রকাশ পাইতে থাকিত। কিন্তু, অভ্যাস ও মনোযোগের দারা উত্রোক্তর ভাহা সংশোধন করিয়া লইবার জন্ত মৃচ অনভিজ্ঞের কিছুমাত্র আগ্রহ দেখা গেল না, কারণ, প্রভাহ নিজেকে অপরাধী করিয়া সে যে-সকল ভাড়না ভর্বনা লাভ করিভ ভাহাতে কিছুভেই ভাহার তৃপ্তির শেব হইত না। ষথাযথ পরিমাণে মালমসলা বিভাগ, উনান হইতে হাঁড়ি ভোলা-নামা, উত্তাপাধিক্যে বাঞ্জন পুড়িয়া না যায় ভাহার যথোচিত ব্যবস্থা— ইত্যাদি বিষয়ে সে যে সভোজাত শিশুর মজো অপটু অক্ষম এবং নিরুপায় ইহাই প্রভাহ বলপুর্বক প্রমাণ করিয়া নবেনু শ্রালীর রূপামিশ্রিত হাস্ত এবং হাস্কমিশ্রিত লাভুনা মনের স্থাধে ভোগ করিত।

यधारिक अक विरक क्यांत्र छाएना चन्न विरक कांनीत नीएानीए, निरक्त बाधक

এবং প্রিয়জনের ঔংহকা, রন্ধনের পারিপাটা এবং রন্ধনীর সেবামাধুর্ব, উভয়ের সংযোগে ভোজন ব্যাপারের ওজন রক্ষা করা তাহার পক্ষে কঠিন হইয়া উঠিত।

আহারের পর সামায় তাস খেলাতেও নবেন্ প্রতিভার পরিচন্ন দিতে পারিত না।
চুরি করিত, হাতের কাগজ দেখিত, কাড়াকাড়ি বকাবকি বাধাইয়া দিত কিন্তু তব্
জিতিতে পারিত না। না জিতিলেও জাের করিয়া তাহার হার অসীকার করিত এবং
সেজ্য প্রতাহ তাহার গলনার সীমা থাকিত না; তথাপিও পাষ্ত আত্মসংশোধনচেয়ার
সম্পূর্ণ উদাসীন ছিল।

কেবল এক বিষয়ে তাছার সংশোধন সম্পূর্ণ হইরাছিল। সাহেবের সোছাগ যে জীবনের চরম লক্ষা, এ কথা সে উপস্থিতমত ভূলিয়া গিরাছিল। আত্মীয়-সম্বনের শ্রহা ও স্নেহ যে কত স্থের ও গৌরবের ইহাই সে সর্বাস্তঃকরণে অমুভব করিতেছিল।

তাহা ছাড়া, সে যেন এক নৃতন আবহাওয়ার মধ্যে পড়িয়া গিয়াছিল। লাবণ্যর স্বামী নীলরতনবাব আদালতে বড়ো উকিল হইয়াও সাহেবস্থবাদের সহিত সাক্ষাৎ করিতে ষাইতেন না বলিয়া অনেক কথা উঠিত। তিনি বলিতেন, "কাজ কী, ভাই! যদি পান্টা ভদ্রতা না করে তবে আমি ষাহা দিলাম তাহা তো কোনোমতেই ফিরাইয়া পাইব না। মকভূমির বালি ফুটফুটে সাদা বলিয়াই কি তাহাতে বীজ বুনিয়া কোনো স্বধ আছে! ফসল ফিরিয়া পাইলে কালো জমিতেও বীজ বোনা যায়।"

নবেন্দুও টানে পড়িয়া দলে ভিড়িয়া গেল তাহার আর পরিণামচিস্তা রহিল না। পৈতৃক এবং স্বকীয় যত্ত্বে পূর্বে জমি যাহা পাট করা ছিল তাহাতেই রায়বাহাত্ত্রর থেতাবের সম্ভাবনা আপনিই বাড়িতে লাগিল। ইতিমধ্যে আর নবজলসিঞ্চনের প্রয়োজন রহিল না। নবেন্দু ইংরাজের বিশেষ একটি শথের শহরে এক বহুবায়সাধ্য ঘোড়দৌড়স্থান নির্মাণ করিয়া দিয়াছিলেন।

হেনকালে কন্গ্রেসের সময় নিকটবর্তী হইল। নীলরতনের নিকট চাদা-সংগ্রছের অহুরোধপত্র আসিল।

নবেন্দু লাবণ্যর সহিত মনের আ্বানন্দে নিশ্চিম্বমনে তাস থেলিতেছিল। নীলরতন খাতা-হচ্চে মধ্যে আসিয়া পড়িয়া কহিল, "একটা সই দিতে হইবে।"

পূর্বসংস্কারক্রমে নবেন্দ্র মুখ শুকাইয়া গেল। লাবণ্য শশব্যস্ত হইয়া কহিল, "খবরদার, এমন কাজ করিয়ো না, ভোমার ঘোড়দৌড়ের মাঠথানা মাটি হইয়া যাইবে।"

नर्वम् आकानन कवित्रा किन, "लाई खावनात्र आयाद द्वारत प्य हत्र ना!"

নীলরতন আখাদ দিয়া কহিল, "তোমার নাম কোনো কাগভে প্রকাশ হইবেনা।"

লাবণ্য অত্যন্ত চিন্তিত বিজ্ঞভাবে কহিল, "তবু কাঞ্চ কী! কী জানি যদি কথায় কথায়—"

নবেন্দু তীব্রস্বরে কহিল, "কাগজে প্রকাশ হইলে আমার নাম ক্ষইরা ষাইবে না।"
এই বলিয়া নীলরতনের হাত হইতে থাতা টানিয়া একেবারে হাজার টাকা
ফদ্ করিয়া সই করিয়া দিল। মনের মধ্যে আশা রহিল, কাগজে সংবাদ বাহির
হইবে না।

नावना माथात्र शंक नित्रा किन, "क्तिएन की!" नरवन्त्र मर्गक्त किन, "क्नि, व्यक्तात्र की क्तित्राहि।"

লাবণ্য কহিল, "শেরালদ দেউলনের গার্ড, হোরাইট্-আাবের দোকানের আাসিস্টান্ট, হার্ট্রাদারদের সহিস-সাহেব, এরা যদি ভোমার উপর রাগ করিয়া অভিযান করিয়া বসেন, যদি ভোমার পূজার নিমন্ত্রণে ভাস্পেন থাইতে না আসেন, যদি দেখা হইলে ভোমার পিঠ না চাপড়ান!"

नत्वमू উদ্বতভাবে কহিল, "তাহা হইলে আমি বাসায় গিয়া মরিয়া থাকিব।"

দিনকদ্বেক পরেই নবেন্দু প্রাতঃকালে চা ধাইতে-ধাইতে ধবরের কাগফ পড়িতেছেন, হঠাৎ চোধে পড়িল এক x স্বাক্ষরিত পত্রপ্রেরক তাঁহাকে প্রচুর ধন্তবাদ দিয়া কন্গ্রেসে চাঁদার কথা প্রকাশ করিয়াছে এবং তাঁহার মতো লোককে দলে পাইয়া কন্গ্রেসের যে কতটা বলবৃদ্ধি হইয়াছে লোকটা তাহারও পরিমাণ নির্ণন্ন করিতে পারে নাই।

কন্গ্রেসের বলবৃদ্ধি! হা স্বর্গাত তাত পূর্বেন্দুশেখর! কন্গ্রেসের বলবৃদ্ধি করিবার জ্ঞাই কি তুমি হতভাগাকে ভারতভূমিতে জন্মদান করিয়াছিলে!

কিন্ত, ছংখের সঙ্গে স্থাও আছে। নবেন্দুর মতো লোক যে যে-সে লোক নহেন, তাঁহাকে নিজ তীরে তুলিবার জন্ত যে এক দিকে ভারতবর্ষীর ইংরাজ-সম্প্রদার অপর দিকে কন্ত্রেস লালান্নিতভাবে ছিপ ফেলিয়া জনিমিষলোচনে বসিয়া আছে, এ কথাটা নিভান্ত ঢাকিয়া রাখিবার কথা নছে। অভএব নবেন্দু হাসিতে হাসিতে কাগজখানা লইয়া লাবণ্যকে দেখাইলেন। কে লিখিয়াছে যেন কিছুই জানে না, এমনি ভাবে লাবণ্য আকাল হইতে পড়িয়া কহিল, "ওমা, এ যে সমস্তই ফাঁস করিয়া দিয়াছে। আহা। আহা। ভোমার এমন শক্র কে ছিল। তাহার কলমে যেন মুণ ধরে, ভাহার কালিতে যেন বালি পড়ে, ভাহার কাগজ যেন পোকার কাটে—"

নবেন্দু হাসিয়া কহিল, "আর অভিশাপ দিয়ো না। আমি আমার শত্রুকে মার্জনা করিয়া আশীর্বাদ করিতেছি, তাহার সোনার দোয়াত-কলম হয় যেন!"

ছাইদিন পরে কন্ত্রেসের বিপক্ষপক্ষীর একখানা ইংরাজ-সম্পাদিত ইংরাজি কাগজ ভাকবোগে নবেন্দুর হাতে আসিরা পৌছিলে পড়িয়া দেখিলেন, ভাহাতে 'One who knows' স্বাক্ষরে পূর্বোক্ত সংবাদের প্রতিবাদ বাহির হইয়াছে। লেখক লিখিতেছেন বে, নবেন্দুকে বাঁহারা জানেন ভাঁহারা ভাঁহার সম্বন্ধে এই ছুর্নাম-রটনা কখনোই বিশাস করিতে পারেন না; চিভাবাদের পক্ষে নিজ চর্মের ক্লফ অন্বগুলির পরিবর্তন বেমন অসম্ভব নবেন্দুর পক্ষেও কন্ত্রেসের দলরুদ্ধি করা তেমনি। বাবু নবেন্দু-শেধরের যথেষ্ট নিজম্ব পদার্থ আছে, তিনি কর্মণুক্ত উমেদার ও মজ্কেলণুক্ত আইনজীবী নহেন। তিনি ছুইদিন বিলাতে ঘুরিয়া, বেশভ্ষা-আচারব্যবহারে অভুত কপিরুদ্ধি করিয়া, স্পর্যভিরে, ইংরেজ-স্মাজে প্রবেশোগত হইয়া, অবশেষে ক্রমনেন হতাশভাবে ফিরিয়া আনেন নাই, অতএব কেন যে তিনি এই-সকল ইত্যাদি ইত্যাদি।

হা পরলোকগত পিতঃ পূর্ণেন্দুশেখর! ইংরাজের নিকট এত নাম এত বিশাস সঞ্চয় করিয়া তবে তুমি মিরিয়াছিলে!

এ চিঠিখানিও শ্রালীর নিকট পেখমের মতো বিস্তার করিয়া ধরিবার যোগ্য। ইহার মধ্যে একটা কথা আছে যে, নবেন্দু অখ্যাত অকিঞ্ন লক্ষীছাড়া নহেন, তিনি সারবান পদার্থবান লোক।

লাবণ্য পুনশ্চ আকাশ হইতে পড়িয়া কছিল, "এ আবার তোমার কোন্ পরমবদ্ধ লিখিল! কোন্ টিকিট কালেক্টর, কোন্ চামড়ার দালাল, কোন্ গড়ের বাছের বাজনদার!"

নীলরতন কহিল, "এ চিঠির একটা প্রতিবাদ করা তো তোমার উচিত।" নবেন্দু কিছু উঁচু চালে বলিল, "দরকার কী! যে যা বলে ভাহারই কি প্রতিবাদ করিতে হইবে।"

লাবণ্য উচ্চৈ:স্বরে চারি দ্বিকে একেবারে হাসির ফোরারা হড়াইরা দিল। নবেন্দু অপ্রতিভ হইরা কহিল, "এত হাসি বে।"

ভাহার উত্তরে লাবণ্য পুনর্বার অনিবার্য বেগে হাসিয়া পুলিভযৌবনা দেহলভা পৃষ্ঠিত করিতে লাগিল।

নবেনু নাকে মুখে চোখে এই প্রচ্ন পরিহাসের পিচকারি খাইরা অভাস্ত নাকাল হইল। একটু ক্ষ হইরা কহিল, "তুমি মনে করিভেছ, প্রতিবাদ করিভে আমি ভন্ন করি।" লাবণা কহিল, "ভা কেন। আমি ভাবিভেছিলাম, ভোমার অনেক আশাভরসার সেই ঘোড়দৌড়ের মাঠথানি বাঁচাইবার চেষ্টা এথনো ছাড় নাই— যডক্ষণ খাস ভঙক্ষণ আশ।"

নবেন্দু কহিল, "আমি বৃঝি সেইক্স লিখিতে চাহি না!" অত্যন্ত রাগিয়া দোয়াতকলম লইয়া বসিল। কিন্তু, লেখার মধ্যে রাগের রক্তিমা বড়ো প্রকাশ পাইল না, কাক্ষেই লাবণা ও নীলরতনকে সংশোধনের ভার লইতে হইল। যেন লুচিভাক্ষার পালা পড়িল; নবেন্দু যেটা ক্ষলে ও ঘিরে ঠাগু ঠাগু নরম নরম করিয়া এবং চাপিয়া যথাসাধ্য চেপটা করিয়া বেলিয়া দেয় ভাঁহার ছই সহকারী তৎক্ষণাৎ সেটাকে ভাজিয়া কড়া ও গরম করিয়া ফুলাইয়া ফুলাইয়া ভোলে। লেখা হইল বে, আত্মীয় যখন শক্র হয় ওখন বহিংশক্র অপেক্ষা ভরংকর হইয়া উঠে। পাঠান অথবা রাশিয়ান ভারত-গবর্মেন্টের তেমন শক্র নহে যেমন শক্র গরোদ্ধত আংলো-ইণ্ডিয়ান-সম্প্রদায়। গবর্মেন্টের সহিত প্রজাসাধারণের নিরাপদ সোহার্দ্যবন্ধনের তাহারাই ছর্ভেছ অন্তরায়। কন্ত্রেস রাজা ও প্রজার মারখানে স্থায়ী সন্তাবসাধনের যে প্রশস্ত রাজ্পথ খুলিয়াছে, আংলো-ইণ্ডিয়ান কাগক্ষণ্ডলো ঠিক ভাহার মধ্যস্থল জুড়িয়া একেবারে কন্টকিত হইয়া রহিয়াছে। ইত্যাদি।

নবেন্দুর ভিতরে ভিতরে ভর-ভন্ন করিতে লাগিল অথচ 'লেখাটা বড়ো সরেস হইয়াছে' মনে করিয়া, রহিয়া রহিয়া একটু আনন্দও হইতে লাগিল। এমন স্থন্দর রচনা তাহার সাধ্যাতীত ছিল।

ইহার পর কিছুদিন ধরিয়া নানা কাগন্ধে বিবাদবিসম্বাদ-বাদপ্রতিবাদে নবেনুর চালা এবং কন্ত্রেসে যোগ দেওয়ার কথা লইয়া দশ দিকে ঢাক বাজিতে লাগিল।

नतम् अक्रा मिन्ना हरेना कथान वार्णान क्रानीमभात्म व्याज्ञ निर्जीक तम्बिहित्यवी हरेना छेठिन। नावपा मत्न मत्न हामिन्ना कहिन, 'এथत्ना छोमात्र व्याप्तितीका वाकि व्याह् ।'

একদিন প্রাতঃকালে নবেন্দু স্নানের পূর্বে বক্ষণে তৈলাক্ত করিয়া পৃষ্ঠদেশের ছুর্গম অংশগুলিতে তৈলসঞ্চার করিবার কৌশল অবলয়ন করিতেছেন, এমন সময় বেহারা এক কার্ড হাতে করিয়া তাঁহাকে দিল, তাহাতে স্বয়ং ম্যাজিস্টেটের নাম আঁকা। লাবণ্য সহাস্ত্রতুহলী চক্ষে আড়াল হইতে কৌতুক দেখিতেছিল।

ভোজাবার পূর্বে মসলা-মাধা কই-মৎক্ষের মতো বৃধা ব্যতিবাস্ত হইতে লাগিলেন। ভাজাভাজি চকিভের মধ্যে সান করিয়া কোনোমতে কাপড় পরিয়া উর্ধবাসে বাহিরের মরে গিরা উপস্থিত হইলেন। বেহারা বলিল, "সাহেব অনেকক্ষণ বসিরা বসিরা চলিরা গিরাছেন।" এই আগাগোড়া মিথ্যাচরণ পাপের কডটা অংশ বেহারার, কডটা অংশ লাবণ্যর, ভাহা নৈতিক গণিতশাত্তের একটা স্বন্ধ সমস্তা।

টিকটিকির কাটা লেজ ষেমন সম্পূর্ণ অন্ধভাবে ধড় ফড় করে, নবেন্দুর ক্ষ হাদর ভিতরে ভিতরে তেমনি আছাড় খাইতে লাগিল। সমস্ত দিন খাইতে শুইতে আর গোরান্তি রহিল না।

লাবণ্য আভ্যন্তরিক হাস্তের সমস্ত আভাস মুখ হইতে সম্পূর্ণ দূর করিয়া দিয়া উদ্বিশ্বভাবে থাকিয়া থাকিয়া জিজ্ঞাসা করিতে লাগিল, "আজ তোমার কী হইয়াছে বলো দেখি! অসুধ করে নাই তো ?"

নবেন্দু কারক্লেশে হাসিয়া কোনোমতে একটা দেশকালপাতোচিত উত্তর বাছির করিল, কহিল, "তোমার এলেকার মধ্যে আবার অহথ কিসের। তুমি আমার ধ্রস্তরিনী।"

কিন্তু, মুহূর্তমধ্যেই হাসি মিলাইয়া গেল এবং সে ভাবিতে লাগিল, 'একে আমি কন্থেসে টাদা দিলাম, কাগজে কড়া চিঠি লিখিলাম, তাহার উপরে ম্যাজিক্টেট নিজে আমার সহিত সাক্ষাৎ করিতে আসিলেন, আমি তাঁহাকে বসাইয়া রাখিলাম, না জানি কী মনে করিতেছেন!'

'হা তাত, হা পূর্ণেন্দুশেখর! আমি যাহা নই ভাগ্যের বিপাকে গোলেমালে তাহাই প্রতিপন্ন হইলাম।'

পরদিন সাজগোজ করিয়া ঘড়ির চেন ঝুলাইয়া মন্ত একটা পাগড়ি পরিয়া নবেন্দ্র বাহির হইল। লাবণ্য জিজ্ঞাসা করিল, "যাও কোথায়।"

नरवन् किन, "এकि। विस्ति कांच चार्ड-"

मार्येग किছू रिमम ना।

गांट्रिय पत्रस्रोत काष्ट्र कार्ड वाहित कतिवामाख स्रोतना कि किन, "এখন मिथा इटेर्स ना।"

नर्वम् পक्टि इटेप्ड इटें। टीका वाहित कतिन। आत्रमानि गःकिश जनाम कतिन्ना कहिन, "आमत्रा शांठकन आहि।" नर्वम् उरक्ष्मार हन टीकात এक नाटे वाहित कतिन्ना मिलन।

गार्ट्स्य निक्रे छन्य পिछन। गार्ट्स, ख्यन ठिछ्छा ও মনিংগৌন পরিষ্না লেখাপড়ার কাজে निর্ক্ত ছিলেন। নবেন্দু একটা সেলাম করিলেন, ম্যাজিস্টেট ভাঁহাকে অঙ্গুলিসংকেতে বসিবার অহমতি করিয়া কাগজ হইতে মুধ না তুলিয়া কহিলেন, "কী বলিবার আছে, বাবু।"

নবেন্দু ঘড়ির চেন নাড়িতে নাড়িতে বিনীত কম্পিত শ্বরে বলিল, "কাল আপনি অসুগ্রহ করিয়া আমার সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলেন, কিন্তু—"

সাহেব জকুঞ্চিত করিয়া একটা চোখ কাগজ হইতে তুলিয়া বলিলেন, "সাক্ষাৎ করিতে গিয়াছিলাম! Babu, what nonsense are you talking!"

নবেন্দু "Beg your pardon! ভূল হইয়াছে, গোল হইয়াছে" করিতে করিতে ব্যাপ্ত কলেবরে কোনোমতে ঘর হইতে বাহির হইয়া আসিলেন। এবং সে রাত্রে বিহানার শুইয়া কোনো দ্রস্থপ্রশুত মন্ত্রের ন্যায় একটা বাক্য থাকিয়া থাকিয়া তাঁহার কানে আসিয়া প্রবেশ করিতে লাগিল, "Babu, you are a howling idiot!"

পথে আসিতে আসিতে তাঁহার মনে ধারণা হইল যে, ম্যাজিস্টেট যে তাঁহার সহিত দৈখা করিতে আসিয়াছিল সে কথাটা কেবল রাগ করিয়া সে অস্বীকার করিল। মনে মনে কহিলেন, 'ধরণী বিধা হও!' কিন্তু ধরণী তাঁহার অস্থরোধ রক্ষা না করাতে নির্বিদ্ধে বাড়ি আসিয়া পৌছিলেন।

লাবণ্যকে আসিয়া কহিলেন, "দেশে পাঠাইবার জন্ত গোলাপজ্ল কিনিতে গিয়াছিলাম।"

বলিতে-না-বলিতে কালেক্টরের চাপরাস-পরা জনছয়েক পেরাদা আসিয়া উপস্থিত। সেলাম করিয়া হাক্তমুখে নীরবে দাড়াইয়া রহিল।

লাবণা হাসিয়া কহিল, "তুমি কন্গ্রেসে চাঁদা দিয়াছ বলিয়া তোমাকে গ্রেফ্ডার করিতে আসে নাই তো ?"

পেয়াদারা ছয়জনে বায়ো পাটি দম্ভাগ্রভাগ উন্মুক্ত করিয়া কহিল, "বকশিশ, বাবুসাহেব।"

नोमप्रजन পাশের ঘর হইতে বাহির হইয়া বিরক্তস্বরে কহিলেন, "কিসের বকশিশ!" পেয়াদারা বিকশিতদক্তে কহিল, ম্যাজিস্টেট সাহেবের সহিত দেখা করিতে বিয়াছিলেন, ভাহার বকশিশ।

লাবণ্য হাসিয়া কছিল, "ম্যাজিস্টেট সাছেব আজকাল গোলাপজল বিক্রি ধরিয়াছেন মাকি। এমন অভ্যম্ভ ঠাণ্ডা ব্যবসায় ভো তাঁহার পূর্বে ছিল না।"

হতভাগ্য নবেন্দু গোলাপজলের সহিত মাজিস্টেট-দর্শনের সামঞ্জ সাধন করিতে গিয়া কী বে আবোলভাবোল বলিল ভাহা কেছ বৃক্তিভে পারিল না।

मीमय्ख्य किम, "यक्षिष्णय क्वांका कांच एवं नाई। यक्षिण नाहि यिम्मा।"

নবেন্দু সংকৃচিতভাবে পকেট হইতে একটা নোট বাহির করিয়া কহিল, "উহায়া গরিব যাম্ব, কিছু দিতে দোষ কী।"

নীলরতন নবেন্দ্র হাত হইতে নোট টানিয়া লইয়া কছিল, "উহাদের অপেক্ষা গরিব মাহ্রষ ক্ষগতে আছে, আমি তাহাদিগকে দিব।"

কট মহেশরের ভ্তপ্রেতগণকেও কিঞিৎ ঠাগু। করিবার স্থাগে না পাইয়া নবেন্দ্র অত্যন্ত ফাঁপরে পড়িয়া গেল। পেয়াদাগণ যখন বজ্রদৃষ্টি নিক্ষেপ করিয়া গমনোগত হইল, তখন নবেন্দ্র একান্ত কর্মণভাবে তাহাদের দিকে চাহিলেন; নীরবে নিবেদন করিলেন, "বাবাসকল, আমার কোনো দোষ নাই, তোময়া তো জান!"

কলিকাতার কন্গ্রেসের অধিবেশন। তত্বপলক্ষে নীলরতন সন্ত্রীক রাজধানীতে উপস্থিত হইলেন। নবেনুও তাঁহাদের সঙ্গে ফিরিল।

কলিকাতার পদার্পন করিবামাত্র কন্গ্রেসের দলবল নবেন্দ্রক চতুর্দিকে বিরিষ্ণা একটা প্রকাণ্ড তাণ্ডব শুক্ক করিয়া দিল। সন্মান সমাদর স্থাতিবাদের সীমা রহিল না। সকলেই বলিল, "আপনাদের মতো নারকগণ দেশের কাজে যোগ না দিলে দেশের উপায় নাই।" কথাটার যাথার্থ্য নবেন্দ্ অস্থীকার করিতে পারিলেন না, এবং গোলেমালে হঠাৎ কথন্ দেশের একজন অধিনায়ক হইয়া উঠিলেন। কন্গ্রেস-সভায় যথন পদার্পন করিলেন তথন সকলে মিলিয়া উঠিয়া দাড়াইয়া বিজ্ঞাতীর বিলাতী তারস্বরে 'হিপ্ হিপ্ হরে' শব্দে তাহাকে উৎকট অভিবাদন করিল। আমাদের মাতৃত্মির কর্ণমূল লক্ষায় রক্তিম হইয়া উঠিল।

যথাকালে মহারানীর জনদিন আসিল, নবেনুর রায়বাহাত্ব খেতাব নিকটসমাগত মরীচিকার মতো অন্তর্ধান করিল।

সেইদিন সায়াহে লাবণ্যলেখা সমারোহে নবেনুকে নিমন্ত্রণপূর্বক তাঁহাকে নববন্ধে ভূষিত করিয়া সহন্তে তাঁহার ললাটে রক্তচন্দনের ভিলক এবং প্রভ্যেক খালী তাঁহার কঠে একগাছি করিয়া স্বর্গচিত পূস্পমালা পরাইয়া দিল। অফ্লাম্বরসনা অফ্লালেখা সেদিন হাস্তে লক্ষায় এবং অলংকারে আড়াল হইতে ঝক্মক্ করিতে লাগিল। ভাহার স্বেদাঞ্চিত লক্ষামীতল হস্তে একটা গোড়েমালা দিয়া ভগিনীয়া তাহাকে টানাটানি করিল কিন্তু সে কোনোমতে বল মানিল না এবং সেই প্রধান মাল্যখানি নবেনুর কঠ কামনা করিয়া জনহীন নিশীধেয় ক্ষন্ত গোপনে অপেক্ষা করিতে লাগিল। খালীয়া নবেনুকে কহিল, "আৰু আময়া তোমাকে রাজা করিয়া দিলাম। ভারতবর্ষে এমন সন্মান তুমি ছাড়া আর কাহারো সম্ভব হইবে না।"

व्यायिन ३७००

মণিহার।

· সেই জীর্ণপ্রায় বাঁধাঘাটের ধারে আমার বোট লাগানো ছিল। তথন প্র্য অন্ত গিয়াছে।

বোটের ছাদের উপরে মাঝি নমান্ত পড়িভেছে। পশ্চিমের জ্বলম্ভ আকাশপটে তাহার নীরব উপাসনা ক্ষণে ছবির মতো আঁকা পড়িতেছিল। দ্বির রেধাহীন নদীর জ্বলের উপর ভাষাতীত অসংখ্য বর্ণচ্চটা দেখিতে দেখিতে ফিকা হইতে গাঢ় লেখার, সোনার রঙ হইতে ইম্পাতের রঙে, এক আভা হইতে আর-এক আভার মিলাইরা আসিতেছিল।

জানালা-ভাঙা বারান্দা-ঝুলিয়া-পড়া জরাগ্রন্থ বৃহৎ অট্রালিকার সমুথে অথথমূল-বিদারিত ঘাটের উপর ঝিল্লিম্থর সন্ধাবেলার একলা বসিয়া আমার শুন্ধ চক্ষ্র কোন ভিজ্ঞিবে-ভিজ্ঞিবে করিতেতে, এমন সময়ে মাথা হইতে পা পর্যন্ত হঠাৎ চমকিয়া উঠিয়া শুনিলাম, "মহাশায়ের কোথা হইতে আগমন।"

দেখিলাম ভদ্রলোকটি স্বল্লাহারশীর্ন, ভাগালন্দ্রী কর্তৃক নিভান্ধ অনাদৃত। বাংলাদেশের অধিকাংশ বিদেশী চাক্রের যেমন একরকম বহুকাল-জার্নসংস্থার-বিহীন চেহারা,
ইহারও সেইরুপ। ধৃতির উপরে একখানি মলিন তৈলাক্ত আসামী মটকার বোতামখোলা চাপকান, কর্মক্ষেত্র হইতে যেন অল্লক্ষণ হইল ফিরিভেছেন। এবং যে সময়
কিঞ্চিৎ জ্বলপান খাওলা উচিত ছিল সে সমন্ন হুভজাগা নদীতীরে কেবল সন্ধার
হাওলা খাইতে আসিরাছেন।

আগন্তক সোপানপার্দে আসনগ্রহণ করিলেন। আমি কহিলাম, "আমি রাঁচি হইতে আসিতেছি।" "को कदा एवं।"

"वार्यमा कतिया शांकि।"

"की वर्गावमा।"

"हत्री छकी, त्र नरमत खिं वर कार्यत्र वार्या।"

"की नाम।"

ঈষং থামিরা একটা নাম বলিলাম। কিন্তু সে আমার নিজের নাম নছে। ভত্রলোকের কৌতৃহলনিবৃত্তি হইল না। পুনরায় প্রশ্ন হইল, "এখানে কী করিতে আগমন।"

আমি কহিলাম, "বায়ুপরিবর্তন।"

লোকটি কিছু আশ্চর্ষ হইল। কহিল, "মহাশন্ত্র, আজ প্রান্ত ছন্ত্রবংসর ধরিরা এখানকার বায়ু এবং তাহার সঙ্গে সঙ্গে প্রতাহ গড়ে পনেরো গ্রেন্ করিয়া কুইনাইন খাইতেছি কিছু কিছু তো ফল পাই নাই।"

আমি কহিলাম, "এ কথা মানিতেই হইবে, রাঁচি হইতে এখানে বায়ুর যথেষ্ট পরিবর্তন দেখা যাইবে।"

তিনি কহিলেন, "আজ্ঞা হাঁ, যথেষ্ট। এখানে কোথার বাসা করিবেন।" আমি ঘাটের উপরকার জীর্ণবাড়ি দেখাইয়া কহিলাম, "এই বাড়িতে।"

বোধ করি লোকটির মনে সন্দেহ হইল, আমি এই পোড়ো বাড়িতে কোনো গুপ্ত-ধনের সন্ধান পাইয়াছি। কিন্তু এ সম্বন্ধে আর কোনো তর্ক তুলিলেন না, কেবল আন্ধ পনেরো বংসর পূর্বে এই অভিশাপগ্রস্ত বাড়িতে যে ঘটনাটি ঘটয়াছিল ভাহারই বিস্তারিত বর্ণনা করিলেন।

লোকটি এখানকার ইস্থলমাস্টার। তাঁহার ক্ষ্মা ও রোগ -শীর্ণ মুখে মন্ত একটা টাকের নীচে একজাড়া বড়ো বড়ো চক্ষ্ আপন কোটরের ভিতর হইতে অস্বাভাবিক উচ্ছলতার জলিতেছিল। তাঁহাকে দেখিয়া ইংরাজ-কবি কোল্রিজের স্বষ্ট প্রাচীন নাবিকের কথা আমার মনে পড়িল।

মাঝি নমাজ পড়া সমাধা করিরা রন্ধনকার্ধে মন দিরাছে। সন্ধার শেষ আভাটুকু
মিলাইরা আসিরা ঘাটের উপরকার জনশৃত্ত অন্ধকার বাড়ি আপন পূর্বাবস্থার প্রকাত্ত প্রেভমৃতির মতো নিস্তন্ধ দাঁড়াইরা বহিল।

ইস্প্ৰাস্টার কহিলেন-

আমি এই গ্রামে আসার প্রায় দশ বৎসর পূর্বে এই বাড়িতে ফণিভূষণ সাহা বাস

করিতেন। ডিনি উাছার অপুত্রক পিছবা তুর্গামোছন সাহার বৃহৎ বিষয় এবং ব্যবসায়ের উত্তরাধিকারী হইয়াছিলেন।

কিন্ত, তাঁহাকে একালে ধরিয়াছিল। তিনি লেখাপড়া শিখিয়াছিলেন। তিনি জ্তাসমেত সাহেবের আপিসে চুকিয়া সম্পূর্ণ থাটি ইংরাজি বলিতেন। তাহাতে আবার দাড়ি রাখিয়াছিলেন, স্করাং সাহেব-স্থদাগরের নিক্ট তাঁহার উন্নতির সম্ভাবনামাত্র ছিল না। তাঁহাকে জেখিবামাত্রই নব্যবন্ধ বলিয়া ঠাহর হইত।

আবার ঘরের মধ্যেও এক উপসর্গ ক্টিয়াছিল। তাঁহার দ্রীটি ছিলেন স্থলরী। একে কালেছে-পড়া তাহাতে স্থলরী দ্রী, স্থতরাং সেকালের চালচলন আর রহিল না। এমন-কি, ব্যামো হইলে আসিস্টাণ্ট-সার্জনকে ডাকা হইত। অশন বসন ভূষণও এই পরিমাণে বাড়িয়া উঠিতে লাগিল।

মহাশন্ন নিশ্চন্নই বিবাহিত, অভএব এ কথা আপনাকে বলাই বাহলা বে, সাধারণত দ্রীদ্রাতি কাঁচা আম, ঝাল লক্ষা এবং কড়া স্বামীই ভালোবাসে। বে তুর্ভাগ্য পুরুষ নিক্রের ন্ত্রীর ভালোবাসা হইতে বঞ্চিত সে-যে কুত্রী অথবা নির্ধন তাহা নহে, সে নিভাস্থ নিরীহ।

যদি জিজাগা করেন, কেন এমন হইল, আমি এ সম্বন্ধে অনেক কথা ভাবিয়া রাথিয়াছি। যাহার যা প্রবৃত্তি এবং ক্ষমতা সেটার চর্চা না করিলে সে স্থাই হর না। শিঙে শান দিবার জন্ম হরিণ শক্ত গাছের গুড়ি থোজে, কলাগাছে তাহার শিং ঘরিবার স্থাইয় না। নরনারীর ভেদ ইইয়া অবধি দ্রীলোক ত্রন্ত পুরুষকে নানা কৌশলে ভূলাইয়া বশ করিবার বিহ্যা চর্চা করিয়া আসিতেছে। যে স্থামী আপনি বশ ইয়া বিস্মা থাকে তাহার দ্রী-বেচারা একেবারেই বেকার, সে তাহার মাতামহীদের নিকট ইইতে শতলক বংসরের শাণ-দেওয়া বে উজ্জল বন্ধণাত্ত, অমিবাণ ও নাগপাশবন্ধনগুলি পাইয়াছিল তাহা সমস্ত নিফল হইয়া যায়।

ত্রীলোক পুরুষকে ভূলাইয়া নিজের শক্তিতে ভালোবাসা আদার করিয়া লইতে চার, স্থামী যদি ভালোমান্থৰ হইয়া সে অবসরটুকু না দের, তবে স্থামীর অদৃষ্ট মন্দ এবং ত্রীরও ভভোধিক।

নবসভাতার শিক্ষামন্ত্রে পুরুষ আপন স্বভাবসিদ্ধ বিধাতাদন্ত স্থমহৎ বর্বরতা হারাইয়া আধুনিক দাম্পতাসম্বর্টাকে এমন শিখিল করিয়া ফেলিয়াছে। অভাগা ফণিভূষণ আধুনিক সভাতার কল হইতে অভাস্ক ভালোমাস্থাট হইয়া বাহির হইয়া আসিয়াছিল —ব্যবসায়েও সে স্থবিধা করিছে পারিল না, দাম্পত্যেও তাহার তেমন স্থবোগ ঘটে নাই।

ফণিভূষণের দ্রী মণিমালিকা, বিনা চেষ্টার আদর, বিনা অশ্রুবর্ধণে ঢাকাই শাড়ি এবং বিনা ঘুর্জর মানে বাছুবন্ধ লাভ করিত। এইরূপে ভাহার নারীপ্রকৃতি এবং সেই সঙ্গে তাহার ভালোবাসা নিশ্চেট হইরা গিরাছিল; সে কেবল গ্রহণ করিত, কিছু দিত না। তাহার নিরীহ এবং নির্বোধ স্বামীটি মনে করিত, দানই বৃঝি প্রতিদান পাইবার উপার। একেবারে উল্টা বৃঝিয়াছিল আর কি।

ইহার ফল হইল এই যে, স্বামীকে সে আপন ঢাকাই শাড়ি এবং বাজুবদ্ধ জোগাইবার যন্ত্রস্বরূপ জ্ঞান করিত; যন্ত্রটিও এমন স্থচারু যে, কোনোদিন তাহার চাকার এক ফোটা তেল জোগাইবারও দরকার হয় নাই।

ফণিভ্যণের জনহান ফুলবেড়ে, বাণিজ্যহান এখানে। কর্মাহরোধে এখানেই তাহাকে অধিকাংশ সময় থাকিছে হইত। ফুলবেড়ের বাড়িতে তাহার মা ছিল না, ভরু পিসি মাসি ও অন্ত পাঁচজন ছিল। কিন্তু, ফণিভ্যণ পিসি মাসি ও অন্ত পাঁচজনের উপকারার্থেই বিশেষ করিয়া হন্দরী ত্রী ঘরে আনে নাই। হ্বভরাং ত্রীকে সে পাঁচজনের কাছ থেকে আনিয়া এই কুঠিতে একলা নিজের কাছেই রাখিল। কিন্তু অন্তান্ত অধিকার হইতে ত্রী-অধিকারের প্রভেদ এই যে, ত্রীকে পাঁচজনের কাছ হইতে বিচ্ছিন্ন করিয়া একলা নিজের কাছে রাখিলেই যে সব সময় বেশি করিয়া পাওয়া যায় ভাহা নহে।

ন্ত্রীট বেশি কথাবার্তা কহিত না, পাড়াপ্রতিবেশিনীদের সঙ্গেও তাহার মেলামেশা বেশি ছিল না; ব্রত উপলক্ষ্য করিয়া ছটো ব্রাহ্মণকে খাওয়ানো বা বৈষ্ণবীকে ছটো পরসা তিক্ষা দেওয়া কথনো তাহার দারা ঘটে নাই। তাহার হাতে কোনো জিনিস নই হর নাই; কেবল স্বামীর আদরগুলা ছাড়া আর বাহা পাইয়াছে সমন্তই জমা করিয়া রাখিয়াছে। আশ্চর্যের বিষয় এই যে, সে নিজের অপরপ যৌবনশ্রী হইতেও যেন লেশমাত্র অপব্যর ঘটিতে দের নাই। লোকে বলে, তাহার চিবিশেবৎসর বয়সের সময়ও তাহাকে চোদ্দবৎসরের মতো কাঁচা দেখিতে ছিল। যাহাদের হুৎপিও বরফের পিও, যাহাদের বুকের মধ্যে ভালোবাসার জ্বালায়্রশা স্থান পার না, তাহারা বোধ করি স্থার্থকাল তাজা থাকে, তাহারা কপণের মতো অস্তরে বাহিরে আপনাকে জ্বমাইয়া রাখিতে পারে।

বনপল্লবিত অতিসভেজ লতার মতো বিধাতা মণিমালিকাকে নিফলা করিয়া রাখিলেন, তাহাকে সন্তান হইতে বঞ্চিত করিলেন। অর্থাৎ, তাহাকে এমন একটা কিছু দিলেন না যাহাকে সে আপন লোহার সিন্দুকের মণিমাণিক্য অপেকা বেলি করিয়া ব্ঝিতে পারে, যাহা বসম্ভপ্রভাতের নবস্থের মতো আপন কোমল উত্তাপে তাহার হৃদরের বর্ষপিওটা গুলাইরা সংসারের উপর একটা স্নেহনির্মর বহাইরা দের। কিন্তু মণিমালিকা কাজকর্মে মন্তব্ত ছিল। কথনোই সে লোকজন বেশি রাখে নাই। যে কাজ ভাহার বারা সাধ্য সে কাজে কেহ বেডন লইয়া যাইবে ইহা সে সহিতে পারিড না। সে কাহারো জন্ত চিস্তা করিড না, কাহাকেও ভালোবাসিত না, কেবল কাজ করিড এবং জমা করিড, এইজন্ত ভাহার রোগ শোক ভাপ কিছুই ছিল না; অপরিমিত স্বাস্থ্য, অবিচলিত শান্তি এবং স্কীয়মান সম্পদ্ধের মধ্যে সে স্বলে বিরাজ করিড।

অধিকাংশ স্বামীর পক্ষে ইহাই যথেষ্ট; যথেষ্ট কেন, ইহা ফুর্লভ। অব্দের মধ্যে কটিদেশ বলিয়া একটা ব্যাপার আছে তাহা কোমরে ব্যথা না হইলে মনে পড়ে না; গৃহের আশ্রম্মরূপে ব্রী-যে একজন আছে ভালোবাসার তাড়নার তাহা পদে পদে এবং তাহা চকিবশঘন্টা অস্কুভব করার নাম ঘরকর্নার কোমরে ব্যথা। নির্ভিশর পাতিব্রতাটা দ্বীর পক্ষে গৌরবের বিষয় কিন্তু পতির পক্ষে আরামের নহে, আমার তো এইরপ মত।

মহাশয়, ত্রীর ভালোবাসা ঠিক কডটা পাইলাম, ঠিক কডটুকু কম পড়িল, অভি

শেষা নিজি ধরিয়া তাহা অহরহ তৌল করিতে বসা কি পুরুষমান্থরের কর্ম! ত্রী
আপনার কাজ করুক, আমি আপনার কাজ করি, ঘরের মোটা হিসাবটা তো এই।
অব্যক্তের মধ্যে কডটা বাক্ত, ভাবের মধ্যে কডটুকু অভাব, স্কুপ্রেরে মধ্যেও কী
পরিমাণ ইন্ধিত, অণুপরমাণুর মধ্যে কডটা বিপুল্ভা— ভালোবাসাবাসির তত স্কুপ্র
বোধশক্তি বিধাতা পুরুষমান্থরকে দেন নাই, দিবার প্রয়োজন হয় নাই। পুরুষমান্থবের ভিলপরিমাণ অন্ধরাগ-বিরাগের লক্ষণ লইয়া মেয়েরা বটে ওজন করিতে
বসে। কথার মধ্য হইতে আসল ভন্নীটুকু এবং ভন্নীর মধ্য হইতে আসল কথাটুকু
চিরিয়া চিরিয়া চুনিয়া চুনিয়া বাহির করিতে থাকে। কারণ, পুরুষের ভালোবাসাই
ভালাদের বল, তাহাদের জীবনব্যবসারের মূলধন। ইহারই হাওয়ার গতিক লক্ষ্য
করিয়া ঠিক সময়ে ঠিকমত পাল ঘুরাইতে পারিলে ভবেই ভাহাদের ভরণী ভরিয়া
যায়। এইজন্তই বিধাতা ভালোবাসামান-যম্বটি মেয়েদের স্বদরের মধ্যে ঝুলাইয়া
দিয়াছেন, পুরুষদের দেন নাই।

কিন্ত বিধাতা যাহা দেন নাই সম্প্রতি পুক্ষরা সেটি সংগ্রহ করিয়া সইয়াছেন। কবিয়া বিধাতার উপর টেক্তা দিয়া এই ছর্লভ ষক্রটি, এই দিগ্দর্শন ষত্রশলাকাটি নির্বিচায়ে সর্বসাধারণের হন্তে দিয়াছেন। বিধাতার দোষ দিই না, তিনি মেয়ে-পুক্ষকে যথেষ্ট ভিন্ন করিয়াই স্বাষ্ট করিয়াছিলেন, কিন্তু সভ্যতায় সে ভেদ আর থাকে না, এখন মেয়েও পুক্ষ হইতেছে, পুক্ষও মেয়ে হইতেছে; স্বভরাং বরের

মধ্য হইতে শান্ধি ও শৃত্থলা বিদায় লইল। এখন শুভবিবাহের পূর্বে, পুরুষকে বিবাহ করিতেছি না মেয়েকে বিবাহ করিতেছি, তাহা কোনোমতে নিশ্চয় করিতে না পারিয়া, বয়ককা উভয়েরই চিত্ত আশহায় হুক হুক করিতে থাকে।

আপনি বিশ্বক্ত হইতেছেন! একলা পড়িয়া থাকি, দ্বীর নিকট হইতে নির্বাদিত;
দ্র হইতে সংসারের অনেক নিগৃত তত্ত্ব মনের মধ্যে উদয় হয়— এগুলো ছাত্রদের
কাছে বলিবার বিষয় নয়, কথাপ্রসঙ্গে আপনাকে বলিয়া লইলাম, চিস্তা করিয়া
দেখিবেন।

মোটকথাটা এই ষে, যদিচ রন্ধনে হ্বন কম হইত না এবং পানে চুন বেশি হইত না, তথাপি ফণিভ্যণের হাদর কী-যেন-কী নামক একটা হুঃসাধা উৎপাত অহুভব করিত। ত্রীর কোনো দোষ ছিল না, কোনো ভ্রম ছিল না, তবু স্বামীর কোনো হ্বখ ছিল না। সে তাহার সহধর্মিণীর শৃত্তগহ্বর হাদর লক্ষ্য করিয়া কেবলই হীরাম্কার গহনা ঢালিত কিন্তু সেগুলা পড়িত গিয়া লোহার সিন্দুকে, হাদর শৃত্তই থাকিত। খুড়া হুর্গামোহন ভালোবাসা এত ক্ষ্ম করিয়া ব্রিত না, এত কাতর হইরা চাহিত না, এত প্রমাণে দিত না, অথচ খুড়ির নিকট হইতে তাহা অজ্ঞ পরিমাণে লাভ করিত। ব্যবসায়ী হইতে গেলে নব্যবাবু হইলে চলে না এবং স্বামী হইতে গেলে প্রুষ্ণ হওয়া দরকার, এ কথার সন্দেহমাত্র করিবেন না।

ঠিক এই সময়ে শৃগালগুলা নিকটবর্তী ঝোপের মধ্য হইতে অত্যস্ত উচ্চৈ: বরে চিৎকার করিয়া উঠিল। মাস্টারমহাশয়ের গল্পশ্রোতে মিনিটকরেকের জন্ম বাধা পড়িল। ঠিক মনে হইল, সেই অন্ধলার সভাভূমিতে কৌতুকপ্রিয় শৃগালসম্প্রদার ইন্থলমাস্টারের ব্যাখ্যাত দাম্পতানীতি গুনিয়াই হউক বা নবসভ্যতাত্বর্বল ফলিভূষণের আচরণেই হউক রহিয়া রহিয়া অট্টহাস্ম করিয়া উঠিতে লাগিল। তাহাদের ভাবোচ্ছাস নিবৃত্ত হইয়া জলস্থল বিগুলতর নিত্তক্ষ হইলে পর, মাস্টার সন্ধ্যার অন্ধলারে তাঁহার বৃহৎ উজ্জল চক্ষ্ পাকাইয়া গল্প বলিতে লাগিলেন—

ফণিভূষণের জটিল এবং বছবিস্থৃত ব্যবসারে হঠাৎ একটা ফাঁড়া উপস্থিত হইল।
ব্যাপারটা কী তাহা আমার মতো অব্যবসারীর পক্ষে বোঝা এবং বোঝানো শক্ত।
মোদা কথা, সহসা কী কারণে বাজারে তাহার ক্রেডিট রাখা কঠিন হইরা পড়িরাছিল।
বিদি কেবলমাত্র পাঁচটা দিনের জন্তও সে কোথাও হইতে লাখদেড়েক টাকা বাহির
করিতে পারে, বাজারে একবার বিহাতের মতো এই টাকাটার চেহারা দেখাইরা

যায়, তাহা হইলেই মুহুর্তের মধ্যে সংকট উত্তীর্ণ হইয়া তাহার ব্যাবসা পালন্তরে ছুটিয়া চলিতে পারে।

টাকাটার স্থযোগ হইডেছিল না। স্থানীয় পরিচিত মহাজনদের নিকট হইতে ধার করিতে প্রবৃত্ত হইরাছে এরপ জনরব উঠিলে তাহার ব্যবসায়ের দিশুণ অনিষ্ট হইবে, আশহার তাহাকে অপরিচিত স্থানে ঋণের চেষ্টা দেখিতে হইডেছিল। সেধানে উপযুক্ত বন্ধক না রাখিলে চলে না।

গহনা বছক রাখিলে লেখাপড়া এবং বিলম্বের কারণ থাকে না, চট্পট্ এবং সহজেই কাজ হইয়া যায়।

ফণিভূষণ একবার দ্রীর কাছে গেল। নিব্দের দ্রীর কাছে সামী ষেমন সহজ্ঞাবে বাইভে পারে ফণিভূষণের তেমন করিয়া যাইবার ক্ষমতা ছিল না। সে ঘূর্ভাগ্যক্রমে নিক্ষের দ্রীকে ভালোবাসিত, ষেমন ভালোবাসা কাব্যের নায়ক কাব্যের নিম্নিক বাঁসে; যে ভালোবাসায় সন্তর্পণে পদক্ষেপ করিতে হয় এবং সকল কথা মুখে ফুটিয়া বাহির হইতে পারে না, যে ভালোবাসার প্রবল আকর্ষণ স্থ এবং পৃথিবীর আকর্ষণের ক্রায় মাঝখানে এফটা অভিদ্র ব্যবধান রাখিয়া দেয়।

তথাপি তেমন তেমন দায়ে পড়িলে কাব্যের নায়ককেও প্রেয়সীর নিকট ছত্তি এবং বন্ধক এবং হ্যাত্নোটের প্রসঙ্গ তুলিতে হয়; কিন্তু হর বাধিয়া যায়, বাক্যখলন হয়, এমন সকল পরিদার কাজের কথার মধ্যেও ভাবের জড়িমা ও বেদনার বেপথু আসিয়া উপস্থিত হয়। হতভাগ্য ফণিভূষণ স্পষ্ট করিয়া বলিতে পারিল না, 'ওগো, আমার দরকার হইয়াছে, ভোমার গহনাগুলো দাও।'

কথাটা বলিল, অথচ অত্যন্ত তুর্বলভাবে বলিল। মণিমালিকা ধর্বন কঠিন মৃথ করিয়া হাঁ-না কিছুই উত্তর করিল না, তথন সে একটা অত্যন্ত নিষ্ঠুর আঘাত পাইল কিছু আঘাত করিল না। কারণ, পুক্ষোচিত বর্বরতা লেশমাত্র তাহার ছিল না। যেখানে জাের করিয়া কাড়িয়া লওয়া উচিত ছিল, সেখানে সে আপনার আন্তরিক ক্ষোভ পর্বন্ত চাপিয়া গেল। যেখানে ভালােবাসার একমাত্র অধিকার, সর্বনাশ হইয়া গেলেও সেখানে বলকে প্রবেশ করিতে দিবে না, এই তাহার মনের ভাব। এ সম্বন্ধে তাহাকে যদি ভর্ষনা করা বাইত তবে সম্ভবত সে এইরপ ক্ষম তবে, বাজাবে যদি অন্তার কারণেও আমার ক্রেডিট না থাকে তবে তাই বলিয়া বাজার ল্টিয়া লইবার অধিকার আমার নাই, দ্বী যদি স্বেছাপূর্বক বিশাস করিয়া আমাকে গছনা না দেয় তবে তাহা আমি কাড়িয়া লইতে পারি না। বাজারে বেমন ক্রেডিট ঘরে তেমনি ভালােবাসা, বাছবল ক্ষেলমাত্র রণক্ষেত্র। পদ্ধে প্রে

এইরপ অভ্যন্ত ক্ষ ক্ষ তর্কত্ত কাটিবার জন্মই কি বিধাজা প্রথমান্ন্যকে এরপ উদার, এরপ প্রবল, এরপ বৃহদাকার করিয়া নির্মাণ করিয়াছিলেন। তাহার কি বসিয়া বসিয়া অভ্যন্ত স্কুমার চিত্তবৃত্তিকে নিরতিশর তনিমার সহিত অস্ভব করিবার অবকাশ আছে, না ইছা তাহাকে শোভা পার।

ষাহা হউক, আপন উন্নত হৃদমূবৃত্তির গর্বে ত্রীর গছনা স্পর্শ না করিয়া ফণিভূষণ অক্স উপাত্তে অর্থ-সংগ্রহের জন্ত কলিকাতার চলিয়া গেল।

সংসারে সাধারণত ত্রীকে স্বামী বতটা চেনে স্বামীকে ত্রী তাহার চেয়ে অনেক বেশি চেনে; কিন্তু স্বামীর প্রকৃতি বদি অত্যন্ত স্ক্র হয় তবে ত্রীর অণুবীক্ষণে তাহার সমস্তটা ধরা পড়ে না। আমাদের ফণিভ্রণকে ফণিভ্রণের ত্রী ঠিক ব্ঝিত না। ত্রীলোকের অশিক্ষিতপট্র যে-সকল বহুকালাগত প্রাচীন সংস্থারের দ্বারা গঠিত, অত্যন্ত নবা প্রক্রেরা তাহার বাহিরে গিয়া পড়ে। ইহারা এক রকমের! ইহারা মেয়েমাছ্রের মতোই রহস্তময় হইয়া উঠিতেছে। সাধারণ প্রক্রমাহ্রের যে-কটা বড়ো বড়ো কোটা আছে, অর্থাৎ কেছ-বা বর্বর, কেছ-বা নির্বোধ, কেছ-বা অন্ধ, তাহার মধ্যে কোনোটাতেই ইহাদিগকে ঠিকমত স্থাপন করা বায় না।

স্তরাং মনিমালিকা পরামর্শের জন্ম তাহার মন্ত্রীকে ডাকিল। গ্রামসম্পর্কে অথবা দ্রসম্পর্কে মনিমালিকার এক ভাই ফনিভ্ষণের কৃঠিতে গোমস্তার অধীনে কাজ করিত। তাহার এমন স্থভাব ছিল না যে কাজের দারা উন্নতি লাভ করে, কোনো-একটা উপলক্ষ্য করিয়া আত্মীয়তার জোরে বেতন এবং বেতনেরও বেলি কিছু কিছু সংগ্রহ করিত।

মণিমালিক। তাহাকে ডাকিয়া সকল কথা বলিল; জিজ্ঞাসা করিল, 'এখন পরামর্শ কী।'

সে অত্যন্ত বৃদ্ধিমানের মজো মাথা নাড়িল; অর্থাৎ গতিক ভালো নছে। বৃদ্ধিমানেরা কখনোই গতিক ভালো দেখে না। সে কহিল, 'বাবু কখনোই টাকা সংগ্রহ করিতে পারিবেন না, শেষকালে ভোষার এ গছনাতে টান পড়িবেই।'

মণিমালিকা মাত্মবকে বেরূপ জানিত তাহাতে ব্রিল, এইরূপ হওয়াই সম্ভব এবং ইহাই সংগত। তাহার ছলিজা স্থতীত্র হইয়া উঠিল। সংসারে তাহার সম্ভান নাই; স্বামী আছে বটে কিন্তু স্বামীর অন্তিম্ব সে অন্তরের মধ্যে অন্তত্তর করে না, অতএব বাহা তাহার একমাত্র বন্ধের ধন, যাহা তাহার ছেলের মতো ক্রমে ক্রমে বংসরে বংসরে বাছিয়া উঠিতেছে, বাহা রূপক্ষাত্র নহে, বাহা প্রকৃতই সোনা, বাহা মানিক, যাহা বক্ষের, বাহা কঠের, বাহা মাধার— সেই অনেক দিনের অনেক সাধের সামগ্রী এক মৃহুর্ভেই ব্যবসায়ের অভলস্পর্ল গহরের মধ্যে নিক্ষিপ্ত হইবে ইহা কল্পনা করিয়া তাহার সর্বদরীর হিম হইয়া আসিল। সে কহিল, 'কী করা বার।'

মধুস্দন কহিল, 'গহনাগুলো লইদা এইবেলা বাপের বাড়ি চলো।' গহনায় কিছু অংশ, এমন-কি অধিকাংশই যে তাহার ভাগে আসিবে বৃদ্ধিয়ান মধু মনে মনে তাহার উপার ঠাহরাইল।

मिनानिका व श्राह्य उरक्षार मच्छ इहेन।

আবাদ্দেষের সন্ধাবেলার এই ঘাটের ধারে একথানি নৌকা আসিরা লাগিল। ঘনমেঘাছের প্রত্যুয়ে নিবিড় অন্ধনারে নিপ্রাহীন ভেকের কলরবের মধ্যে একথানি যোটা চাদরে পা হইতে মাথা পর্যন্ত আরুত করিয়া মণিমালিকা নৌকার উঠিল। মধুসদন নৌকার মধ্য হইতে জাগিয়া উঠিয়া কহিল, 'গহনার বাক্সটা আমার কাছে দাও।' মণি কহিল, 'সে পরে হইবে, এখন নৌকা খুলিয়া দাও।'

নৌকা খুলিয়া দিল, খরস্রোতে হুছ করিয়া ভাসিয়া গেল।

মণিমালিকা সমন্ত রাভ ধরিয়া একটি একটি করিয়া ভাহার সমন্ত সহনা সর্বাঞ্চ ভরিয়া পরিয়াছে, মাথা হইতে পা পর্যন্ত আর স্থান ছিল না। বাক্সে করিয়া সহনা লইলে সে বাক্স হাভছাড়া হইয়া যাইতে পারে, এ আশহা ভাহার ছিল। কিন্তু, গায়ে পরিয়া গেলে ভাছাকে না বধ করিয়া সে গছনা কেহ লইতে পারিবে না।

সঙ্গে কোনোপ্রকার বাক্স না দেখিয়া মধুস্দন কিছু বৃক্তিতে পারিল না, মোটা চাদরের নীচে যে মণিমালিকার দেহপ্রাণের সঙ্গে সঙ্গে দেহপ্রাণের অধিক গহনাগুলি আছর ছিল তাহা সে অহুমান করিতে পারে নাই! মণিমালিকা ফণিভ্যণকে বৃক্তিত না বটে, কিন্তু মধুস্দনকে চিনিতে ভাহার বাকি ছিল না।

মধুস্থন গোমন্তার কাছে একখানা চিঠি রাখিয়া গেল যে, সে কর্তাকৈ পিতালয়ে পৌছাইয়া দিতে রওনা হইল। গোমন্তা ফণিভ্যণের বাপের আমলের; সে অত্যন্ত বিরক্ত হইয়া ব্রশ্ব-ইকারকে দীর্ঘ-ঈকার এবং দন্ত্য-সকে তালব্য-শ করিয়া মনিবকে এক পত্র লিখিল, ভালো বাংলা লিখিল না কিন্ত দ্বীকে অযথা প্রশ্রের দেওয়া বে পুরুষোচিত নহে এ কথাটা ঠিকমতই প্রকাশ করিল।

ফণিভূষণ মণিমালিকার মনের কথাটা ঠিক বৃষিল। তাহার মনে এই আঘাতটা প্রবল হইল যে, 'আমি গুরুতর ক্তিসভাবনা সত্তেও খ্রীয় অলংকার পরিত্যাগ করিয়া প্রাণপণ চেষ্টার অর্থসংগ্রহে প্রবৃত্ত হইয়াছি, তবু আমাকে সন্দেহ। আমাকে আজিও চিনিল না।' নিজের প্রতি যে নিদারণ অক্তায়ে ক্রুদ্ধ হওরা উচিত ছিল, ফণিভূষণ তাহাতে ক্রুদ্ধ হইল মাত্র। প্রথমাহ্র্য বিধাতার ন্তায়দণ্ড, তাহার মধ্যে তিনি বজ্লায়ি নিহিত করিয়া রাথিয়াছেন, নিজের প্রতি অথবা অপরের প্রতি অক্তায়ের সংঘর্ষে সে যদি দণ্ করিয়া জলিয়া উঠিতে না পারে তবে ধিক্ তাহাকে। প্রথমাহ্র্য দাবায়ির মতো রাগিয়া উঠিবে সামান্ত কারণে, আর জীলোক প্রাবণমেঘের মতো অশ্রুপাত করিতে থাকিবে বিনা উপলক্ষে বিধাতা এইরপ বন্দোবন্ত করিয়াছিলেন, কিন্তু সোর টেকে না।

ফনিভূষণ অপরাধিনী দ্রীকে লক্ষা করিয়া মনে মনে কহিল, 'এই যদি তোমার বিচার হয় তবে এইরপই হউক, আমার কর্তব্য আমি করিয়া যাইব।' আরো শতান্দী-পাঁচছয় পরে যখন কেবল অধ্যাত্মশক্তিতে জগং চলিবে তখন যাহার জন্মগ্রহণ করা উচিত ছিল সেই ভাবী যুগের ফনিভূষণ উনবিংশ শতান্দীতে অবতীর্ণ হইয়া সেই আদিযুগের দ্রীলোককে বিবাহ করিয়া বসিয়াছে শাস্থে যাহার বৃদ্ধিকে প্রলম্মকরী বলিয়া থাকে। ফনিভূষণ দ্রীকে এক-অক্ষর পত্র লিখিল না এবং মনে মনে প্রতিজ্ঞা করিল, এ সম্বন্ধে দ্রীর কাছে কখনো সে কোনো কথার উল্লেখ করিবে না। কী ভীষণ দগুবিধি।

দিনদশেক পরে কোনোমতে যথোপযুক্ত টাকা সংগ্রহ করিয়া বিপত্তীর্ণ ফণিভূষণ বাড়ি আসিয়া উপস্থিত হইল। সে জানিত, বাপের বাড়িতে গহনাপত্র রাখিয়া এতদিনে মণিমালিকা ঘরে ফিরিয়া আসিয়াছে। সেদিনকার দীন প্রার্থীভাব ভ্যাগ করিয়া কৃতকার্য কৃতীপুক্ষ স্ত্রীর কাছে দেখা দিলে মণি যে কিরূপ লক্ষিত এবং জনাবশ্রক প্রয়াসের জন্ম কিঞ্চিৎ অমৃতপ্ত হইবে, ইহাই কল্পনা করিতে করিতে ফণিভূষণ অস্তঃপুরে শমনাগারের ছারের কাছে আসিয়া উপনীত হইল।

দেখিল, ধার রুদ্ধ। তালা ভাঙিয়া ঘরে চুকিয়া দেখিল, ধর শৃত্ত। কোণে লোহার সিন্দুক ধোলা পড়িয়া আছে, তাহাতে গহনাপত্রের চিহ্নযাত্র নাই।

স্বামীর বুকের মধ্যে ধক্ করিয়া একটা ঘা লাগিল। মনে হইল, সংসার উদ্দেশ্তহীন এবং ভালোবাসা ও বাণিজাবাবিসা সমস্তই ব্যর্থ। আমরা এই সংসারণিজ্ঞরের প্রভ্যেক শলাকার উপরে প্রাণপাত করিতে বসিয়াছি, কিন্ত ভালার ভিতরে পাথি নাই, রাখিলেও সে থাকে না। তবে অহরহ হুদয়খনির রক্তমানিক ও অঞ্জ্ঞালের মুক্তামালা দিয়া কী সাজাইতে বসিয়াছি। এই চিরজীবনের সর্বস্বজ্ঞানো শৃক্ত সংসার-আঁচাটা ফ্লিভ্রণ মনে মনে পদাঘাত করিয়া অভিদ্রে ফেলিয়া দিল।

क्षिक्ष भीत मध्य कालां कालां कर रही कतिए हारिन ना। मत्न कतिन, यशि

ইচ্ছা হয় তো ফিরিয়া আসিবে। বৃদ্ধ ব্রাহ্মণ গোমন্তা আসিয়া কহিল, 'চুপ করিয়া থাকিলে কী হইবে, কর্ত্রীবধ্র থবর লওয়া চাই তো।' এই বলিয়া মণিমালিকার পিত্রালয়ে লোক পাঠাইয়া দিল। সেখান হইতে ধবর আসিল, মণি অথবা মধু এ পর্যন্ত সেখানে পৌছে নাই।

তথন চারি দিকে থোঁজ পড়িয়া গেল। নদীতীরে-তীরে প্রশ্ন করিতে করিতে লোক ছুটিল। মধুর ভল্লাস করিতে পুলিসে থবর দেওয়া হইল—কোন্নৌকা, নৌকার মাঝি কে, কোন্ পথে তাহারা কোথার চলিয়া গেল, তাহার কোনো সন্ধান মিলিল না।

সর্বপ্রকার আশা ছাড়িয়া দিয়া একদিন ফণিভূষণ সন্ধ্যাকালে তাহার পরিত্যক্ত नम्बग्रह्त मार्था श्रादम कतिन। मिन क्याहियो, नकान हरे खिलां ब्रिष्ट পড়িতেছে। উৎসৰ উপলক্ষে গ্রামের প্রাস্তরে একটা মেলা বসে, সেধানে আটচালার মধ্যে বারোরারির যাতা আরম্ভ হইরাছে। মুষলধারার বৃষ্টিপাতশব্দে যাতার গানের স্থ মৃত্তর হইরা কানে আসিয়া প্রবেশ করিতেছে। ঐ-ষে বাতারনের উপরে শিথিলকজা मत्रकां । अभिन्ना भिष्ना ह जेशान क्षिक्ष व्यक्तां अक्ता वित्राहिन वामनाव হাওয়া বৃষ্টির ছাঁট এবং যাত্রার গান ঘরের মধ্যে প্রবেশ করিতেছিল, কোনো খেয়ালই ছিল না। ঘরের দেওয়ালে আটু স্টুডিয়ো-রচিত লক্ষীসরশ্বতীর একজোড়া ছবি টাঙানো; আলনার উপরে একটি গামছা ও ভোরালে, একটি চুড়িপেড়ে ও একটি ভূরে শাড়ি সভব্যবহারষোগ্যভাবে পাকানো ঝুলানো রহিয়াছে। ঘরের কোণে টিপাইয়ের উপরে পিডলের ডিবার মণিমালিকার স্বহন্তরচিত গুটিকতক পান শুষ इरेब्रा পড়িब्रा আছে। कार्চत আनगातित्र मस्या তारांत्र आवानामकिल চীन्द्र পুতৃল, এলেন্দের শিশি, রঙিন কাচের ডিক্যান্টার, শৌখিন ভাল, সমুদ্রের বড়ো বড়ো কড়ি, এমন-কি শৃক্ত সাবানের বাক্সগুলি পর্যন্ত অতি পরিপাটি করিয়া সাজানো; বে অতিকুত্র গোলকবিশিষ্ট ছোটো শধের কেরোসিন-ল্যাম্প সে নিজে প্রতিদিন প্রস্তুত করিয়া স্বছন্তে জালাইয়া কুলুন্সিটির উপর রাখিয়া দিত ভাহা যথাস্থানে নির্বাপিত এবং मान रहेन्ना माजारेन्ना व्याष्ट्र, क्यम मारे कृष्य मान्निणि এই सम्बन्धक मिन्नोनिकांत শেষমুম্বর্তের নিক্ষন্তর সাক্ষী, সমস্ত শুদ্র করিয়া যে চলিয়া যায়, সেও এত চিহ্ন, এত ইতিহাস, সমস্ত অভুসামগ্রীর উপর আপন সজীব হৃদরের এত স্বেহস্বাক্ষর রাধিয়া ষায়! এলো মণিমালিকা, এলো, ভোমার দীপটি তুমি জালাও, ভোমার ঘরটি তুমি আলো করো, আয়নার সমুধে দাড়াইয়া ভোমার ষত্তকুঞ্চিত লাড়িট ভূমি পরো, ভোমার জিনিসগুলি ভোমার জন্ত অপেক্ষা করিতেছে। ভোমার কাছ হইতে কেহ কিছু প্রত্যাশা করে না, কেবল তুমি উপস্থিত হইয়া মাত্র ভোমার অক্ষয় বৌৰন ভোমার অয়ান সৌন্দর্য লইয়া চারি দিকের এই-সকল বিপুল বিক্ষিপ্ত অনাথ অড়-সামগ্রীরাদিকে একটি প্রাণের ঐক্যে সঞ্জীবিত করিয়া রাখো; এই-সকল মুক প্রাণহীন পদার্থের অব্যক্ত ক্রনন গৃহকে খালান করিয়া তুলিয়াছে।

গভীর রাত্রে কখন একসমন্ত্রে বৃষ্টির ধারা এবং যাত্রার গান থামিয়া গেছে।
ফণিভূষণ জানলার কাছে যেমন বসিয়া ছিল তেমনি বসিয়া আছে। বাতারনের
বাহিরে এমন একটা জগদ্ব্যাপী নীরদ্ধ জনকার যে তাহার মনে হইতেছিল, যেন
সম্মুখে যমালয়ের একটা অভ্রভেদী সিংহ্ছার, যেন এইখানে দাড়াইয়া কাঁদিয়া ডাকিলে
চিরকালের লুপ্ত জিনিস অচিরকালের মতো একবার দেখা দিতেও পারে। এই
মসীকৃষ্ণ মৃত্যুর পটে, এই অতি কঠিন নিক্ষ-পাষালের উপর সেই হারানো সোনার
একটি রেখা পড়িতেও পারে।

এমন সময় একটা ঠক্ঠক্ শব্দের সঙ্গে সঙ্গে গছনার ঝান্থম্ শব্দ শোনা গেল।
ঠিক মনে ছইল, শব্দটা নদীর ঘাটের উপর ছইতে উঠিয়া আসিতেছে। তথন নদীর
জল এবং রাত্রির অন্ধকার এক ছইয়া মিশিয়া গিয়াছিল। পুলকিত ফণিভ্ষণ ছই
উৎস্ক চক্ষ্ দিয়া অন্ধকার ঠেলিয়া ঠেলিয়া ছঁড়িয়া ছঁড়িয়া দেখিতে চেয়া করিতে
লাগিল— ফীত হৃদয় এবং ব্যগ্র দৃষ্টি ব্যথিত ছইয়া উঠিল, কিছুই দেখা গেল না।
দেখিবার চেয়া বতই একাস্ত বাড়িয়া উঠিল অন্ধকার ততই যেন ঘনীভূত, জগৎ ততই
যেন ছায়াবং ছইয়া আসিল। প্রকৃতি নিশীথয়াত্রে আপন মৃত্যুনিকেতনের গবাক্ষবারে
অক্ষাৎ অতিথিসমাগম দেখিয়া ক্রত ছল্তে আরো একটা বেশি করিয়া পদা
ফেলিয়া দিল।

শন্দা ক্রমে ঘাটের সর্বোচ্চ সোপানতল ছাড়িয়া বাড়ির দিকে অগ্রসর হইতে লাগিল। বাড়ির সম্মুখে আসিয়া থামিল। দেউড়ি বন্ধ করিয়া দরোয়ান যাত্রা শুনিতে নিয়াছিল। তথন সেই কন্ধ বারেয় উপর ঠক্ঠক্ ক্র্ম্বম্ করিয়া ঘা পড়িতে লাগিল, যেন অগংকারের সঙ্গে সঙ্গে একটা শক্ত জিনিস বারেয় উপর আসিয়া পড়িতেছে। ফণিভ্রণ আর থাকিতে পারিল না। নির্বাণমীপ কক্ষণ্ডলি পার হইয়া, অন্ধকার সিঁড়ি দিয়া নামিয়া, কন্ধ বারেয় নিকট আসিয়া উপস্থিত হইল। বার বাহির হইতে তালাবন্ধ ছিল। ফণিভ্রণ প্রাণপণে ছই হাতে সেই বায় নাড়া দিতেই সেই সংবাতে এবং তাহার শব্দে চমকিয়া জাগিয়া উঠিল। দেখিতে পাইল, সে নিজিত অবস্থায় উপর হইতে নীচে নামিয়া আসিয়াছিল। তাহায় সর্বলয়ীয় ঘর্মীক্ত, হাত পা বয়ফেয় মতো ঠাগুা, এবং হৃৎপিগু নির্বাণোমুধ প্রানীপের মতো

ক্ষিত হইতেছে। অপ ভাতিয়া দেখিল, বাহিরে আর-কোনো শব নাই, কেবল ভাবণের ধারা তখনো ঝর্ঝর্ শব্দে পড়িতেছিল এবং তাহারই সহিত মিশ্রিত হইরা শুনা যাইতেছিল, যাত্রার ছেলেরা ভোরের স্থরে তান ধরিরাছে।

যদিচ ব্যাপারটা সমন্তই স্থপ্ন কিন্তু এত অধিক নিকটবর্তী এবং সতাবং বে ফণিভূষণের মনে হইল, যেন অতি অল্পের জন্তই সে তাহার অসম্ভব আকার আকর্ষ সঞ্চলতা হইতে বঞ্চিত হইল। সেই জলপতনশব্দের সহিত দ্বাগত তৈরবীর তান তাহাকে বলিতে লাগিল, এই জাগরণই স্থপ্ন, এই জগৎই মিথ্যা।

ভাষার পরদিনেও যাত্রা ছিল এবং দরোরানেরও ছুটি ছিল। ফণিভূষণ হুকুম
দিল, আন্ধ সমস্ত রাত্রি যেন দেউড়ির দরকা খোলা থাকে। দরোরান কহিল,
মেলা উপলক্ষে নানা দেশ হইতে নানাপ্রকার লোক আসিরাছে, দরকা খোলা
রাখিতে সাহস হয় না। ফণিভূষণ সে কথা মানিল না। দরোয়ান কহিল, 'তবে
আমি সমস্ত রাত্রি হাজির থাকিয়া পাহারা দিব।' ফণিভূষণ কহিল, 'সে হইবে না,
ভোমাকে যাত্রা শুনিতে যাইতেই হইবে।' দরোয়ান আশ্চর্য হইয়া গেল।

পরদিন সন্ধাবেলার দীপ নিভাইরা দিরা ফণিভূষণ তাহার শরনকক্ষের সেই বাতারনে আসিরা বসিল। আকাশে অবৃষ্টিসংরম্ভ মেঘ এবং চতুর্দিকে কোনো-একটি অনিদিপ্ত আসরপ্রতীক্ষার নিশুরতা। ভেকের অপ্রাস্ত কলরব এবং যাত্রার গানের চিংকার্মননি সেই শুরুতা ভাঙিতে পারে নাই, কেবল তাহার মধ্যে একটা অসংগত অভূতরদ বিশ্বার করিতেছিল।

অনেকরাত্রে একসমরে ভেক এবং ঝিলি এবং যাত্রার দলের ছেলেরা চুপ করিয়া গেল এবং রাত্রের অন্ধকারের উপরে আরো একটা কিসের অন্ধকার আসিয়া পড়িল। বুঝা গেল, এইবার সময় আসিয়াছে।

প্রদিনের মতো নদীর ঘাটে একটা ঠক্ঠক্ এবং বাম্বাম্ শব্দ উঠিল। কিন্তু,
ফণিভূবণ সে দিকে চোখ ফিরাইল না। তাহার ভর হইল, পাছে অধীর ইচ্ছা এবং
আশান্ত চেষ্টার তাহার সকল ইচ্ছা সকল চেষ্টা বার্ব হইয়া যার। পাছে আগ্রহের
বেগ ভাহার ইক্রিরশক্তিকে অভিভূত করিয়া ফেলে। সে আপনার সকল চেষ্টা
নিজের মনকে দমন করিবার জক্ত প্ররোগ করিল, কাঠের মৃতির মভো শক্ত হইয়া
খির হইয়া বসিয়া রহিল।

শিক্তিত শব্দ আৰু ঘাট হইতে ক্রমে ক্রমে অগ্রসর হইরা মুক্ত খারের মধ্যে প্রবেশ করিল। শুনা গেল, অন্দর মহলের গোলসিঁড়ি দিয়া ঘ্রিতে ঘ্রিতে শব্দ উপরে উঠিতেছে। কণিভূষণ আপনাকে আর দমন করিতে পারে না, ভাহার বক্ষ ভূফানের

ডিঙির মতো আছাড় খাইতে লাগিল এবং নিখাস রোধ হইবার উপক্রম হইল। গোলসিড়ি শেষ করিয়া সেই শন্ধ বারান্দা দিয়া ক্রমে ঘরের নিকটবর্তী হইতে লাগিল। অবশেষে ঠিক সেই শন্ধনকক্ষের ঘারের কাছে আসিয়া থট্থট্ এবং ঝন্ঝন্ থামিয়া গেল। কেবল চৌকাঠিট পার হইলেই হয়।

ফণিভূষণ আর থাকিতে পারিল না। তাহার ক্লম আবেগ এক মৃহুর্তে প্রবলবেগে উচ্ছুদিত হইয়া উঠিল; সে বিদ্বাদ্বেগে চৌকি হইতে উঠিয়া কাঁদিয়া চিৎকার করিয়া উঠিল, 'মণি!' অমনি সচকিত হইয়া জাগিয়া দেখিল, তাহারই সেই বাাকুল কণ্ঠের চিৎকারে ঘরের শাসিগুলা পর্যন্ত ধ্বনিত স্পন্দিত হইতেছে। বাহিরে সেই ভেকের কলরব এবং যাত্রার ছেলেদের ক্লিষ্ট কণ্ঠের গান।

क्षिकृष् निष्क्रत ममार्छ नवल आघाउ कतिम।

পরদিন মেলা ভাঙিয়া গেছে। দোকানি এবং যাত্রার দল চলিয়া গেল। ফণিভ্ষণ ছকুম দিল, সেইদিন সন্ধ্যার পর তাহার বাড়িতে সে নিজে ছাড়া আর কেহই থাকিবে না। চাকরেয়া স্থির করিল, বাবু তান্ত্রিকমতে একটা কী সাধনে নিযুক্ত আছেন। ফণিভ্ষণ সমস্তদিন উপবাস করিয়া রহিল।

জনশৃত্য বাড়িতে সদ্ধাবেলায় ফণিভূষণ বাতায়নতলে আসিয়া বসিল। সেদিন আকাশের স্থানে স্থানে মেঘ ছিল না, এবং ধৌত নির্মল বাতাসের মধ্য দিয়া নক্ষত্র-গুলিকে অত্যুক্তল দেখাইতেছিল। কৃষ্ণপক্ষ দশমীর চাঁদ উঠিতে অনেক বিলম্ব আছে। মেলা উত্তীর্ণ হইয়া যাওয়াতে পরিপূর্ণ নদীতে নৌকা মাত্রই ছিল না এবং উৎসবজাগরণক্লান্ত গ্রাম তুইরাত্রি জাগরণের পর আজ গভীর নিদ্রায় নিমগ্র।

ফণিভূষণ একখানা চৌকিতে বসিয়া চৌকির পিঠের উপর মাথা উর্ধয়্য করিয়া তারা দেখিতেছিল; ভাবিতেছিল, একদিন যথন তাহার বয়স ছিল উনিল, যথন কলিকাতার কালেজে পড়িত, যথন সন্ধাকালে গোলদিঘির তৃণশয়নে চিত হইয়া, হাতের উপরে মাথা রাখিয়া, ঐ অনস্ককালের তারাগুলির দিকে চাহিয়া থাকিত এক মনে পড়িত তাহার সেই নদীকূলবর্তী শশুরবাড়ির একটি বিয়লকক্ষে চোদ্দবৎসরের বয়:সদ্বিগতা মণির সেই উজ্জ্বল কাঁচা মুখখানি, তথনকার সেই বিয়হ কী স্থমধুর, তখনকার সেই তারাগুলির আলোকস্পন্দন হাদমের যৌবনস্পন্দনের সঙ্গে সঙ্গে বীচিত্র 'বসন্থরাগেণ যতিতালাভাাং' বাজিয়া বাজিয়া উঠিত! আল সেই একই ভারা আগুল দিয়া আকালে মোহমূল্যরের স্লোক কর্মটা লিখিয়া রাখিয়াছে; বলিতেছে, সংসারোহয়মতীর বিচিত্রঃ!

मिथिए प्रिंग जोतांश्वि नमस नृथ इहेना मिन। आकाम इहेए अक्साना

অন্ধকার নামিয়া এবং পৃথিবী হইতে একধানা অন্ধকার উঠিয়া চোধের উপরকার এবং নীচেকার পল্পবের মতো একতা আসিয়া মিলিভ হইল। আজ ফণিভূষণের চিন্ত শাস্ত ছিল। সে নিশ্চয় জানিভ, আজ তাহার অভীষ্ট সিদ্ধ হইবে, সাধকের নিকট মৃত্যু আপন রহস্ত উদ্ঘাটন করিয়া দিবে।

পূর্বরাত্তির মতো সেই শব্দ নদীর জলের মধ্য ছইতে ঘাটের সোপানের উপর উঠিল। ফণিভূষণ দুই চক্দ্ নিমীলিত করিয়া স্থির দৃচ্চিত্তে ধ্যানাসনে বসিল। শব্দ দারীশৃষ্ণ দেউড়ির মধ্যে প্রবেশ করিল, শব্দ অনশৃষ্ণ অন্তঃপুরের গোলসিঁড়ির মধ্য দিয়া ঘ্রিয়া ঘ্রিয়া উঠিতে লাগিল, শব্দ দীর্ঘ বারান্দা পার ছইল এক শর্মকক্ষের ছারের কাছে আসিয়া ক্ষণকালের জন্ম থামিল।

ফণিভূষণের হৃদয় ব্যাকুল এবং সর্বান্ধ কণ্টকিত হইয়া উঠিল, কিন্তু আজ সে চক্
খুলিল না। শন চৌকাঠ পার হইয়া অন্ধকার ঘরের মধ্যে প্রবেশ করিল। আলনায়
ফোধানে শাড়ি কোঁচানো আছে; কুল্লিতে ধেধানে কেরোসিনের দীপ দাড়াইয়া,
টিপাইয়ের ধারে ধেধানে পানের বাটায় পান শুন্ত, এবং সেই বিচিত্রসামগ্রীপূর্ণ
আলমারির কাছে প্রত্যেক জায়গায় এক-একবার করিয়া দাড়াইয়া অবশেষে শন্দটা
ফণিভূষণের অত্যন্ত কাছে আসিয়া থামিল।

তথন ফণিভূষণ চোখ মেলিল এবং দেখিল, ঘরে নবোদিত দশমীর চক্রালোক আসিরা প্রবেশ করিরাছে, এবং তাহার চৌকির ঠিক সমুথে একটি করাল দাঁড়াইয়া। সেই করালের আট আঙুলে আংটি, করতলে রতনচক্র, প্রকোষ্ঠে বালা, বাছতে বাজুবছ, গলার কর্ন্তি, মাথার সিঁখি, তাহার আপাদমন্তকে অন্থিতে অন্ধিতে এক-একটি আভরণ সোনার হীরার বক্ষক করিতেছে। অলংকারগুলি টিলা, ঢল্ঢল্ করিতেছে, কিন্তু অল হইতে খনিয়া পড়িতেছে না। সর্বাপেকা ভরংকর, তাহার অন্থিমর মুখে তাহার ছই চক্ ছিল সন্ধীব। সেই কালো তারা, সেই ঘনদীর্ঘ পদ্ম, সেই সক্রল উজ্জলতা, সেই অবিচলিত দৃঢ়লান্তি দৃষ্টি। আজ আঠারো বংসর পূর্বে একদিন আলোকিত সভাগৃহে নহবতের সাহানা আলাপের মধ্যে ফণিভূষণ যে কুটি আয়ত-স্থলর কালো-কালো ঢল্চল চোখ শুভদৃষ্টিতে প্রথম দেখিয়াছিল সেই ছুটি চক্ট আজ আবণের অর্থনাত্র ক্ষমণক দশমীর চক্রকিরণে দেখিল; দেখিলা তাহার সর্বশরীরে রক্ত হিম হইয়া আসিল। প্রাণপণে ছুই চক্ত্ বৃজ্ঞিতে চেষ্টা করিল, কিছুতেই পারিল না, ডাহার চক্ত্ মৃত মান্থবের চক্ত্র মতো নির্নিমেষ চাহিয়া রিছিল।

ख्यन म्हें क्यांन खिक स्विक्र स्विक्र मूर्य वित्व खाद्य विद्व स्वित्र स्वित्र

দক্ষিণ হল্ত তুলিয়া নীরবে অনুলিসংকেতে ভাকিল। তাহার চার আঞুলের অস্থিতে হীরার আংটি ঝক্মক্ করিয়া উঠিল।

ফনিভ্ৰণ মৃঢ়ের মজো উঠিয়া দাড়াইল। করাল খারের অভিমুখে চলিল, হাড়েতে হাড়েতে গহনার গহনার কঠিন শব্দ হইতে লাগিল। ফনিভ্রণ পাশ্বর প্রলীর মতো ভাহার পশ্চাৎ পশ্চাৎ চলিল। বারান্দা পার হইল, নিবিড় অন্ধনার গোলসিঁড়ি ঘ্রিয়া ঘ্রিয়া থটুবটু ঠক্ঠক্ ঝন্ঝাম্ করিতে করিতে নীচে উতীর্ণ হইল। নীচেকার বারান্দা পার হইয়া জনশ্রু দীপহীন দেউড়িতে প্রবেশ করিল। অবশেষে দেউড়ি পার হইয়া ইটের-খোয়া-দেওয়া বাগানের রাস্তায় বাহিয় হইয়া পড়িল। খোয়াগুলি অন্থিপাতে কড়কড় করিতে লাগিল। সেধানে ক্ষীণ জ্যোৎলা ঘন ডালপালার মধ্যে আটক খাইয়া কোখাও নিছ্তির পথ পাইতেছিল না; সেই বর্ষার নিবিড়গন্ধ অন্ধনার ছায়াপথে জোনাকির ঝাঁকের মধ্য দিয়া উভরে নদীর ঘাটে আসিয়া উপস্থিত হইল।

ঘাটের যে ধাপ বাহিয়া শব্দ উপরে উঠিয়াছিল সেই ধাপ দিয়া অলংকৃত কন্ধাল তাহার আন্দোলনহীন ঋজুগতিতে কঠিন শব্দ করিয়া এক-পা এক-পা নামিতে লাগিল। পরিপূর্ণ বর্ধানদীর প্রবলম্রোত জলের উপর জ্যোৎস্নার একটি দীর্ঘরেখা ঝিক্ঝিক্ করিতেছে।

কশ্বাল নদীতে নামিল, অহবর্তী ফণিভ্ষণও জলে পা দিল। জলস্পর্ণ করিবামাত্র ফণিভ্যণের তন্ত্রা ছুটিয়া গেল। সমুপে আর তাহার পথপ্রদর্শক নাই, কেবল নদীর পরপারে গাছগুলা শুরু হইয়া দাড়াইয়া এবং তাহাদের মাথার উপরে ধণ্ড টাদ শাস্ত অবাকভাবে চাহিয়া আছে। আপাদমন্তক বারস্বার শিহরিয়া শিহরিয়া খিলিতপদে ফণিভ্যণ স্রোতের মধ্যে পড়িয়া গেল। যদিও সাঁভার জানিত কিন্তু আয়ু তাহার বল মানিল না, স্বপ্লের মধ্য হইতে কেবল মুহুর্ভমাত্র জাগরণের প্রাস্থে আসিয়া পরক্ষণে অভলস্পর্শ স্থপ্তির মধ্যে নিমগ্র হইয়া গেল।

গল্প পেষ করিয়া ইস্কুলমাস্টার ধানিকক্ষণ থামিলেন। হঠাৎ থামিবামাত্র বোঝা গেল, তিনি ছাড়া ইতিমধ্যে অগতের আর-সকলই নীরব নিস্তম্ধ হইয়া গেছে। অনেকক্ষণ আমি একটি কথাও বলিলাম না এবং অন্ধকারে তিনি আমার মুখের ভাবও দেখিতে পাইলেন না।

আমাকে জিজাসা করিলেন, "আপনি কি এ গল বিশ্বাস করিলেন না।"

व्यामि बिक्कांमा कतिलाम, "बालनि कि हेश विश्वाम करतन।"

তিনি কহিলেন, "না। কেন করি না ভাহার করেকটি যুক্তি দিতেছি। প্রথমত প্রকৃতিঠাকুরানী উপক্রাসলেধিকা নহেন, ভাঁহার হাতে বিশুর কাজ আছে—"

चामि कहिनाम, "विजीवज, चामावरे नाम बीवूक क्विज्वन नारा।"

हेशूनमानोत्र किहूमां जिल्ला ना हरेता कहिएनन, "आमि छाहा हरेएन ठिकरे अञ्चमान कतित्राहिनाम, आंभनात जीत नाम की हिन।"

थामि कश्मिम, "नृडाकानी।"

অগ্ৰহায়ণ ১৩০৫

मृष्टिमान

· শুনিয়াছি, আজকাল অনেক বাঙালির মেয়েকে নিজের চেষ্টায় স্থামী সংগ্রহ করিতে হয়। আমিও তাই করিয়াছি, কিন্তু দেবভার সহায়তায়। আমি ছেলেবেলা হইতে অনেক ব্রস্ত এবং অনেক শিবপূজা করিয়াছিলাম।

আমার আটবংসর বয়স উত্তীর্ণ না হইতেই বিবাহ হইয়া গিয়াছিল। কিন্তু পূর্বজন্মের পাপবশত আমি আমার এমন স্বামী পাইয়াও সম্পূর্ণ পাইলাম না। মা

তিনয়নী আমার ত্ইচক্ষ্ লইলেন। জীবনের শেষমূহ্র্ড পর্যন্ত মাকৈ দেখিয়া লইবার
স্থা দিলেন না।

বাল্যকাল হইতেই আমার অগ্নিপরীক্ষার আরম্ভ হয়। চোদ্দবৎসর পার না হইতেই আমি একটি মৃতলিগু জন্ম দিলাম; নিজেও মরিবার কাছাকাছি গিয়াছিলাম কিন্তু যাছাকে তু:ধভোগ করিতে হইবে সে মরিলে চলিবে কেন। যে দীপ জলিবার জন্ম হইরাছে ভাহার ভেল অল্ল হয় না; রাত্রিভোর জলিয়া তবে ভাহার নির্বাণ।

বাঁচিলাম বটে কিন্তু শরীরের তুর্বলভার, মনের খেলে, অথবা যে কারণেই হউক, আমার চোখের পীড়া হইল।

আমার স্বামী তখন ডাক্টারি পড়িতেছিলেন। নৃতন বিছালিক্ষার উৎসাহবশত চিকিৎসা করিবার স্থ্যোগ পাইলে ডিনি খুশি হইয়া উঠিতেন। তিনি নিজেই আমার চিকিৎসা আরম্ভ করিলেন।

দাদা সে বছর বি. এল. দিবেন বলিয়া কালেজে পড়িভেছিলেন। তিনি একদিন আসিয়া আমার স্বামীকে কহিলেন, "করিভেছ কী। স্কুম্র চোধ দুটো বে নষ্ট করিভে বসিয়াছ। একজন ভালো ডাক্তার দেখাও।" আমার স্বামী কহিলেন, "ভালো ভাক্তার আসিয়া আর ন্তন চিকিৎসা কী করিবে। ওযুধপত্র ভো সব জানাই আছে।"

দাদা কিছু রাগিয়া কহিলেন, "তবে তো তোমার সঙ্গে তোমাদের কলেজের বড়োসাহেবের কোনো প্রভেদ নাই।"

স্বামী বলিলেন, "আইন পড়িভেছ, ভাজারির তুমি কী বোঝ। তুমি যথন বিবাহ করিবে তথন তোমার জীর সম্পত্তি লইয়া যদি কথনো মকদমা বাধে তুমি কি আমার পরামর্শমত চলিবে।"

আমি মনে মনে ভাবিতেছিলাম, রাঞ্চার রাঞ্চার যুদ্ধ হইলে উলুখড়েরই বিপদ স্বচেরে বেলি। স্বামীর সন্দে বিবাদ বাধিল দাদার, কিন্তু ত্রইপক হইতে বাঞ্চিতেছে আমাকেই। আবার ভাবিলাম, দাদারা যথন আমাকে দানই করিয়াছেন তথন আমার সম্বন্ধ কর্তব্য লইয়া এ-সমন্ত ভাগাভাগি কেন। আমার ক্থছেখ, আমার রোগ ও আরোগ্য, সে তো সমন্তই আমার স্বামীর।

সে দিন আমার এই এক সামান্ত চোখের চিকিৎসা লইয়া দাদার সঙ্গে আমার বামীর যেন একটু মনান্তর হইয়া গেল। সহজেই আমার চোখ দিয়া জল পড়িতে-ছিল, আমার জলের ধারা আরো বাড়িয়া উঠিল; তাহার প্রকৃত কারণ আমার স্বামী কিয়া দাদা কেহই তথন ব্ঝিলেন না।

আমার স্বামী কালেন্তে গেলে বিকালবেলার হঠাৎ দাদা এক ডাজার লইরা আসিরা উপস্থিত। ডাজার পরীক্ষা করিয়া কহিল, সাবধানে না থাকিলে পীড়া গুলতর হইবার সম্ভাবনা আছে। এই বলিয়া কী-সমস্ত ওব্ধ লিখিয়া দিল, দাদা তখনই তাহা আনাইতে পাঠাইলেন।

ভাক্তার চলিয়া গেলে আমি দাদাকে বলিলাম, "দাদা, আপনার পায়ে পড়ি, আমার যে চিকিৎসা চলিতেছে তাহাতে কোনোরপ ব্যাঘাত ঘটাইবেন না।"

ভামি শিশুকাল হইতে দাদাকে থুব ভয় করিতাম; তাঁহাকে যে মুখ ফুটিয়া এমন করিয়া কিছু বলিতে পারিব, ইছা আমার পক্ষে এক আশুর্ব ঘটনা। কিছু, আমি বেশ ব্রিয়াছিলাম, আমার স্বামীকে লুকাইয়া দাদা আমার যে চিকিৎসার ব্যবস্থা করিতেছেন তাহাতে আমার অশুভ বৈ শুভ নাই।

দাদাও আমার প্রগল্ভভার বোধ করি কিছু আশ্চর্য হইলেন। কিছুক্ষণ চুপ করিরা ভাবিরা অবশেষে বলিলেন, "আচ্ছা, আমি আর ডাক্ডার আনিব না, কিছু যে ওর্ধটা আসিবে ভাহা বিধিমতে সেবন করিরা দেখিদ।" ওর্ধ আসিলে পর আমাকে ভাহা ব্যবহারের নিরম ব্যাইরা দিয়া চলিয়া গেলেন। স্বামী কলেজ হইতে আসিবার পূর্বেই আমি সে কোটা এবং শিশি এবং তুলি এবং বিধিবিধান সমগুই সবত্বে আমাদের প্রাহ্মণের পাতকুরার মধ্যে ফেলিয়া দিলাম।

দাদার দক্ষে কিছু আড়ি করিয়াই আমার স্বামী বেন আরো বিশুল চেষ্টার আমার চোধের চিকিৎসায় প্রবৃত্ত হইলেন। এবেলা ওবেলা ওব্ধ বদল হইতে লাগিল। চোধে ঠুলি পরিলাম, চলমা পরিলাম, চোধে ফোঁটা ফেরিয়া ওব্ধ ঢালিলাম, শুঁড়া লাগাইলাম, তুর্গদ্ধ মাছের তেল খাইয়া ভিতরকার পাক্ষরস্থ্য যথন বাহির হইবার উত্তম করিড তাহাও দমন করিয়া রহিলাম।

স্বামী জিজ্ঞাসা করিতেন, কেমন বোধ হইতেছে। আমি বলিতাম, অনেকটা ভালো। আমি মনে করিতেও চেষ্টা করিতাম যে, ভালোই হইতেছে। যখন বেশি জল পড়িতে থাকিত তখন ভাবিতাম জল কাটিয়া যাওয়াই ভালো লক্ষণ; যখন জল পড়া বন্ধ হইত তখন ভাবিতাম, এই তো আরোগ্য হইবার পথে দাড়াইয়াছি।

' কিছু কিছুকাল পরে ষন্ত্রণা অসহ হইরা উঠিল। চোধে ঝাপসা দেখিতে লাগিলাম এবং মাথার বেদনার আমাকে শ্বির থাকিতে দিল না। দেখিলাম, আমার স্বামীও যেন কিছু অপ্রতিভ হইরাছেন। এতদিন পরে কী ছুতা করিয়া যে ডাক্ডার ডাকিবেন, ভাবিয়া পাইতেছেন না।

আমি তাঁহাকে বলিলাম, "দাদার মন রক্ষার জন্ত একবার একজন ডাজার ডাকিতে দোষ কী। এই লইন্না ডিনি অনর্থক রাগ করিতেছেন, ইহাতে আমার মনে কট্ট হয়। চিকিৎসা ভো তুমিই করিবে, ডাজার একজন উপসর্গ থাকা ডালো।"

স্বামী কহিলেন, "ঠিক বলিয়াছ।" এই বলিয়া সেইদিনই এক ইংরাজ ডাজার লইয়া হাজির করিলেন। কী কথা হইল জানি না কিন্তু মনে হইল, বেন সাহেব আমার স্বামীকে কিছু ভ<গ্না করিলেন, তিনি নতলিরে নিক্তরে দাড়াইয়া রহিলেন।

ভাক্তার চলিয়া গেলে আমি আমার স্বামীর হাত ধরিয়া বলিলাম, "কোথা হইতে একটা গোন্নার গোরা-গর্দভ ধরিয়া আনিরাছ, একজন দেশী ভাক্তার আনিলেই হইত। আমার চোখের রোগ ও কি ভোমার চেয়ে ভালো বুঝিবে।"

यांगी किছू कृष्ठिङ रहेवा विनित्नन, "टार्थ जब करा जावज्ञक रहेवाटि।"

আমি একটু রাগের জান করিয়া কহিলাম, "মত্র করিতে হইবে, সে তো তুমি জানিতে কিন্তু প্রথম হইভেই সে কথা আমার কাছে গোপন করিয়া গেছ। তুমি কি মনে কর, আমি ভর করি।" স্থামীর লজ্জা দ্র ছইল; তিনি বলিলেন, "চোখে অন্ত করিতে হইবে শুনিলে শুর না করে, পুরুষের মধ্যে এমন বীর করজন আছে।"

व्यामि ठोष्ठे। कतिया विनिनाम, "शूक्रस्त वीत्रच क्ववन जीत काष्ट ।"

স্থামী তৎক্ষণাৎ মান গভীর হইয়া কহিলেন, "সে কথা ঠিক। পুরুষের কেবল অহংকার সার।"

আমি তাঁহার গান্তীর্ণ উড়াইয়া দিয়া কহিলাম, "অহংকারেও বৃঝি তোমরা মেয়েদের সন্দে পার ? তাহাতেও আমাদের জিত।"

ইতিমধ্যে দাদা আদিলে আমি দাদাকে বিরলে ডাকিয়া বলিলাম, "দাদা, আপনার সেই ডাক্তারের ব্যবস্থামত চলিয়া এতদিন আমার চোধ বেশ ডালোই হইডেছিল, একদিন ভ্রমক্রমে ধাইবার ওমুধটা চক্ষে লেপন করিয়া তাহার পর হইতে চোধ ধায়-যায় হইয়া উঠিয়াছে। আমার স্থামী বলিতেছেন, চোঁধে অন্ত্র করিতে হইবে।"

দাদা বলিলেন, "আমি ভাবিতেছিলাম, তোর স্বামীর চিকিৎসাই চলিতেছে, তাই আরো আমি রাগ করিয়া এতদিন আসি নাই।"

আমি বলিলাম, "না, আমি গোপনে সেই ডাক্টারের ব্যবস্থামতই চলিতে-ছিলাম, স্বামীকে জানাই নাই, পাছে তিনি রাগ করেন।"

ত্রীজন্ম গ্রহণ করিলে এত মিথাতি বলিতে হয়! দাদার মনেও কট দিতে পারি না, স্বামীর যশও ক্ষা করা চলে না। মা হইয়া কোলের শিশুকে ভূলাইতে হয়, ত্রী হইয়া শিশুর বাপকে ভূলাইতে হয়— মেয়েদের এত ছলনার প্রয়োজন।

ছলনার ফল হইল এই ষে, অন্ধ হইবার পূর্বে আমার দাদা এবং স্বামীর মিলন দেখিতে পাইলাম। দাদা ভাবিলেন, গোপনচিকিৎসা করিতে গিয়া এই তুর্ঘটনা ঘটল; স্বামী ভাবিলেন, গোড়ায় আমার দাদার পরামর্শ শুনিলেই ভালো হইত। এই ভাবিয়া তুই অমৃতপ্ত হৃদয় ভিতরে ভিতরে ক্ষমাপ্রার্থী হইয়া পরস্পরের অভান্ত নিকটবর্তী হইল। স্বামী দাদার পরামর্শ লইতে লাগিলেন, দাদাও বিনীভভাবে সকল বিষয়ে আমার স্বামীর মতের প্রতিই নির্ভর প্রকাশ করিলেন।

অবশেষে উভয়ের পরামর্শক্রমে একদিন একজন ইংরাজ ভাক্তার আসিয়া আমার বাম চোধে অস্ত্রাঘাত করিল। ত্র্বল চক্ষ্ সে আঘাত কাটাইয়া উঠিতে পারিল না, তাহার কীন দীপ্তিটুক্ হঠাৎ নিবিয়া গেল। ভাহার পরে বাকি চোধটাও দিনে দিনে অয়ে অয়ে অয়কারে আর্ড হইয়া গেল। বালাকালে শুভদৃষ্টির দিনে যে চন্দনচর্চিত ভক্লণমূতি আমার সম্প্রে প্রথম প্রকাশিত হইয়াছিল তাহার উপয়ে চিরকালের মভো পর্দা পড়িয়া গেল। একদিন স্বামী আমার শ্যাপার্থে আসিয়া কহিলেন, "ভোমার কাছে আর মিথা। বড়াই করিব না, ভোমার চোধ-ছটি আমিই নষ্ট করিয়াছি।"

দেখিলাম, তাঁহার কণ্ঠন্বরে অঞ্জ্ঞল ভরিয়া আসিয়াছে। আমি হুই হাতে তাঁহার দক্ষিণহন্ত চাপিয়া কছিলাম, "বেশ করিয়াছ, তোমার জিনিস তুমি লইয়াছ। ভাবিয়া দেখো দেখি, যদি কোনো ভাজারের চিকিৎসায় আমার চোখ নষ্ট হইত তাহাতে আমার কী সান্ধনা থাকিত। ভবিতব্যতা ধখন খণ্ডে না তখন চোখ তো আমার কেহই বাঁচাইছে পারিত না, সে চোখ তোমার হাতে গিয়াছে এই আমার অন্ধতার একমাত্র হুখ। ধখন পূজার ফুল কম পড়িয়াছিল তখন রামচন্দ্র তাঁহার হুই চক্ষ্ উৎপাটন করিয়া দেবতাকে দিতে গিয়াছিলেন। আমার দেবতাকে আমার দৃষ্টি দিলাম— আমার প্রনিমার জ্যোৎস্পা, আমার প্রভাতের আলো, আমার আকাশের নীল, আমার পৃথিবীর সর্ক্র সব তোমাকে দিলাম, তোমার চোখের ধখন বাহা ভালো লাগিবে আমাকে মুখে বলিয়ো, সে আমি ভোমার চোখের দেখার প্রসাদ বলিয়া গ্রহণ করিব।"

আমি এত কথা বলিতে পারি নাই, মৃথে এমন করিয়া বলাও বায় না; এ-সব
কথা আমি অনেক দিন ধরিয়া ভাবিয়াছি। মাঝে মাঝে যথন অবসাদ আসিত,
নিষ্ঠার ভেজ রান হইয়া পড়িত, নিজেকে বঞ্চিত হৃ:খিত হৃতাগ্যদম্ম নলিয়া মনে হইত,
ভখন আমি নিজের মনকে দিয়া এই-সব কথা বলাইয়া লইতাম; এই শাস্তি, এই
ভক্তিকে অবলম্বন করিয়া নিজের হৃ:খের চেয়েও নিজেকে উচ্চ করিয়া তৃলিতে চেষ্টা
করিতাম। সে দিন কতকটা কথায় কতকটা নীরবে বোধ করি আমার মনের ভাবটা
তাঁহাকে একরকম করিয়া ব্যাইতে পারিতেছিলাম। তিনি কহিলেন, "কুম্, মৃচ্তা
করিয়া তোমার যা নষ্ট করিয়াছি সে আর ফিরাইয়া দিতে পারিব না, কিন্তু আমার
যতদ্ব সাধ্য তোমার চোখের অভাব মোচন করিয়া তোমার সঙ্গে সঙ্গে থাকিব।"

আমি কহিলাম, "সে কোনো কাজের কথা নয়। তুমি যে তোমার দরকরাকে একটি অন্ধের হাসপাঙাল করিয়া রাখিবে, সে আমি কিছুতেই দিব না। তোমাকে আর-একটি বিবাহ করিতেই হইবে।"

কিজন্ত যে বিবাহ করা নিতান্ত আবশ্রক তাহা সবিন্তারে বলিবার পূর্বে আমার একটুখানি কঠরোধ হইবার উপক্রম হইল। একটু কাশিরা, একটু সামলাইরা লইরা বলিতে যাইতেছি, এমন সমর আমার স্বামী উচ্ছুসিত আরেগে বলিরা উঠিলেন, "আমি মৃচ, আমি অহংকারী, কিন্তু তাই বলিরা আমি পাষ্ণ্ড নই। নিজের হাতে জোমাকে অন্ধ করিরাছি, অবশেষে সেই লোবে তোমাকে পরিত্যাগ করিরা বদি অন্ত

ন্ত্রী গ্রহণ করি তবে আমাদের ইষ্টদেব গোপীনাথের শপথ করিয়া বলিভেছি, আমি যেন ব্রশ্নহত্যা-পিতৃহত্যার পাতকী হই।"

এতবড়ো শপথটা করিতে দিতাম না, বাধা দিতাম, কিন্তু অশ্রু তথন বুক বাহিয়া, কঠ চাপিয়া, ছইচক্ ছাপিয়া, ঝরিয়া পড়িবার জ্ঞা করিতেছিল; তাহাকে সম্বরণ করিয়া কথা বলিতে পারিতেছিলাম না। তিনি যাহা বলিলেন তাহা শুনিয়া বিপুল আনন্দের উদ্বেগে বালিশের মধ্যে মুখ চাপিয়া কাঁদিয়া উঠিলাম। আমি অদ্ধ, তব্ তিনি আমাকে ছাড়িবেন না। ছংথার ছংখের মতো আমাকে হাদরে করিয়া রাখিবেন। এত সৌভাগ্য আমি চাই না, কিন্তু মন তো স্বার্থপর।

অবশেষে অঞ্জর প্রথম পশলাটা সবেগে বর্ষণ হইয়া গেলে তাঁহার মৃথ আমার বৃকের কাছে টানিয়া লইয়া বলিলাম, "এমন ভয়ংকর শপথ কেন করিলে। আমি কি তোমাকে নিজের স্থের জন্ম বিবাহ করিতে বলিয়াছিলাম। সতিনকে দিয়া আমি আমার স্বার্থ সাধন করিতাম। চোথের অভাবে তোমার যে কাজ নিজে করিতৈ পারিতাম না সে আমি তাহাকে দিয়া করাইতাম!"

স্বামী কহিলেন, "কাজ তো দাসীতেও করে। আমি কি কাজের স্থবিধার জন্ম একটা দাসী বিবাহ করিয়া আমার এই দেবীর সঙ্গে একটি নির্মল চ্ছন করিলেন; সেই চ্ছনের ছারা আমার ধন তৃতীয় নেত্র উন্মীলিত হইল, সেইক্ষণে আমার দেবীছে অভিষেক হইয়া গেল। আমি মনে মনে কহিলাম, সেই ভালো। যথন আৰু হইয়াছি তথন আমি এই বহি:সংসারের আর গৃহিণী হইতে পারি না, এখন আমি সংসারের উপরে উঠিয়া দেবী হইয়া সামীর মঞ্চল করিব। আর মিথ্যা নয়, ছলনা নয়, গৃহিণী রমণীর ষতকিছু ক্ষতা এবং কপটতা আছে সমস্ত দ্ব করিয়া দিলাম।

সে দিন সমন্ত দিন নিজের সঙ্গে একটা বিরোধ চলিতে লাগিল। গুরুতর লপথে বাধ্য হইয়া স্বামী যে কোনোমতেই দিতীয়বার বিবাহ করিতে পারিবেন না, এই আনন্দ মনের মধ্যে যেন একেবারে দংশন করিয়া রহিল; কিছুতেই ভাহাকে ছাড়াইতে পারিলাম না। অন্থ আমার মধ্যে যে ন্তন দেবীর আবির্ভাব হইয়াছে তিনি কহিলেন, 'হয়তো এমন দিন আসিতে পারে যথন এই শপথ-পালন অপেকা বিবাহ করিলে তোমার স্বামীর মলল হইবে।' কিন্তু আমার মধ্যে যে পুরাতন নারীছিল লে কহিল, 'তা হউক, কিন্তু তিনি যথন শপথ করিয়াছেন তথন তো আর বিবাহ করিতে পারিবেন না।' দেবী কহিলেন, 'তা হউক, কিন্তু ইহাতে তোমার খুলি হইবার কোনো কারণ নাই।' মানবী কহিল, 'সকলই বৃঝি, কিন্তু যখন তিনি লপথ করিয়াছেন

তথন' ইত্যাদি। বার বার সেই এক কথা। দেবী তথন কেবল নিরুত্তরে জরুটি করিলেন এবং একটা ভরংকর আশহার অন্ধকারে আমার সমস্ত অন্তঃকরণ আছের হইয়া গেল।

আমার অন্তপ্ত স্বামী চাকরদাসীকে নিষেধ করিয়া নিজে আমার সকল কাজ করিয়া দিতে উভত হইলেন। স্বামীর উপর তুচ্ছ বিষয়েও এইরপ নিরুপায় নির্ভর প্রথমটা ভালোই লাগিত। কারণ, এমনি করিয়া সর্বদাই তাঁহাকে কাছে পাইতাম। চোখে তাঁহাকে দেখিতাম না বলিয়া তাঁহাকে সর্বদা কাছে পাইবার আকাজ্জা অত্যন্ত বাড়িয়া উঠিল। স্বামীস্থধের যে অংশ আমার চোধের ভাগে পড়িয়াছিল সেইটে এখন অন্ত ইন্সিয়েরা বাঁটিয়া লইয়া নিজেদের ভাগ বাড়াইয়া লইবার চেষ্টা করিল। এখন আমার স্বামী অধিকক্ষণ বাহিরের কাব্দে থাকিলে মনে হইড, আমি যেন খুন্তে রহিয়াছি, আমি যেন কোথাও কিছু ধরিতে পারিতোছ না, আমার যেন সব হারাইল। পূর্বে স্বামী যখন কালেজে ষাইতেন তখন বিলম্ব হইলে পথের দিকের জানালা একটুখানি ফাঁক করিয়া পথ চাহিয়া থাকিতাম। যে জগতে তিনি বেড়াইতেন সে জগংটাকে আমি চাৈধের হারা নিজের সঙ্গে বাঁধিয়া রাখিয়াছিলাম। আৰু আমার দৃষ্টিছীন সমস্ত শরীর তাঁছাকে অশ্বেষণ করিতে চেন্তা করে। তাঁছার পৃথিবীর সহিত আমার পৃথিবীর যে প্রধান সাঁকো ছিল সেটা আজ ভাঙিয়া গেছে। এখন তাঁহার এবং আমার মাঝধানে একটা তুন্তর অন্ধতা; এখন আমাকে কেবল নিরুপার ব্যগ্রভাবে বসিয়া থাকিতে হয়, কখন ডিনি তাঁহার পার হইতে আমার পারে আপনি আসিয়া উপস্থিত হইবেন। সেইজন্ম এখন, যখন ক্ষণকালের জন্মও তিনি আমাকে ছাড়িয়া চলিয়া যান তখন আমার সমন্ত অন্ধ দেহ উত্তত হইয়া তাঁহাকে ধরিতে যায়, হাহাকার করিয়া তাঁহাকে ডাকে।

কিন্তু এত আকাজ্বা, এত নির্তর তো ভালো নয়। একে তো স্বামীর উপরে লীর ভারই যথেষ্ট, তাহার উপরে আবার অন্ধতার প্রকাণ্ড ভার চাপাইতে পারি না। আমার এই বিশক্ষোড়া অন্ধকার, এ আমিই বহন করিব। আমি একাগ্রমনে প্রতিজ্ঞা করিলাম, আমার এই অনস্ত অন্ধতা দ্বারা স্বামীকে আমি আমার সঙ্গে বাঁধিয়া রাখিব না।

অল্পকালের মধ্যেই কেবল শক্ষ-গল্ধ-ম্পর্শের বারা আমি আমার সমস্ত অভ্যস্ত কর্ম
সম্পন্ন করিতে লিখিলাম। এমন-কি আমার অনেক গৃহকর্ম পূর্বের চেন্নে অনেক বেলি
নৈপুণ্যের সহিত নির্বাহ করিতে পারিলাম। এখন মনে হইতে লাগিল, দৃষ্টি
আমাদের কালের যতটা সাহায্য করে ভাহার চেন্নে তের বেলি বিক্লিপ্ত করিয়া দের।

যতটুকু দেখিলে কাজ ভালো হয় চোধ ভাহার চেয়ে চের বেলি দেখে। এবং চোধ যথন পাহারার কাজ করে কান তথন অলস হইয়া যায়, যতটা ভাহার লোনা উচিভ ভাহার চেয়ে সে কম লোনে। এখন চঞ্চল চোখের অবর্তমানে আমার অক্য সমস্ত ইন্দ্রিয় ভাহাদের কর্তব্য শাস্ত এবং সম্পূর্ণভাবে করিতে লাগিল।

এখন আমার স্বামীকে আর আমার কোনো কান্ধ করিতে দিলাম না, এবং তাঁহার সমস্ত কান্ধ আবার পূর্বের মতো আমিই করিতে লাগিলাম।

স্বামী আমাকে কহিলেন, "আমার প্রায়ন্দিত্ত হইতে আমাকে বঞ্চিত্ত করিতেছ।" আমি কহিলাম, "তোমার প্রায়ন্দিত্ত কিসের আমি জানি না, কিন্তু আমার পাপের ভার আমি বাড়াইব কেন।"

যাহাই বল্ন, আমি যখন তাঁহাকে মৃক্তি দিলাম তখন তিনি নিশাস ফেলিয়া বাঁচিলেন; অন্ধ ন্ত্ৰীর সেবাকে চিরজীবনের ত্রত করা পুরুষের কর্ম নছে।

আমার স্বামী ডাক্তারি পাস করিয়া আমাকে সঙ্গে সইয়া মফম্বলে গেলেন।

পাড়াগাঁরে আসিরা যেন মাতৃক্রোড়ে আসিলাম মনে হইল। আমার আট বংসর বরসের সময় আমি গ্রাম ছাড়িয়া শহরে আসিরাছিলাম। ইতিমধ্যে দশ বংসরে জন্মভূমি আমার মনের মধ্যে ছায়ার মতো অস্পষ্ট হইয়া আসিরাছিল। যতদিন চক্ছ ছিল কলিকাতা শহর আমার চারি দিকে আর-সমস্ত স্থতিকে আড়াল করিয়া দাঁড়াইয়াছিল। চোধ যাইতেই ব্ঝিলাম, কলিকাতা কেবল চোধ ভূলাইয়া রাধিবার শহর, ইহাতে মন ভরিয়া রাখে না। দৃষ্টি হারাইবামাত্র আমার সেই বাল্যকালের পল্লীগ্রাম দিবাবসানে নক্ষত্রলোকের মতো আমার মনের মধ্যে উজ্জ্ল হইয়া উঠিল।

অগ্রহায়ণের শেষাশেষি আমরা হাসিমপুরে গোলাম। নৃতন দেশ, চারি দিক দেখিতে কিরকম তাহা বুঝিলাম না, কিন্তু বাল্যকালের সেই গন্ধে এবং অফ্ডাবে আমাকে সর্বান্ধে বেইন করিয়া ধরিল। সেই শিশিরে-ভেজা নৃতন চষা খেত হইতে প্রভাতের হাওয়া, সেই গোনা-ঢালা অভ্যর এবং সরিষা-খেতের আকাল-ভরা কোমল স্থমিষ্ট গন্ধ, সেই রাখালের গান, এমন-কি ভাঙা রান্ধা দিয়া গোকর গাড়ি চলার শব্দ পর্যন্ত আমাকে পুলকিত করিয়া তুলিল। আমার সেই জীবনারজ্যের অতীত শ্বতি তাহার অনির্বচনীয় ধ্বনি ও গন্ধ লইয়া প্রত্যক্ষ বর্তমানের মতো আমাকে ঘিরিয়া বিসল; অন্ধ চক্ষ্ তাহার কোনো প্রতিবাদ করিতে পারিল না। সেই বাল্যকালের মধ্যে ফিরিয়া গেলাম, কেবল মাকে পাইলাম লা। মনে মনে দেখিতে পাইলাম, দিলিমা তাঁহার বিরল কেশগুচ্ছ মৃক্ত করিয়া রৌজে পিঠ দিয়া প্রান্ধণে বড়ি দিতেছেন, কিন্তু তাহার সেই মৃত্বন্দিত প্রাচীন তুর্বল কঠে আমাদের গ্রাম্য সাধু ভন্ধনাসের

দেহতত্ব-গান গুল্লনত্বর গুনিজে পাইলাম না; সেই নবান্নের উৎসব শীতের শিশিরসাত আকাশের মধ্যে সন্ধীব হইরা জাগিরা উঠিল, কিন্তু চেঁ কিশালে নৃতন ধান কুটিবার
জনতার মধ্যে আমার ছোটো ছোটো পল্লিসন্দিনীদের সমাগম কোথার গেল!
সন্ধাবেলা অদ্বে কোথা হইতে হামাধ্বনি গুনিজে পাই, তথন মনে পড়ে, মা সন্ধাদীপ হাতে করিয়া গোয়ালে আলো দেখাইতে যাইতেছেন; সেইগন্ধে জিলা জাবনার
ও গড়-জালানো ধোঁয়ার গন্ধ যেন হলরের মধ্যে প্রবেশ করে এবং গুনিতে পাই,
পুক্রের পাড়ে বিভালংকারদের ঠাকুরবাড়ি হইতে কাঁসরঘটার শন্ধ আসিতেছে।
কে যেন আমার সেই শিশুকালের আটট বৎসরের মধ্য হইতে তাহার সমস্ভ
বন্ধ-জংশ ছাঁকিয়া লইয়া কেবল তাহার রসটুকু গন্ধটুকু আমার চারি দিকে রাশীরত
করিয়াছে।

এইসন্দে আমার সেই ছেলেবেলাকার ব্রত এবং ভোরবেলার ফুল তুলিয়া শিব-পুজার কথা মনে পড়িল। এ কথা স্বীকার করিতেই হইবে, কলিকাতার আলাপ-व्यात्नाच्ना व्यानारगानात्र शानमात्न वृष्टित्र এक है विकात घटि है। धर्मकर्म-छक्तिवात्र मर्पा निर्मण जत्रणां हेकू थारक ना। त्र मिरनद्र कथा जामाद्र मरनद शए य मिन जम ছওয়ার পরে কলিকাতার আমার পল্লিবাসিনী এক স্থী আসিয়া আমাকে বলিয়াছিল, "ভোর রাগ হয় না, কুমৃ? আমি হইলে এমন স্বামীর মুখ দেখিতাম না।" আমি বলিলাম, "ভাই, মুখ দেখা তো বদ্ধই বটে, সেজন্তে এ পোড়া চোখের উপর রাগ হয়, কিন্ত স্বামীর উপর রাগ করিতে ঘাইব কেন।" যথাসময়ে ডাক্ডার ডাকেন নাই বলিয়া লাবণ্য আমার স্বামীর উপর অত্যম্ভ রাগিয়াছিল এবং আমাকেও রাগাইবার **छो क्रियां हिल।** जामि छोहां क त्याहेलांम, मः नात्र थाकिल हेकांत्र जनिकांत्र জ্ঞানে অজ্ঞানে ভূলে ভ্রান্তিতে হংধ ক্থ নানারকম ঘটিয়া থাকে; কিন্তু মনের মধ্যে যদি ভক্তি স্থির রাখিতে পারি ভবে ছঃখের মধ্যেও একটা শান্তি থাকে, নছিলে কেবল রাগারাগি রেষারেষি বকাবকি করিয়াই জীবন কাটিয়া যায়। অদ্ধ হইয়াছি এই তো यरपष्ठे घःष, তাहात्र পরে স্বামীর প্রতি বিষেষ করিয়া ছংখের বোঝা বাড়াইব কেন। यामात्र मत्छ। वानिकात्र मूर्य लिक्ल कथा खनिया नावगा त्रांग कतिया प्रवेखांख्य योथा नां जिल्ला छिना राम । किन्ह या-हे विन, कथात यथा विव चारह, कथा এक्वाद्र वार्ष हत्र ना। नावरणात्र मूथ हहेरा बाराज कथा आमात्र मरनत मर्या प्राची-এकण फूनिक य्कनिया शियाहिन, व्यामि न्विं। शा पिया माफ़ारेया निवारेया पियाहिनाम, किन তবু ছটো-একটা দাগ থাকিয়াছিল; তাই বলিভেছিলাম, কলিকাতার অনেক জর্ক, व्यत्नक कथा; त्राशांत्न व्यथिए व्यथिए वृद्धि व्यकारम शांकिया कठिन रहेया छेटि ।

পাড়াগাঁরে আসিরা আমার সেই শিশুকালের শীতল শিউলিফুলের গন্ধে হৃদরের সমস্ত আশা ও বিশ্বাস আমার সেই শিশুকালের মতোই নবীন ও উজ্জল হইয়া উঠিল। দেবতার আমার হৃদর এবং আমার সংসার পরিপূর্ণ হইয়া গেল। আমি নতশিরে ল্টাইয়া পড়িলাম। বলিলাম, "হে দেব, আমার চক্ষ্ গেছে বেশ হইয়াছে, তুমি তো আমার আছ।"

হার ভূল বলিরাছিলাম। তুমি আমার আছ, এ কথাও ম্পর্নার কথা। আমি তোমার আছি, কেবল এইটুকু বলিবারই অধিকার আছে। ওগো, একদিন কণ্ঠ চাপিরা আমার দেবতা এই কথাটা আমাকে বলাইয়া লইবে। কিছুই নাথাকিতে পারে, কিছু আমাকে থাকিতেই হইবে। কাহারো উপরে কোনো জোর নাই, কেবল নিজের উপরেই আছে।

কিছুকাল বেশ স্থা কাটিল। ডাক্তারিতে আমার স্বামীরও প্রতিপত্তি বাড়িতে লাগিল। হাতে কিছু টাকাও জমিল।

কিন্তু টাকা জিনিসটা ভালো নয়। উহাতে মন চাপা পড়িয়া যায়। মন যখন রাজত্ব করে তখন সে আপনার হথ আপনি স্বষ্ট করিতে পারে, কিন্তু ধন যখন হথ-সক্ষের ভার নেয় তখন মনের আর কান্ধ থাকে না। তখন, আগে যেখানে মনের হথ ছিল জিনিসপত্র আসবাব আয়োজন সেই জারগাটুকু ছুড়িয়া বসে। তখন হথের পরিবর্তে কেবল সামগ্রী পাওয়া যায়।

কোনো বিশেষ কথা বা বিশেষ ঘটনার উল্লেখ করিতে পারি না কিন্তু অন্ধের অফ্রডবশক্তি বেশি বলিয়া, কিন্তা কী কারণ জানি না, অবস্থার সচ্চলতার সঙ্গে সঙ্গে আমার স্বামীর পরিবর্তন আমি বেশ বুঝিতে পারিতাম। যৌবনারক্তে স্থায়-অস্থায় ধর্ম-অধর্ম সন্থক্কে আমার স্বামীর যে একটি বেদনাবোধ ছিল সেটা যেন প্রতিদ্বিন অসাড় হইয়া আসিতেছিল। মনে আছে, তিনি একদিন বলিতেন, "ভাক্তারি যে কেবল জীবিকার জন্ম শিথিতেছি তাহা নহে, ইহাতে অনেক গরিবের উপকার করিতে পারিব।" যে-সব ভাক্তার দরিজ মৃমুর্ব বাবে আসিয়া আগাম ভিজিট না লইয়া নাড়ি দেখিতে চায় না তাহাদের কথা বলিতে গিয়া ম্বণায় তাঁহার বাক্রোধ হইত। আমি বুঝিতে পারি, এখন আর সে দিন নাই। একমাত্র ছেলের প্রাণরক্ষার জন্ম দরিজ নারী তাঁহার পা জড়াইয়া ধরিয়াছে, তিনি তাহা উপেকা করিয়াছেন; শেষে আমি মাথার দিয়া দিয়া তাঁহাকে চিকিৎসায় পাঠাইয়াছি, কিন্তু মনের সক্ষে করেন নাই। যখন আমাদের টাকা অল ছিল তখন অস্থায় উপার্জনকে আমার স্বামী কী চক্ষে দেখিতেন, তাহা আমি জানি। কিন্তু ব্যাহে এখন অনেক টাকা

অমিয়াছে, এখন একজন ধনী লোকের আমলা আসিয়া তাঁহার সলে গোপনে ছই দিন ধরিয়া অনেক কথা বলিয়া গেল, কী বলিল আমি কিছুই জানি না, কিন্তু তাহার পরে যখন তিনি আমার কাছে আসিলেন, অত্যন্ত প্রকুল্লভার সলে অন্ত নানা বিষয়ে নানা কথা বলিলেন, তখন আমার অন্তঃকরণের স্পর্শনন্তিদারা ব্রিলাম, তিনি আজ কলক মাধিয়া আসিয়াছেন।

অদ্ধ হইবার পূর্বে আমি যাঁহাকে শেষবার দেখিরাছিলাম আমার সে স্বামী কোথার। যিনি আমার দৃষ্টিহীন চুই চক্ষুর মাঝখানে একটি চুম্বন করিরা আমাকে এক-দিন দেবীপদে অভিষিক্ত করিরাছিলেন, আমি তাঁহার কী করিতে পারিলাম। একদিন একটা রিপুর ঝড় আসিরা যাহাদের অকসাৎ পতন হয় তাহারা আর-একটা হদরা-বেগে আবার উপরে উঠিতে পারে, কিন্তু এই-যে দিনে দিনে পলে পলে মজ্জার ভিতর হইতে কঠিন হইরা যাওরা, বাহিরে বাড়িরা উঠিতে উঠিতে অল্করকে তিলে তিলে চাঁপিরা ফেলা, ইহার প্রতিকার ভাবিতে গেলে কোনো রাল্ডা থুজিয়া পাই না।

সামীর সঙ্গে আমার চোখে-দেখার যে বিচ্ছেদ ঘটিয়াছে সে কিছুই নয়; কিছু
প্রাণের ভিতরটা যেন হাঁপাইয়া ওঠে যথন মনে করি, আমি যেথানে তিনি সেথানে
নাই; আমি অন্ধ, সংসারে আলোকবর্জিত অন্তরপ্রদেশে আমার সেই প্রথম বয়সের
নবীন প্রেম, অক্ষ্ম ভক্তি, অথগু বিশ্বাস লইয়া বসিয়া আছি— আমার দেবমন্দিরে
জীবনের আরপ্তে আমি বালিকার করপুটে যে শেফালিকার অর্য্যদান করিয়াছিলাম
তাহার শিশির এখনো শুকার নাই; আর, আমার স্বামী এই ছায়ানীতল চিরনবীনতার
দেশ ছাড়িয়া টাকা-উপার্জনের পশ্চাতে সংসারমক্ষভ্মির মধ্যে কোথায় অনৃশ্র হইয়া
চলিয়া যাইতেছেন! আমি বাহা বিশ্বাস করি, যাহাকে ধর্ম বলি, যাহাকে সকল স্থসম্পত্তির অধিক বলিয়া জানি, তিনি অতিদ্র হইতে তাহার প্রতি হাসিয়া কটাক্ষপাত
করেন! কিন্তু একদিন এ বিচ্ছেদ ছিল না, প্রথম বয়সে আমরা এক পথেই যাত্রা
আরম্ভ করিয়াছিলাম; তাহার পরে কথন যে পথের ভেদ হইতে আরম্ভ হইতেছিল
তাহা তিনিও জানিতে পারেন নাই, আমিও জানিতে পারি নাই; অবশেষে আজ্ব
আমি আর তাঁহাকে ডাকিয়া সাড়া পাই না।

এক-এক সময়ে ভাবি, হয়তো আৰু বলিয়া সামান্ত কথাকে আমি বেশি করিয়া দেখি। চক্ষ্ থাকিলে আমি হয়তো সংসারকে ঠিক সংসারেয় মতো করিয়া চিনিতে পারিতাম।

আমার স্বামীও আমাকে এক দিন তাহাই ব্যাইয়া বলিলেন। সে দিন সকালে একটি বৃদ্ধ মুসলমান ভাহার পৌত্রীর ওলাউঠার চিকিৎসার অন্য তাঁহাকে ভাকিতে আনিয়াছিল। আমি শুনিতে পাইলাম সে কছিল, "বাবা আমি গরিব, কিন্তু আলা তোমার ভালো করিবেন।" আমার দামী কছিলেন, "আলা যাহা করিবেন কেবল তাহাতেই আমার চলিবে না, ভূমি কী করিবে সেটা আগে শুনি।" শুনিবামাত্র ভাবিলাম, ঈশ্বর আমাকে অন্ধ করিয়াছেন, কিন্তু বিধির করেন নাই কেন। বৃদ্ধ গভীর দীর্ঘনিশাসের সহিভ 'হে আলা' বলিয়া বিদায় হইয়া গেল। আমি ভখনই ঝিকে দিয়া তাহাকে অন্তঃপুরের বিভূকিবারে ভাকাইয়া আনিলাম; কহিলাম, "বাবা, তোমার নাভনির কল্প এই ভাক্তারের ধরচা কিছু দিলাম, ভূমি আমার স্বামীর মকল প্রার্থনা করিয়া পাড়া হইতে হরিশ ডাক্তারকে ভাকিয়া লইয়া যাও।"

কিন্তু সমন্ত দিন আমার মৃথে অন্ন ক্ষচিল না। স্থামী অপরায়ে নিজা ইইডে জানিয়া জিজাসা করিলেন, "তোমাকে বিমর্ব দেখিতেছি কেন।" প্রকালের অভ্যন্ত উত্তর একটা মৃথে আসিতেছিল— 'না, কিছুই হর নাই'; কিন্ত ছলনার কাল নিয়াছে, আমি স্পষ্ট করিয়া বলিলাম, "কডনিন তোমাকে বলিব মনে করি, কিন্ত বলিতে নিয়া ভাবিয়া পাই না, ঠিক কী বলিবার আছে। আমার অন্তরের কথাটা আমি বৃস্বাইয়া বলিতে পারিব কি না জানি না, কিন্ত নিশুয় তুমি নিজের মনের মধ্যে বৃমিতে পার, আমরা ছজনে বেমনভাবে এক হইয়া জীবন আরম্ভ করিয়াছিলাম আন্ধ তাহা পৃথক হইয়া গেছে।" স্থামী হাসিয়া কহিলেন, "পরিবর্তনই তো সংসারের ধর্ম।" আমি কহিলাম, "টাকাকড়ি রূপযৌবন সকলেরই পরিবর্তন হয়, কিন্ত নিত্য জ্বিনিস কি কিছুই নাই।" তথন তিনি একটু গন্তীর হইয়া কহিলেন, "দেখো, অন্ত স্ত্রীলোকেয়া সভ্যকার অভাব লইয়া ছঃব করে— কাহারো স্থামী উপার্জন করে না, কাহারো স্থামী ভালোবাসে না, তুমি আকাশ হইডে ছঃব টানিয়া আন।" আমি তথনই বৃঝিলাম, অন্তর্তা আমার চোধে এক অন্তন মাথাইয়া আমাকে এই পরিবর্তমান সংসারের বাহিরে লইয়া গেছে, আমি অন্ত স্ত্রীলোকের মতো নহি, আমাকে আমার স্থামী বৃঝিবেন না।

ইভিমধ্যে আমার এক পিসশাশুড়ি দেশ হইতে তাঁহার আতুপ্তের সংবাদ লইতে আসিলেন। আমরা উভয়ে তাঁহাকে প্রণাম করিয়া উঠিতেই তিনি প্রথম কথাতেই বলিলেন, "বলি, বউমা, তুমি তো কপালক্রমে ছুইটি চক্নু খোয়াইয়া বসিয়াছ, এখন আমাদের অবিনাশ অন্ধ রীকে লইয়া ঘরকরা চালাইবে কী করিয়া। উহার আর-একটা বিয়ে-থাওয়া দিয়া দাও!" স্বামী যদি ঠাটা করিয়া বলিতেন তা বেশ তো পিসিমা, ভোমরা দেখিয়া শুনিয়া একটা ঘটকালি করিয়া দাও-না'— তাহা হইলে সমস্ত পরিকার হইয়া যাইত। কিন্তু তিনি কুন্তিত হইয়া কহিলেন, "আ:, পিসিমা, কী

বলিভেছ।" পিসিমা উত্তর করিলেন, "কেন, অস্তার কী বলিভেছি। আচ্ছা, বউমা, ভূমিই বলো ভো, বাছা।" আমি হাসিয়া কহিলাম, "পিসিমা, ভালো লোকের কাছে পরামর্শ চাহিভেছ। বাহার গাঁঠ কাটিভে হইবে ভাহার কি কেহ সমতি নের।" পিসিমা উত্তর করিলেন, "হা, সে কথা ঠিক বটে। ভা, ভোভে আমাভে গোপমে পরামর্শ করিব, কী বলিস, অবিনাশ। ভাও বলি, বউমা, কুলীনের মেয়ের সভিন বভ বেশি হয়, ভাহার স্থামিসৌরব ভঙই বাড়ে। আমাদের ছেলে ভাক্ডারি না করিয়া বদি বিবাহ করিভ, তবে উহার রোজগারের ভাবনা কী ছিল। রোগী ভো ভাক্ডারের হাভে পড়িলেই মরে, মরিলে ভো আর ভিজিট দেয় না, কিছু বিধাভার শাপে কুলীনের ত্রীর মরণ নাই এবং সে বভদিন বাঁচে ভঙদিনই স্থামীর লাভ।"

মুই দিন বাদে আমার খামী আমার সন্মুখে পিসিমাকে জিল্লাসা করিলেন, "পিসিমা, আত্মীরের মতো করিরা বউরের সাহায্য করিতে পারে, এমন একটি জন্মবরের বীলোক দেখিরা দিতে পার ? উনি চোখে দেখিতে পান না, সর্বদা উর একটি সঙ্গিনী কেছ থাকিলে আমি নিশ্চিন্ত থাকিতে পারি।" যথম নৃতন অন্ধ হইরাছিলাম তখন এ কথা বলিলে খাটিত, কিন্তু এখন চোখের অভাবে আমার কিয়া ঘরকরার বিশেষ কী অস্থবিধা হর জানি না; কিন্তু প্রতিবাদমাত্র না করিরা চুপ করিরা রহিলাম। পিসিমা কহিলেন, "অভাব কী। আমারই তো ভাত্মরের এক নেরে আছে, যেমন স্করী তেমনি ল্লী। মেরেটির বয়স হইল, কেবল উপযুক্ত বরের প্রত্যালার অপেক্ষা করিরা আছে; তোমার মতো কূলীন পাইলে এখনই বিবাহ দিয়া দের।" স্বামী চকিত হইরা কহিলেন, "বিবাহের কথা কে বলিতেছে।" পিসিমা কহিলেন, "ওমা, বিবাহ না করিলে ভত্র্যরের মেরে কি তোমার ঘরে অমনি আসিরা পড়িরা থাকিবে।" কথাটা সংগত বটে এবং স্বামী তাহার কোনো সন্ধ্রের দিতে পারিলেন না।

আমার কল্প চন্দ্র অনস্ত অন্ধলারের মধ্যে আমি একলা দাড়াইয়া উর্বম্থে ডান্সিতে লাগিলাম, 'ভগবান আমার স্বামীকে রক্ষা করো।'

তাহার দিনকরেক পরে একদিন সকালবেলার আমার পূজা-আহ্নিক সারিরা বাহিরে আসিতেই পিসিমা কহিলেন, "বউমা, বে ভাস্থরবির কথা বলিরাছিলাম সেই আমাদের হেমাদিনী আজ দেশ হইতে আসিরাছে। হিমৃ, ইনি ভোমার দিদি, ইহাকে প্রণাম করো।"

ध्यम गमन स्थान स्थानी ह्यार स्थिता एक स्थिति के स्थान स्थान

জিজাসা করিলেন, "ইনি কে।" পিসিমা কহিলেন, "এই মেয়েটিই আমার সেই ভাস্থাঝি হেমাঙ্গিনী।" ইহাকে কথন আনা হইল, কে আনিল, কী বৃত্তাস্ত, লইয়া আমার স্বামী বারম্বার অনেক অনাবশুক বিশ্বয় প্রকাশ করিতে লাগিলেন।

আমি মনে মনে কহিলাম, 'যাহা ঘটিতেছে তাহা তো সবই বুঝিতেছি, কিন্তু ইহার উপরে আবার ছলনা আরম্ভ হইল? লুকাচুরি, ঢাকাঢাকি, মিধ্যাকথা! অধর্ম করিতে যদি হয় তো করো, সে নিজের অশাস্ত প্রবৃত্তির জন্ত, কিন্তু আমার জন্ত কেন হীনতা করা। আমাকে ভুলাইবার জন্ত কেন মিধ্যাচরণ।'

হেমাজিনীর হাত ধরিয়া আমি তাহাকে আমার শর্নগৃহে লইয়া গেলাম। তাহার ম্থে গারে হাত ব্লাইয়া তাহাকে দেখিলাম, ম্খট স্থলর হইবে, বয়সও চোদ-পনেরোর কম হইবে না।

বালিকা হঠাৎ মধুর উদ্ভকঠে হাসিয়া উঠিল; কহিল, "ও কী করিতেছ। আমার ভূত ঝাড়াইয়া দিবে নাকি।"

সেই উন্মুক্ত সরল হাস্তধ্বনিতে আমাদের মাঝধানের একটা অন্ধকার মেঘ যেন একম্ছুর্তে কাটিয়া গেল। আমি দক্ষিণবাছতে তাহার কণ্ঠ বেষ্টন করিয়া কহিলাম, "আমি তোমাকে দেখিতেছি, ভাই।" বলিয়া তাহার কোমল ম্থধানিতে আর-একবার হাত বুলাইলাম।

"দেখিতেছ ?" বলিয়া সে আবার হাসিতে লাগিল। কহিল, "আমি কি তোমার বাগানের সিম না বেগুন যে হাত বুলাইয়া দেখিতেছ কতবড়োটা হইয়াছি ?"

তখন আমার হঠাৎ মনে হইল, আমি যে অন্ধ তাহা হেমাদিনী জানে না। কহিলাম, "বোন, আমি যে অন্ধ।" শুনিয়া সে কিছুক্ষণ আক্ষর্য হইয়া গভীর হইয়া রহিল। বেশ বৃঝিতে পারিলাম, তাহার কুতৃহলী তরুণ আয়ত নেত্র দিয়া সে আমার দৃষ্টিহীন চক্ষ্ এবং মুখের ভাব মনোযোগের সহিত দেখিল; তাহার পরে কহিল, "ওঃ, তাই বৃঝি কান্ধিকে এখানে আনাইয়াছ?"

আমি কহিলাম, "না, আমি ডাকি নাই। তোমার কাকি আপনি আসিয়াছেন।" বালিকা আবার হাসিয়া উঠিয়া কহিল, "দয়া করিয়া? তাহা হইলে দয়াময়ী শীঘ্র নড়িতেছেন না! কিন্তু, বাবা আমাকে এখানে কেন পাঠাইলেন।"

এমন সময় পিসিমা ঘরে প্রবেশ করিলেন। এতক্ষণ আমার স্বামীর সজে তাঁহার কথাবার্তা চলিতেছিল। ঘরে আসিতেই হেমান্সিনী কহিল, "কাকি, আমরা বাড়ি ফিরিব কবে বলো।" পিসিমা কছিলেন, "ওমা! এইমাত্র আসিয়াই অমনি ঘাই-ঘাই। অমন চঞ্চল মেয়েও তো দেখি নাই।"

হেমান্দিনী কহিল, "কাকি, তোমার তো এখান হইতে শীঘ্র নড়িবার গতিক দেখি না। তা, তোমার এ হল আত্মীর্ঘর, তুমি বতদিন খুলি থাকো, আমি কিন্তু চলিরা বাইব, তা তোমাকে বলিরা রাখিতেছি।" এই বলিরা আমার হাত ধরিরা কহিল, "কী বলো ভাই, তোমরা তো আমার ঠিক আপন নও।" আমি তাহার এই সরল প্রশ্নের কোনো উত্তর না দিরা তাহাকে আমার বুকের কাছে টানিরা লইলাম। দেখিলাম, পিসিমা যতই প্রবলা হউন এই ক্যাটিকে তাঁহার সামলাইবার সাধ্য নাই। পিসিমা প্রকাশ্যে রাগ না দেখাইয়া হেমান্দিনীকে একটু আদর করিবার চেষ্টা করিলেন; সে তাহা যেন গা হইতে ঝাড়িরা ফেলিয়া দিল। পিসিমা সমস্ত ব্যাপারটাকে আছরে মেরের একটা পরিহাসের মতো উড়াইয়া দিয়া হাসিয়া চলিয়া যাইতে উত্যত হইলেন। আবার কী ভাবিয়া ফিরিয়া আসিয়া হেমান্দিনীকে কহিলেন, "হিম্, চল্ তোর মানের বেলা হইল।" সে আমার কাছে আসিয়া কহিল, "আমরা ছুইজনে যাটে বাইব, কী বলো ভাই।" পিসিমা অনিচ্ছাসত্বেও কান্ত দিলেন; তিনি জানিতেন, টানাটানি করিতে গেলে হেমান্দিনীরই জয় হইবে এবং তাঁহাদের মধ্যেকার বিরোধ অশোভনক্রপে আমার সমুধে প্রকাশ হইবে।

থিড়কির ঘাটে যাইতে ঘাইতে হেমান্সিনী আমাকে জিজ্ঞাসা করিল, "ভোমার ছেলেপুলে নাই কেন।" আমি ঈবং হাসিয়া কহিলাম, "কেন তাহা কী করিয়া জানিব, ঈশর দেন নাই।" হেমান্সিনী কহিল, "অবশু, তোমার ভিতরে কিছু পাপ ছিল।" আমি কহিলাম, "তাহাও অন্তর্থামী জানেন।" বালিকা প্রমাণস্বরূপে কহিল, "দেখো-না, কাকির ভিতরে এত কুটিলতা যে উহার গর্ভে সন্তান জন্মিতে পায় না।" পাপপুন্য স্থত্থে দওপুরস্বারের তব্ব নিক্ষেও বৃঝি না, বালিকাকেও ব্ঝাইলাম না; কেবল একটা নিশাস ফেলিয়া মনে মনে তাঁহাকে কহিলাম, তৃমিই জান! হেমান্সিনী তৎক্ষণাৎ আমাকে জড়াইয়া ধরিয়া হাসিয়া উঠিয়া কহিল, "ওমা, আমার কথা গুনিয়াও ভোমার নিশাস পড়ে! আমার কথা বৃঝি কেহ গ্রাহ্থ করে।"

দেখিলাম, স্বামীর ডাজারি ব্যবসায়ে ব্যাঘাত হইতে লাগিল। দূরে ডাক পড়িলে তো যানই না, কাছে কোথাও গেলেও চট্পট্ সারিয়া চলিয়া আসেন। পূর্বে যথন কর্মের অবসরে ঘরে থাকিতেন, মধ্যাহে আহার এবং নিদ্রার সময়ে কেবল বাড়ির ভিতরে আসিতেন। এখন পিসিমাও যথন-তথন ডাকিয়া পাঠান, তিনিও অনাবশুক পিসিমার থবর লইতে আসেন। পিসিমা যথন ডাক ছাড়িয়া বলেন

'হিম্, আমার পানের বাটাটা নিম্নে আর তো', আমি ব্ঝিতে পারি, পিসিমার ঘরে আমার স্বামী আসিরাছেন। প্রথম প্রথম দিন-ছই-তিন হেমাদিনী পানের বাটা, তেলের বাটি, সিঁছরের কোটো প্রভৃতি বখাদিই লইয়া যাইত। কিন্তু, তাহার পরে ডাক পড়িলে সে আর কিছুতেই নড়িত না, ঝির হাত দিয়া আদিই প্রব্য পাঠাইয়া দিত। পিসি ডাকিতেন, 'হেমাদিনী, হিম্, হিমি'— বালিকা যেন আমার প্রতি একটা করুশার আবেগে আমাকে অড়াইয়া থাকিত; একটা আশহা এবং বিষাদে তাহাকে আছেয় করিত। ইহার পর হইতে আমার স্বামীর কথা সে আমার কাছে ভ্রমেও উল্লেখ করিত না।

ইতিমধ্যে আমার দাদা আমাকে দেখিতে আসিলেন। আমি জানিতাম, দাদার দৃষ্টি তীক্ষ। ব্যাপারটা কিরপ চলিতেছে তাহা তাঁহার নিকট গোপন করা প্রায় অসাধ্য হইবে। আমার দাদা বড়ো কঠিন বিচারক। তিনি লেশমাত্র অস্তায়কে কমা করিতে জানেন না। আমার স্বামী যে তাঁহারই চক্ষের সম্মুখে অপরাধীরূপে দাড়াইবেন, ইহাই আমি সবচেয়ে ভয় করিতাম। আমি অতিরিক্ত প্রফুল্লতা দারা সমস্ত আছের করিয়া রাখিলাম। আমি বেশি কথা বলিয়া, বেশি ব্যস্তসমস্ত হইয়া, অত্যন্ত ধুমধাম করিয়া চারি দিকে যেন একটা ধুলা উড়াইয়া রাখিবার চেটা করিলাম। কিন্তু, সেটা আমার পক্ষে এমন অস্বাভাবিক যে তাহাতেই আরো বেশি ধরা পড়িবার কারণ হইল। কিন্তু, দাদা বেশি দিন থাকিতে পারিলেন না, আমার স্বামী এমনি অন্থিরতা প্রকাশ করিতে লাগিলেন যে, তাহা প্রকাশ রুছতার আকার ধারণ করিল। দাদা চলিয়া গেলেন। বিদার লইবার পূর্বে পরিপূর্ব মেহের সহিত আমার মাথার উপর অনেকক্ষণ কম্পিত হন্ত রাখিলেন; মনে মনে একাগ্রচিত্তে কী আশীর্বাদ করিলেন তাহা বৃথিতে পারিলাম; তাঁহার অক্ষ আমার অশ্রসিক্ত কপোলের উপর আসিয়া পড়িল।

মনে আছে, সে দিন চৈত্রমাসের সন্ধ্যাবেলার হাটের বারে লোকজন বাড়ি ফিরিরা বাইভেছে। দ্র হইতে বৃষ্টি লইরা একটা ঝড় আসিভেছে, তাহারই মাটি-ভেজা গদ্ধ এবং বাতাসের আর্জভাব আকালে ব্যাপ্ত হইরাছে, সজ্যুত্ত সাধিগণ অন্ধার মাঠের মধ্যে পরস্পরকে ব্যাকৃল উর্বকণ্ঠে ডাকিভেছে। অন্ধের শরনগৃহে যতক্ষণ আমি একলা থাকি ততক্ষণ প্রদীপ জালানো হর না; পাছে শিখা লাগিরা কাপড় ধরিরা উঠে বা কোনো হুর্ঘটনা হয়। আমি সেই নির্জন অন্ধনার কক্ষের মধ্যে মাটিভে বসিরা হই হাত জ্বুড়িরা আমার অনম্ভ অন্ধন্ধগতের জগনীশরকে ডাকিভেছিলাম, বলিভেছিলাম, প্রেছ, ভোষার নরা বর্ধন অন্ধত্ব হর না, ভোষার অভিপ্রার বর্ধন

বুঝি না, তথন এই অনাথ ভার হ্বলরের হালটাকে প্রাণপণে দ্বই হাতে বক্ষে চাপিরা ধরি; বৃক দিরা রক্ষ বাহির হইরা বার তব্ তৃফান সামলাইতে পারি না; আমার আর কত পরীক্ষা করিবে, আমার কভটুকুই বা বল।" এই বলিতে বলিতে অঞ্চ উদ্ধৃপিত হইরা উঠিল, থাটের উপর মাথা রাখিরা কাঁদিতে লাগিলাম। সমন্ত দিন ঘরের কান্ধ করিতে হর। হেমাদিনী ছায়ার মভো কাছে কাছে থাকে, বুকের ভিতরে যে অঞ্চ ভরিয়া উঠে সে আর ফেলিবার অবসর পাই না। অনেক দিন পরে আন্ধ চোখের জল বাহির হইল। এমন সমর দেখিলাম, থাট একটু নড়িল, মাহুর চলার উপ্বৃদ্ শন্ধ হইল এবং মৃহুর্ভপরে হেমাদিনী আলিয়া আমার গলা জড়াইয়া ধরিয়া নিংশব্দে অঞ্চ দিয়া আমার চোখ মৃহাইয়া দিতে লাগিল। সে-যে সন্ধ্যার আরছে কী ভাবিয়া কথন আসিয়া খাটেই গুইয়াছিল, আমি জানিতে পারি নাই। সে একটি প্রশ্নও করিল না, আমিও তাহাকে কোনো কথাই বলিলাম না। সে ধীরে ধীরে তাহার শীতল হন্ত আমার ললাটে বৃলাইয়া দিতে লাগিল। ইতিমধ্যে কথন মেবগর্জন এবং ম্রল্থারে বর্বণের সঙ্গে কলে একটা বড় হইয়া সেল বুরিতেই পারিলাম না; বছকাল পরে একটি স্বান্ধ শান্ধি আলিয়া আমার জরদাহন্ব ব্রুতেই পারিলাম না; বছকাল পরে একটি স্থাম্ব শান্ধি আলিয়া আমার জরদাহন্ব ব্রুতেই পারিলাম না; বছকাল পরে একটি স্থাম্ব শান্ধি আলিয়া আমার জরদাহন্ব ব্রুতেই পারিলাম না; বছকাল পরে একটি স্থাম্ব শান্ধি আলিয়া আমার জরদাহন্ব ব্রুতেই পারিলাম না;

পরদিন হেমান্সিনী কহিল, "কাকি, তুমি বদি বাড়ি না যাও আমি আমার কৈবর্তদাদার সঙ্গে চলিলাম, তাহা বলিয়া রাখিতেছি।" পিনিমা কহিলেন, "তাহাতে কাঞ্চ
কী, আমিও কাল যাইতেছি; একসন্দেই যাওয়া হইবে। এই দেখ্ হিম্, আমার
অবিনাশ তোর জন্তে কেমন একটি মৃক্তা-দেওয়া আংটি কিনিয়া দিয়াছে।" বলিয়া
লগর্বে পিনিমা আংটি হেমান্সিনীর ছাতে দিলেন। হেমান্সিনী কহিল, "এই দেখাে
কাকি, আমি কেমন স্থান্সর লক্ষ করিতে পারি।" বলিয়া জানলা হইতে তাক করিয়া
আংটি থিড়কি পৃকুরের মারখানে ফেলিয়া দিল। পিনিমা রাগে ছাথে বিশ্বরে কটকিত
হইয়া উঠিলেন। আমাকে বারলার করিয়া হাতে ধরিয়া বলিয়া দিলেন, "বউমা, এই
ছেলেমানিরির কথা অবিনাশকে ধরয়ার বলিয়ো না; ছেলে আমার তাহা হইলে মনে
ছাথ পাইবে। মাথা থাও, বউমা।" আমি কহিলাম, "আর বলিতে হইবে না
পিনিমা, আমি কোনাে কথাই বলিব না।"

भववित वाळाव भृतं द्यांकिनी कांचादक क्रांडेवा विवेश करिन, "विति, कांचादक मत्न वाचित्र।" कांचि क्रेंडे हां वावचात्र छाहात्र मृत्य तृनांडेवा करिनाम, "क्क किष्ट छात्न ना, त्यांच ; कांचात्र छा क्रांडे कांचि ।" विनिधा छाहात्र यांचांडी नहेंचा अक्वात कांचांव कतिवा हुक्त कतिनाम। वात्वत् कतिवा छाहात्र राजानित यत्य कांचात्र क्षात्र विविद्या छाहात्र ।

হেমাদিনী বিদায় লইলে আমার পৃথিবীটা শুদ্ধ হইয়া গেল— দে আমার প্রাণের মধ্যে যে সৌগদ্ধা সৌন্দর্য সংগীত যে উজ্জ্বল আলো এবং যে কোমল তর্মণতা আনিয়াছিল তাহা চলিয়া গেলে একবার আমার সমস্ত সংসার, আমার চারি দিকে, ছই হাত বাড়াইয়া দেখিলাম, কোখায় আমার কী আছে! আমার স্বামী আসিয়া বিশেষ প্রফুল্লতা দেখাইয়া কহিলেন, "ইহারা গেলেন, এখন বাঁচা গেল, একটু কাজকর্ম করিবার অবসর পাওয়া যাইবে।" ধিক্ ধিক্, আমাকে। আমার জন্ম কেন এত চাতুরী। আমি কি সত্যকে ভরাই। আমি কি আঘাতকে কখনো ভয় করিয়াছি। আমার স্বামী কি জানেন না ? যখন আমি ছই চক্ষ্ দিয়াছিলাম তখন আমি কি শাস্তমনে আমার চিরাদ্ধকার গ্রহণ করি নাই ?

এতদিন আমার এবং আমার স্বামীর মধ্যে কেবল অন্ধতার অন্তরাল ছিল, আজ इट्रेंट बाद-এकটा वावधान रुक्त इट्रेंग। बागांत श्रामी ज्ञांश कथाना हिमांशिनीत নাম আমার কাছে উচ্চারণ করিতেন না, যেন তাঁহার সম্পর্কীয় সংসার হইতে হেমাদিনী একেবারে লুপ্ত হইয়া গেছে, যেন সেখানে সে কোনোকালে লেশমাত্র রেখাপাত করে নাই। অথচ পত্র দ্বারা ভিনি যে সর্বদাই তাহার খবর পাইতেছেন, তাহা আমি অনায়াসে অহভেব করিতে পারিতাম; ষেমন পুরুরের মধ্যে বক্তার জল যে দিন একটু প্রবেশ করে সেই দিনই পদ্মের ডাঁটায় টান পড়ে, তেমনি তাঁহার ভিতরে একটুও य पिन कौि जित्र नकांत्र रह रा पिन बागांत्र राप्ता म्या मार्ग रहे एक बागि बार्गन অমুভব করিতে পারি। কবে তিনি ধবর পাইতেন এবং কবে পাইতেন না ভাহা আমার কাছে কিছু অগোচর ছিল না। কিছ, আমিও তাঁহাকে তাহার কথা শুধাইতে পারিতাম না। আমার অন্ধকার হৃদরে সেই যে উন্মন্ত উদাম উন্ধন সুন্দর তারাটি ক্ষণকালের জন্ম উদয় হইয়াছিল তাহার একটু খবর পাইবার এবং তাহার कथा जांदगीरना कत्रिवात क्य जामात्र প्रांग তृषिত रहेम्रा थाकिछ, किस जामात স্বামীর কাছে মুহুর্তের জন্ম তাহার নাম করিবার অধিকার ছিল না। আমাদের ছজনার মাঝধানে বাক্যে এবং বেদনায় পরিপূর্ণ এই একটা নীরবভা অটল ভাবে বিরাজ করিত।

বৈশাধ মাসের মাঝামাঝি একদিন ঝি আসিরা আমাকে জিজাসা করিল, "মাঠাকদ্বন, ঘাটে যে অনেক আরোজনে নৌকা প্রস্তুত হইতেছে, বাবামশার কোথার যাইতেছেন?" আমি জানিতাম, একটা কী উত্যোগ হইতেছে, আমার অনৃষ্টাকাশে প্রথম কিছুদিন ঝড়ের পূর্বকার নিস্তন্ধতা এবং ভাহার পরে প্রসন্মের ছিন্নবিচ্ছিন্ন মেঘ আসিরা জনিতেছিল, সংহারকারী শংকর নীরব অনুলির ইনিভে ভাহার সমস্ত

প্রলয়শক্তিকে আমার মাধার উপরে জড়ো করিতেছেন, ভাহা আমি বুঝিতে পারিতেছিলাম। ঝিকে বলিলাম, "কই, আমি তো এখনো কোনো খবর পাই নাই।" ঝি আর-কোনো প্রশ্ন জিজ্ঞাসা করিতে সাহস না করিয়া নিশাস ফেলিয়া চলিয়া গেল।

অনেক রাত্রে আমার স্বামী আসিরা কহিলেন, "দূরে এক জারগার আমার ডাক পড়িরাছে, কাল ভোরেই আমাকে বওনা হইতে হইবে। বোধ করি ফিরিতে দিন-ঘুই-ভিন বিলম্ব হইতে পারে।"

আমি শব্যা হইতে উঠিয়া দাড়াইয়া কহিলাম, "কেন আমাকে মিখ্যা বলিতেছ।" আমার স্বামী কম্পিত অফুট কঠে কহিলেন, "মিখ্যা কী বলিলাম।" আমি কহিলাম, "তুমি বিবাহ করিতে যাইতেছ!"

তিনি চুপ করিয়া রহিলেন। আমিও স্থির হইয়া দাঁড়াইয়া রহিলাম। অনেকক্ষণ থরে কোনো শব্দ রহিল না। শেষে আমি বলিলাম, "একটা উত্তর দাও। বলো, হাঁ, আমি বিবাহ করিতে ঘাইতেছি।"

তিনি প্রতিধানির স্থার উত্তর দিলেন, "হাঁ, আমি বিবাহ করিতে ষাইতেছি।"
আমি কহিলাম, "না, তুমি যাইতে পারিবে না। তোমাকে আমি এই মহাবিপদ
মহাপাপ হইতে রক্ষা করিব। এ যদি না পারি তবে আমি তোমার কিলের স্ত্রী;
কী ক্যু আমি শিবপুকা করিয়াছিলাম।"

আবার অনেকক্ষণ গৃহ নিংশদ হইয়া রহিল। আমি মাটিতে পড়িয়া স্বামীর পা জড়াইয়া ধরিয়া কহিলাম, "আমি ভোমার কী অপরাধ করিয়াছি, কিলে আমার ফটি হইয়াছে, অন্ত জীতে ভোমার কিলের প্রয়োজন। মাপা ধাও, সভা করিয়া বলো।"

তথন আমার স্বামী ধীরে ধীরে কহিলেন, "সতাই বলিতেছি, আমি তোমাকে ভর করি। তোমার অন্ধতা তোমাকে এক অনস্ক আবরণে আবৃত করিয়া রাধিয়াছে, সেধানে আমার প্রবেশ করিবার জো নাই। তুমি আমার দেবতা, তুমি আমার দেবতার স্থায় ভয়ানক, তোমাকে লইয়া প্রতিদিন গৃহকার্য করিতে পারি না। যাহাকে বকিব থকিব, রাগ করিব, সোহাগ করিব, গহনা গড়াইয়া দিব, এমন একটি সামাক্ত রমণী আমি চাই।"

"আমার বুকের ভিতরে চিরিয়া দেখো! আমি সামাক্ত রমণী, আমি মনের মধ্যে সেই নববিবাহের বালিকা বৈ কিছু নই; আমি বিশাস করিভে চাই, নির্ভর করিভে চাই, পূজা করিভে চাই; তুমি নিজেকে অপমান করিয়া আমাকে ত্বংসহ ত্বংথ দিয়া তোমার চেন্নে আমান্তে বড়ো করিয়া ভূলিয়ো না--- আমানে সর্ববিষয়ে তোমার পাষের নীচে রাখিয়া দাও।"

আমি কী কথা বলিয়াছিলাম সে কি আমার মনে আছে। ক্ষ সমুদ্র কি
নিজের গর্জন নিজে শুনিতে পায়। কেবল মনে পড়ে বলিয়াছিলাম, "বিদি আমি
সতী হই তবে ভগবান সাক্ষী রহিলেন, তুমি কোনোমতেই তোমার ধর্মশপথ লজ্মন
করিতে পারিবে না। সে মহাপাপের পূর্বে হয় আমি বিধবা হইব, নয় হেমাজিনী
বাঁচিয়া থাকিবে না।" এই বলিয়া আমি মুর্ছিত হইয়া পড়িয়া গোলাম।

যথন আমার মূর্চা ভঙ্গ হইয়া গেল তথনো রাত্রিশেষের পাথি ডাকিতে আরম্ভ করে নাই এবং আমার স্বামী চলিরা গেছেন।

আমি ঠাকুরবরে বার রুদ্ধ করিয়া পূজায় বসিলাম। সমস্ত দিন আমি ঘরের বাহির হইলাম না। সন্ধার সময়ে কালবৈশাখী ঝড়ে দালান কাঁপিতে লাগিল। আমি বলিলাম না যে, 'হে ঠাকুর, আমার স্বামী এখন নদীতে আছেন, তাঁহাকে রক্ষা করো।' আমি কেবল একাস্তমনে বলিতে লাগিলাম, 'ঠাকুর, আমার অদৃষ্টে যাহা হইবার তা হউক, কিন্তু আমার স্বামীকে মহাপাতক হইতে নির্তু করো।' সমস্ত রাত্রি কাটিয়া গেল। তাহার পরদিনও আসন পরিত্যাগ করি নাই। এই অনিদ্রা-অনাহারে কে আমাকে বল দিয়াছিল জানি না, আমি পাষাণমূর্তির সম্মুখে পাষাণমূর্তির মতোই বিসিয়া ছিলাম।

সন্ধার সময় বাহির হইতে ধার-ঠেলাঠেলি আরম্ভ হইল। ধার ভাঙিয়া যখন ঘরে লোক প্রবেশ করিল তখন আমি মূর্ছিত হইয়া পড়িয়া আছি।

मूर्जा छनिनाम, "मिनि।" मिथिनाम, रश्मिनिनोत्र कार्म छहि। माथा नाफ़िट हे छाहात्र न्छन किन थम्थम् कित्रमा छिनि। हा शिक्त, खामात्र প্রার্থনা শুনিলে না। আমার স্বামীর পতন হইল।

হেশাদিনী মাধা নিচ্ করিয়া ধীরে ধীরে কছিল, "দিদি, তোমার আশীর্বাদ দইতে আসিয়াছি।"

প্রথম একমূহর্জ কাঠের মতো হইয়া পরক্ষণেই উঠিয়া বসিলাম, কহিলাম, "কেন আশীর্বাদ করিব না, বোন। ভোমার কী অপরাধ।"

हिमानिनो जांशांत्र स्थिष्टे উচ্চকर्छ शांगियां উठिन ; कहिन, "खनवांध ! जूमि विवाह कतिरान जनतांध एव ना, जांत जामि कतिरान्हे जनतांध १"

हिमानिनोटक क्षण्डिया धित्रया व्यामिश्व शिनाम। यत्न मत्न कहिनाम, स्नाटक व्यामात्र व्यार्थनारे कि रूज़ासा। खांशात्र रेक्टारे कि त्यम नत्श। त्य व्यायाज পज़ियादह সে আমার মাধার উপরেই পড়ুক, কিন্ত হৃদরের মধ্যে বেখানে আমার ধর্ম, আমার বিখাস আছে, সেধানে পড়িতে দিব না। আমি বেমন ছিলাম ডেমনি থাকিব।

হেমাদিনী আমার পারের কাছে পড়িয়া আমার পারের ধুলা লইল। আমি কহিলাম, "তুমি চিরসোভাগ্যবভী, চিরস্থিনী হও।"

হেমান্দিনী কহিল, "কেবল আলীবাদ নয়, ভোমার সভীর হল্তে আয়াকে এবং ভোষার ভয়ীপতিকে বরণ করিয়া লইডে হইবে। তুমি ভাঁহাকে লক্ষা করিলে চলিবে না। বদি অহমতি কর ভাঁহাকে অভঃপুরে লইয়া আসি।"

चामि करिंगाम, "चाता।"

কিছুক্দণ পরে আমার ঘরে নৃতন পদশন্ধ প্রবেশ করিল। সঙ্গেছ প্রশ্ন শুনিলাম, "ভালো আছিস, কুমু ?"

আমি ত্রন্ত বিছানা ছাড়িয়া উঠিয়া পায়ের কাছে প্রণাম করিয়া কহিলাম, "দাদা!" 'হেমাজিনী কহিল, "দাদা কিসের। কান মলিয়া দাও, ও ভোমার ছোটো ড্রাপতি।"

তথন সমস্ত ব্ঝিলাম। আমি জানিতাম, দাদার প্রতিজ্ঞা ছিল বিবাহ করিবেন
না; মা নাই, তাঁহাকে অহনর করিরা বিবাহ করাইবার কেহ ছিল না। এবার
আমিই তাঁহার বিবাহ দিলাম। তুই চক্ষু বাহিরা হত করিরা জ্ঞল ঝরিরা পড়িতে
লাগিল, কিছুতেই থামাইতে পারি না। দাদা ধীরে ধীরে আমার চুলের মধ্যে হাত
বুলাইরা দিতে লাগিলেন; হেমালিনী আমাকে জড়াইরা ধরিরা কেবল হাসিতে
লাগিল।

রাত্রে যুম হইতেছিল না; আমি উৎকটিতচিত্তে স্বামীর প্রত্যাগমন প্রত্যাশা করিতেছিলাম। লক্ষা এবং নৈরাক্ত তিনি কির্পতাবে সম্বরণ করিবেন, ভাছা আমি ছির করিতে পারিতেছিলাম না।

অনেক বাত্রে অভি ধীরে ধার ধুলিল। আমি চমকিয়া উঠিয়া বসিলাম। আমার সামীর পদশব। বক্ষের মধ্যে হুৎপিও আছাড় খাইডে লাগিল।

তিনি বিছানার মধ্যে আসিয়া আমার হাত ধরিয়া কহিলেন, "ভোমার দাদা আমাকে রক্ষা করিয়াছেন। আমি ক্ষণকালের মোহে পড়িয়া মরিতে বাইতেছিলাম। সে দিন আমি বধন নৌকায় উঠিয়াছিলাম, আমার বুকের মধ্যে বে কী পাধর চাপিয়াছিল তাহা অন্ধর্মী জানেন; যধন নদীর মধ্যে ঝড়ে পড়িয়াছিলাম তখন প্রাণের ভর্মও হইতেছিল, সেই সঙ্গে ভাবিভেছিলাম, বদি ভ্বিয়া ষাই ভাহা হইলেই আমার উদ্ধার হয়। মধ্রগতে পৌছিয়া গুনিলাম, ভাহার প্রদিনেই ভোমার ছায়ার সঙ্গে হেমাজিনীয়

विवाह हरेबा গেছে। को मच्चाब এवः को चानत्म कोवा कित्रित्राहिमान छाहा विमाछ
भाति ना। এই क्षप्तित चानि निक्ष कित्रित्राहि, छानात्क हाण्या चानात्र
काला स्थ नारे। जूनि चानात्र क्रिते।"

व्यामि हानिया कहिनाम, "ना, व्यामात्र प्रती हरेया कांक नाहे, व्यामि छामात्र प्रत्रत्र शृहिनी, व्यामि नामाक नाती माज।"

স্বামী কহিলেন, "আমারও একটা অহুরোধ তোমাকে রাখিতে হইবে। আমাকে আর দেবতা বলিয়া কখনো অপ্রতিভ করিয়ো না।"

পরদিন হলুরব ও শহাধানিতে পাড়া মাতিয়া উঠিল। হেমাজিনী আমার স্বামীকে আহারে উপবেশনে প্রভাতে রাত্রে, নানা প্রকারে পরিহাস করিতে লাগিল; নির্বাতনের আর সীমা রহিল না, কিন্তু তিনি কোথার গিয়াছিলেন, কী ঘটয়াছিল, কেছ তাহার লেশমাত্র উল্লেখ করিল না।

त्भीय ३७०६

প্রক



বিজ্ঞপ্তি

বাংলা ছন্দ সম্বন্ধে যভকিছু আলোচনা করেছি এই প্রন্থে প্রকাশ করা হল। প্রীযুক্ত প্রবোধচন্দ্র সেন ও প্রীযুক্ত অমূল্যধন মুখোপাধ্যায়ের সঙ্গে এই বিষয় নিয়ে আমার কিছু বাদপ্রতিবাদ হয়েছে, তাঁদের তর্কের উত্তর এই প্রন্থের অন্তর্গত করেছি। এই উপলক্ষে বলা আবশ্যক, তাঁদের সঙ্গে আমার কিছু কিছু মতভেদ সম্বেও ছন্দের বিচারে তাঁদের প্রবীণতা আমি প্রদ্ধার সঙ্গেই স্বীকার করে থাকি। ইতি ২০ আষাত্ ১৩৪৩

শাস্তিনিকেডন

রবীশ্রনাথ ঠাকুর

উৎসর্গ

কল্যাণীয় শ্রীমান দিলীপকুমার রায়কে

ज्भ

ছন্দের অর্থ

শুধু কথা যখন খাড়া দাড়িয়ে থাকে তখন কেবলমাত্র অর্থকে প্রকাশ করে। কিছু
সেই কথাকে যখন তির্যক্ ভলি ও বিশেষ গতি দেওয়া যায় তখন সে আপন অর্থের
চেয়ে আরো কিছু বেলি প্রকাশ করে। সেই বেশিটুকু যে কী তা বলাই শক্ত।
কেননা তা কথার অতীত, স্বভরাং অনির্বচনীয়। যা আমরা দেখছি শুনছি জানছি
তার সঙ্গে যখন অনির্বচনীয়ের যোগ হয় তখন তাকেই আমরা বলি রস। অর্থাৎ
সে জিনিসটাকে অন্নভব করা যায়, ব্যাখ্যা করা যায় না। সকলে জানেন, এই রসই
হচ্ছে কাব্যের বিষয়।

এইখানে একটা कथा মনে রাখা দরকার, অনিব্চনীয় শন্টার মানে অভাবনীয় नत्र। তা यमि হত তা হলে ওটা কাব্যে অকাব্যে কুকাব্যে কোখাও क्वां कां कां कां कां का । वल-भन्नार्थित मः क्वां निर्वत्र कत्रा यात्र किल तम-भन्नार्थित করা যায় না। অথচ রস আমাদের একান্ত অহুভূতির বিষয়। গোলাপকে चांग्रे विकास कानि, चांत्र लोगोलिक चांग्रे व्याप्त निवास विकास वित বন্ধ-জানাকে আমরা সাদা কথার তার আকার আরতন ভার কোমলতা প্রভৃতি বছবিধ পরিচয়ের ছারা ব্যাখ্যা করতে পারি, কিন্তু রস-পাওয়া এমন একটি অখণ্ড ব্যাপার যে তাকে তেম্ব করে সালা কথার বর্ণনা করা যার না; কিছ ভাই বলেই সেটা অলৌকিক অভুত অসামান্ত কিছুই নয়। বরঞ্চ রসের অহভুতি বস্তুজ্ঞানের চেম্নে আবো নিকটভর প্রবশভর গভীরভর। এইজন্ত গোলাপের আনন্দকে আমরা যথন অস্ত্রের মনে সঞ্চার করতে চাই তথন একটা সাধারণ অভিজ্ঞতার রাস্তা मिर्दिष्टे कर्त्र थाकि। जमाज এই वश्च-चिक्किजात्र जाया नामा कथात्र विरम्पेश, किन्ह तन-অভিক্রতার ভাষা আকার ইন্সিড স্থর এবং রূপক। পুরুষনামুষের যে পরিচরে ডিনি আপিসের বড়োবাবু সেটা আপিসের ধাডাপত্র দেখলেই জানা যায়, কিন্ধ মেন্নের বে পরিচয়ে তিনি গৃহলন্দ্রী সেটা প্রকাশের অন্তে তাঁর সিঁখের সিঁগুর, তাঁর হাতে কছণ। चर्चार, विशेष मध्य क्रथक ठाई, जनःकांत्र ठांहे, दक्तना दक्तनमां क उत्पाद करम व दब

বেশি; এর পরিচয় গুধু জ্ঞানে নয়, হদরে। ওই যে গৃহলন্দীকে লন্দী বলা গেল এইটেই তো হল একটা কথার ইলারামাত্র; অথচ আপিলের বড়োবার্কে তো আমাদের কেরানি-নারায়ণ বলবার ইচ্ছাও হয় না, ধদিও ধর্মতত্বে বলে থাকে সকল নরের মধ্যেই নারায়ণের আবির্ভাব আছে। তা হলেই বোঝা যাচ্ছে, আপিলের বড়োবার্র মধ্যে অনির্বচনীয়তা নেই। কিন্তু বেখানে তাঁর গৃহিণী সাধনী সেধানে তাঁর মধ্যে আছে। তাই বলে এমন কথা বলা যায় না যে, ওই বাব্টিকেই আমরা সম্পূর্ণ বৃঝি আর মা-লন্দ্মীকে বৃঝি নে, বরঞ্চ উলটো। কেবল কথা এই যে, বোঝবার বেলায় মা-লন্দ্মী যন্ত গছত বোঝাবার বেলায় তত নয়।

'क्क्वा खनाडेन खामनाम'। वााभाति। घर्णना हिमाद महक्ष। क्वांना এक वाक्कि विशेष वाक्कित काह्य छुणेष वाक्कित नाम छक्कात्रण करतह । अमन काछ वित्तव मस्या भक्षान्यात घर्ण । अडे हेकू वनवात खरण कथात्क विन्न नाष्ट्रा स्वतात बत्तवात हत्र ना। किछ नाम कात्मत्र जिछत्र विर्वत वर्षन मत्राम शिर्ष भरण, व्यर्था अमन कात्रगांत्रं कांक क्वरूष्ठ थात्क स्व खाद्यगा दिन्था-त्यानात व्यक्तीछ, अवः अमन कांक क्वरूष्ठ थात्क् वार्ष्ट माभा यात्र ना, अकन क्वा यात्र ना, कार्रित मामर केवित वाद्य वाद्य नांक्य त्यक्षा यात्र ना, ज्यन कथाखरनात्क नांका विर्वत जात्मत्र भूदता व्यर्थत क्वरूष छात्मत कांक्र स्थरक व्याद्या व्यत्मक दिन व्यापात्र करत्र निष्ठ हत्र । व्यर्थार, व्याद्य क्वरूष्ट स्था क्याद्य मिन व्यक्त व्यक्त

এই বেগের কত বৈচিত্রাই যে আছে তার ঠিকানা নেই। এই বেগের বৈচিত্রোই তো আলোকের রঙ বদল হচ্ছে, শব্দের হ্বর বদল হচ্ছে, এবং লীলামরী স্বষ্ট রূপ থেকে রূপান্তর গ্রহণ করছে। এমন-কি স্বাচ্টর বাইরের পর্দা সরিয়ে ভিতরের রহস্তনিকেতনে যভই প্রবেশ করা যায় ভতই বল্পম্ব বৃচ্চ গিয়ে কেবল বেগই প্রকাশ পেতে থাকে। শেষকালে এই কথাই মনে হর, প্রকাশবৈচিত্রোর মৃলে বৃবি এই বেগবৈচিত্রা। বিদাদ সর্বং প্রাণ একতি নি:স্তম্।

মাহবের সন্তার মধ্যে এই অন্নভৃতিলোকই হচ্ছে সেই রহস্তলোক ষেধানে বাহিরের দ্রপঞ্চগতের সমস্ত বেগ অন্তরে আবেগ হয়ে উঠছে, এবং সেই অন্তরের আবেগ আবার বাহিরে রূপ গ্রহণ করবার অন্তে উৎস্থক হচ্ছে। এইজন্তে বাক্য যধন আযাদের অন্তভিলোকের বাহনের কাজে ভতি হয় তথন ভার গতি না হলে চলে না। সে ভার অর্থের বারা বাহিরের ঘটনাকে ব্যক্ত করে, গতির বারা অন্তরের গতিকে প্রকাশ করে।

শ্রামের নাম রাধা শুনেছে। ঘটনাটা শেষ হয়ে গেছে। কিছু যে-একটা অনৃশ্র বেগ জন্মালো ভার আয় শেষ নেই। আসল ব্যাপারটাই হল ভাই। সেইজক্তে কবি ছন্দের বংকারের মধ্যে এই কগাটাকে ছলিরে দিলেন। যভক্ষণ ছন্দ থাকবে তভক্ষণ এই দোলা আয় থামবে না। 'সই, কেবা শুনাইল শ্রামনাম'। কেবলই ডেউ উঠতে লাগল। ওই কটি কথা ছাপার অক্ষরে যদিও ভালোমাছ্যের মভো দাঁজিরে থাকার ভান করে, কিছু ওদের অন্তরের স্পন্দন আর কোনোদিনই শান্ত হবে না। ওরা অন্থির হয়েছে, এবং অন্থির করাই ওদের কাক্ষ।

আমাদের পুরাণে ছন্দের উৎপত্তির কথা বা বলেছে তা সবাই জানেন। ছটি পাধির মধ্যে একটিকে বখন ব্যাধ মারলে তখন বাল্মীকি মনে বে ব্যথা পেলেন সেই ব্যথাকে শ্লোক দিয়ে না জানিরে তাঁর উপায় ছিল না। বে পাধিটা মারা গেল এবং আর বে একটি পাধি তার জল্ঞে কাঁদল তারা কোন্কালে লুগু হয়ে গেছে। কিন্তু এই নিদারলতার ব্যথাটিকে তো কেবল কালের মাপকাঠি দিয়ে মাপা বায় না। সে-বে অনস্কের বৃকে বেজে রইল। সেইজ্জে কবির শাপ ছন্দের বাহনকে নিয়ে কাল থেকে কালান্তরে ছুটতে চাইলে। হায় রে, আজও সেই ব্যাধ নানা অন্ত্র হাতে নানা বীভৎসতার মধ্যে নানা দেশে নানা আকারে ঘুরে বেড়াছে। কিন্তু সেই আদিকবির শাপ শাখতকালের কঠে ধ্বনিত হয়ে রইল। এই শাখতকালের কথাকে প্রকাশ করবার জন্তেই তো হল।

আমরা ভাষায় বলে থাকি, কথাকে ছন্দে বাঁধা। কিন্তু এ কেবল বাইরে বাঁধন, অন্তরে মৃক্তি। কথাকে তার জড়ধর্ম থেকে মৃক্তি দেবার জন্তেই ছন্দ। সেতারের তার বাঁধা থাকে বটে কিন্তু তার থেকে হুর পার ছাড়া। ছন্দ ছচ্ছে সেই তার-বাঁধা সেতার, কথার অন্তরের হুরকে সে ছাড়া দিতে থাকে। ধন্তকের সে ছিলা, কথাকে সে তীরের মতো লক্ষ্যের মর্মের মধ্যে প্রক্ষেপ করে।

গোড়াতেই ছন্দ সম্বন্ধে এতথানি ওকালতি করা হয়তো বাছলা বলে অনেকের মনে ছতে পারে। কিন্তু আমি জানি, এমন লোক আছেন যারা ছন্দকে সাহিত্যের একটা কুত্রিম প্রথা বলে মনে করেন। তাই আমাকে এই গোড়ার কথাটা বুঝিরে বলতে হল বে পৃথিবী ঠিক চবিল ঘণ্টার ঘূর্ণিলয়ে তিনশো পদ্মাট মাত্রার ছন্দে স্থকে প্রকাশিক করে, সেও যেমন কৃত্রিম নয়, ভাবাবেগ তেমনি ছন্দকে আশ্রন্ধ করে আপন গভিকে প্রকাশ করবার যে চেষ্টা করে সেও ভেমনি কৃত্রিম নয়।

এইখানে কাব্যের সঙ্গে গানের তুলনা করে আলোচ্য বিষয়টাকে পরিষার করবার চেষ্টা করা বাক। হ্বর পদার্থটাই একটা বেগ! সে আপনার মধ্যে আপনি স্পলিত হচ্ছে। কথা বেমন অর্থের মোক্টারি করবার জন্তে, হ্বর তেমন নর, সে আপনাকে আপনিই প্রকাশ করে। বিশেষ হরের সলে বিশেষ হরের সংযোগে ধ্বনিবেগের একটা সমবার উৎপন্ন হয়। তাল সেই সমবেত বেগটাকে গতিদান করে। ধ্বনির এই গতিবেগে আমাদ্বের হৃদরের মধ্যে যে গতি সঞ্চার করে সে একটা বিশুদ্ধ আবেগ মাত্র, তার যেন কোনো অবলঘন নেই। সাধারণত সংসারে আমরা কতকগুলি বিশেষ ঘটনা আশ্রের করে হথে ত্বংথে বিচলিত হই। সেই ঘটনা সত্যও হতে পারে, কাল্পনিকও হতে পারে অর্থাৎ আমাদ্বের কাছে সত্যের মতো প্রতিভাত হতে পারে। তারই আঘাতে আমাদ্বের চেতনা নানা রকমে নাড়া পার, সেই নাড়ার প্রকারভেদে আমাদ্বের আবেগের প্রকৃতিভেদ ঘটে। কিন্তু গানের হ্বরে আমাদ্বের চেতনাকে যে নাড়া দের সে কোনো ঘটনার উপলক্ষ দিয়ে নয়, সে একেবারে অব্যবহিত ভাবে। হতরাং তাতে যে আবেগ উৎপন্ন হয় সে অহৈত্বক আবেগ। তাতে আমাদ্বের চিন্ত নিজের স্পন্দনবেগেই নিজেকে জানে, বাইরের সঙ্গে কোনো ব্যবহারের যোগে নয়।

সংসারে আমাদের জীবনে ষে-সব ঘটনা ঘটে তার সঙ্গে নানা দায় জড়ানো আছে। জৈবিক দায়, বৈষ্মিক দায়, সামাজিক দায়, নৈতিক দায়। তায় জড়ে নানা চিন্তায় নানা কালে আমাদের চিন্তকে বাইরে বিক্লিপ্ত কয়তে হয়। শিয়কলায়, কাব্যে এবং রসসাহিত্যমাত্রেই আমাদের চিন্তকে সেই-সমন্ত দায় থেকে মুক্তি দেয়। তথন আমাদের চিন্ত অথকু:থেয় মধ্যে আপনারই বিশুদ্ধ প্রকাশ দেখতে পায়। সেই প্রকাশই আনন্দ। এই প্রকাশকে আমরা চিরস্তন বিশি এইজনে যে, বাইরেয় ঘটনাগুলি সংসারেয় জাল ব্নতে ব্নতে, নানা প্রয়োজন সাধন কয়তে কয়তে, সয়ে য়ায়, চলে য়ায়— তাদেয় নিজেয় মধ্যে নিজেয় কোনো চয়ম মূল্যা নেই। কিন্তু আমাদেয় চিন্তেয় য়ে আত্মপ্রকাশ তায় আপনাতেই আপনার চয়ম, তায় মূল্য তায় আপনায় মধ্যেই পর্বাপ্ত। তমসাতীয়ে জৌঞ্পবিরহিণীয় ছাখ কোনোখানেই নেই, কিন্তু আমাদেয় চিন্তেয় আত্মাহাভূতিয় মধ্যে সেই বেদনায় তায় বাধা হয়েই আছে। সে ঘটনা এখন ঘটছে না, বা সে ঘটনা কোনোকালেই ঘটে নি, এ কথা তায় কাছে প্রমাণ কয়ে কোনোলাভ নেই।

ষা হোক, দেখা বাচ্ছে গানের স্পন্দন আমাদের চিন্তের মধ্যে বে আবেগ জন্মিরে দের সে কোনো সাংসারিক ঘটনামূলক আবেগ নয়। তাই মনে হয়, স্পষ্টর গভীরতার মধ্যে বে একটি বিশ্বব্যাপী প্রাণকস্পন চলছে, গান গুনে সেইটেরই বেদনাবেগ বেন আম্রা চিন্তের মধ্যে অস্থভব করি। ভৈরবী যেন সমস্ত স্পষ্টর অস্তরতম বিরহব্যাকুলভা, **टिख्ना एक्कोलिय गीमा शांत्र इत्य नित्यत्र हक्का श्रांनधात्रांट्क विद्रांटित मध्या উ** निवि क्रि श

কাব্যেও আমরা আমাদের চিত্তের এই আত্মাত্মভৃতিকে বিশুদ্ধ এবং মৃক্তভাবে অথচ বিচিত্র আকারে পেতে চাই। কিন্তু কাব্যের প্রধান উপকরণ হল কথা। সে তো হরের মতো শ্বপ্রকাশ নয়। কথা অর্থকে জানাছে। অভএব কাব্যে এই व्यर्थक निष्य कांत्रवात कत्रक्टि हत्व। छाटे भाषात्र मत्रकात्र, এই व्यर्थी यन त्रम्मक हम । व्यर्थार, मिंग अपन किहू हम या चल्डे व्यामात्मन मतन नक्षांत करन, यारक व्यापदा विन व्यादिश।

কিন্ত যেহেতু কথা জিনিসটা স্প্রকাশ নম্ন, এইজম্মে স্থারের মতো কথার সঙ্গে व्याभारित हिर्छित गांधर्मा त्ने । व्याभारित हिन्छ दिश्वान्, किन्छ कथा चित्र। এ व्यवस्कत्र आवर्ष्टरे आमवा धरे विवव्हों व आलांच्यां करत्रि । वर्लाइ, क्यांक त्वन मिरव আমাদের চিত্তের সামগ্রী করে তোলবার জন্তে ছনের দরকার। এই ছনের বাহন-वार्ग कथा क्वम व क्र बामाराय हिस्स क्षायम करत्र हा नम्र, हां प्रमान निस्कर व्यान त्यांनं करत रमन्।

धरे म्भानात्वत्र योग् मस्मत्र वर्ष य को व्यभद्रभा माछ कृत्त्र छ। व्याग श्रीकर्छ ছিলাৰ করে বলা যায় না। সেইজন্তে কাব্যয়চনা একটা বিশ্বয়ের ব্যাপার। ভার विषयों कवित्र मत्न वाँथा, किन्न कार्यात मन्त्रा हर्ष्ट विषय क्या कार्या ; त्रहे व्यनिर्वात्रक काशित्र काला।

व्रक्ती भांक्त्रचन, चन स्वा-श्रव्यन,

द्रिभिक्षिभि नवरम विद्रित ।

পালম্বে শন্নান রজে, বিগলিড চীর অকে,

निन वारे यत्नत रुतिरव।

वांग्लांत त्रांत्व अकि स्मरत विद्यानांत्र खरत पूर्यात्क, विषयो अहेगांव किन्न इन अहे विषयिक जागारमय गतन कांशिरय जून एउटे और त्यायय चूर्यातना गांशीयि स्वन निष्ठाकांनरक बाल्य करत अकि भवम बार्भात रहा डिठन- अमन-कि, बर्मन करिबांत व्याच व तात्र वहत्र भद्र अमन धूर्माच क्षणांट क्षणांट क्ष एक अब जूननात्र जूक अवः करत ছেলেখের এক্জামিন পাস করতে হবে; किন্ত 'পালতে শরান রজে, বিগলিভ চীর ष्या निम यारे मत्नव हित्रियं, এ পড়া-मूथ कवाव किनिम नव। এ क्षामवा कांभनाव व्याप्तव स्था प्रथे भाव भाव किनिम नव। अकि प्राप्तव विहानाव क्षाप्तव व्याप्तव स्था प्रथे भाव किनिम क्षाप्त विहानाव क्षाप्तव व्याप्तव किनिम क्षाप्त किनिम क्षाप्त किनिम क्षाप्त किनिम क्षाप्त किनिम क्षाप्त किनिम किनिम

खार्याय जिमित्रयन भर्तती,

বরিষে জল কানন্তল মর্মরি।

ৰুলদরব-বাংকারিড বঞ্চাডে

विकन घरत हिमांग रूप-उखारण,

ष्मात्र यम मिथिम छम्-वस्त्री।

मूचत निथी निचरत फिरत नकति ।

এই ছন্দে एव्र छ। वांदेरवर अप्पन्न माना किছू चाह्न किन्न त्यावरित्र छिन्न वांद्र किन्न वां । এ चात्र-এक मिनिन रन।

ছন্দ কবিতার বিষয়টির চার দিকে আবর্তন করছে। পাতা ষেমন গাছের ভাঁটার চার দিকে ঘুরে ঘুরে ভাল রেখে ওঠে এও সেইরকম। গাছের বন্ধ-পদার্ঘ ভার ভালের মধ্যে, গুঁড়ির মধ্যে, মজ্জাগত হয়ে রয়েছে; কিন্তু ভার লাবণা, ভার চাঞ্চল্যা, বাভালের সঙ্গে ভার আলাপ, আকাশের সঙ্গে ভার চাউনির বন্ধল, এ সমস্ত প্রধানত ভার পাভার ছন্দে।

পৃথিবীর আহ্নিক এবং বার্ষিক গতির মতো কাব্যে ছন্দের আবর্তনের ঘুটি অন্ধ আছে, একটি বড়ো গতি, আর-একটি ছোটো গতি। অর্থাৎ চাল এবং চলন। প্রদক্ষিণ এবং পদক্ষেপ। দৃষ্টাস্ত দেখাই।

भारत हक्षं भवन मन, विभिन खरण क्रूमनह।

जरहे श्राह्म हे हिन हिन । जर्मन कार्गि हे हिन्द जरे हिन्द होन मात्रा हक्ष्ट । वर्षा है क्षाहि हिन माजा है, 'भारत हिन जर 'हिन जर 'हिन जर 'हिन जर 'हिन हिन जर 'हिन जर है।

১ ২ ৩ ৪
শার্ষ চন্দ্র পবন মন্দ, বিপিন ভরল কুন্ত্মগৃদ্ধ,
৫ ৬ ৭ ৮

ফুল্ল মজি মালভি যুথি মন্তমধূপ- ভোরনী। প্রদক্ষিণের মাত্রার চেমে পদক্ষেপের মাত্রার 'পরেই ছন্দের বিশেষত্ব বেশি নির্ভর क्त्रह । क्लिना এই चाँठे भएक्लिन चांचर्छन मक्ल इत्सरे हरण । वस्त अहेर्टि हे हर्ष्ट्र चिक्रांश्म इत्सन्न हिन्छ कांच्रण । यथा—

> ১ ২ ৩ ৪ মহাভার- ভের কথা অমৃত স- মান, ৫ ৬ ৭ ৮ কাশীরাম দাস কহে শুনে পুণ্য- বান্।

এও আট পদক্ষেপ।

धरे काछ निर्नष्न कन्नरफ हरन চাरनित पिरक छछी। नम्न किन्न हन्नतन पिरकरे मृष्ठि पिरछ हरत। पिरम रमथा यार्य, इन्मरक स्मार्टित छेलत्न छिन कार्छ छात्र कन्ना यात्र। नमहन्मरनत्न इन्म, जनमहन्मरनत्न इन्म धरः विषमहन्मरनत्न इन्म। छूरे माखात्र हन्मरक विन नममाखात्र हन्म, छिन माखात्र हन्मरक विन जनमाखात्र हन्म, छिन माखात्र हन्मरक विन जनमाखात्र हन्म।

ফিরে ফিরে আঁথি- নীরে পিছু পানে চার।
পারে পারে বাধা প'ড়ে চলা হল দার।
এ হল ছই মাতার চলন। ছইরের গুণফল চার বা আটকেও আমরা এক জাতিরই
গণ্য করি।

নম্বন- ধারাম পথ সে হারাম, চায় সে পিছন পানে, চলিতে চলিতে চরণ চলেনা, বাধার বিষম টানে। এ হল তিন মাত্রায় চলন। আর—

> ষভই চলে চোথের জলে নরন ভ'রে ওঠে, চরণ বাধে, পরান কাঁদে, পিছনে মন ছোটে।

ध एन पूरे-जित्नत योग्न विषयमोजीत इन ।

তা হলেই দেখতে পাওয়া বাচ্ছে, চলনের ভেদেই ছন্দের প্রকৃতি-ভেদ।

বৈশ্ববদাবলীতে বাংলাসাহিত্যে ছন্দের প্রথম ঢেউ ওঠে। কিন্তু দেখা যার, ভার লীলাবৈচিত্রা সংস্কৃত ছন্দের দীর্ঘন্তম মাত্রা অবলম্বন করেই প্রধানত প্রকাশ পেরেছে। প্রাকৃত বাংলার যত কবিতা আছে ভার ছন্দসংখ্যা বেশি নয়। সমমাত্রার ছন্দের দৃষ্টান্ত—

> কোজারে আনমন দেখি। কাছে নখে ক্ষিভিডল লেখি।

এ ছাড়া পদ্মার এবং ত্রিপদী আছে, সেও সমমাত্রার ছন্দ। অসমমাত্রার অর্থাৎ তিনের ছন্দ চার রক্ষমের পাওয়া যাদ্ মলিন বদন ভেল,

धीरत धीरत ठाँन (गम।

আওল রাইর পাশ।

कि कहिव खान- मान ॥ ১॥

काशिया काशिया हरेन धीन

जिन्छ है। एउड़ जिन्द्र मिन । २ ।

गमां हे सम्रात्न होट्ड स्मिप्नीत्न

ना চলে नम्रन- তারা।

বিরতি আহারে রাঙা বাস পরে

যেমত যোগিনী- পারা॥ ।।

বেলি অবসান- কালে

करव शिश्रा हिना कला।

ভাহারে দেখিয়া ইষত হাসিয়া

धरिनि ग्योत श्राम । s ।

বিষম্মাত্রার দৃষ্টাস্ত কেবল একটা চোখে পড়েছে, সেও কেবল গানের আরছে— শেষ পর্যস্ত টেকে নি।

िकनकांना,

গলায় মালা,

वाखन नृश्रुत्र शाह ।

চুড়ার ফুলে

सभन व्राम,

তেরছ নয়ানে চায়।

বাংলার সমমাত্রার ছন্দের মধ্যে পরার এবং ত্রিপদীই সবচেরে প্রচলিত। এই ছটি ছন্দের বিশেষত্ব হচ্ছে এই যে, এদের চলন পুব লখা। এদের প্রত্যেক পদক্ষেপে আট মাত্রা। এই আট মাত্রার মোট ওজন রেখে পাঠক এর মাত্রাগুলিকে অনেকটা ইচ্ছামত চালাচালি করতে পারেন।

পাষাণ মিলায়ে যার গায়ের বাভাসে। এর মধ্যে যে কতটা কাঁক আছে তা যুক্তাক্তর বসালেই টের পাওয়া যায়। পাষাণ মুছিয়া যায় গায়ের বাভাসে।

छात्री एन ना।

পাষাণ মৃছিয়া যায় অন্বের বাভাসে।

এতেও বিশেষ ডিড় বাড়ল না।

পাষাণ মৃছিয়া বার অব্দের উচ্ছালে।

এও বেশ সহা হয়।

সংগীত তরজি উঠে অজের উচ্ছালে।

এতেও অভ্যন্ত ঠেসাঠেসি হল না।

সংগীতভরন্বরঞ্জ অঞ্চের উচ্ছাস।

অত্প্রাসের ভিড় হল বটে কিন্তু এখনো অন্তর্পহত্যা হবার যতো হর নি। কিন্তু এর বেশি আর সাহস হয় না। তব্ যদি আরো প্যাসেঞ্জার নেওয়া যায় তা হলে যে একেবারে প্যারের নৌকাড়বি হবে ভা নয়, তবে ফিনা হাঁপ ধরবে। যথা—

হুদান্তপাণ্ডিত্যপূর্ণ হুঃসাধ্য সিদ্ধান্ত।

किन पूरे मार्जाद इन्ह मार्जिदरे त्य अरेदकम ज्याभादन त्यांचन जा दलत्क भादि त्य। त्यथात्म भएत्क्य पन पन त्यथात्म किन्द्र जेन्द्रो। यथा—

এও পদ্মার किন্ত যে হেতু এর পদক্ষেপ আটে নম্ন, ছুইয়ে, সেইজ্বন্তে এর উপরে বোঝা সম্মনা। যে ক্রন্ত চলে তাকে হালকা হতে হয়। যদি লেখা যাম—

धति जो व क्नो व म्क्नि क्ल

কংসারির শহরের সংসারের তলে।

তা হলে ও একটা স্বতম্ব ছন্দ হয়ে যায়। সংস্কৃত্তেও দেখো, সমমাত্রার ছন্দ বেধানে ছয়ের লয়ে চলে সেধানে দৌড় বেশি। যেমন—

२ २ २ २ २ २ २ २ २ १ १ हिन्न विष्कृतिक निष्कृतिक निष्कृत

অসম অর্থাৎ ডিন মাত্রার চলনও ফ্রন্ড।

পাষাণ যিলায় গায়ের বাডাসে।

এর লয়টা ত্রস্তা পড়লেই বোঝা যার, এর প্রভাক তিন মাত্রা পরবর্তী তিন মাত্রাকে

চাচ্ছে, কিছুডে তর সচ্ছে না। ভিনের যাত্রাটা টল্টলে, গড়িয়ে যাবার দিকে ভার

বোক। এইজন্তে ভিনকে গুল করে ছয় বা বারো করলেও ভার চাপল্য ঘোচে না।

ত্বই মাত্রার চলন ক্ষিপ্র, ভিন মাত্রার চঞ্চল, চার মাত্রার মন্তর, আট মাত্রার গঞ্জীর। ভিন মাত্রার ছন্দে যে পরারের মতো ফাঁক নেই ভা যুক্তাক্ষর জুড়তে গেলেই ধরা পড়বে। যথা—

गितित श्रशाम यातिएक नियात

এই পদটিকে यपि लिशे योष

পর্বত- কন্দরে ঝরিছে নির্মর

তা হলে ছন্দের পক্ষে সাংঘাতিক হয়। অথচ পদ্মারে

গিরিশুহাতল বেয়ে ঝরিছে নিঝর

এবং

পর্বতকন্দরতলে ঝরিছে নির্বর

ছत्मत পक्ष इरे-रे गर्भान।

বিষমমাত্রার ছন্দের স্বভাব হচ্ছে, তার প্রত্যেক পদে এক অংশে গতি, আর-এক অংশে বাধা। এই গতি এবং বাধার সন্মিলনে তার নৃত্য।

> ष्यहरू कन- व्रामि वन- व्रामिमिन- कृषनः रुतिविव्रह- प्रश्नवरू- तन वरू- पृष्णः।

ভিন মাত্রার 'অহহ' যে ছাঁদে চলবার জন্যে বেগ সঞ্য় করলে, দুই মাত্রার 'কল' তাকে হঠাৎ টেনে থামিয়ে দিলে, আবার পরক্ষণেই ভিন ষেই নিজমূর্ভি ধরলে অমনি আবার দুই এসে ভার লাগামে টান দিলে। এই বাধা ষদি সত্যকার বাধা হত তা হলে ছন্দই হত না; এ কেবল বাধার ছল, এতে গভিকে আরো উস্কিয়ে দেয় এবং বিচিত্র করে ভোলে। এই জন্যে অহা ছন্দের চেয়ে বিষমমাত্রার ছন্দে গভিকে আরো যেন বেশি অহুভব করা যায়।

যাই হোক আমার বক্তব্য এই, ছন্দের পরিচয়ের মৃলে ছটি প্রশ্ন আছে। এক হচ্ছে, তার প্রত্যেক পদক্ষেপে কটি করে মাত্রা আছে। ছই হচ্ছে, সে মাত্রা সম, অসম, না বিষম অথবা সম-বিষমের যোগ। আমরা যখন মোটা করে বলে থাকি যে, এটা চোদ মাত্রার ছন্দ, বা, ওটা দশ মাত্রার, তখন আসল কথাটাই বলা হয় না। তার কারণ পূর্বেই বলেছি, চাল অর্থাৎ প্রদক্ষিণের মাত্রায় ছন্দকে চেনা যায় না, চলন অর্থাৎ পদক্ষেপের মাত্রায় তার পরিচয়। চোদ মাত্রায় গুরু যে পয়ার হয় না, আরো অনেক ছন্দ ছয়, ভার দৃষ্টান্ত দেওয়া যাক।

বসন্ত পাঠার দৃত রছিয়া রছিয়া, ৰে কাল গিয়েছে ভারি নিশাস বছিয়া। এই ভো পদার, এর প্রভাক প্রদক্ষিণে ঘৃটি পদক্ষেপ। প্রথম পদক্ষেপে আটটি উচ্চারিভ মাত্রা, দিতীয় পদক্ষেপে ছন্নটি উচ্চারিভ মাত্রা এবং ঘৃটি অক্সচারিভ অর্থাৎ যভির মাত্রা। অর্থাৎ, প্রভ্যেক প্রদক্ষিণে মোটের উপর উচ্চারিভ মাত্রা চোদ। আমরা পরারের পরিচয় দেওরার কালে প্রভ্যেক প্রদক্ষিণের উচ্চারিভ মাত্রার সমষ্টির হিসাব দিয়ে থাকি। তার প্রধান কারণ, কিছুকাল পূর্বে পদার ছাড়া চোদ মাত্রা-সমষ্টির ছন্দ আমাদের ব্যবহারে লাগত না। নিম্নলিখিত চোদ মাত্রার ছন্দেও ঠিক পরারের মভোই প্রভ্যেক প্রদক্ষিণে ঘৃটি করে পদক্ষেপ।

ফাগুন এল ছারে কেহ যে ঘরে নাই, পরান ছাকে কারে ভাবিয়া নাহি পাই।

অথচ এটা মোটেই পদার নয়। তফাত হল কিলে যাচাই করে দেখলে দেখা যাবে যে, এর প্রতি পদক্ষেপে আটের বদলে লাভ উচ্চারিত মাত্রা। আর অফ্চারিত মাত্রা প্রতি পদক্ষেপের লেষে একটি করে দেওয়া যেতে পারে। যেমন—

कां छन जन बादा-ज कह स चरत ना-चा-है।

কিছা কেবল শেষ ছেদে একটি দেওৱা যেতে পারে। যেমন—

ফাগুন এল ছারে কেছ যে ঘরে না-আ-ই।

কিম্বা যতি একেবারেই না দেওয়া যেতে পারে।

পুনশ্চ এই ছন্দেরই মাত্রাসমষ্টি সমান রেখে এরই পদক্ষেপমাত্রার পরিবর্তন করে যদি পড়া যায় তা হলে শ্লোকটি চোখে দেখতে একই রকম থাকবে কিন্তু কানে শুনতে অন্তরকম হবে। এইখানে বলে রাখি, ছন্দের প্রত্যেক ভাগে একটা করে তালি দিলে পড়বার স্থবিধা হবে এবং এই তালি অস্থসারে ভিন্ন ছন্দের ভিন্ন লয় ধরা পড়বে। প্রথমে সাত মাত্রাকে তিন এবং চারে স্বতন্ত্র ভাগ করে পড়া যাক। যেমন—

ভালি ভালি ভালি ভালি ফাপ্তন এল দারে কেছ যে ঘরে নাই, পরান ভাকে কারে ভাবিয়া নাহি পাই।

তার পরে পাঁচ-ছুই ভাগ করা যাক। যেমন----

ভাজি ফাগুন এল পরান ডাকে	खांत्र बाद्य काद्य	ভাজি কেছ যে ঘরে ভাষিয়া নাহি	ভানি নাই, পাই।
-------------------------------	--------------------------	------------------------------------	----------------------

এই চৌদ্দ মাজা-সমষ্টির হন্দ আরো কতরক্ষ হতে পারে ভান্ন কতক্তিল নমুনা কেওয়া

याक । इंडे-नीं इंडे-नीं ड डारनंत्र इन, क्या ---

। । । সে যে আপন মনে শুধু দিবস গণে, ভার চোখের বারি কাঁপে আঁখির কোণে।

চান্ধ-ভিন চান্ধ-ভিন ভাগ---

। । । । । । । नद्रत्नद्र जिल्ला या कथा । या कथा । या कथा । या विल्ला विला विल्ला विला विल्ला विल्ला विल्ला विल्ला विल्ला विल्ला विल्ला विल्ला विल्ला

কিশ্বা এক-ছন্ন এক-ছন্ন ভাগ---

<u> শাত-চার-ভিনের ভাগ—</u>

। চাহিছ বারে বারে আপনারে ঢাকিতে, মন না মানে মানা মেলে ডানা আঁথিতে।

এই কবিভাটাকেই অন্ত লয়ে পড়া যায়—

। চাহিছ বারে বারে আপনারে ঢাকিতে, মন না মানে মানা মেলে ডানা আঁখিতে।

তিন-তিন-তিন-তিন-ছইম্মের ভাগ—

। ব্যাকুল বকুল ঝরিল পড়িল ঘাসে, বাতাস উদাস আমের বোলের বাসে।

একেই হয়-আটের ভাগে পড়া যায়---

। ব্যাস্থল বস্থুল বারিল পড়িল ঘাসে, বাভাস উদাস আমের বোলের বাসে।

১ এই প্রত্যেক কণ্ডচিকের অনুসরণ করে ভাল দেওয়া আবদ্ধক।

পাঁচ-চার-পাঁচের ভাগ---

। নীরবে গেলে স্নানম্থে আঁচল টানি কাঁদিছে ছখে মোর বুকে না-বলা বাণী।

এই শ্লোককেই ভিন-ছন্ন-পাঁচ ভাগ করা যান্ন---

। नौत्रत्य शिल मानम् थे कांठन होनि कांतिष्ठ ष्रत्थ त्यांक वृत्क ना-वना वांगी।

এর থেকে এই বোঝা যাচ্ছে, প্রদক্ষিণের সমষ্টিমাতা চোদ হলেও সেই সমষ্টির অংশের হিসাব কে কী ভাবে নিকাশ করছে তারই উপর ছন্দের প্রভেদ ধরা পড়ে। কেবল ছন্দরসায়নে নর, বস্তরসায়নেও এইরকম উপাদানের মাত্রা-ভাগ নিয়েই বস্তর প্রকৃতিভেদ ঘটে, রাসায়নিকেরা বোধ করি এই কথা বলেন।

পন্নার-ছন্দের বিশেষত্ব হচ্ছে এই যে, তাকে প্রান্ন গাঁঠে গাঁঠে ভাগ করা চলে, এবং প্রত্যেক ভাগেই মূল ছন্দের একটা আংশিক রূপ দেখা যায়। যথা—

> ওহে পাস্ক, চলো পথে, পথে বন্ধু আছে একা বসে মানমুখে, সে যে সঞ্চ যাচে।

'ওহে পান্ব', এইখানে একটা থামবার দেটলন মেলে। তার পরে মথাক্রমে, 'ওহে পান্ব চলো', 'ওহে পান্ব চলো পথে', 'ওহে পান্ব চলো পথে পথে'। তার পরে 'বন্ধু আছে', এই ভগ্নাংশটার সলে পরের লাইন জোড়া যান্ন, যেমন—'বন্ধু আছে একা', 'বন্ধু আছে একা বসে', 'বন্ধু আছে একা বসে বে'। কিন্তু তিনের ছলকে তার ভাগে ভাগে পাওয়া যান্ন না, এইজন্মে তিনের ছলে ইছামত থামা চলে না। যেমন, 'নিলি দিল ড্ব অক্লণসাগরে'। 'নিলি দিল', এখানে থামা বান্ন, কিন্তু তা হলে তিনের ছল ভেঙে যান্ন, 'নিলি দিল ড্ব' পর্যন্ত এসে ছন্ন মাত্রা পুরিন্নে দিন্নে তবেই তিনের ছল ইাফ ছাড়তে পারে। কিন্তু আবার, 'নিলি দিল ড্ব অক্লণ' এখানেও থামা বান্ন না; কেননা তিন এমন একটি মাত্রা যা আর একটা তিনকে পেলে ভবে দাড়াতে পারে, নইলে টলে পড়তে চান্ন; এইজন্ম 'অক্লণসাগর' এর মাঝখানে থামতে গেলে রসনা কুল পান্ন না। তিনের ছলে গতির প্রাবল্যই বেলি, ছিডি কম। স্ত্তরাং তিনের ছল চাঞ্চল্যপ্রকাশের পক্ষে ভালো কিন্তু তাতে গান্তীর্য এবং প্রসার আন্ধ। তিনের মাত্রার ছলে অমিত্রাক্ষর রচনা করতে গেলে বিপদে পড়তে হন্ন, সে যেন চাকা নিম্নে লাঠিখেলার চেট্টা। পন্নান্ন আট পারে চলে বলে তাকে যে ক্রেক্রমে চালানো যান্ন মেহনাদ্বধ কাব্যে ভার প্রমাণ

আছে। তার অবতারণাটি পরথ করে দেখা যাক। এর প্রত্যেক ভাগে কবি ইচ্ছামত ছোটো বড়ো নানা ওজনের নানা হ্বর বাজিরেছেন; কোনো জারগাতেই পরারকে তার প্রচলিত আডার এসে থামতে দেন নি। প্রথম আরছেই বারবাছর বারমর্বাদা হ্বগজীর হয়ে বাজল— 'সমুখসমরে পড়ি বারচ্ডামনি বারবাহ'। তার পরে তার অকালমৃত্যুর সংবাদটি যেন ভাঙা রণপতাকার মতো ভাঙা ছলে ভেঙে পড়ল— 'চলি যবে গেলা যমপুরে অকালে'। তার পরে ছল নত হয়ে নমস্কার করলে— 'কহ হে দেবি অমৃতভাষিনি'। তার পরে আগল কথাটা, যেটা সবচেয়ে বড়ো কথা, সমস্ত কাব্যের ঘোর পরিণামের যেটা স্চনা, সেটা যেন আগর ঝটিকার হুদীর্ঘ মেঘগর্জনের মতো এক দিগস্ত থেকে আর-এক দিগস্তে উদ্ঘোষিত হল— 'কোন্ বারবরে বরি সেনাপতিপদে পাঠাইলা রণে পুনঃ রক্ষঃকুলনিধি রাঘবারি'।

বাংলা ভাষায় অধিকাংশ শব্দই ঘৃই মাত্রার এবং তিন মাত্রার, এবং ত্রেমাত্রিক শব্দের উপর বিভক্তিষোগে চার মাত্রার। পদ্মারের পদবিভাগটি এমন যে, ঘৃই, তিন এবং চার মাত্রার শব্দ তাতে সহক্ষেই জায়গা পায়।

চৈত্রের সেতারে বাজে বসস্তবাহার, বাতাসে বাতাসে ওঠে তরঙ্গ তাহার।

এ পন্নারে তিন অক্ষরের ভিড়। আবার—

চক্মকি-ঠোকাঠুকি-আগুনের প্রায় চোখোচোখি ঘটতেই হাসি ঠিকরায়।

এই পরারে চারের প্রাধান্ত।

তারাগুলি সারারাতি কানে কানে কর, সেই কথা ফুলে ফুলে ফুটে বনমর।

এইश्रांत घूरे माळात्र चारत्रांचन।

প্রেমের অমরাবতী প্রেরসীর প্রাণে, কে সেধা দেবাধিপতি সে কথা কে জানে।

এই পরারে এক থেকে পাঁচ পর্যন্ত সকল রকম মাত্রারই সমাবেশ। এর থেকে জানা বার পরারের জাতিথেরতা খ্ব বেশি, আর সেইজন্তেই বাংলা কাব্যসাহিত্যে প্রথম থেকেই পরারের এভ অধিক চলন।

পরারের চেরে লখা দৌড়ের সমমাতার ছন্দ আজকাল বাংলাকাব্যে চলছে।
স্থপ্রপ্রাণে এর প্রথম প্রবর্তন দেখা গেছে। স্থপ্রপ্রাণ থেকেই ভার নম্না ভূলে দেখাই।

গন্তীর পাতাল, যেথা কালরাত্রি করালবদনা বিস্তারে একাধিপত্য। শসমে অব্ভ ফলিফণা দিবানিশি ফাটি রোখে; ঘোরনীল বিবর্ণ অনল শিখাসংঘ আলোডিয়া দাপাদাপি করে দেশময় তমোহন্ত এড়াইতে— প্রাণ যথা কালের কবল।

উচ্চারিত এবং অক্সচারিত মাত্রা নিম্নে পদ্ধার ষেমন আট পদমাত্রায় সমান দুই ভাগে বিভক্ত এ তা নয়। এর এক ভাগে উচ্চারিত মাত্রা আট, অন্ন ভাগে উচ্চারিত মাত্রা দশ। এইরকম অসমান ভাগে ছন্দের গান্তীর্য বাড়ে। ছন্দে পদে পদে ঠিক সমান ওজন দাবি করা কানের যেন একটা বাধা মৌতাভের মতো দাড়ায়, সেইটি ভেঙে দিলে ছন্দের গৌরব আরো বাড়ে। সংস্কৃত মন্দাক্রাস্তার অসমান ভাগের গান্তীর্য স্বাই জানেন—

কশ্চিৎকাস্তা- বিরহগুরুণা স্বাধিকার- প্রমন্ত:।

এর প্রথম ভাগে আট, বিতীয় ভাগে সাত, তৃতীয় ভাগে সাত, এবং চতুর্থ ভাগে চারণ

মাতা। এমনতরো ভাগে কানের কোনো সংকীর্ণ অভ্যাস হবার জো নেই।

সংস্কৃতের সঙ্গে সাধু বাংলা সাহিত্যের ছন্দের যে-একটি বিশেষ প্রভেদ আছে সেইটির কথা এখানে সংক্ষেপে আলোচনা করা যাক। সংস্কৃত-উচ্চারণের বিশেষত্ব হচ্ছে তার ধনির দীর্যয়ন্তা। সেইজন্ত সংস্কৃতহন্দ কেবলমাত্র পদক্ষেপের মাত্রা গণনা করেই নিশ্চিম্ব থাকে না, নির্দিষ্ট নিয়মে দীর্যয়ন্থ মাত্রাকে সাজানো তার ছন্দের অল। আমি একটি বাংলা বই থেকে এর দৃষ্টান্ত তুলছি। বইটির নাম 'ছন্দঃকুহ্ম'। আর চুয়ার বছর পূর্বের এটি রচনা। লেখক ভ্বনমোহন রায়চৌধুরী রাধাক্ষকের লীলাছ্লে বাংলা ভাষায় সংস্কৃতছন্দের দৃষ্টান্ত দিয়ে ছন্দ শিক্ষা দেবার চেন্তা করেছেন। কৃষ্ণবিরহিনী রাধা কালো রঙটারই দ্বণীয়তা প্রমাণ করবার জন্তে যখন কালো কোকিল, কালো অমর, কালো পাধর, কালো লোহার নিন্দা করলেন তখন অপর পক্ষের উকিল লোহার দোব ক্লালন করতে প্রবৃত্ত হলেন।

111 # 1 1 11 . . . 1 1 1 স্থন্দর লোহর- থে চড়ি লোহপ-लाक ह- त्न.., থে কত (इथर यष्ठे मू- हुर्जक मधा क- द्वा शंखि स्थाखन शक म-त्वत्र १- त्व ..। দ্র অ- বশ্বিড লোহবি- নিমিভ ভার ত- রে বহ लांक ग- रव.., मृत्र च- विश्विष्ठ वस्तु ग-নে হ্বধ- চিত্ত প-र्ज्ञ स वोका क- एर..।

এই কবিতাটির যুক্তি ও আধ্যাত্মিক রসমাধুর্বের বিচারভার আধুনিককালের বস্ততান্ত্রিক উকিল রসিকদের উপর অর্পন করা গেল। তা ছাড়া লোকশিক্ষার এর প্ররোজনীরতার তর্ক তোলবার অধিকারীও আমি নই। আমি ছলের দিক দিয়ে বলছি, এর প্রভাকে পদভাগে একটি দীর্ঘ ও ছইটি রম্ব মাত্রা, সেই দীর্ঘর্ম্বের ওঠাপড়ার পর্যারই হচ্ছে এই ছলের প্রকৃতি। বাংলার স্বরের দীর্ঘর্ম্বতা নাই কিমা নাই বললেই হয়, এবং যুক্তব্যঞ্জনকে সাধু বাংলা কোনো গৌরব দেয় না, অযুক্তের সঙ্গে একই বাটধারার তার ওক্ষন চলে। অতএব মাত্রাসংখ্যা মিলিয়ে ওই লোহার শুর যদি বাংলা ছলে লেখা যায় তা হলে তার দশা হয় এই—

দেখ দেখ মনোহর লোহার গা- ড়িতে চড়ি
লোহাপথে কত শত মাহ্য চ- লিছে
দেখিতে দে- থিতে ভারা যোজন যো- জন পথ
অনায়াসে তরে যার টিকিট কি- নিরা।
যেসব মা- হ্য আছে অনেক দ্- রের দেশে,
লোহা দিয়ে গড়া ভার রয়েছে ব- লিয়া,
হুদ্র বঁ- ধুর সাথে কত যে ম- নের হুখে
কথা চালা- চালি করে নিমেষে নি- মেষে।

বাংলার আর সবই রইল— মাত্রাও রইল, আর সম্ভবত আধ্যাত্মিকতারও হানি হয় নি, কেননা ভজির টিকিট থাকলে লোহার গাড়ি যে কঠিন লোহার পথও তরিয়ে দেয় এবং বঁধুর সঙ্গে ষতই দ্রঅ থাক অয়ং লোহার তারে তাদের কথা চালাচালি হতে পারে এ ভাবটা বাংলাতেও প্রকাল পাচ্ছে— কিন্তু মূল ছন্দের প্রকৃতিটা বাংলায় রক্ষা পায় নি। এ কেমন, যেমন টেউ-খেলানো দেশের জমির পরিমাণ সমতল দেশে জরিপের ছারা মিলিয়ে নেওয়া। তাতে জমি পাওয়া গেল কিন্তু টেউ পাওয়া গেল না। অথচ টেউটা ছন্দের একটা প্রধান জিনিস। সমতল বাংলা আপন কাব্যের ভাষাকে সমতল করে দিয়েছে। এ হচ্ছে কান্সকে সহজ্ঞ করবার একটা কৃত্রিম বাঁধা নিয়ম। আমরা যখন বলি থার্ডক্লাসের ছেলে, তখন মনে ধরে নিই যেন সব ছেলেই সমান মাত্রার। কিন্তু আসলে থার্ডক্লাসের আদর্শকৈ যদি একটা সরল রেখা বলে ধরে নিই তবে কোনো ছেলে সেই রেখার উপরে চড়ে কেন্টে-বা তার নীচে নামে। ভালো শিক্ষাপ্রণালী তাকেই বলে যাতে প্রত্যেক ছেলেকে তার নিজের বত্তর বৃদ্ধি ও শক্তির মাত্রা অনুসারে ব্যবহার করা বায়, থার্ডক্লাসের একটা কাম্ননিক মাত্রা ক্লাসের সকল ছেলের উপরে সমানভাবে আরোপ না করা হায়। কিন্তু কাক্ষ

সহজ করবার জন্ত বহু অসমানকে এক সমান কাঠগড়ার বন্দী করবার নিয়ম আছে। সাধু বাংলার ছন্দে তারই প্রমাণ পাই। হলস্ত'ই হোক, হসস্তই হোক, আর যুক্তবর্ণ ই হোক, এই ছন্দে সকলেরই সমান মাতা।

অথচ প্রাক্কত-বাংলার প্রকৃতি সমতল নয়। সংস্কৃতের নিয়মে না হোক, নিজের নিয়মে তার একটা ঢেউখেলা আছে। তার কথার সকল অংশ সমান ওজনের নয়। বস্তুত পদে পদেই তার শব্দ বন্ধর হরে ওঠে। তার কারণ, প্রাক্কত-বাংলার হসস্কের প্রাত্তিবি ধূব বেশি। এই হসস্কের বারা ব্যঞ্জনবর্ণের মধ্যে সংঘাত জন্মতে থাকে, সেই সংঘাতে ধানি ওক হরে ওঠে। প্রাক্কত-বাংলার এই গুরুধ্বনির প্রতি যদি সদ্ব্যবহার করা যায় তা হলে ছলের সম্পাদ বেড়ে যায়। প্রাক্কত-বাংলার দুষ্টাস্ক—

वृष्ठि পড়ে छोপूत् छूभूत् नाम थन वान्।
निव् ठोकूरतत् विष्त्र इरव जिन् कछा मान्॥

এक् कछा त्रांसन् वाष्ट्रन् এक् कछा थान्।

এक् कछा ना পেष्रে वाष्ट्रत् वाष्ट्रि यान्॥

এই ছড়াটিতে ছটি জিনিস দেখবার আছে। এক হচ্ছে, বিসর্গের ইটকালিতে ব্যঞ্জনের সঙ্গে বাঞ্জনের সন্মিলন, আর-এক হচ্ছে 'বৃষ্টি' এবং 'কল্মে' কথার যুক্তবর্গকে যথোচিত মর্যাদা দেওয়া। এই ছড়া সাধু বাংলার ছন্দে বাঁধলে পালিশ-করা আবলুস কাঠের মতো পিছল হয়ে ওঠে।

বারি ঝরে ঝর ঝর নিদয়ায় বান।
শিব্ঠাকুরের বিয়ে তিন মেয়ে দান।
এক মেয়ে রাঁধিছেন এক মেয়ে থান।
এক মেয়ে ক্ষ্পাভরে পিভ্যরে যান।

এতে যুক্তবর্ণের সংযোগ হলেও ছন্দের উল্লাস তাতে বিশেষ বাড়ে না। यथा-

মন্দ মন্দ বৃষ্টি পড়ে নবৰীপে বান।
শিব্ঠাস্থ্রের বিয়া তিন কন্তা দান।
এক কন্তা রাদ্ধিছেন এক কন্তা ধান।
এক কন্তা উর্ধেখানে পিভৃগৃহে ধান।

এই-সব যুক্তবর্শের যোগে এ ছন্দ বন্ধুর হয়ে উঠেছে বটে কিন্তু তরন্ধিত হয় নি, কেননা যুক্তবর্ণ যথেচ্ছ ছড়ানো হয়েছে মাত্র, তাদের মর্যাদা অন্তুসারে জায়গা দেওয়া হয় নি।

- > 'बड़ांस्ड' चार्च वादस्छ।
- २ चत्र-विमर्कदवद्र।

অর্থাৎ, হাটের মধ্যে ছোটোর বড়োর বেমন গায়ে গারে ভিড় করে তেমনি, সভার মধ্যে বেমন ভারা যথাযোগ্য আসন পার তেমন নয়।

ছন্দ:কুন্ম বইটির লেখক প্রাক্বত-বাংলার ছন্দ সম্বন্ধে অম্বন্ধু ছন্দে বিলাপ করে বলছেন—

পাঁচালী নাম বিখ্যাতা সাধারণ-মনোরমা।
পরার ত্রিপদী আদি প্রাকৃতে হয় চালনা।
দ্বিপাদে শ্লোক সংপূর্ণ তুল্যসংখ্যার অক্ষরে।
পাঠে তুই পদে মাত্র শেষাক্ষর সদা মিলে।
পঠনে সে সব ছন্দঃ রাখিতে তালগোরব।
পঠিছে সর্বদা লোকে উচ্চারণ-বিপর্যয়ে।
লঘুকে গুরু সম্ভাবে দীর্ঘবর্ণে কহে লঘু।
হবে দীর্ঘে সমজ্ঞানে উচ্চারণ করে সবে।

কবির এই বিলাপের সঙ্গে আমিও ষোগ দিচ্ছি। কেবল আমি এই বলতে চাই, প্রাক্তত বাংলার ছন্দে এমনতরো তুর্ঘটনা ঘটে না, এ-সব ঘটে সংস্কৃত-বাংলার ছন্দে। প্রাকৃত-বাংলার যে স্বকীয় দীর্ঘক্তসতা আছে তার ছন্দে তার বিপর্বন্ন দেখি নে, কিন্তু সাধু ভাষার দেখি।

এই প্রাক্ত-বাংলা মেরেদের ছড়ায়, বাউলের গানে, রামপ্রসাদের পদে আপন স্বভাবে প্রকাশ পেয়েছে। কিন্তু সাধুসভার তার সমাদর হয় নি বলে সে মৃথ ফুটে নিজের সব কথা বলতে পারে নি এবং তার শক্তি যে কত তারও সম্পূর্ণ পরিচয় হল না। আজকের দিনের ডিমজেসির যুগেও সে ভয়ে ভয়ে ছয়া করে চলেছে; কোথায় যে তার পঙ্কি এবং কোথায় নয় তা দ্বির হয় নি। এই সংকোচে তার আত্মপরিচয়ের থবঁতা হচে। আমরা একটা কথা ভূলে যাই প্রাক্ত-বাংলার লন্দ্রীর পেট্রায় সংস্কৃত, পারসি, ইংরেজি প্রভৃতি নানা ভাষা থেকেই শন্দসঞ্চয় হচ্ছে, সেইজক্তে শন্দের দৈত প্রাক্ত-বাংলার সভাবগত বলে মনে করা উচিত নয়। প্রয়োজন হলেই আমরা প্রাক্ত-ভাঙারে সংস্কৃত শন্দের আমদানি করতে পারব। কাজেই যেখানে অর্থের বা ধ্বনির প্রয়োজনবশত সংস্কৃত শন্দই সংগত সেখানে প্রাক্তত-বাংলায় তার বাধা নেই। আবার ফার্সি কথাও তার সজে সলেই আমরা একসারে বসিমে দিতে পারি। সাধুবাংলায় তার বিম্ন আছে, কেননা সেখানে জাতি রক্ষা করাকেই সাধুতা রক্ষা করা বলে। প্রাকৃত ভাষার এই উদার্য গতে পত্তে আমান্তের সাহিত্যেয় একটি পরম সম্পন্ধ, এই কথা মনে রাখতে হবে।

ছন্দের হদন্ত হলন্ত'

আমার নিজের বিশাস যে, আমরা ছন্দ রচনা করি স্বতই কানের ওজন রেখে, বাজারে প্রচলিত কোনো বাইরের মানদণ্ডের দারা মেপে মেপে এ কাজ করি নে, অস্তত সজ্ঞানে নয়। কিন্তু ছান্দসিক প্রবোধচন্দ্র সেন এই বলে আমাদের দোষ দিয়েছেন যে— আমরা একটা ক্লজিম মানদণ্ড দিয়ে, পাঠকের কানকে ফাঁকি দিয়ে, তার চোখ ভূলিয়ে এসেছি; আমরা ধনি চুরি করে থাকি অক্ষরের আড়ালে।

ছন্দোবিৎ কী বলছেন ভালো করে বোঝবার চেষ্টা করা যাক। তাঁর প্রবন্ধে আমার লেখা থেকে কিছু লাইন তুলে চিহ্নিত করে দৃষ্টাস্তম্বরূপে ব্যবহার করেছেন। যথা—

> े । +।। जिम्मिनिशस्य औ श्रम्म मन्द्र्य वास्त्रः।

> > T 1

যোর চিত্ত মাঝে,

+

চিরন্তনেরে দিল ডাক

1 +

नैहिटन देवनाथ ।

তিনি বলেন, "এখানে দণ্ডচিছিত যুগাধ্বনিগুলিকে এক বলে ধরা হরেছে, কারণ এগুলি শব্দের মধ্যে অবস্থিত; আর যোগচিছিত যুগাধ্বনিগুলিকে ছুই বলে ধরা হরেছে, যেছেতু এগুলি শব্দের অস্তে অবস্থিত।" অর্থাৎ 'উদর'-এর অর্ হরেছে ছুই মাত্রা অথচ 'দিগস্ত'- এর অন্ হরেছে এক মাত্রা, এইজন্তে 'উদর' শব্দকেও তিন মাত্রা এবং 'দিগস্ত' শব্দকেও জিন মাত্রা গণনা করা হরেছে। 'যুগাধ্বনি' শব্দটার পরিবর্তে ইংরেজি সিলেব্ল্ শব্দ ব্যবহার করলে অনেকের পক্ষে সহজ্ঞ হবে। আমি ভাই করব।

> 'हमस्र' नेकिंग किविक्ज् क सम्रोक्त कर्त्य नावक्छ।

উচ্চারণে অ-এর অ এবং চাঁ-এর আ আমরা দীর্ঘ করে টেনে পরবর্তী হসস্তের क्षित्रमक्र थिक। कम धवर कमा, ठीम धवर ठीमा भरमत जूनना कत्रम ध कथा ধরা পড়বে। এ সম্বন্ধে বাংলার বিখাত ধ্বনিতত্ত্বিৎ স্থনীতিকুমারের বিধান মিলে निक्त व कि का यात्र नयर्थन कत्र तन। वाः नात्र ध्वनित्र এই नित्रय शांकाविक वर्णिं व्याधुनिक वांडानि कवि ७ ততোধিক वांधुनिक वांडानि ছत्नावि क्यावांत्र वह शूर्वरे वाःमा इत्म श्रोक्रमञ्च चत्रक इरे गांवांत्र भावि (मध्या राय्रह। जांज भर्ष कारना वांद्राणित्र कारन र्छरक नि ; এই প্রথম দেখা গেল, नित्रমের गांधांत्र পড়ে वांद्राणि পাঠক কানকে অবিশাস করলেন। কবিতা লেখা শুক্ত করবার বহুপূর্বে সবে যখন দাঁত উঠেছে তথন পড়েছি, "জল পড়ে, পাতা নড়ে।" এথানে 'জল' যে 'পাতা'র চেমে মাত্রা-কৌলীতো কোনো অংশে কম, এমন সংশয় কোনো বাঙালি শিশু বা তার পিতামাতার कात्न वा मत्न छेमप्र रप्त नि। এই जर्म ७३ इती कथा जनाप्तारम এक পঙ্জিতে वरम গেছে, আইনের ঠেলা খাম নি। ইংরেজি মতে 'জল' সর্বত্রই এক সিলেব্ল্, 'পাতা' তার ज्वन जाती। किन्न कन भक्षे। रे: त्रिक नम्र। 'कानीताम' नारमत्र 'कानी' এवः 'त्राम' ষে একই ওজনের এ কথাটা কাশীরামের স্বজাতীয় সকলকেই মানতেই হয়েছে। 'उमम्मित्रिंश के अञ मन्य वास्क' कर नारेनिंग नित्र ष्यांक পर्यस्त श्रावाधिक हाए। षात्र কোনো পাঠকের কিছুমাত্র থটকা লেগেছে বলে আমি জানি নে, কেননা তারা সবাই কান পেতে পড়েছে, নিম্নম পেতে নম। যদি কর্তব্যবোধে নিতান্তই খটকা লাগা উচিত इम्र, তा इल मम्ख वां नांकावाद प्रानियां पाना नांहेरने व्यवह क्षेक मः लाधन করতে বসতে হবে।

লেখক আমার একটা মন্ত ফাঁকি ধরেছেন। তিনি বলেন, আমি ইচ্ছামত কোথাও 'ঐ' লিখি, কোথাও লিখি 'ওই', এই উপাত্তে পাঠকের চোখ ভূলিয়ে অক্ষরের বাটখারার চাতুরীতে একই উচ্চারণকে জান্ত্রগা বুঝে তুইরকমের মূল্য দিয়েছি।

তা হলে গোড়াকার ইতিহাসটা বলি। তথনকার দিনে বাংলা কবিতায় এক-একটি অক্ষর এক সিলেব্ল্ বলেই চলত। অথচ সে দিন কোনো কোনো ছন্দে যুগ্যধ্বনিকে বৈমাত্রিক বলে গণ্য করার দরকার আছে বলে অহতের করেছিলুম।

আকাশের ওই আলোর কাঁপন
নয়নেতে এই লাগে,
সেই মিলনের তড়িং-তাপন
নিখিলের রূপে জাগে।

আজকের দিনে এমন কথা অভি অর্বাচীনকেও বলা অনাবশ্রক যে, ওই ত্রৈমাত্রিক ভূমিকার ছন্দকে নীচের মতো রূপাস্তরিভ করা অপরাধ—

> ঐ যে ভপনের রশ্মির কম্পন এই মন্তিকেতে লাগে, সেই সম্মিলনে বিদ্বৎ-স্বম্পন বিশ্বমূতি হয়ে জাগে।

অথচ সে দিন বৃত্তসংহারে এইজাতীয় ছন্দে হেমচন্দ্র ঐদ্রিলার রূপবর্ণনায় অসংকোচে লিখতে পেরেছিলেন—

বদনমগুলে ভাগিছে ব্রীড়া।

বেশ মনে আছে, সে দিন স্থানবিশেষে 'ঐ' শব্দের বানান নিয়ে আমাকে ভাবতে হয়েছিল। প্রবাধচন্দ্র নিশ্চয় বলবেন, "ভেবে যা হয় একটা দ্বির ক্রে ফেলাই ভালোছিল। কোথাও বা 'ঐ', কোথাও বা 'ওই' বানান কেন।" তার উত্তর এই, বাংলার স্বরের ব্রম্বনীর্ঘতা সংস্কৃতের মভো বাঁধা নিয়ম মানে না, ওয় মধ্যে অতি সহফেই বিকয় চলে। "ও—ই দেখো, খোকা ফাউন্টেন পেন মুখে পুরেছে", এখানে দীর্ঘ ওকারে কেউ দোষ ধরবে না। আবার যদি বলি "ঐ দেখো, ফাউন্টেন পেনটা খেয়ে ফেললে বৃঝি", তখন ব্রম্ব ঐকার নিয়ে বচসা করবার লোক মিলবে না। বাংলা উচ্চারণে স্বরের ধ্বনিতে টান দিয়ে অতি সহজেই বাড়ানো-ক্যানো যায় বলেই ছলে তার গৌরব বা লাঘব নিয়ে আজ পর্যন্ত দলাদলি হয় নি।

এ-সব कथा मृष्टोस ना मिल म्लाहे रहा ना, जारे मृष्टोस रेजिय कदार इन।

মনে পড়ে ছইজনে জুঁই তুলে বাল্যে নিরালায় বনছায় গেঁথেছিম মাল্যে। দোহার তরুণ প্রাণ বেঁধে দিল গছে আলোয়-আধারে-মেশা নিভৃত আনন্দে ।

এখানে 'छ्रे' 'क्रें ' जांभन जांभन উकात्रक मीर्घ करत छ्रे जिल्व्न्-এत िकिं लिखिह, कान जांक्त्र जांधूजात्र जन्मह कदल ना, बात्र ह्या किलिं। जेनली मृहोस क्यारे।

> এই यে এन जिंहे जामाति चित्र तिथा क्रिन, करे मिडिल मिडिंह मिनि, करे जानानि ध्न। यात्र यि दा याक-ना कित्र, ठारे न जात्र त्राचि, नव जात्म⊛ होत्र द्व जबू चन्न त्रद्व वाकि।

अथारन 'अरे' 'रारे' 'करे' 'यात्र' 'हात्र' अङ्खि भक्त अक जिल्लव्न्-अत रविन मान मावि कत्रल ना। वोक्षांनि भाठक मिटिक अञ्चात्र ना मरन करत्र जरुख डार्ट्स निल्न।

> कार महे, वरन, "कहे जूं है हो भा गाह।" महे जे एक हिभ हा एक, खों खा कहे माह। चूं ए हो हो स्मर्थ ना के द्वार बा के भाका, की खां का व एवं चूं दे बाब माथा।

এথানে 'মই' 'কই' 'ভূঁই' 'দই' 'ছাই' 'লাউ' প্রভৃতি সকলেরই সমান দৈর্ঘ্য, যেন গ্র্যানেভিন্নারের সৈক্তদল। যে পাঠক এটা পড়ে হুংখ পান নি সেই পাঠককেই অহ্বরোধ করি, তিনি পড়ে দেখুন—

ত্ইজনে জুঁই তুলতে যখন
গোলেম বনের ধারে,
সন্ধ্যা-আলোর মেঘের ঝালর
ঢাকল অন্ধকারে।
কুঞ্জে গোপন গন্ধ বাজার
নিরুদ্দেশের বাশি,
দোহার নয়ন খুঁজে বেড়ায়
দোহার মুখের হাসি।

এখানে যুগাধানিগুলো এক সিলেব্ল্-এর চাকার গাড়িতে অনারাসে ধেয়ে চলেছে।
চণ্ডীদাসের গানে রাধিকা বলেছেন, "কানের ভিতর দিয়া মরমে পশিল গো।" বালিধরনির এই তো ঠিক পথ, নিয়মের ভিতর দিয়ে প্রবেশ করলে ময়মে পৌছত না।
কবিরাও সেই কান লক্ষ্য করে চলেন, নিয়ম যদি চৌমাধার পাহারাওয়ালার মতো
সিগ্তাল তোলে তবু তাঁদের রুখতে পারে না।

আমার দৃ:খ এই, তথাচ আইনবিং বলছেন যে, লিপিপদ্ধতির দোষে 'অক্ষর গুনে ছন্দরচনার অন্ধ অভ্যাস' আমাদের পেয়ে বসেছে। আমার বক্তব্য এই যে, ছন্দরচনার অভ্যাসটাই অন্ধ অভ্যাস। অন্ধের কান খুব সন্ধাগ, ধ্বনির সংকেতে সে চলতে পারে, কবিরও সেই দশা। তা যদি না হত তা হলেই পান্ধে পারে কবিকে চোখে চশমা এটে অক্ষর গ'নে গ'নে চলতে হত।

'বংসর' 'উংসব' প্রভৃতি বগু ২-ওয়ালা কথাগুলোকে আমরা ছন্দের মাপে বাড়াই কমাই, এরকম চাত্রী সম্ভব হয় বেছেতু বগু ২-কে কথনো আমরা চোঝে দেখার সাক্ষ্যে এক অক্ষর ধরি, আবার কথনো কানে শোনার দোহাই দিয়ে ভাকে আধ অক্ষর বলে চালাই—প্রাদ্ধেক এই অপবাদ দিয়েছেন। অভিযোগকারীর বোঝা উচিত, এটা একেবারেই অসন্তব, কেননা ছন্দের কাজ চোখ-ভোলানো নয়, কানকে খুলি করা—লেই কানের জিনিসে ইঞ্চি-গজের মাপ চলেই না। 'বংসর' প্রভৃতি শব্দ গেঞ্জিলামার মতো, মধুপুরের স্বাস্থ্যকর হাওয়ায় দেহ এক-আধ ইঞ্চি বাড়লেও চলে, আবার শহরে এসে এক-আধ ইঞ্চি কমলেও সহজে ধাপ খেয়ে যায়। কান যদি স্মৃতি না দিত তা হলে কোনো কবির সাধ্য ছিল না ছন্দ নিয়ে যা খুলি তাই করতে পারে।

यश्यात वर्गात शिंक कोलात लागातू— यात्र व्यायु, यात्र व्यायु, यात्र यात्र व्यायु।

এখানে 'বংসর' তিন মাতা। কিন্তু সেতারে মীড় লাগাবার মতো অল্প একটু টানলে বেহুর লাগে না। যথা—

> সধা-সনে উৎসবে বৎসর যার শেষে মরি বিরছের ক্ষ্পিপাসার। ফাগুনের দিনশেষে মউমাছি ও যে মধুহীন বনে বুথা মাধবীরে থোঁজে।

টান কমিয়ে দেওয়া যাক—

উৎসবের রাত্রিশেষে মৃৎপ্রদীপ হার, তারকার মৈত্রী ছেড়ে মৃত্তিকারে চার।

দেখা যাচ্ছে, এটুকু কমিবেশিতে মামলা চলে না, বাংলাভাষার স্বভাবের মধ্যেই যথেষ্ট প্রশ্নম্ব আছে। যদি লেখা যেত

স্থাসনে মছোৎসবে বৎসর যায়

তা হলে নিয়ম বাঁচত, কারণ পূর্ববর্তী ওকারের সলে থণ্ড থ মিলে এক মাত্রা; কিছু কর্ণির বলছে ওইখানটার তরণী ষেন একটু কাত হয়ে পড়ল। আমি এক জারগার লিখেছি 'উদয়-দিক্প্রাস্ত-তলে'। ওটাকে বদলে 'উদয়ের দিক্প্রাস্ত-তলে' লিখলে কানে খারাপ শোনাত না এ কথা প্রবন্ধলেখক বলেছেন, সালিসির জল্মে কবিদের উপর বরাত দিলুম।

অপর পক্ষে দেখা যাক, চোখ ভূলিরে ছন্দের দাবিতে ফাঁকি চালানো যার কি না।
এখনই আসিলাম ছারে,

অমনই ফিরে চলিলাম।
চাথও দেখে নি কড় তারে,
কানই শুনিল তার নাম।

'তোমারি', 'ষখনি' শব্দগুলির ই-কারকে বাংলা বানানে অনেক সময় বিচ্ছিন্ন করে লেখা হয়, সেই স্থযোগ অবলম্বন করে কোনো অলস কবি ওওলোকে চার মাত্রার কোঠার বিসিয়ে ছল ভরাট করেছেন কি না জানি নে, যদি করে থাকেন বাঙালি পাঠক তাঁকে শিরোপা দেবে না। ওদের উকিল তখন 'বংসর' 'উৎসব' 'দিক্প্রান্ত' প্রভৃতি শব্দগুলির নজির দেখিয়ে তর্ক করবে। তার একমাত্র উত্তর এই যে, কান ঘেটাকে মেনে নিয়েছে কিছা মেনে নেয় নি, চোখের সাক্ষ্য নিয়ে কিছা বাঁধানিয়মের দোহাই দিয়ে সেখানে তর্ক তোলা অগ্রাহ্ন। যে-কোনো কবি উপরের ছড়াটাকে অনায়াসে বদল করে লিখতে পারে—

এখনি আসিমু তার ঘারে,

व्यमिन कितिया हिननाम।

চোখেও দেখি নি কভু তারে,

কানেই গুনেছি তার নাম।

'বংসর' 'উৎসব' প্রভৃতি শব্দ যদি তিন মাত্রার কোঠা পেরোতে গেলেই স্বভাবতই
থুঁড়িয়ে পড়ত তা হলে তার স্বাভাবিক ওজন বাঁচিয়ে ছল চালানো এতই ছংসাধ্য
হত যে, ধ্বনিকে এড়িয়ে অক্ষরগণনার আশ্রেয়ে শেষে মান-বাঁচানো আবশ্রক হত।
ওটা চলে বলেই চালানো হয়েছে, দায়ে পড়ে না। কেবল অক্ষর সাজিয়ে অচল
রীতিকে ছলে চালানো যদি সম্ভব হত তা হলে খোকাবাবুকে কেবল লম্বা টুপি পরিয়ে
দাদামশার বলে চালানো অসাধ্য হত না।

পৌষ ১৩৩৮

?

দিলীপকুমার আশিনের 'উত্তরা'র ছন্দ সম্বন্ধে আমার তুই-একটি চিঠির ধণ্ড ছাপিয়েছেন। সর্বশেষে যে নোটটুকু দিয়েছেন তার থেকে বোঝা গেল, আমি যে কথা বলতে চেয়েছি এখনো সেটা তাঁর কাছে স্পষ্ট হয় নি।

তিনি আমারই লেখার নজির তুলে দেখিয়েছেন যে, নিম্নলিখিত কবিতায় আমি 'একেকটি' শব্দটাকে চার মাত্রার ওজন দিয়েছি।

> ইচ্ছা করে অবিরভ আপনার মনোমভ গল্প দিখি একেকটি করে।

এ দিকে নীরেনবাব্র রচনায় "একটি কথা এতবার হয় কলুষিত" পদটিতে 'একটি'

असरी कि पूरे मोजांत्र गंगा कराए जांशिख करि नि वाम छिनि विधा वाध कराइन। छर्क ना करत्र मृक्षेत्र प्रश्वा योक।

একটি কথার লাগি

जिनिए देखनी स्नाति,

একটুও নাহি মেলে সাড়া।

मबीवा यथन खारि

मूर्य जर क्या हाएँ,

গোলমালে ভোলপাড় পাড়া।

'একটি' 'তিনটি' 'একট্' শব্দগুলি হসস্তমধ্য, 'গোলমাল' 'তোলপাড়'ও সেই জাতের।
অপচ হসস্তে ধ্বনিলাঘবতার অভিযোগে ওদের মাত্রা জরিমানা দিতে হয় নি।
তিন মাত্রা ও চার মাত্রার গোরবেই রয়ে গেল। কেউ কেউ বলেন, কেবলমাত্র
অক্ষরগণনার দোহাই দিয়েই এরা মান বাঁচিয়েছে, অর্থাৎ যদি যুক্ত অক্ষরের ছাঁদে
লেখা যেত তা হলেই ছন্দে ধ্বনির কমতি ধরা পড়ত। আমার বক্তব্য এই যে, চোখ
দিয়ে ছন্দ পড়া আর বাইলিক্ল্-এর চাকা দিয়ে হামাগুড়ি দেওয়া একই কথা, ওটা
হবার জো নেই। বিক্লম্ম দুষ্টাস্ত দিলে কথাটা বোঝা যাবে।

हो हिंका এই मृष्टिर्याण नहेकारनत हान, निहेरक मूथ थावि, জत्र चाहिरक यादि कान।

বলে রাখা ভালো এটা ভিষক-ভাক্তারের প্রেস্ক্রিপ্শন নয়, সাহিত্য-ভাক্তারের বানানো ছড়া, ছন্দ সম্বন্ধে মতসংশয় নিবারণের উদ্দেশ্যে, এর থেকে অন্য কোনো রোগের প্রতিকার কেউ যেন আশা না করেন। আরো একটা—

> এক্টি কথা শুনিবারে তিন্টে রাত্রি মাটি, এর পরে ঝগ্ড়া হবে, শেষে দাত্কপাটি।

অথবা---

धक्षि कथा त्मात्ना, मत्न थहेका नाहि द्वरथ, हिंहिका माह क्हेंग ना त्छा, खँहेकि त्वरथा हिरथ।

শেষের তিনটি ছড়ার অকর গুনভি করতে গেলে দৃশ্যত পরারের সীমা ছাড়িয়ে যার, কিন্তু তাই বলেই যে পরার ছন্দের নির্দিষ্ট ধানি বেড়ে গেল তা নয়। আপাতত মনে হয়, এটা যথেছোচার। কিন্তু হিসাব করে দেখলেই দেখা যাবে ছন্দের নীতি নষ্ট করা হয় বি। কেননা, তার জো নেই। ক তো রাজত করা নয় কবিত্ব করা, এখানে লক্ষ্য হল মনোরঞ্জন; খামকা একটা অবরদন্তির আইন জারি করে তার পরে পাহারাওরালা লাগিয়ে দেওয়া, ব্যাপারটা এত সহজ্ব নয়। ধানিয় রাজ্যে গোঁয়ার্তমি করে কেউ আতে যাবে এমন সাধ্য আছে কায়। চিরশে ঘণ্টা কান রয়েছে সভর্ক।

আমি এই কথাটি বোঝাতে চেষ্টা করছি বে, আক্ষরিক ছন্দ বলে কোনো অমুভ পদার্থ বাংলার কিম্বা অক্স কোনো ভাষাতেই নেই। অক্ষর ধ্বনির চিহ্নমাত্র। যেমন 'জল' শন্ধটাকে দিয়ে 'জল' পদার্থ টার প্রতিবাদ চলে না, অক্ষরকে ধ্বনির প্রতিপক্ষ দাঁড় করানো তেমনি বিভ্রমনা।

প্রশ্ন উঠবে, তাই যদি হয়, তা হলে থোঁড়া হসন্তবর্ণকৈ কথনো আধ মাত্রা কখনো পুরোমাত্রার পদবিতে বসানো হয় কেন। উত্তরে আমার বক্তব্য এই যে, শ্বয়ং ভাষা যদি নিজেই আসন পেতে দেয় তবে তার উপরে অন্ত কোনো আইন চলে না। ভাষাও বর্ণভেদে পঙ্ক্তির ব্যবস্থা নিজের ধ্বনির নিয়ম বাঁচিয়ে তবে করতে পারে। বাংলা ভাষার স্বরবর্ণের ধ্বনিমাত্রা বিকল্পে দীর্ঘ ও হ্রম্ম হয়ে থাকে, ধহুকের ছিলের মতো, টানলে বাড়ে, টান ছেড়ে দিলে কমে। সেটাকে গুণ বলেই গণ্য করি। ভাতে ধ্বনিরসের বৈচিত্র্য হয়। আমরা ক্রত লয়ে বলতে পারি 'এইরে', আবার তাকে টানলে ভবল করে বলতে পারি 'এ-ইরে'। তার কারণ আমাদের স্বরবর্ণগুলো জীবধর্মী, ব্যবহারের প্রয়োজনে একটা সীমার মধ্যে তাদের সংকোচন-প্রসারণ চলে। চারটে পাধরের মৃতি ধরাবার মতো জায়গায় পাঁচটা ধরাতে গেলে মৃশকিল বাধে; কিন্তু চারজন প্যাসেঞ্চার বসবার বেঞ্চিতে পাঁচজন মামুষ বসালে তুর্ঘটনার আশকা নেই, যদি তারা পরস্পর রাজি থাকে। বাংলা ভাষার স্বরবর্ণগুলিও পাথুরে নয়, নিজের স্থিতিস্থাপকতার শুণে তারা প্রতিবেশীর জন্মে একটু-আঘটু জারগার ব্যবস্থা করতে সহজেই রাজি थोरक। এইজন্মেই ज्ञेकरत्रत्र मः था। भवना करत्र इत्स्त्र ध्वनियांका भवना वाः नाम्र हरन না। এটা বাঙালির আত্মীয়সভার মতন। সেখানে যতগুলো চৌকি তার চেয়ে মাতুষ বেশি থাকা কিছুই অসম্ভব নয়, অথবা পাশে ফাঁক পেলে তুইজনের জায়গা একজনে হাত পা মেলে আরামে দখল করাও এই জনতার অভ্যন্ত। বাংলার প্রাকৃতহন্দ ধরে তার প্রমাণ দেওয়া যাক।

> বৃষ্টি পড়ে টাপুর টুপুর, নদের এল বান। শিবঠাকুরের বিয়ে হবে, তিন কন্তে দান।

এটা তিন মাত্রার ছন্দ। অর্থাৎ চার পোরার সেরওরালা এর ওজন নর, তিন পোরার এর সের। এর প্রত্যেক পা ফেলার লয় হচ্ছে তিনের।

> বৃষ্টি পড়ে- টাপুর টুপুর নদের এল বা-ন | শিবঠা কুরের বিয়ে- ছবে- ভিনক ন্নে- দা-ন

দেখা যাচ্ছে, ডিন গণনায় যেখানে যেখানে ফাঁক, পার্যবর্তী ত্বরবর্ণগুলি সহজেই ধ্বনি প্রসারিত করে সেই পোড়ো জায়গা দখল করে নিয়েছে। এত সহজে যে, হাজার হাজার ছেলেমেয়ে এই ছড়া আউড়েছে, তবু ছন্দের কোনো গর্ভে ভাদের কারো কঠ খলিত হয় নি। ফাঁকগুলো যদি ঠেলে ভরাতে কেউ ইচ্ছা করেন— দোহাই দিচ্ছি, না করেন যেন— তবে এইরকম দাড়াবে—

> বৃষ্টি পড়ছে টাপুর টুপুর নদেয় আসছে বক্তা, শিব ঠাকুরের বিশ্নের বাসরে দান হবে তিন কন্তা।

রামপ্রসাদের একটি গান আছে---

মা আমার ঘুরাবি কত চোপবাধা বলদের মতো

এটাও তিল মাত্রা লয়ের ছন্দ।

या-व्या यात्र घू वावि- विष्-

ফাঁক ভরাট করতে হলে হবে এই চেহারা—

হে মাতা আমারে ঘুরাবি কতই চক্ষুবন্ধ বুষের মতোই।

যারা অক্ষর গণনা করে নিয়ম বাঁধেন তাঁদের জানিয়ে রাখা ভালো যে, স্বরবর্ণে টান দিয়ে মিড় দেবার জন্মেই প্রাক্বত-বাংলা ছন্দে কবিরা বিনা জিধায় ফাঁক রেখে ছেন; সেই ফাঁকগুলো ছন্দেরই অঙ্ক, সে-সব জায়গায় ধ্বনির রেশ কিছু কাজ করবার অবকাশ পায়।

> ছারিয়ে ফেলা বাঁলি আমার পালিরেছিল বুঝি লুকোচুরির ছলে।

এর মধ্যে প্রান্ন প্রভাক যতিতে ফাঁক আছে।

। २ ७ 8 हातिरत्र रक्ना- | वैनि व्यामा-त्र | शामिरत्रहिन | वृत्यि |

न्रकार्ति-त | ছल- |

কিছু বৈচিত্র্যাও দেখছি। প্রথম ঘটি বিভাগে সমান্তরাল ফাঁক। কিন্তু তিনের ভাগে ফাঁক বাদ গিয়ে একেবারে চতুর্ঘ ভাগের শেষে দীর্ঘ ফাঁক পড়েছে। পাঠক 'হারিয়ে ফেলা'র পরেও ফাঁক না দিয়ে একেবারে দিতীয় ভাগের শেষে যদি সেটা পূরণ করে দেন তবে ভালোই ভনতে হবে। কিন্তু যদি বেফাঁক ঠাসবুনানির বিশেষ ফরমাশ থাকে তা হলে সেটাও চেষ্টা করলে মন্দ হবে না।

শ্বপ্ন আমার বন্ধনহীন সন্ধ্যাভারার সন্ধী মরণযাত্রীদলে, শ্বৰ্ণবরণ কুন্মাটিকার অন্তশিধর লজ্ফি লুকার মৌনতলে।

এই কথাটা লক্ষ্য করবার বিষয় যে, হসন্তবর্ণের হ্রম্ব বা দীর্ঘ যে মাত্রাই থাক পাঠ করতে বাঙালি পাঠকের একটুও বাধে না, ছন্দের ঝোঁক আপনিই অবিলম্বে তাকে ঠিকমত চালনা করে।

> পাৎলা করিয়া কাটো কাৎলা মাছেরে, উৎস্ক নাৎনি যে চাহিয়া আছে রে।

এই ছড়াটা পড়তে গেলে বাঙালি নি:সংশঙ্গে স্বতই খণ্ড ৎ-এর পূর্ববর্তী স্বরবর্ণকে দীর্ঘ করে পড়বে। আবার যেমনি নিমের ছড়াটি সামনে ধরা—

পাৎলা করি কাটো, প্রিয়ে, কাৎলা মাছটিরে, টাট্কা তেলে ফেলে দাও সরবে আর জিরে, ভেট্কি যদি জোটে তাহে মাখো লন্ধাবাটা, যত্ন করে বেছে ফেলো টুক্রো যত কাটা—

অমনি প্রাক্-হসন্ত স্বরগুলিকে ঠেসে দিতে এক মুহূর্তও দেরি হবে না। এই যে বাংলা স্বরবর্ণের সজীবতা, একে কোনো কড়া নিয়মের চাপে আড়ন্ট করে তাকে সর্বত্র সমানভাবে ব্যবহারযোগ্য করা উচিত— এ মত চালালে বাংলা ভাষাকে ফাঁকি দেওয়া হবে। শুকনো আমসত্বের মধ্যেই সাম্য, কিন্তু সরস আমের মধ্যে বৈচিত্রা, ভোজে কোন্টার দাম বেশি তা নিয়ে তর্ক অনাবশ্রক।

বাংলা প্রাক্ত ভাষার কাব্যে স্বর্ধননির যে প্রাণবান্ স্বচ্ছনতা আছে সংস্কৃত বাংলা ভাষা, যাকে আমরা সাধুভাষা বলি, তার মধ্যে পড়ে সে কেন জেনানা মেরের মতো দেয়ালে আটকা পড়ে গেল। তার কারণ, সংস্কৃত-বাংলা কৃত্রিম ভাষা, ওধানে বাইরের নিয়মের প্রাধান্ত, তার আপন নিয়ম অনেক জায়গায় কৃত্তিত। সভাস্থলে একটি আসনে একটি মাছ্যবের স্থান নির্দিষ্ট; কারো বা দেহ ক্ষীণ, আসনে ফাঁক থেকে যায়, কারো বা স্কুল দেহ, আসনে ঠেসে বসতে হয়; কিন্তু গোনাগন্তি চৌকি, সীমা নির্দিষ্ট। যদি ফরাশে বসতে হত তা হলে কলেবরের তারতম্য ধরে মর্যাদার আসনের সীমানায় কমিবেশি স্বাভাবিক নিয়মেই ঘটত। কিন্তু সভ্যতার মর্যাদার দিকে দৃষ্টি রেখে স্বভাবের নিয়মকে বাঁধানিয়মে পাকা করে দিতে হয়। তাতে কিছু পীভূন ঘটলেও গান্ডীর্ধের পক্ষে তার একটা সার্থকতা আছে। সেইজ্লেন্টে সভার

বীতি ও ঘরের রীতিতে কিছু ভেদ থাকেই। শকুন্তলার বাকল দেখে তৃহান্ত বলেছিলেন: কিমিব হি মধুরাণাং মণ্ডলং নাকৃতীনাম্। কিন্তু যথল তাঁকে রাজান্তঃপুরে নিরেছিলেন তথন তাঁকে নিশ্চরই বাকল পরান নি। তখন শকুন্তলার স্বাভাবিক শোভাকে অলংকৃত করেছিলেন, সৌন্দর্যবৃদ্ধির জন্মে নয়, মর্বাদারক্ষার জন্মে। রাজ্যানীর সৌন্দর্য ব্যক্তিনিশেষে বিচিত্র, কিন্তু তাঁর মর্বাদার আদর্শ সকল রাজ্যানীর মধ্যে এক। ওটা প্রকৃতির হাতে তৈরি নয়, রাজসমাজের বারা নির্দিষ্ট। অর্থাৎ, ওটা প্রাকৃত নয়, সংস্কৃত। তাই তৃহান্ত স্বীকার করেছিলেন বটে বনলতার বারা উভানলতা পরাভূত, তব্ উভানকে বনের আদর্শে রমণীয় করে তৃলতে নিশ্চর তাঁর সাহস হয় নি। তাই, আমি নিজে আকন্দকৃল ভালোবাসি, কিন্তু আমার সাধুসমাজের মালি ওই গাছের অন্ত্র দেখবামাত্র উপড়ে ফেলে। সে যদি কবি হত, সাধুভাষায় ছাড়া কবিতা লিখত না। সাধুভাষার ছন্দের বাঁধারীতি যে-জাতীয় ছন্দে চলে এবং শোভা পায় সে হচ্ছে পয়ারজাতীয় ছন্দ। এখানে ফাক-ফাক নির্দিষ্ট আসনের উপর নানা ওজনেরই ধ্বনিকে চড়ানো নিরাপদ। এখানে ঠিক চোন্দটা অক্ষরকে বাহন করে যুগ্য-অযুগ্য নানারকমের ধ্বনিই একত্র সভা জমাতে পারে।

কাব্যলীলা একদিন যখন শুক্ক করেছিলেম তথন বাংলাসাহিত্যে সাধুভাষারই ছিল একাধিপত্য। অর্থাৎ, তথন ছিল কাটা-কাটা পিঁ ড়িতে ভাগ-করা ছন্দ। এই আইনের অধীনে যতক্ষণ পদ্মারের এলাকার থাকি ততক্ষণ আসনপীড়া ঘটে না। কিন্তু, তিনমাত্রামূলক ছন্দের দিকে আমার কলমের একটা স্বাভাবিক ঝোঁক ছিল। গুই ছন্দে প্রত্যেক অক্ষরে যতন্ত্র-আরুট় সকল ওজনের ধ্বনিকেই সমান দরের একক বলে ধরে নিতে বারম্বার কানে বাজত। সেইজন্মে যুক্ত-অক্ষর অর্থাৎ যুগ্ধবনি বর্জন করবার একটা ত্বল অভ্যাস আমাকে ক্রমেই পেয়ে বসছিল। ঠোকর খাবার ভরে পদগুলোকে একেবারে সমতল করে যাছিলুম। সব জারগার পেরে উঠি নি, কিন্তু মোটের উপর চেষ্টা ছিল। 'ছবি ও গান'-এ 'রাহুর প্রেম' কবিতা পড়লে দেখা যাবে যুক্ত-অক্ষর ঝেঁটিয়ে দেবার প্রশ্নাস আছে তবু তারা পাধরের টুকরোর মতো রাস্তার মাঝে মাঝে উচু হরে রইল। তাই যথন লিখেছিলুম—

কঠিন বাঁধনে চরণ বেড়িয়া চিরকাল ভোরে রব আঁকড়িয়া

লোহশৃত্যলের ডোর—

মনে থটকা লেগেছিল, কান প্রসন্ন হন্ন নি। কিন্তু, তথন কলম ছিল অপটু এবং অলস মন ছিল অসতর্ক। কেননা, পাঠকদের তর্ফ থেকে বিপদের আশহা ছিল না। তখন ছন্দের সদর রাস্তাও গ্রাম্য রাস্তার মতো এবড়ো-ধেবড়ো থাকত, অভ্যাসের গতিকে কেউ সেটাকে নিন্দনীয় বলে মনেও করে নি।

অক্ষরের দাসত্বে বন্দী বলে প্রবোধচন্দ্র বাঙালি কবিদেরকৈ যে দোষ দিয়েছেন সেটা এই সময়কার পক্ষে কিছু অংশে থাটে। অর্থাৎ, অক্ষরের মাপ সমান রেখে ধ্বনির মাপে ইতরবিশেষ করা তখনকার শৈথিল্যের দিনে চলত, এখন চলে না। তখন পয়ারের রীতি সকল ছন্দেরই সাধারণ রীতি বলে সাহিত্যসমাজে চলে গিয়েছিল। তার প্রধান কারণ পয়ারজাতীয় ছন্দই তখন প্রধান, অক্সজাতীয় অর্থাৎ ত্রৈমাত্রিক ছন্দের ব্যবহার তখন অতি অল্লই। তাই এই মাইনরিটির শ্বতন্ত্র দাবি সে দিন বিধিবদ্ধ হয় নি।

তার পরে 'মানসী' লেখার সময় এল। তখন ছন্দের কান আর ধৈর্ব রাখতে পারছে না। এ কথা তখন নিশ্চিত বুঝেছি যে, ছন্দের প্রধান সম্পদ যুগাধ্বনি; অথচ এটাও জানছি যে, পরারসম্প্রদায়ের বাইরে নির্বিচারে যুগাধ্বনির পরিবেশন চলে না।

রয়েছে পড়িয়া শৃঞ্চলে বাঁধা

এ লাইন-বেচারাকে পয়ারের বাঁধাপ্রথাটা শৃত্থল হয়েই বেঁধেছে, তিন মাত্রার স্কন্ধকে চার মাত্রার বোঝা বইতে হছে। সেই 'মানসী' লেখবার বন্ধসে আমি যুগাধ্বনিকে ছই মাত্রার মূল্য দিয়ে ছন্দরচনার প্রবৃত্ত হয়েছি।

প্রথম প্রথম পদ্মারেও সেই নিম্নম প্রয়োগ করেছিলুম। অনতিকাল পরেই দেখা গেল, তার প্রয়োজন নেই। পদ্মারে যুগ্ধননির উপযুক্ত ফাঁক যথেষ্ট আছে। (এই প্রবদ্ধে আমি ত্রিপদী প্রভৃতি পদ্মারজাতীয় সমস্ত দ্বৈমাত্রিক ছন্দকেই 'পদ্মার' নাম দিছিছ।)

পিয়ারে ধ্বনিবিক্তালের এই যে স্বচ্ছন্দতা, তুই মাত্রার লয় তার একমাত্র কারণ নয়। পিয়ারের পদগুলিতে তার ধ্বনিভাগের বৈচিত্র্য একটা মস্ত কথা। সাধারণ ভাগ হচ্ছে ৩+৩+২+৩+৩, যথা—

> নিখিল আকাশভরা আলোর মহিমা তুণের শিশির মাঝে লভিল প্রতিমা।

অমূরকম, ষথা—

তপনের পানে চেম্বে সাগরের ঢেউ বলে ওই পুতলিরে এনে দে-না কেউ।

অথবা----

রাখি যাহা তার বোঝা কাঁখে চেপে রছে, দিই যাহা তার ভার চরাচর বছে। ष्यथ्य ---

সারা দিবসের হার ষত্ত কিছু আশা রন্ধনীর কারাগারে হারাবে কি ভাষা।

অমিত্রাক্ষর ছলে পদারের প্রবর্তন হয়েছে এই কারণেই। সে কোনো কোনো আদিম জীবের মতো বছগ্রন্থিল, তাকে নষ্ট না করেও যেখানে-সেখানে ছিন্ন করা যায়। এই ছেদের বৈচিত্রা থাকাতেই প্রশোজন হলে সে পছা হলেও গছের অবন্ধ গতি অনেকটা অহকরণ করতে পারে। সে গ্রামের মেন্বের মতো; বদিও থাকে অন্তঃপুরে, তবুও হাটে-ঘাটে তার চলাফেরার বাধা নেই।

উপরের দৃষ্টাস্কঞ্জিতে ধানির বোঝা হালকা। যুগ্মবর্ণের ভার চাপানো যাক।
হরাকনা নন্দনের নিকুঞ্জপ্রাক্তনে

মন্দারমঞ্জরি ভোলে চঞ্চলকস্কনে।
বেণীবন্ধ তর্মিত কোন্ ছন্দ নিয়া,
হুর্গবীণা শুঞ্জরিছে ভাই সন্ধানিয়া।

আধুনিক বাংলা ছন্দে সবচেয়ে দীর্ঘ পদ্ধার আঠারো অক্ষরে গাঁথা। তার প্রথম যতি পদের মাঝখানে আট অক্ষরের পরে, শেষ যতি দশ অক্ষরের পরে পদের শেষে। এতেও নানাপ্রকারের ভাগ চলে। তাই অমিত্রাক্ষরের লাইন-ডিঙোনো চালে এর ধ্বনিশ্রেণীকে নানারক্ষে কুচকাওদ্বাজ করানো যায়।

हिमाखित थानि याहा। एक हत्त्र हिन तांजिनिन मश्चित्र मृष्टिज्ल । वाकाहीन एकजान्न नीन, म्हिनिक् त्रिगीधाता। त्रविकत्रम्मार्स উচ্চুनिजा मिणिशस्त्र প্রচারিছে। অস্তহীন আনন্দের গীতা।

বাংলার এই আর-একটি গুরুভারবহ ছল। এরা সবাই মহাকাব্য বা আখ্যান বা চিস্তাগর্ভ বড়ো বড়ো কথার বাহন। ছোটো পরার আর এই বড়ো পরার, বাংলাকাব্যে এরা যেন ইন্দ্রের উচ্চঃশ্রবা আর এরাবত। অন্তত, এই বড়ো পরারকে গীতিকাব্যের কাজে ধাটাতে গেলে বেমানান হয়। এর নিজের গড়নের মধ্যেই একটা সমারোহ আছে, সেইজ্ঞাতে এর প্রয়োজন সমারোহস্ফক ব্যাপারে।

ছোটো পদারকৈ চেঁচে-ছুলে হালকা কাজে লাগানো যায়, যেমন বাঁশের কঞ্চিকে ছিপ করা চলে। পদারের দেহসংস্থানেই গুরুর সঙ্গে লবুর যোগ আছে। তার প্রথম অংশে আট, দ্বিতীয় অংশে ছয়; অর্থাৎ, হালের দিকে সে চওড়া কিন্তু দাঁড়ের দিকে সহু; তাকে নিয়ে মাল-বওয়ানোও যায়, বাচ-খেলানোও চলে। বড়ো পদারের

দেহসংস্থান এর উপটো; তার প্রথমভাগে আট, শেষভাগে দশ; তার গৌরবটা ক্রমেই প্রশন্ত হয়ে উঠেছে। ছোটো পয়ারের ছিব্লেমির একটা পরিচয় দেওয়া যাক।

> খ্ব তার বোল্চাল, সাজ ফিট্ফাট, তক্রার হলে আর নাই মিট্মাট। চশ্মার চম্কার আড়ে চার চোধ, কোনো ঠাই ঠেকে নাই কোনো বড়ো লোক।

এর ভাগগুলোকে কাটা-কাটা ছোটো-ছোটো করে হ্রম্মরে হসন্তবর্ণে ঘনঘন ঝোঁক দিয়ে এর চটুলতা বাড়িয়ে দেওয়া গেছে। এখানে এটা পাতলা কিরিচের মতো। একেই আবার যুগাধননির যোগে মজবুত করে খাড়া করে ভোলা যায়।

> বাক্য তার অনর্গল মল্লসক্ষাশালী, তর্কযুদ্ধে উগ্র তেজ, শেষ যুক্তি গালি। ভ্রন্থতিপ্রছন্ত চক্ষ্ কটাক্ষিয়া চাম, কুত্রাপিও মহত্বের চিহ্ন নাহি পাম।

ষেধানে-সেধানে নানাপ্রকার অসমান ভার নিম্নেও পন্নারের পদখলন হয় না, এই তত্ত্তির মধ্যে অসামান্ততা আছে। অন্ত কোনো ভাষার কোনো ছন্দে এরকম স্বচ্ছন্দতা এতটা পরিমাণে আছে বলে আমি তো জানি নে।

এর কৌশলটা কোন্থানে যথন ভেবে দেখা যায় তথন দেখি, পয়ারে প্রত্যেক পদের মাঝখানে ও শেষে যে হুটো হাঁফ ছাড়বার যতি আছে সেইখানেই তার ভারসামঞ্জ্য হয়ে থাকে।

> নি:স্বতাসংকোচে দিন । অবসন্ন হলে । নিভূতে নি:শন্দ সন্ধ্যা । নেম তারে কোলে।

গণনা করে দেখলে ধরা পড়ে, এই পরারের ছই লাইনে ধ্বনিভারের সামা নেই। তব্ বে টলমল করতে করতে ছলটা কাত হয়ে পড়ে না, তার কারণ ডাইনে-বাঁরে ষতির লগির ঠেকা দিয়ে দিয়ে তাকে চালিয়ে নেওয়া হয়। চতুপদ জস্ক যেমন তার ভারী দেহটাকে ছইজোড়া পায়ের ঘারা ছই দিকে ঠেকাতে ঠেকাতে চলে সেইরকম। পরারের প্রকৃত রূপ চোদটা অক্ষরে নয়, সেটা প্রথম অংশের আট অক্ষর ও ঘিতীয় অংশের ছয় অক্ষরের পরবর্তী ছই যতিতে। অজ্পর সমস্ত দেহটা নিয়ে চলে। তার দেহে মৃত্ এবং ধড়ের মধ্যে ভাগ নেই। ঘোড়ার দেহে সেই ভাগ আছে। তার মৃত্টার পরে যেখানে গলা সেধানে একটা যতি, ধড়ের শেষ ভাগে যেখানে কীণ কটি সেধানেও আর-একটা। এই বিভক্তভাবের দেহকে সামলিয়ে নিয়ে সে চার পা ফেলে চলে। পয়ারেয়ও সেইরকম বিশেষভাবে বিভক্ত দেহ এবং চার পা ফেলতে ফেলতে চলা। চড়ুপদ জদ্বর হুই পারের সমান বিক্রাস। যদি এমন হত বে, কোনো জানোয়ারের পা হুটো বাঁরের চেয়ে ডাইনে এক ফুট বেশি লখা তা হলে ডার চলনে-ছিভির চেয়ে অস্থিতিই বেশি হড; স্বতরাং ভার পিঠে সওয়ার চাপালে কোনো পক্ষেই আরাম থাকত না। ছলে ভার একটা দৃষ্টান্ত দিই—

जर्मी (वर्ष (नर्ष । এসেছি ভাঙা घाटि, ज्या ना भिन काटि।

এ ছড়ার প্রত্যেক লাইনে চোদ অক্ষর, এবং মাঝে আর শেষে ছই যতিও আছে। তব্ ওকে পরার বলবার জো নেই। ওর পা-ফেলার ভাগ অসমান।

তরণী। বেম্নে শেষে॥ এসেছি। ভাঙা ঘাটে।

এক পায়ে তিন মাত্রা, আর-এক পায়ে চার। সাত মাত্রার পরে একটা করে যতি আছে, কিন্তু বেন্সোড় অন্তের অসামা ওই যতিতে পুরো বিরাম পায় না। সেইজক্তে সমস্ত পদটার মধ্যে নিয়ভই একটা অস্থিরতা থাকে, যে পর্যন্ত না পদের শেষে এসে একটা সম্পূর্ণ হিতি ঘটে। এই অস্থিরতাই এরকম ছন্দের স্বভাব, অর্থাৎ পয়ারের ঠিক বিপরীত। এই অস্থিরতার সৌন্দর্যকে ব্যবহার করবার জক্তেই এইরকম ছন্দের রচনা। এর পিঠের উপর যেমন-তেমন করে যুগাধ্যনির সওয়ার চাপালে অস্বস্থি ঘটে। যদি লেখা যায়

সায়াহ-অন্ধকারে এসেছি ভগ্ন ঘাটে

তা হলে ছন্দটার কোমর ছেঙে যাবে। তবুও যদি যুগাবর্ণ দেওয়াই মত হয় তা হলে তার জন্মে বিশেষভাবে জায়গা করে দিতে হবে। পয়ারের মতো উদারভাবে ষেমন খুশি ভার চাপিয়ে দিলেই হল না।

> অন্ধরাতে যবে । বন্ধ হল দার, ঝগ্লাবাতে ওঠে । উচ্চ হাহাকার।

মনে রাখা দরকার, এই শ্লোক অবিকৃত রেখেও এর ভাগের যদি পরিবর্তন করে পড়া যার, তুই ভাগের বদলে প্রত্যেক লাইনে যদি তিন ভাগ বসানো যায়, তা হলে এটা আর-এক ছন্দ হয়ে যাবে। একে নিয়লিখিত-রক্ম ভাগ করে পড়া যাক—

> অন্ধরাতে । যবে বন্ধ । হল বার, অঞ্চাবাতে । ওঠে উচ্চ । হাহাকার।

পশুপক্ষীদের চলন সমান মাত্রার ত্বই বা চার পারের উপর। এই পা'কে কেবল যে চলতে হয় তা নয়, দেহভার বইতে হয়। পদক্ষেপের সঙ্গে সঙ্গেই বিরাম আছে বলে বোঝা সামলিয়ে চলা সম্ভব। আৰু পর্যন্ত জীবলোকে জুড়িওয়ালা পায়ের পরিবর্তে চাকার উদ্ভব কোথাও হল না; কেননা, চাকা না থেমে গড়িয়ে চলে, চলার সঙ্গে থামার সামঞ্জ্ঞ তার মধ্যে নেই। তইমূলক সমমাত্রায় তই পায়ের চাল, তিনমূলক অসমমাত্রায় চাকার চাল। তই-পা-ওয়ালা জীব উচুনিচু পথের বাধা ডিভিয়ে চলে যার, পরারের সেই লক্ষি। চাকা বাধায় ঠেকলে ধাকা থার, ত্রেমাত্রিক ছলের সেই দলা। তার পথে যুগারর যাতে বাধা হয়ে না দাঁড়ার সেই চেষ্টা করতে হবে।

অধীর বাতাস এল সকালে, বনেরে রুপাই শুধু বকালে। দিনশেষে দেখি চেয়ে, ঝরা ফুলে মাটি ছেয়ে— শতারে কাঙাল ক'রে ঠকালে।

এ ছন্দ পরারজাতীয়, টেনিস-খেলোয়াড়ের আধা পায়জামার মতো বহরটা নীচের দিকে ছাঁটা। এ ছন্দে তাই যুগাম্বর যেমন থুশি চলে।

নবারুণচন্দনের তিলকে
দিক্ললাট একে আজি দিল কে।
বরণের পাত্র হাতে
উষা এল স্থপ্রভাতে,
জয়শন্ধ বেজে ওঠে ত্রিলোকে।

শরতে শিশিরবাতাস লেগে জল ড'রে আসে উদাসী মেদে। বরষন তবু হয় না কেন, ব্যথা নিয়ে চেয়ে রয়েছে যেন।

এখানে তিন মাত্রার ছন্দ গড়িয়ে চলেছে। চাকার চাল, পা-ফেলার চাল নয়; তাই যুগাবর্ণের স্বেচ্ছাচারিতা এর সইবে না।

> চাষের সময়ে যদিও করি নি ছেলা, ভূলিয়া ছিলাম ফলল-কাটার বেলা।

পদ্মারের মতোই চোদটা অক্ষরে পদ, কিন্তু জাত আলাদা। ভিন মাত্রার চাকায় চলেছে। পদাতিকের নক্ষে চক্রীর মেলে না।

খ্যামলঘন | বকুলবন | ছামে ছামে যেন কী ক্ষা বাজে মধ্য | পামে পামে।

এধানেও চোদ অকর। কিন্তু এর চালে পরারের মতো সমযাত্রার পদচারপের শান্তি নেই বলে বিষমমাত্রার ভাগগুলি যতির মধ্যেও গতির বোঁক রেখে দের। খোড়া মাহ্যের চলার মতো, যতক্ষণ না লক্ষ্যন্থানে গিয়ে বসে পড়ে থেমেও ভালো করে থামতে পারে না।

বাংলা চলতি ভাষার মূল সংশ্বত শব্দের অনেকগুলি স্বর্যবর্গ কোনোটা আধবানা কোনোটা প্রোপ্রি ক্ষয়ে যাওয়াতে ব্যঞ্জনগুলো তাল পাকিয়ে অত্যন্ত পরস্পরের গায়ে-পড়া হয়ে গেছে। স্বরের ধ্বনিই ব্যঞ্জনের ধ্বনিকে অবকাল দেয়, তার স্থাতম্বা রক্ষা করে; সেগুলো সরে গেলেই ব্যঞ্জনধ্বনি পিগুল্ত হয়ে পড়ে। চলিত এবং চল্তি, ঘুণা এবং ঘেয়া, বসতি এবং বস্তি, শক্ষণ্ডলো তৃলনা করে দেখলেই বোঝা যাবে। সংস্কৃত ভাষার স্বর্ধনির দাক্ষিণ্য, আর প্রাকৃত-বাংলার তার কার্পন্য, এইটেই হল হুটো ভাষার ধ্বনিগত মূল পার্থক্য। স্বর্ববহল ধ্বনিসংগীতে এবং স্বর্ববিরল ধ্বনিসংগীতে প্রভৃত প্রভেদ। এই ছইয়েরই বিশেষ মূল্য আছে। বাঙালি কবি তাঁদের কাব্যে ষ্থাস্থানে ছুটোরই স্থযোগ নিতে চান। তাঁরা ধ্বনিরসিক বলেই কোনোটাকেই বাদ দিতে ইচ্ছা করেন না।

প্রাক্ত-বাংলার ধ্বনির বিশেষস্থবশত দেখতে পাই, তার ছল তিন মাত্রার দিকেই বেলি ঝুঁকেছে। অর্থাৎ, তার তালটা স্বভাবতই একতালাজাতীয়, কাওরালিজাতীয় নম; সংস্কৃত ভাষার এই 'তাল' শন্দটা তুই সিলেব্ল্এর, বাংলার 'ল' আপন অন্তিম অকার খসিমে ফেলেছে, তার জারগায় টি বা টা যোগ করে শন্দটাকে পুট করবার দিকে তার বোঁক। টি টা-এর ব্যবধান যদি না থাকে তবে ঐ নিংম্বর ধ্বনিটি প্রতিবেশী ধে-কোনো ব্যঞ্জন বা শ্বরের সলে মুক্ত হয়ে পূর্ণতা পেতে চার।

রূপসাগরের তলে ডুব দিছ আমি

এটা সংস্কৃত-বাংলার ছাঁদে লেখা। এখানে শব্দগুলো পরস্পর গা-ঘেঁষা নয়। বাংলা প্রাকৃতের অনিবার্ধ নিয়মে এই পদের যে শব্দগুলি হসস্ক, তারা আপনারই স্বরধ্বনিকে প্রসারিত করে ফাক ভরতি করে নিয়েছে। 'রূপ' এবং 'ড্ব' আপন উকারধ্বনিকে টেনে বাড়িয়ে দিলে। 'সাগরের' শব্দ আপন একারকে পরবর্তী হসস্ক র-এর পদ্পুতা চাপা দিভে লাগিয়েছে। এই উপায়ে ওই পদটার প্রভাকে শব্দ নিজের মধ্যেই নিজের মর্যাদা বাঁচিয়ে চলেছে। অর্থাৎ এ ছন্দে ভিমক্রেসির প্রভাব নেই। এই-রক্ষমের ছন্দে তুই মাত্রার ধ্বনি আপন পদক্ষেপের প্রভাক পর্বায়ে যে অবকাশ পায় ভা

নিয়ে ভার গৌরব। বস্তুত, এই অবকাশের স্থযোগ গ্রহণ করে ভার ধ্বনিসমারোহ বাড়িয়ে তুললে এ ছন্দের সার্থকভা। যথা—

চৈতন্ত নিমন্ন হল রপসিমুতলে।

প্ৰাক্ত-বাংলা দেখা যাক।

রূপসাগরে ডুব দিয়েছি

অরূপ রতন আশা ক'রে

এখানে 'রূপ' আপন হসন্ত 'প'এর ঝোঁকে 'সাগরে'র 'সা'টাকে টেনে আপন করে নিয়েছে, মাঝে ব্যবধান থাকতে দেয় নি। 'রূপ-সা' তাই আপনিই তিন মাত্রা হয়ে গেল। 'সাগরে'র বাকি টুকরো রইল 'গরে'। সে আপন ওজন বাঁচাবার জন্মে 'রে'টাকে দিলে লম্বা করে, তিন মাত্রা প্রল। 'ডুব' আপনার হসন্তর টানে 'দিয়েছি'র 'দি'টাকে করলে আত্মসাং। এমনি করে আগাগোড়া তিন মাত্রা জমে উঠল। হসন্তপ্রধান ভাষা সহজেই তিন মাত্রার দানা পাকার, এটা দেখেছি। এমন-কি, যেখানে হসন্তের ভিড় নেই সেখানেও তার ওই একই চাল। এটা যেন তার অভ্যন্ত হয়ে মজ্জাগত হয়ে গেছে। যেমন—

অচে- | তনে- | ছিলেম | ভালো- । আমায় | চেতন | করলি | কেনে- ।

প্রাক্বত-বাংলার এই তিন মাত্রার ভঙ্গি চণ্ডীদাস জ্ঞানদাস প্রভৃতি বৈষ্ণব কবিরা সাধুভাষাতেও গ্রহণ করেছেন। যেমন—

হাসিরা হাসিরা মুখ নিরখিরা

মধুর কথাটি কর।

ছারার সহিতে ছারা মিশাইতে

পথের নিকটে রর।

কিন্ত প্রাক্ত-বাংলার ক্রিয়াপদ নিয়ে একটু ভাববার বিষয় আছে।

মন্তরোধে বীরভন্ত ছুট্ল উর্ধেশালে,

ঘূর্ণিবেগে উড্ল ধুলো রক্ত সন্ধ্যাকাশে।

किश-

ছুটল কেন মহেদ্রের আনন্দের ঘোর, টুটল কেন উর্বনীর মন্ত্রীরের ডোর। বৈকালে বৈশাথী এল আকাশলুঠনে, শুক্ররাতি ঢাক্ল মুখ মেঘাবগুঠনে।

अरमत्र मचल्क की यमा यादा।

প্রধানত ক্রিরাপদেরই বিশেষ রূপটাতে প্রাক্ত-বাংলার চেছারা ধরা পড়ে। উপরের ছড়াগুলিডে 'উড়ল' 'ছুট্ল' 'টুট্ল' 'ঢাক্ল' প্রভৃতি প্ররোগ নিয়ে তর্কটা ছন্দের তর্ক নয়, ভাষারীতির। এইরকম ক্রিরাপদ যদি ব্যবহার করি তবে ধরে নিতে হবে ওই ছড়াগুলি প্রাক্ত-বাংলাতেই লেখা হছে। আমি যে প্রবন্ধ লিখছি এও প্রাক্ত-বাংলার ঠাটে। যদি আমাকে কারো সঙ্গে মুখে মুখে আলোচনা করতে হত তা হলে এই লেখার সঙ্গে আমার মুখের কথার কোনো তফাত থাকত না। মাঝে মাঝে অভ্যাসদোহে হয়তো ইংরেজি শন্ধ মুখ দিয়ে বেরিয়ে যেত, কিন্তু কথনোই 'করিয়ছিল' 'গিয়াছে' ধরনের ক্রিরাপদ ভূলেও ব্যবহার করতে পারতুম না। আবার প্রাক্ত-বাংলার ক্রিয়াপদ সংস্কৃত-বাংলার ব্যবহার করতে পারতুম প্রোধচন্দ্র 'বিচিত্রা'র লিখেছেন যে, বাঙালি কবিরা সাহস করে কবিতার 'করিব' 'চলিব' প্রভৃতি প্রয়োগ না করে কেন 'করব' 'চলব' প্রয়োগ না করেন। যদি প্রশ্নটার অর্থ এই হয় যে, অযথাস্থানে কেন করি নে তবে তার উত্তরে দেওয়া অনাবশ্রক। যদি বলেন, যথাস্থানেও কেন করি নে, তবে তার উত্তরে বলব, যথাস্থানে করে থাকি।

যে তর্ক নিম্নে লেখা শুরু করেছিলেম সেটাতে ফিরে আসা যাক। বাংলায় হসম্ভ্রমধ্য শব্দগুলোয় কয় মাত্রা গণনা করা হবে, তাই নিম্নে সংশয় উঠেছে।

যেগুলি ক্রিরাপদ নয় সে সম্বন্ধে আমার বক্তব্য এ প্রবন্ধে গোড়াতেই আলোচনা করেছি। বলেছি, নিয়মের বিকল্প চলে; কেননা, বাঙালির কান সাধারণ ব্যবহারে সেই বিকল্প মঞ্জুর করেছে। এ ক্ষেত্রে হিসাবে একটা মাত্রার কমিবেশি নিম্নে তর্ক ওঠেনা।

> চিম্নি ভেঙে গেছে দেখে গিলি রেগে খুন; বি বলে, আমার দোষ নেই, ঠাককন।

অম্ভত 'চিমনি'কে ঘুই মাত্রা করার কবির দোষ হয় नि। আবার

চিমনি ফেটেছে দেখে গৃহিণী সরোষ; ঝি বলে, ঠাক্কন মোর নাই কোনো দোষ।

এরকম বিপর্বন্ধও চলে। একই ছড়ার 'চিম্নি'কে এক মাত্রা গ্রেস মার্কা দেওরা হরেছে, অধচ 'ঠাক্কন'কে ধর্ব করে তিন মাত্রার নামানো গেল। অপরাধ ঘটেছে বলে মনে করি নি।

কৃতির আখড়ার ডিন্ডিকে ধরে কল ছিটাইরা দাও, ধুলা বাক মরে। অপর পক্ষে-

রান্তা দিয়ে কুন্ডিগির চলে ঘেঁষাঘেঁষি, এক্টা নয় হুটো নয় একশোর বেশি।

প্রয়োজনমত এটাও চলে, ওটাও চলে। নিখতির মাপে বিচার করতে গেলে বিশুদ্ধ ওজনের পন্নার হচ্ছে—

পালোয়ানে পালোয়ানে চলে ঘেঁষাঘেঁষি।
ভাতে প্রত্যেক অক্ষর নিথুঁত এক মাত্রা, সবহৃদ্ধ চোদটা। 'রাস্তা' 'কুন্তি' প্রভৃতি শব্দে ওজন বেড়ে যায়, তবুও বহুসহিষ্ণু পয়ারকে কাবু করতে পারে না।

প্রাক্ত-বাংলার ক্রিয়াপদ নিয়ে কথা হচ্ছিল। ক্রিয়াপদেই তার আপন চেছারা। ওইটুকু ছাড়া তার আর কোনো উপসর্গ নেই বললেই চলে। বাংলা-সংশ্বত ভাষার মতো সে ভচিবায়ুগ্রস্ত নয়। ভোজে বসে গেছে ব্রাহ্মণ, তাকে পরিবেশনকর্তা জিজ্ঞাসা করলে, নিরামিষ না আমিষ। সে বললে, ছৌ কর্তব্যো। তেমনি শন্ধ-বাছাই নিমে যদি প্রাকৃত-বাংলাকে প্রশ্ন করা যায় 'কী চাই, প্রাকৃত শন্ধ না সংশ্বত শন্ধ' সে বলবে, ছৌ কর্তব্যো। তার জাতবিচার নেই বললেই হয়। পছন্দ হ্বামাত্র ইংরেজি পারসি সব শন্ধই সে আত্মসাৎ করে। আবার অমরকোষবিহারী বড়ো বড়ো বহরওয়ালা সংশ্বত শন্ধকে ওদেরই ভিড়ের মধ্যে মিলিয়ে নেয়। সংশ্বত ভাষার প্রতি সন্তম্বশত তার মুখে বাধবে না—

রূপযৌবন উপঢৌকন দেবেন কন্তা তাহারে, তাই পরেছেন চীনাংশুকের পট্টবসন বাহারে।

নন-কো-অপরেশনের দিনেও ইংরেজি শব্দ চালিয়ে দিতে পিকেটিঙের ভন্ন নেই। যথা— আইডিয়াল নিম্নে থাকে, নাহি চড়ে হাঁড়ি,

> প্রাকৃটিক্যাল লোকে বলে, এ যে বাড়াবাড়ি। শিবনেত্র হল বুঝি, এইবার মোলো,

অক্সিজেন নাকে দিয়ে চাঙ্গা করে তোলো।

কিছ সংস্কৃত-বাংলার বাছবিচার থ্ব কড়া। আধুনিকদের হাতে পড়ে ফ্লেছপনা কিছুকিছু সরে গেছে; কিছু সেটুকু বড়োজোর বাইরের রোরাকে, ভিতরমহলে রীতরক্ষা
সম্বন্ধ ক্যাক্ষি।

কর্ণে দিলা ঝুম্কাফুল, নাসিকায় নথ, অজসজ্জাসমাধানে ভুরি মেহন্তং।

এটাকে প্রচ্সন বলে পাঠক হয়তো মাপ করতে পারেন, কিন্তু প্রাকৃত-বাংলায় এইরকম

ভিন্নপর্বারের শক্তলো বথন কাছাকাছি বসানো বার তাদের আওরাজের মধ্যে অভ্যন্ত বেশি বেমিল হর না। আমার এই গছপ্রবন্ধ পড়ে দেখল পাঠকেরা সেটা লক্ষ্য করতে পারবেন। কিন্তু এটাও দেখে থাকবেন, এটার মধ্যে 'করিব' 'করিরাছে' 'করিয়াছিল' প্রভৃতি ক্রিয়ারূপ কলমের কোনো ভূলে ঢুকে পড়বার কোনো সন্তাবনা নেই। সেইজন্তে আমরা বাংলার সংস্কৃতে ও প্রাক্ততে হুই ভিন্ন নিরমেই চলি, তার অশুথা করা অসন্তব। তাই বাংলা কাব্যে এই হুই ভাষার ধারার ছন্দের রীতি যদি হুই ভিন্ন পথ নিয়ে থাকে তবে সেই আপত্তিতে শুদ্ধির গোমরলেপনে সমস্ত একাকার করবার পক্ষপাতী আমি নই। আমি বলি, ছৌ কর্তবাট। কারণ, ছন্দের এই ছিবিধ রসেই আমার রসনার লোভ।'

মাঘ ১৩৩৮

ছন্দের মাত্রা

বহুকাল পূর্বে একটি গান রচনা করেছিলেম। 'সবুজ পত্রে' সেটি উদ্ধৃত হয়েছিল। আধার রজনী পোহালো,

खगर भूतिन भून(क,

বিমল প্রভাতকিরণে

মিলিল ত্বালোক ভূলোকে।

তা ছাড়া এই ছন্দে পরবর্তী কালে হুই-একটি শ্লোক লিখেছিল্ম। ষথা— গোড়াতেই ঢাক ৰাজনা,

कांक करा जांत्र कांक ना। -

আর-একটি---

শকতিহীনের দাপনি আপনারে মারে আপনি।

বলা বাছলা এগুলি > মাত্রার চালে লেখা।

'সবুজ পতে'র প্রবন্ধে তার পরে দেখিয়েছিল্ম ধানিসংখ্যার কতরকম হেরফের করে এই ছন্দের বৈচিত্রা ঘটতে পারে, অর্থাৎ তার চলন কত ভলির হয়। তাতে যে দৃষ্টাস্ত রচনা করেছিলেম তার পুনঞ্চ কা করে নতুন বাণী প্রয়োগ করা যাক।

> পরিদিষ্টে 'ছন্দে হসস্ত' প্রবন্ধ ক্রষ্টব্য । ২১॥২৩ এইখানে বলে রাথা ভালো এই প্রবদ্ধে ব্যবহৃত উদাহরণগুলিতে প্রত্যেক ভাগে ভাল দিলে ছন্দের পার্থক্য ধরা সহজ হয়।

উপরের ছল্মে ৩+৩+৩-এর লয়। नौচের ছল্মে ৩+२+৪-এর লয়।

वागन | मिल | वनाह्ए ,

ভাষণ | मिल | वीनाजात्न,

व्वि ला | जूमि | स्पम् ए

পাঠারে | ছিলে | মোর পানে।

বাদল রাতি এল যবে

বসিমাছিম একা একা,

গভীর গুরু গুরু রবে

कौ इवि मत्न मिन प्रथा।

পথের কথা পুবে হাওয়া

কহিল মোরে থেকে থেকে;

देमांग श्रम हरन यां खर्मा,

খ্যাপামি সেই রোধিবে কে।

আমার তুমি অচেনা যে

त्य कथा नाहि मात्न हिम्रा,

ভোমারে কবে মনোমাঝে

জেনেছি আমি না জানিয়া

क्र्लंत्र डानि क्रांत्न मिन्न,

वित्राहिष्ण अकाविनी,

তথনি ডেকে বলেছিছ,

ভোমারে চিনি, ওগো চিনি।

তার পরে ৪+৩+২---

বলেছিম্ | বসিতে | কাছে,

त्मत्व कि हू। हिम ना | व्यामा,

त्मव व'त्म | शक्न | यांटि

वृक्षित्न ना | छाहादमा | छावा ।

শুকভারা চাঁদের সাধি

বলে, "প্রভূ, বেসেছি ভালো,

নিমে বেয়ো আমার বান্তি
বেখা বাবে তোমার আলো।"
ফুল বলে, "দখিনহাওয়া,
বাঁধিব না বাহুর ছোরে,
ক্ষণভরে ভোমারে পাওয়া
চিরভরে দেওয়া যে মোরে।"

তার পরে ৩+৬--

বিজুলি। কোথা হতে এলে,
তোমারে। কে রাখিবে বেঁধে।
মেঘের। বৃক চিরি গেলে
ভাগা। মরে কেঁদে কেঁদে।
ভাতে গাঁথা মণিহারে
কলেক সাজায়েছ যারে,
প্রভাতে মরে হাহাকারে
বিফল রজনীর থেদে।

रमशं यांक 8+4-

মোর বনে। ওগো গরবী,

এলে যদি। পথ ভূলিয়া,
তবে মোর। রাঙা করবী
নিজ হাতে। নিয়ো ভূলিয়া।

আর-একটা----

জলে ভরা । নয়নপাতে
বাজিতেছে । মেঘরাগিণী,
কী লাগিয়া । বিজ্ঞনরাতে
উড়ে হিয়া, । হে বিবাগিনী ।
মান মুখে । মিলালো হাসি,
গলে দোলে । নবমালিকা ।
ধরাতলে । কী ভূলে আসি
স্থা ভোলে । স্থাবালিকা ।

তার পরে ৪+৪+১। বলে রাখা ভালো এই ছন্দটি পড়বার সময় সবশেষ ধ্বনিটিকে বিচ্ছিন্ন করতে হবে।

> वादत वादत | यात्र छिन । ज्ञा, ভাগার न । यननीत्र । त्म, विद्रद्दर | इल इनि । द्रा মিলনের লাগি ফিরে লে। যায় নয়নের আড়া লে, व्याप्त श्वरत्रत्र भारतः त्वा। বাঁশিটিরে পারে মাড়া লে বুকে তার হার বাজে গো। फूनमाना रान एका एव, দীপ নিবে গেল বাতা লে, মোর ব্যথাখানি লুকা য়ে মনে তার রহে গাঁথা দে। যাবার বেলাম হুয়া রে তালা ভেঙে নেম্ন ছিনি মে, ফিরিবার পথ উহা রে ভাঙা দার দেয় চিনি য়ে ॥

०+२+ ८- अत्र नय भूर्त रमशाना श्रम् । ०+८- अत्र नय अशान रम्भा रमना

আলো এল যে | বাবে তব,
ওগো মাধবী | বনছায়া।
দোহে মিলিয়া | নবনব
তৃণে বিছায়ে | গাঁথো মায়া।
চাঁপা, তোমার আঙিনাতে
ফেরে বাতাস কাছে কাছে,
আজি ফাগুনে একসাথে
দোলা লাগিয়ো নাচে নাচে॥
বধ্, তোমার দেহলিতে
বর আসিছে দেখিছ কি।

শান্তি ভাহার বাঁপরিভে

হিন্না মিলারে দিয়ো, সুথি।

১০-৩-এর ঠাটেও সাত্রাকে সাজানো চলে। যেমন—

সেভারের ভারে | ধানশী

মিড়ে মিড়ে উঠে | বাজিয়া।

গোধ্লির রাগে | মানসী

স্থরে যেন এল | সাঞ্জিয়া।

আর-একটা---

তৃতীয়ার চাঁদ। বাঁকা সে,
আপনারে দেখে। ফাঁকা সে।
তারাদের পানে। তাকিয়ে
কার নাম যায়। ডাকিয়ে,
সাথি নাহি পায়। আকালে।

এতক্ষণ এই যে ন মাত্রার ছলটাকে নিয়ে নয়-ছয় করছিল্ম সেটা বাহাছরি করবার জন্তে নয়, প্রমাণ করবার জন্তে যে এতে বিশেষ বাহাছরি নেই। ইংরেজি ছলে এক্সেন্টের প্রভাব; সংস্কৃত ছলে দীর্ঘন্তরের স্থানিদিন্ত ভাগ। বাংলায় তা নেই, এইজন্তে লয়ের দাবিরকা ছাড়া বাংলা ছলে মাত্রা বাড়িয়ে-কমিয়ে চলার আর-কোনো বাধা নেই। 'জল পড়ে পাতা নড়ে' থেকে আরম্ভ করে পাঁচ ছয় সাত আট নয় দশ মাত্রা পর্যন্ত বাংলা ছলে আমরা দেখি। এই স্থযোগে কেউ বলতে পারেন, এগারো মাত্রায় ছল বানিয়ে নতুন কীর্তি স্থাপন করব। আমি বলি, তা করো কিন্ত পুলকিত হোয়ো না, কেননা কাজটা নিতান্তই সহজ। দশ মাত্রার পরে আর-একটা মাত্রা বোগ করা একেবারেই ছঃসাধ্য ব্যাপার নয়। যেমন—

চামেলির ঘনছায়া-বিতানে বনবাণা বেজে ওঠে কা তানে। স্থানে মগন সেথা মালিনা কুস্মমালায় গাঁথা শিথানে।

অস্তরকমের মাত্রাভাগ করতে চাও সেও কঠিন নয়। যেমন— মিলনস্থলগনে। কেন বল্, নয়ন করে ভোর। ছল্ছল্। বিদায়দিনে যবে। ফাটে বৃক, সেদিনো দেখেছি তো। হাসিম্থ।

তার পরে তেরো মাত্রার প্রস্তাবটা শুনতে লাগে থাপছাড়া এবং নতুন, কিন্তু পরার থেকে এক মাত্রা হরণ করতে ছঃসাহসের দরকার হয় না। সে কাজ অনেকবার করেছি, তা নিয়ে নালিশ ওঠে নি। যথা—

गंगत्न गंत्र क्य त्मच, चन वत्रवा।

এক মাত্রা যোগ করে পদ্নারের জ্ঞাতিবৃদ্ধি করাও খুবই সহজ। যথা—

८१ वीत, खीवन मिटत्र मत्रत्वात किनितन,

निष्करत्र निःश्व कत्रि वित्थरत्र किनित्न।

ষোলো মাত্রার ছন্দ তুর্লভ নয়। অতএব দেখা যাক সতেরো মাত্রা---

नमीजीदा घ्रे | क्ला क्ला |

কাশবন ছলি।ছে।

পূর্ণিমা তারি | ফুলে ফুলে |

আপনারে ভুলি।ছে।

জাঠারো মাত্রার ছন্দ স্থপরিচিত। তার পরে উনিশ—

ঘন মেঘভার গগনতলে,

বনে বনে ছায়া তারি,

अकंकिनी यित नम्रनकल

क्मन् वित्रहिगी नात्री।

ভার পরে কুড়ি মাত্রার ছন্দ স্থপ্রচলিত। একুশ মাত্রা, ষধা— বিচলিত কেন মাধ্বীশাখা,

मधित कैंदिश धत्रधत्र।

কোন্ কথা ভার পাভার ঢাকা

চুপিচুপি করে মরমর।

তার পরে— আর কাজ নেই। বোধ হয় যথেষ্ট প্রমাণ করতে পেরেছি যে, বাংলায় নতুন ছন্দ তৈরি ক্রতে অসাধারণ নৈপুণ্যের দরকার করে না।

সংশ্বত ভাষার নৃতন ছন্দ বানানো সহজ্ঞ নয়, পুরানো ছন্দ রক্ষা করাও কঠিন।
যথানিরমে দীর্ঘন্তর স্বরের পর্যায় বেঁধে ভার সংগীত। বাংলার সেই দীর্ঘননিগুলিকে
ছইমাত্রার বিশ্লিষ্ট করে একটা ছন্দ দাড় করানো যেতে পারে, কিন্তু ভার মধ্যে মূলের
মর্বাদা থাকবে না। মন্দাক্রান্তার বাংলা রূপান্তর দেখলেই তা বোঝা যাবে।

यक रि रकारना कना व्यक्ति व्यन्त्रना, रिवांत्र व्यवद्वारित श्वेष्ट्रविष्ट्र विषय्न विश्व विषय कि यक, व्यवकाण वार्त व्यक्ति ।

निर्क्रन श्रामिति विश्व मर्द्र किति ध्वाकी प्रवानी श्विष्टा ।

रिवांत्र विषय कि का व्यवना विश्व यात्र भी का कान्य विषय विश्व विषय ।

मान भरत कार्ष मान, श्ववारण करत्र वान श्विष्ठ विश्व ।

क्रमक्वण विश्व की विषय की विश्व विश्व विश्व ।

क्षमा व्यवाह मार्ग श्विष्ठ की किति विश्व व

कार्डिक ३७७३

२

উপরের প্রবন্ধ লিখেছি 'আঁধার রক্ষনী পোহালো' গানটি নর মাত্রার ছন্দে রচিত। ছন্দতত্বে প্রবীণ অম্লাবার্ ওর নর-মাত্রিকতার দাবি একেবারে নামপ্ত্র করে দিলেন। আর কারো হাত থেকে এ রায় এলে তাকে আপিল করবার যোগ্য বলেও গণ্য করত্ব্য না, এ ক্ষেত্রে ধাঁধা লাগিরে দিলে। রাস্তার লোক এলে যদি আমাকে বলে তোমার হাতে পাঁচটা আঙুল নেই, তা হলে মনে উদ্বেগের কোনো কারণ ঘটে না। কিন্তু, লারীরতত্ত্ববিদ্ এলে যদি এই সংবাদটা জানিয়ে যান তা হলে দশবার করে নিজের আঙুল গুনে দেখি, মনে ভয় হয়, অর ব্ঝি ভ্লে গেছি। অবশেষে নিতান্ত হতাল হয়ে ফির করি, যে-কটাকে এতদিন আঙুল বলে নিশ্চিন্ত ছিল্ম বৈজ্ঞানিক মতে তার সব-কটা আঙুলই নয়; হয়তো লাগ্রবিচারে জানা যাবে যে, আমার আঙুল আছে মাত্র তিনটি, বাকি ছটো বড়ো আঙুল আর কড়ে আঙুল, তারা হরিজন-শ্রেণীয়।

वर्षमान एक वामात्र मन लाहेत्रकम উদ্বেগ জনোছে। 'वांधात तकनी পোহালো'
চরণের মাত্রাসংখ্যা যে দিক থেকে যেমন করে গ'নে দেখি, নয় মাত্রায় গিয়ে ঠেকে।
অম্ল্যবাব্ বললেন, এটা তো নয় মাত্রায় ছন্দ নয়ই, বাংলা ভাষায় আজও নয় মাত্রায়
উদ্ভব হয় নি, হয়তো নিয়বধিকালে কোনো এক সময়ে হতেও পায়ে। তিনি বলেন,
বাংলা ছন্দ দশ মাত্রাকে মেনেছে, নয় মাত্রাকে মানে নি। এ কথায় আরো আমার
ধাঁধা লাগল।

অমৃল্যবাব পরীক্ষা করে বলছেন, এ ছন্দে জোড়ের চিহ্ন স্পষ্ট দেখা যাছে। 'আঁধার রজনী' পর্যন্ত এক পর্ব, এইখানে একটা ফাঁক; তার পরে 'পোহালো' শব্দে তিন মাত্রার একটা পদ্ধ পর্বান্ধ; তার পরে পুরো যতি। অর্থাৎ, এ ছন্দে ছয়

মাত্রারই প্রাধান্ত। এর ধড়টা ছয় মাত্রার, ল্যাক্সটা তিন মাত্রার। চোখ দিয়ে এক পঙ্ক্তিতে নম মাত্রা দেখা যাচ্ছে বটে, কিন্তু অমূল্যবাব্র মতে, কান দিয়ে দেখলে ওর হটো অসমান ভাগ বেরিয়ে পড়ে।

এর থেকে বোঝা যাচ্ছে, আমার অন্ধবিদ্যায় আমি যে সংখ্যাকে ন বলি অমূল্যবাব্র অন্ধান্ত্রেও তাকেই ন বলে বটে, কিন্তু ছন্দের মাত্রানির্ণয় সম্বন্ধে তাঁর পদ্ধতির সঙ্গে আমার পদ্ধতির মূলেই প্রভেদ আছে। কথাটা পরিদ্ধার করে নেওয়া ভালো।

পৃথিবী চলছে, তার একটা ছন্দ আছে। অর্থাৎ, তার গতিকে মাত্রাসংখ্যায় ভাগ করা ষার। এই ছন্দের পূর্ণায়তনকে নির্ণয় করব কোন্ লক্ষণ মতে। পৃথিবী নিয়মিত কালে স্থাকে প্রদক্ষিণ করে। আমাদের পঞ্জিকা-অমুসারে পয়লা বৈশাখ থেকে আরম্ভ করে চৈত্রসংক্রান্তিতে তার আবর্তনের এক পর্যায় শেষ হয়, তার পরে আবার সেই পরিমিতকালে পয়লা বৈশাখ থেকে পুনর্বার তার আবর্তন শুক্ক হয়। এই পুনরাবর্তনের দিকে লক্ষ করে আমরা বলতে পারি, পৃথিবীর স্থাপ্রদক্ষিণের মাত্রাসংখ্যা ৩৬৫ দিন।

মহাভারতের কথা অমৃতসমান,

कांगीदायमान करह छत्न भूगावान्।

এই ছন্দের যাত্রাপথে পুনরাবর্তন আরম্ভ হয়েছে কোথায় সে তো জানা কথা। সেই অফুসারে সর্বজনে বলে থাকে, এর মাত্রাসংখ্যা চোক। বলা বাহুলা, এই চোক মাত্রা একটা অথগু নিরেট পদার্থ নয়। এর মধ্যে জ্বোড় দেখা যার, সেই জ্বোড় আট মাত্রার অবসানে, অর্থাৎ 'মহাভারতের কথা' একটুখানি দাড়িয়েছে যেখানে এসে। পয়ারে এই দাড়াবার আড্ডা ত্ব জারগার, প্রথম আট ধ্বনিমাত্রার পরে ও শেষার্থের ছয় ধ্বনিমাত্রার ও তুই যতিমাত্রার শেষে। পৃথিবীর প্রদক্ষিণ-ছন্দের মধ্যেও তুইভাগ আছে, উত্তরায়ণ ও দক্ষিণায়ন। যতি-সমেত যোলো মাত্রা পয়ারেও তেমনি আছে উত্তরভাগ ও দক্ষিণভাগ, কিন্তু সেই চুটি ভাগ সমগ্রেরই অন্তর্গত।

মহাভারতের বাণী

অমৃতস্মান মানি,

কাশীরামদাস ভনে •

শোনে তাহা সর্বন্ধনে।

যদিও পরারের সঙ্গে এর ঘনিষ্ঠ সম্বন্ধ তবু একে অশু ছন্দ বলব, কারণ এর পুনরাবর্তন আট মাত্রায়, যোগো মাত্রায় নয়।

चाँधात त्रव नी लाहात्मा,

बगर भूतिन भूनारक।

এই ছন্দের আবর্তন ছন্ন মাজার পর্বানে ঘটে না, তার কক্ষপথ সম্পূর্ণ হলেছে ন মাজার।
নয় মাজার তার প্রদক্ষিণ নিজেকে বাবে বাবে বহুগুণিত করছে। এই নয় মাজার মাবেমাঝে সমভাগে জোড়ের বিচ্ছেদ আছে। সেই জোড় ছন্ন মাজার না, তিন মাজার।

এই ছন্দের লক্ষণ কী। প্রান্ধের উত্তর এই যে, এর পূর্ণভাগ নর মাত্রা নিরে, আংশিক ভাগ তিন, এবং সেই প্রত্যেক ভাগের মাত্রাসংখ্যা তিন। কোনো পাঠক যদি ছর মাত্রার পরে এসে হাঁপ ছাড়েন, তাঁকে বাধা দেবার কোনো দণ্ডবিধি নেই; ক্ষতরাং সেটা তিনি নিজের ক্ষতন্দেই করবেন, আমার ছন্দে করবেন না। আমার ছন্দের লক্ষণ এই— প্রত্যেক পদে তিন কলা, প্রত্যেক কলার তিন মাত্রা, অতএব সমগ্র পদের মাত্রাসমন্তি ১। অমূল্যবাব্ এটিকে নিয়ে যে ছন্দ বানিয়েছেন তার প্রত্যেক পদে তুই কলা। প্রথম কলার মাত্রাসংখ্যা ছয়, বিতীয় কলার তিন, অতএব সমগ্র সাত্রাসমন্তি ১। চুটি ছন্দেরই মোট আয়তন একই ছবে, কানে শোনাবে ভিয়রকম।

ভালনিক বাই বল্ন, এবানে ছল্বচিয়তা হিসাবে আমার আবেদন আছে। ছলের তত্ত্ব সম্বন্ধে আমি বা বলি সেটা আমার অলিক্ষিত বলা, স্বতরাং তাতে দোষ স্পর্ণ করতে পারে; কিন্তু ছলের রস সম্বন্ধে আমি যদি কিছু আলোচনা করি, সংকোচ করব না, কেননা ছল্মস্টতে অলিক্ষিতপটুত্বের মূল্য উপেক্ষা করবার নয়। 'আধার রজনী পোহালো' রচনাকালে আমার কান যে আনল্দ পেয়েছিল সেটা অগ্রছলোজনিত আনল্দ থেকে বিশেষভাবে শ্বতম্ব। কারণটা বলি।

অন্তত্ত বলেছি, তুই মাত্রায় হৈর্ধ আছে, কিন্তু বেজোড় বলেই তিন মাত্রা অস্থির। তৈমাত্রিক ছন্দে গেই অস্থিরভার বেগটাকে বিশেষভাবে ব্যবহার করা হয়।

> বিংশতি কোটি মানবের বাস এ ভারতভূমি যবনের দাস রঙ্গেছে পড়িয়া শৃত্ধলে বাঁধা।

এ ছন্দে শবশুলি পরস্পরকে অন্থিরভাবে ঠেলা দিছে। একে জোড়মাত্রার ছন্দে রূপাস্থরিত করা যাক।

> ষেধার বিংশতি কোটি মানবের বাস সেই তো ভারতবর্ষ ষবনের দাস শৃঞ্জলেতে বাঁধা পড়ে আছে।

এর চালটা শাস্ত।

আলোচ্য নয় মাত্রার ছন্দে তিন সংখ্যার অন্থিরতা শেষপর্যন্তই রয়ে গেছে। সেটা উচিত নয়, ছয় মাত্রার পরে ধামবার একটুখানি অবকাশ দেওয়া ভালো— এমন তর্ক তোলা যেতে পারে। কিন্তু ছন্দের সিদ্ধান্ত তর্কে হর না, ওটার মীমাংসা কানে। সৌভাগ্যক্রমে এ সভার স্থযোগ পেরেছি কানের দরবারে আরজি পেশ করবার। নর মাত্রার চঞ্চল ভলিতে কান সার দিছে না, এ কথা যদি স্থীজন বলেন তা হলে অগত্যা চুপ করে যাব, কিন্তু তর্ভ নিজের কানের স্বীক্ষতিকে অশ্রদ্ধা করতে পারব না।

'আধার রজনী পোহালো' কবিতাটি গানরপে রচিত। সংগীতাচার্য ভীমরাও শাস্ত্রী মুদক্ষের বোলে একে যে তালের রূপ দিয়েছিলেন তাতে ছটি আঘাত এবং একটি ফাঁক। যথা—

ত্রাধার | রজনী | পোহালো।

এ কথা সকলেরই জানা আছে যে, ফাকটা তালের শেষ ঝোঁক, তার পরে পুনরাবর্তন। এই গানের স্বাভাবিক ঝোঁক প্রত্যেক তিন মাত্রায় এবং এর তালের অর্থাৎ ছলের সম্পূর্ণতা তিনমাত্রাঘটিত তিন ভাগে। অমূল্যবাবু বা শৈলেক্সবাবু যদি অশু কোনো রকমের ভাগ ইচ্ছা করেন তবে রচরিতার ইচ্ছার সঙ্গে তার ঐক্য হবে না, এর বেশি আমার আর কিছু বলবার নাই।

উত্তরদিগন্ত ব্যাপি দেবতাত্মা হিমাজি বিরাজে, হুই প্রান্তে হুই সিন্ধু, মানদণ্ড যেন তারি মাঝে;

এই ছন্দকে আঠারো মাত্রা যথন বলি তথন সমগ্র পদের মাত্রাসংখ্যা গণনা করেই বলে থাকি। আট মাত্রার পরে এর একটা স্থম্পন্ত বিরাম আছে বলে এর আঠারো মাত্রার সীমানার বিশ্বদ্ধে নালিশ চলে না।

আমাদের হাতে তিন পর্ব আছে। মণিবন্ধ পর্যন্ত এক; এটি ছোটো পর্ব , কছই পর্যন্ত ছই; কছই থেকে কাঁধ পর্যন্ত তিন; যাকে আমরা সমগ্র বাহু বলি সে এই তিন পর্ব মিলিয়ে। আমাদের দেহে এক বাহু অন্ত বাহুর অবিকল পুনরাবৃত্তি। প্রত্যেক ছন্দেরই এমনিতরো একটি সম্পূর্ণ রূপকল্প অর্থাৎ প্যাটার্ন্ আছে। ছন্দোবন্ধ কাব্যে সেই প্যাটার্ন্কেই পুন:পুনিত করে। সেই প্যাটার্নের সম্পূর্ণ সীমার মধ্যেই তার নানা পর্ব পর্বান্ধ প্রভৃতি যা-কিছু। সেই সমগ্র প্যাটার্নের মাজাই সেই ছন্দের মাজা। 'আধার রক্ষনী পোহালো' গান্টিকে এইজ্ঞেই নর মাজার বলেছি। যেহেতু প্রত্যেক নর মাজাকে নিয়েই তার পুন:পুন আবর্তন।

কোন্ ছন্দ কী রকম ভাগ করে পড়তে হবে, এ নিম্নে মতান্তর হওয়া অসম্ভব নয়।
পুরাতন ছন্দগুলির নাম-অহসারে সংজ্ঞা আছে। নতুন ছন্দের নামকরণ
হয় নি। এইজন্তে তার আবৃত্তির কোনো নিশ্চিত নির্দেশ নেই। কবির কল্পনা এবং

পাঠকের ফটিতে যদি অনৈকা হয় তবে কোনো আইন নেই যা নিয়ে নালিশ চলতে পারে। বর্তমান প্রসঙ্গে আমার বক্তবা এই যে, আমি যথন স্পষ্টতই আমার কোনো কাব্যের ছলকে নয় মাত্রার বলছি তথন সেটা অমুসরণ করাই বিহিত। হতে পারে তাতে কানের ভৃপ্তি হবে না। না যদি হয় তবে সে দায় কবির। কবিকে নিলা করবার অধিকার সকলেরই আছে, তার রচনাকে সংশোধন করবার অধিকার কারো নেই।

এই উপলক্ষে একটা গল্প মনে পড়ছে। গল্পটা বানানো নয়। পার্লামেন্টে দর্শকদের বসবার আসনে ছটি শ্রেণীভাগ আছে। সম্থভাগের আসনে বসেন যারা খ্যাতনামা, পন্চাতের ভাগে বসেন অপর-সাধারণ। ছই বিভাগের মাঝখানে কেবল একটিমাত্র দড়ি বাধা। একজন ভারতীয় দর্শক সেই সামনের দিক নির্দেশ করে প্রহরীকে জিক্সাসা করেছিলেন: Can I go over there? প্রহরী উত্তর করেছিল: 'Yes, sir, you can but you mayn't.

ছন্দেও যতিবিভাগ সম্বন্ধে কোনো কোনো ক্ষেত্রে can-এর নিষেধ বলবান নয়, কিস্কু তব্ mayর নিষেধ স্বীকার্য। একটা দৃষ্টাস্ক দেখা যাক। পাঠকমহলে স্থনামখ্যাত পয়ার ছন্দের একটা পাকা পরিচয় আছে, এইজন্মে তার পদে কোথায় আখা যতি কোথায় প্রো যতি তা নিয়ে বচসার আশকা নেই। নিয়লিখিত কবিতার চেহারা অবিকল পয়ারের। সেই চোখের দলিলের জোরে তার সঙ্গে পয়ারের চালে ব্যবহার অবৈধ হয় না।

মাথা তৃলে তৃমি যবে চল তব রথে
তাকাও না কোথা আমি ফিরি পথে পথে,
অবসাদজাল মোরে ঘেরে পার পার।
মনে পড়ে, এই হাতে নিরেছিলে সেবা,
তব্ হার আজ মোরে চিনিবে লে কেবা,
তোমারি চাকার ধুলা মোরে ঢেকে যার।

কিন্ত যদি পদার নাম বদলিয়ে এর নাম দেওয়া যায় 'ষড়কী' এবং এর যথোচিত সংজ্ঞা নির্দেশ করি তা হলে বিনা প্রতিবাদে নিম্নলিখিত ভাগেই একে পড়া উচিত হবে।

> মাথা তুলে তুমি যবে চল তব

তাকাও না কোথা

षािय कित्रि शर्ष

পर्ध,

অবসাদজাল

ঘেরে মোরে পারে

পার।

মনে পড়ে, এই

शांख निरम्हिल

শেবা---

তবু হায় আজ

মোরে চিনিবে সে

(करा-

তোমারি চাকার

ধুলা মোরে ঢেকে

याम् ।

এর প্রত্যেক পদে ১৪ মাত্রা, ৩ কলা, সেই কলার মাত্রাসংখ্যা যথাক্রমে ৬, ৬, ২।

অম্লাবাব্র মতে, বাংলার নর মাত্রার ছল নেই, আছে দশ মাত্রার, কিন্তু দশ মাত্রার উর্ধে আর ছল চলে না। আমি অনেক চিন্তা করেও তাঁর এই মতের তাৎপর্য ব্যতে পারি নি। একাদিক্রমে মাত্রাগণনা গণিতশাস্ত্রের সবচেরে সহজ কাজ, তাতেও যদি তিনি বাধা দেন তা হলে ব্যতে হবে, তাঁর মতে গণনার বাইরে আরো কিছু গণ্য করবার আছে। হয়তো মোট মাত্রার ভাগগুলো নিয়ে তর্ক। ভাগ সকল ছলেই আছে। দশ মাত্রার ছল, যথা—

প্রাণে মোর আছে তার বাণী, তার বেশি তারে নাহি জানি।

এর সহত্ত ভাগ এই---

প্রাণে মোর

আছে তার

वानी।

একে অক্সরকমেও ভাগ করা চলে। যথা---

প্রাণে মোর আছে ভার বাণী।

অথবা 'প্রাণে' শব্দটাকে একটু আড় করে রেখে— প্রাণে

যোর আছে ভার

वानी।

এই তিনটেই ১০ মাত্রার ছন্দের ভিন্ন ভিন্ন রূপ। তা হলেই দেখা বাচ্ছে, ছন্দকে চিনতে হলে প্রথম দেখা চাই, তার পদের মোট মাত্রা, তার পরে তার কলাসংখ্যা, তার পরে প্রত্যেক কলার মাত্রা।

সকল বেলা | কাটিয়া গেল, |

उ 8
विकाल नाहि | यात्र ।

এই ছন্দের প্রত্যেক পদে ১৭ মাত্রা। এর ৪ কলা। অস্তা কলাটিতে তুই ও অক্ত তিনটি কলার পাঁচ-পাঁচ মাত্রা। এই ১৭ মাত্রা বজার রেখে অক্তজাতীর ছন্দ রচনা চলে কলাবৈচিত্রোর ধারা। যথা—

মন চায় | চলে আসে | কাছে, |

৪

তব্ও পা | চলে না।

বলিবায় | কত কথা | আছে, |

छव् कथा। वरण ना।

এ ছন্দে পদের মাত্রা ১৭, কলার সংখ্যা ৫, তার মাত্রাসংখ্যা ষথাক্রমে— ৪+৪+২+ ৪+৩। আঠারো মাত্রার দীর্ঘপন্নারে প্রথম আট মাত্রার পরে যেমন স্পষ্ট ষতি আছে, এই ছন্দের্গ প্রথম দশ মাত্রার পরে তেমনি।

নয়নে | নিঠুর | চাহনি |
হদরে | করুণা | ঢাকা।
গভীর | প্রেমের | কাহিনী |
গোপন | করিয়া | রাধা।

এরও পদের মাত্রা ১৭, কলার সংখ্যা ৬, শেষ কলাটি ছাড়া প্রভোক কলার মাত্রা ৩।

অস্তর তার | কী বলিতে চায় | চঞ্চল চর । ণে, কঠের হার | নয়ন ডুবায় | চম্পক বর । নে।

এরও সমগ্র পদের মাত্রা ১৭*। এর চারটি কলা। প্রথম তিনটি কলার মাত্রাসংখ্যা ৬, চতুর্থ কলার ১। সতেরো মাত্রার ছন্দকে কলাবৈচিত্রোর হারা আরো নব নব রূপ দেওরা যেতে পারে, কিন্তু সাক্ষী আর বাড়াবার দরকার নেই।

শেষের যে দৃষ্টান্ত দেওয়া গেছে তাতে মাত্রাসংখ্যাগণনা উপলক্ষে 'চরণে' শব্দকে ভাগ করে দিয়ে এক মাত্রার 'ণে' ধ্বনিকে স্বভন্ত কলায় বসিয়েছি। ওটা যে স্বভন্তকলা-ভূক্ত তার প্রমাণ এই ছন্দের তাল দেবার সময় ঐ 'ণে' ধ্বনিটির উপর তাল পড়ে।

ইতিপূর্বে জন্তত্ত একটি নয় মাত্রার ছন্দের দৃষ্টান্ত দেবার সময় নিয়লিখিত শ্লোকটি ব্যবহার করেছি। তাল দেবার রীতি বদল করে একে ছ্বরকম করে পড়া যায়, ছটোই পৃথক্ ছন্দ। বারে বারে যায় | চলিয়া

ভাসায় গো আঁখি। নীরে সে।

वित्ररङ्क ছल । ছलिश्रा

মিলনের লাগি। ফিরে সে।

এটা ন মাত্রার শ্রেণীর ছন্দ; এর দুই কলা এবং কলাগুলি ত্রেমাত্রিক। এর পদকে তিন কলায় ভাগ করে কলাগুলিকে দুই মাত্রার ছাঁদ দিলে এই একই ছড়া সম্পূর্ণ নৃতন ছন্দে গিয়ে পৌছাবে। যথা—

বাবে বাবে | যায় চলি | য়া
ভাগায় গো | আঁথিনীরে | সে।
বিরহের | ছলে ছলি | য়া

মিলনের। লাগি ফিরে। লে।

गांत्रामिन । मट्ट जिन्ना । या,

वाद्यक ना | विथि छेहा | त्य ।

व्यम्भद्र | मद्र की व्या | भा

व्यकात्रत। व्याप्त प्रमा (ता

ष्यम्नारां व्रत्नन, এत श्रथम प्रे कनाम हात हात छाउँ ध्वः त्नरम कनाम अक माजान

ছল ক্বত্তিম শুনতে হয়। বাধ হয় অথও শব্দকে থণ্ডিভ করা হচ্ছে বলে তাঁর কাছে এটা কৃত্তিম ঠেকছে। কিন্তু, ছলের বোঁকে অথও শব্দকে ছ ভাগ করার দৃষ্টান্ত অনেক আছে। এরকম তর্কে বিশুদ্ধ হা এবং না -এর হল ; কোনো পক্ষে কোনো যুক্তিপ্রয়োগের ফাঁক নেই। আমি বলছি, কৃত্তিম শোনার না ; তিনি বলছেন, শোনার। আমি এখনো বলি, এইরকম কলাভাগে এই ছলে একটি নৃতন নৃত্যভক্তি জেগে ওঠে, তার একটা রস আছে।

দশের বেশি মাত্রাভার বাংলা ছন্দ বহন করতে অক্ষম, এ কথা মানতে পারব না। নিমে বারো মাত্রার একটি শ্লোক দেওয়া গেল।

মেঘ ডাকে গন্তীর গরজনে,

হারা নামে তমালের বনে বনে,

বিল্লি ঝনকে নীপবীথিকার।

সরোবর উচ্ছল কুলে কুলে,

তটে তারি বেণুশাখা ছলে ছলে

মেতে ওঠে বর্ধগীতিকার।

শ্রোতারা নিশ্চর ব্যতে পারছেন, আর্ত্তিকালে পদাস্তের পূর্বে কোনো যতিই দিই নি, অর্থাৎ বারো মাত্রা একটি ঘনিষ্ঠ গুল্ছের মতোই হরেছে। এই পদগুলিকে বারো মাত্রার পদ বলবার কোনো বাধা আছে বলে আমি কল্পনা করতে পারি নে। উল্লিখিড শ্লোকের ছন্দে বারো মাত্রা, প্রত্যেক পদে তিন কলা, প্রত্যেক কলায় চার মাত্রা। বারো মাত্রার পদকে চার কলায় বিভক্ত করে ত্রেমাত্রিক করলে আর-এক ছন্দ দেখা দেবে। যথা—

শ্রাবণগগন, ঘোর ঘনঘটা, ভাপসী যামিনী এলারেছে জটা, দামিনী ঝলকে রহিয়া রহিয়া।

এ ছন্দ বাংলা ভাষায় স্থপরিচিত।

তমালবনে ঝরিছে বারিধারা,
তড়িং ছুটে আঁধারে দিশাহারা।
ছিঁ ডিয়া ফেলে কিরণকিছিণী
আজাহাতী যেন সে পাগলিনী।

পঞ্চমাত্রাঘটিত এই বারো মাত্রাকেও কেন যে বারো মাত্রা বলে স্বীকার করব না, স্থামি বুঝতেই পারি নে।

কেবল নর মাতার পদ বলার হারা ছন্দের একটা সাধারণ পরিচয় দেওয়া হয়, সে

পরিচয় বিশেষভাবে সম্পূর্ণ হয় না। আমার সাধারণ পরিচয়, আমি ভারতীয়; বিশেষ পরিচয়, আমি বাঙালি, আরো বিশেষ পরিচয়, আমি বিশেষ পরিবারের বিশেষ নামধারী মাহ্রষ। নয় মাত্রার পদবিশিষ্ট ছন্দ সাধারণভাবে অনেক হতে পারে। আরো বিশেষ পরিচয় দাবি করলে, এর কলাসংখ্যা এবং সেই কলার মাত্রাসংখ্যার হিসাব দিতে হয়।

কোনো কোনো ছন্দে কলাবিভাগ করতে ভূল হবার আশহা আছে। যেমন—
গগনে গরন্ধে মেঘ, ঘন বরষা। পরারের ১৪ মাত্রা থেকে এক মাত্রা হরণ করে এই
১০ মাত্রার ছন্দ গঠিত। অর্থাৎ 'গগনে গরন্ধে মেঘ, ঘন বরিষণ' এবং এই ছন্দটি
বস্তুত এক, এমন মনে হতে পারে। আমি তা স্বীকার করি নে; তার সাক্ষী শুধু কান
নয়, তালও বটে। এই ঘুটি ছন্দে তালের ঘা পড়েছে কী রকম তা দেখা উচিত।

4

গগনে গরজে মেঘ । ঘন বরিষণ।

সাধারণ পদ্মারের নিয়মে এতে হুটি আঘাত।

३ २ ७

गंगत्न गंत्र प्य । यन वत्र । या।

এতে তিনটি আঘাত। পদটি তিন অসমান ভাগে বিভক্ত। পদের শেষবর্ণে স্বভন্ত বোঁক দিলে তবেই এর ভঙ্গিটাকে রক্ষা করা হয়। 'বরষা' শব্দের শেষ আকার যদি হরণ করা যায় তা হলে বোঁক দেবার জায়গা পাওয়া যায় না, তা হলে অক্ষরসংখ্যা সমান হলেও ছন্দ কাত হয়ে পড়ে।

'আঁধার রজনী পোহালো' পদের অন্তবর্ণে দীর্ঘমর আছে, কিন্তু নয় মাত্রার ছন্দের পক্ষে সেটা অনিবার্য নয়। তারই একটি প্রমাণ নীচে দেওয়া গেল।

> জেলেছে পথের আলোক স্থ্রথের চালক,

> > অক্লব্যক্ত গগন।

বক্ষে নাচিছে ক্ষধির, কে রবে শাস্ত স্থীর

কে রবে ভদ্রামগন। বাতাসে উঠিছে হিলোল, সাগর-উর্মি বিলোল,

जन भरहस्रमगन,

কে ববে ভক্রামগন।

এই তর্কক্ষেত্রে আর-একটি আমার কৈফিয়ত দেবার আছে। অমূল্যবাব্র নালিশ এই যে, ছন্দের দূষ্টান্তে কোনো কোনো স্থলে ছই পঙ্ক্তিকে মিলিয়ে আমি কবিভার এক পদ বলে চালিয়েছি। আমার বক্তব্য এই, লেখার পঙ্ক্তি এবং ছন্দের পদ এক নয়। আমাদের হাঁটুর কাছে একটা জোড় আছে বলে আমরা প্রয়োজনমত পা মৃড়ে বসতে পারি, তৎসত্ত্বেও গণনার ওটাকে এক পা বলেই স্বীকার করি এবং অমূভব করে থাকি। নইলে চতুম্পদের কোঠার পড়তে হয়। ছন্দেও ঠিক তাই—

गकन दिना काणिया राम,

বিকাল নাহি যায়।

অমূলাবার একে তুই চরণ বলেন, আমি বলি নে। এই ছটি ভাগকে নিয়েই ছন্দের সম্পূর্ণতা। যদি এমন হত—

> সকল বেলা কাটিয়া গেল, বকুলতলে আসন মেলো—

তা হলে নি: সংশয়ে একে হই চরণ বলতুম।

পুনবার বলি যে, যে বিরামন্থলে পৌছিরে পতছন্দ অন্তর্মণ ভাগে পুনরাবর্তন করে সেই পর্যন্ত এবে তবেই কোন্টা কোন্ ছন্দ এবং তার মাত্রার পরিমাণ কত তার নির্ণয় সম্ভব, মাঝখানে কোনো একটা জোড়ের মুখে গণনা শেষ করা অসংগত। সংস্কৃত বা প্রাকৃত ছন্দশান্তে এই নিরমেরই অন্ত্রসরণ করা হয়। দৃষ্টাস্ত—

পৈশ্বল-ছন্দংশ্বাণি
ভংক্তিম মলঅচোলবই ণিবলিঅ
গংক্তিঅ গুক্তরা।
মালবরাজ মলঅগিরি লুক্তিঅ
পরিহরি কুংক্তরা।
খ্রাসাণ খুহিঅ রণমহ মুহিঅ
লংঘিঅ সাজরা।
হন্দীর চলিজ হারব পলিজ
রিউগণহ কাঅরা।

গ্রন্থকার বলছেন 'বিংশত্যক্ষরাণি' এবং 'পঞ্চবিংশতিমাত্রাং প্রতিপাদং দেয়াং'। এর পদে পদে কুড়িটি অক্ষর ও পচিশটা মাত্রা, ছন্দের এই পরিচয়।

> পঢ়ম মহ দিজিজ। পুণৰি ভহ কিজিজা

পুণবি দহ সত্ত তহ বিরই জাজা।

এম পরি বিবিহুদল

মত্ত সত্তীস পল

এছ কহ ঝুল্লণা ণাজরজা।

ভাগ্যকারের ব্যাখ্যা এই : প্রথমং দশমাত্রা দীয়স্তে। অর্থাৎ তত্র বিরতিঃ ক্রিয়তে।
পুনরপি তথা কর্তব্যা। পুনরপি সপ্তদশমাত্রাস্থ বিরতির্জাতা চ। অনরৈব রীত্যা
দশহরেপি মাত্রা সপ্তত্রিংশং পতন্তি। এমনি করে দশগুলিকে মিলিয়ে যে ছল্পের
সাঁইত্রিশ মাত্রা 'তামিমাং নাগরাজঃ পিঙ্গলো ঝুল্লণামিতি কথমতি'। আমি যাকে
ছল্পোবিশেষের রপকল্প বা প্যাটর্ন্ বলছি 'ঝুল্লণা' ছল্পে সেইটে সাঁইত্রিশ মাত্রায় সম্পূর্ণ,
তার পরে তার অন্থরপ পুনরাবৃত্তি। অম্ল্যবাব্ হয়তো এর কথাগুলির প্রতি লক্ষ্পেরেথ একে পাঁচ বা দশ মাত্রার ছন্দ বলবেন, কিন্তু পাঁচ বা দশ মাত্রায় এর পদের
সম্পূর্ণতা নয়।

যার ভাগগুলি অসমান এমন ছন্দ দেখা যাক—
কুংত অরু ধণুদ্ধক

হ্পবর গ্লবক

ছক্কলু বিবি পা-

रेक मत्न।

এই ছন্দ সম্বন্ধে বলা হয়েছে 'হাত্রিংশনাত্রাঃ পাদে স্প্রসিদ্ধাং'। এই ছন্দকে বাংলায় ভাঙতে গেলে এইরকম দাড়ায়।

> কুঞ্চপথে জ্যোৎস্নারাতে চলিয়াছে স্থাসাথে মল্লিকাকলিকার

> > মালা হাতে।

চার পঙ্জিতে এই ছন্দের পূর্ণরূপ এবং সেই পূর্ণরূপের মাত্রাসংখ্যা বত্রিল। ছন্দে মাত্রাগণনার এই ধারা আমি অফুসরণ করা কর্তব্য মনে করি। মনে নেই, আমার কোনো পূর্বতন প্রবন্ধে অক্ত মত প্রকাশ করেছি কি না; যদি করে থাকি তবে ক্ষমা প্রার্থনা করি।

সবশেষে পুনরান্ন বলি, ছন্দের স্বরূপনির্ণন্ন করতে হলে সমগ্রের মাত্রাসংখ্যা, তার কলাসংখ্যা ও কলাগুলির মাত্রাসংখ্যা জানা আবক্তক। শুধু তাই নর, যেখানে ছন্দের ক্লপকল্ল একাধিক পদের দ্বারা সম্পূর্ণ হন্ন সেখানে পদসংখ্যা ও বিচার্ণ। যথা—

বৰ্ষণশাস্ত

পাণ্ডুর মেঘ যবে ক্লাম্ভ

वन ছाড़ि मत्न এन नी शद्रवृश्य,

ভরি দিল কবিতার ছন্দ।

এথানে চারিটি পদ এবং প্রত্যেক পদ নানা অসমান মাত্রান্ন রচিত, সমন্তটাকে নিম্নে ছন্দের রূপকল্প। বিশেষজ্ঞাতীয় ছন্দে এইরূপ পদ ও মাত্রা গণনাতেও আমি পিক্লাচার্যের অম্বর্তী।

टेकार्छ ५०८५

বাংলা ছন্দের প্রকৃতি

কলিকাভা বিশ্ববিদ্যালয়ে পঠিত

আমাদের দেহ বহন করে অকপ্রত্যক্ষের ভার, আর তাকে চালন করে অকপ্রত্যক্ষের গতিবেগ; এই ঘুই বিপরীত পদার্থ যখন পরস্পরমিলনে লীলান্থিত হন্ন তখন জাগে নাচ। দেহের ভারটাকে দেহের গতি নানা ভঙ্গিতে বিচিত্র করে, জীবিকার প্রয়োজনে নম, স্প্রির অভিপ্রায়ে, দেহটাকে দেয় চলমান শিল্পরূপ। তাকে বলি নৃত্য।

রপস্টির প্রবাহই তো বিশ্ব। সেই রপটা জাগে ছন্দে, আধুনিক পরমাণ্ডন্তে সে কথা স্ম্পট্ট। সাধারণ বিদ্যুৎপ্রবাহ আলো দেয়, তাপ দেয়, তার থেকে রপ দেখা দেয় না। কিন্তু, বিদ্যুৎকণা যখন বিশেষ সংখ্যায় ও গতিতে আমাদের চৈতক্তের ছারে ঘা মারে তখনই আমাদের কাছে প্রকাশ পায় রূপ, কোনোটা দেখা দেয় সোনা হয়ে, কোনোটা হয় সীসে। বিশেষসংখ্যক মাত্রা ও বিশেষবেগের গতি এই ছই নিয়েই ছম্ম, সেই ছন্দের মায়াময় না পেলে রূপ থাকে অব্যক্ত। বিশ্বস্থাইর এই ছন্দোরহস্ত মাহ্যবের শিল্পস্থাতি । তাই ঐতরেয় রাহ্মণ বলছেন: শিল্পানি শংসন্তি দেবশিল্পানি। মাহ্যবের সব শিল্পই দেবশিল্পের শুবগান করছে। এতেবাং বৈ শিল্পানামহক্তীহ শিল্পম্ অধিগম্যতে। মানবংশাকের সব শিল্পই এই দেবশিল্পের অহ্বকৃতি, অর্থাৎ বিশ্বশিল্পের রহস্তকেই অন্প্রবান করে মানবশিল্প। সেই ম্লেরহস্ত ছন্দে, সেই রহস্ত আলোকতরক্তে, শব্দতরক্তেরক্তে, সামুত্জ্বর বৈদ্যুতেত্রপ্রে।

মাহ্ব তার প্রথম ছন্দের স্ষ্টিকে জাগিয়েছে জাপন দেছে। কেননা তার দেছ ছন্দরচনার উপযোগী। ভূতদের টান থেকে মুক্ত করে দেহকে সে তুলেছে উর্ধ দিকে। চলমান মাম্বের পদে পদে ভারসামোর অপ্রতিষ্ঠতা, unstable equilibrium।
এতেই তার বিপদ, এতেই তার সম্পদ। চলার চেয়ে পড়াই তার পক্ষে সহজ।
ছাগলের ছানা চলা নিয়েই জনেছে, মাম্বের শিশু চলাকে আপনি স্বষ্ট করেছে
ছন্দে। সামনে-পিছনে ডাইনে-বায়ে পায়ে-পায়ে দেহভারকে মাত্রাবিভক্ত করে ওজন
বাঁচিয়ে তবেই তার চলা সম্ভব হয়। সেটা সহজ নয়, মানবশিশুর চলার ছন্দসাধনা
দেখলেই তা বোঝা যায়। যে পর্যন্ত আপন ছন্দকে সে আপনি উদ্ভাবন না করে
সে পর্যন্ত তার হামাশুড়ি, অর্থাৎ, ভারাকর্ষণের কাছে তার অবনতি, সে পর্যন্ত
সে নৃত্যহীন।

চতুম্পদ জন্তব নিতাই হামাওড়ি। তার চলা মাটির কাছে হার মেনে চলা।
লাফ দিয়ে যদি-বা সে উপরে ওঠে, পরক্ষণেই মাটির দরবারে ফিরে এসেই তার মাথা
হোঁ। বিদ্রোহী মাহ্র্য মাটির একান্ত শাসন থেকে দেহভারকে মুক্ত করে নিম্নে তাতেই
চালায় প্রয়োজনের কাজ এবং অপ্রয়োজনের লীলা। ভূমির টানের বিরুদ্ধে ছন্দের
সাহায্যে তার এই জয়লন্ধ শক্তি।

ঐতরেশ্ব বাদ্ধণ বলছেন: আত্মসংস্কৃতিবাব শিল্পানি। শিল্পই হচ্ছে আত্মসংস্কৃতি।
সমাক্ রূপদানই সংস্কৃতি, তাকেই বলে শিল্প। আত্মাকে স্বসংযত করে মাহ্ব যথন
আত্মার সংস্কার করে, অর্থাৎ তাকে দের সমাক্ রূপ, সেও তো শিল্প। মাহ্ববের শিল্পের
উপাদান কেবল তো কাঠপাথর নয়, মাহ্ব নিজে। বর্বর অবস্থা থেকে মাহ্বব নিজেকে
সংস্কৃত করেছে। এই সংস্কৃতি তার স্বরুচিত বিশেষ ছন্দোময় শিল্প। এই শিল্প নানা
দেশে, নানা কালে, নানা সভ্যতায়, নানা আকারে প্রকাশিত, কেননা বিচিত্র তার ছন্দ।
ছন্দোময়ং বা এতৈইজ্মান আত্মানং সংস্কৃততে। শিল্পযজ্ঞের ষজমান আত্মাকে সংস্কৃত
করেন, তাকে করেন ছন্দোময়।

বেষন মাহবের আত্মার তেমনি মাহবের সমাজেরও প্রয়োজন ছলোমর সংস্কৃতি।
সমাজও শিল্প। সমাজে আছে নানা মত, নানা ধর্ম, নানা শ্রেণী। সমাজের অস্করে
স্কৃতিত্ব বদি সক্রিয় থাকে, তা হলে সে এষন ছল উদ্ভাবন করে যাতে তার অংশপ্রত্যংশের মধ্যে কোথাও ওজনের অত্যস্ত বেশি অসাম্য না হয়। অনেক সমাজ
পঙ্গু হয়ে আছে ছলের এই কটিতে, অনেক সমাজ মরেছে ছলের এই অপরাধে।
সমাজে যথন হঠাৎ কোনো একটা সংরাগ অভিপ্রবল হয়ে ওঠে তথন মাভাল সমাজ
পা ঠিক রাখতে পারে না, ছল থেকে হয় শ্রন্থ। কিছা যখন এমন সকল মতের,
বিশাসের, ব্যবহারের বোঝা অচল হয়ে কাঁথে চেপে থাকে, যাকে ছল বাঁচিয়ে সম্মুখে
বহন করে চলা সমাজের পক্ষে অসম্ভব হয়, তথন সেই সমাজের পরাভব ঘটে। বেছেতু

জগতের ধর্মই চলা, সংসারের ধর্ম স্বভাবতই সরতে থাকা, সেইজক্তেই তার বাহন ছন্দ। যে গতি ছন্দ রাখে না, তাকেই বলে তুর্গতি।

মাহ্নের ছন্দোমর দেহ কেবল প্রাণের আন্দোলনকে নর তার ভাবের আন্দোলনকেও বেমন সাড়া দেয়, এমন আর কোনো জীবে দেখি নে। অক্ত জন্তর দেহেও ভাবের ভাষা আছে কিন্তু মাহ্নবের দেহভঞ্জির মতো সে ভাষা চিন্নরতা লাভ করে নি, তাই তার তেমন শক্তি নেই, ব্যঞ্জনা নেই।

কিন্তু, এই বথেষ্ট নয়। মাহ্বব স্পষ্টকর্তা। স্প্তি করতে গেলে ব্যক্তিগত তথ্যকে
দাড় করাতে হয় বিশ্বগত সত্যে। স্থত্ঃখ-রাগবিরাগের অভিজ্ঞতাকে আপন ব্যক্তিগত
একান্তিকতা থেকে ছাড়িয়ে নিয়ে সেটাকে রপস্পষ্টর উপাদান করতে চায় মাহ্বব।
'আমি ভালোবাসি' এই কথাটিকে ব্যক্তিগত ভাষায় প্রকাশ করা যেতে পায়ে ব্যক্তিগত
সংবাদ বহন করবার কাজে। আবার, 'আমি ভালোবাসি' এই কথাটিকে 'আমি' থেকে
ক্তিয় করে স্পষ্টর কাজে লাগানো যেতে পায়ে, যে স্পষ্ট সর্বজনের, সর্বকালের। যেমন
সাজাহানের বিরহশোক দিয়ে স্প্ত হয়েছে তাজ্মহল, সাজাহানের স্পষ্ট অপরূপ ছলে
অতিক্রম করেছে ব্যক্তিগত সাজাহানকে।

নৃত্যকলার প্রথম ভূমিকা দেহচাকল্যের অর্থহীন স্থমার। তাতে কেবলমাত্র ছন্দের আনন্দ। গানেরও আদিম অবস্থার একঘেরে তালে একঘেরে স্থরের পুনরার্ত্তি; সে কেবল তালের নেশা-জমানো, চেডনাকে ছন্দের দোল-দেওরা। তার সঙ্গে ক্রমে ভাবের দোলা মেশে। কিন্তু, এই ভাবব্যক্তি যখন আপনাকে ভোলে, অর্থাৎ ভাবের প্রকাশটাই যখন লক্ষ্য না হয়, তাকে উপলক্ষ করে রূপস্থাইই হয় চরম, তখন নাচটা হয় সর্বজনের ভোগা; সেই নাচটা ক্ষণকালের পরে বিশ্বত হলেও যতক্ষণ থাকে ততক্ষণ তার রূপে চিরকালের স্বাক্ষর লাগে।

নাচতে দেখেছি সারসকে। সেই নাচকে কেবল আন্দিক বলা যায় না, অর্থাৎ টেক্নিকেই ভার পরিশেষ নয়। আন্দিকে মন নেই, আছে নৈপুণা। সারসের নাচের মধ্যে দেখেছি ভাব এবং ভার চেরেও আরো কিছু বেলি। সারস যখনই মৃগ্ধ করতে চেরেছে আপন দোসরকে তথনই ভার মন স্পষ্ট করতে চেরেছে নৃত্যভন্দির সংস্কৃতি, বিচিত্র ছলের পদ্ধতি। সারসের মন আপন দেহে এই নৃত্যশিল্প রচনা করতে পেরেছে, ভার কারণ ভার দেহভারটা অনেক মৃক্ত।

কুক্রের মনে আবেগের প্রবলতা যথেও, কিন্তু তার দেহটা বন্ধক দেওয়া মাটির কাছে। মৃক্ত আছে কেবল তার ল্যাক্ত। ভাবাবেগের চাঞ্চল্যে কুক্রীর ছন্দে ওই ল্যাক্টাতেই চঞ্চল হয় তার নৃত্য, দেহ আঁকুবাঁকু করে বন্দীর মতো। মাহ্নবের সমগ্র মৃক্ত দেহ নাচে; নাচে মাহ্নবের মৃক্ত কঠের ভাষা। তাদের মধ্যে ছলের স্পান্তরহন্ত যথেষ্ট জারগা পার। সাপ অপদস্থ জীব, মাহ্নবের মতো পদস্থ নয়। সমস্ত দেহ সে মাটিকে সমর্পন করে বসেছে। সে কথনো নিজে নাচে না। সাপুড়ে তাকে নাচার। বাহিরের উত্তেজনার ক্ষণকালের জন্ত দেহের এক অংশকে সে মৃক্ত করে নের, তাকে দোলার ছলে। এই হলা সে পার অন্তের কাছ থেকে, এ তার আপন ইচ্ছার ছল নয়। ছল মানেই ইচ্ছা। মাহ্নবের ভাবনা রূপগ্রহণের ইচ্ছা করেছে নানা শিল্পে, নানা ছলে। কত বিলুপ্ত সভ্যতার ভয়াবশেষে বিশ্বত মৃগের ইচ্ছার বাণী আজ্বভ ধ্বনিত হচ্ছে তার কত চিত্রে, জলপাত্রে, কত মৃতিতে। মাহ্নবের আনলময় ইচ্ছা সেই ছলোলীলার নটরাজ, ভাষায় ভাষায় তার সাহিত্যে সেই ইচ্ছা নব নব নৃত্যে আলোলিত।

মাহ্যের সহজ চলার অব্যক্ত থাকে নৃত্য, ছল যেমন প্রচ্ছর থাকে গ্রহাধার। কোনো মাহ্যের চলাকে বলি হনের, কোনোটাকে বলি তার উলটো। তফাতটা কিনো। সে কেবল একটা সমস্তাসমাধান নিয়ে। দেহের ভার সামলিয়ে দেহের চলা একটা সমস্তা। ভারটাই যদি অত্যন্ত প্রত্যক্ষ হয়, তা হলেই অসাধিত সমস্তা প্রমাণ করে অপটুতা। যে চলার সমস্তার সম্হুক্ত মীমাংসা সেই চলাই হৃদর।

পালে-চলা নৌকো হৃদর, তাতে নৌকোর ভারটার সঙ্গে নৌকোর গতির সম্পূর্ণ মিলন; সেই পরিণয়ে ত্রী উঠেছে ফুটে, অতিপ্রয়াসের অবমান হয়েছে অন্তর্হিত। এই মিলনেই ছল। দাঁড়ি দাঁড় টানে, সে লগি ঠেলে, কঠিন কাজের ভারটাকে সে কমিয়ে আনে কেবল ছল রেখে। তথন কাজের ভিন্ন হয় হৃদর। বিশ্ব চলেছে প্রকাণ্ড ভার নিয়ে বিপুল দেশে নিরবধি কালে হৃপরিমিতির ছলো। এই হৃপরিমিতির প্রেরণায় শিশিরের ফোঁটা থেকে স্ক্মণ্ডল পর্যন্ত হুলোর পাপড়ি স্থবিষ্ক্ম, গাছের পাতা স্থঠাম, জলের টেউ স্থডোল।

জাপানে ফুলদানিতে ফুল সাজাবার একটি কলাবিতা আছে। যেমন-তেমন আকারে পুঞ্জীকত পুশ্লিত শাখার বস্তভারটাই প্রত্যক্ষ; তাকে ছন্দ দিয়ে যেই শিল্প করা যায়, তথন সেই ভারটা হয় অগোচর, হালকা হয়ে গিয়ে অস্তরে প্রবেশ করে সহজে।

প্রাচীন জাপানের একজন বিখ্যাত বীর এই সুল সাজানো দেখতে ভালোবাসতেন।
তিনি বলতেন, এই সজ্জাপ্রকরণ থেকে তাঁর মনে আসত আপন যুদ্ধব্যবসায়ের প্রেরণা।
যুদ্ধও ছন্দে-বাঁধা শিল্প, ছন্দের সম্থকর্ষ থেকেই তার শক্তি। এই কারণেই সাঠি-থেলাও নৃত্য।

জাপানে দেখেছি চা-উৎসব। তাতে চা-তৈরি, চা-পরিবেশনের প্রত্যেক অংশই সমত্ব, স্থলর। তার তাৎপর্য এই যে কর্মের সৌষ্ঠব এবং কর্মের নৈপুণা একসলে গাঁথা। গৃহিণীপনা যদি সত্য হয় তাকে স্থলর হতেই হবে; অকৌশল ধরা পড়ে কুশ্রীতায়, কর্মের ও লোক-ব্যবহারের ছন্দোভলে। ভাঙা ছন্দের ছিন্ত দিয়েই লক্ষ্মী বিদায় নেন।

এতক্ষণ ছলকে দেখা গেল নৃত্যো। কেননা ছলের প্রথম উল্লাস মাস্থ্যের বাকাহীন দেহই। তার পরে দেছের ইশারা মেলে ভাষার ইশারায়। এবার ভাষার ক্ষত্রে দেখা যাক ছলকে।

সেই একই কথা, ভার আর গতি, সেই ছুইরের যোগে ওজন বাঁচিয়ে চলা। জন্তর আওয়াজের পরিধি কভটুকুই বা; তাতে জাের থাকতে পারে কিন্তু ভার সামান্ত। কুকুর যতই ভাকুক, শেয়াল যতই চেঁচাক, ধ্বনির ওজন বাঁচিয়ে চলবার সমস্তা তাদের নেই। কোনা কোনা ক্বেত্রে কিছু আভাস পাওয়া যায়। গাধার 'পরে অবিচার করতে চাই নে। সে শুধু পরের ময়লা কাপড় বহন করে তা নয়, এ-পর্যন্ত কঠয়র সম্বন্ধে আপন প্রভূত অখ্যাতি বহন করে এসেছে। কিন্তু, য়্বনই সে নিজের ভাককে দীর্ঘায়িত করে, তথনই পর্যায়ে পর্যায়ে তাকে ধ্বনির ওজন ভাগ করতে হয়। নিজের বাবসায়ের প্রতি লক্ষ রেখে এই ব্যাপারকে ছন্দ বলতে কুরিত হচ্ছি। কিন্তু, আর কী বলব জানি নে।

মাহ্বকে বহন করতে হয় ভাষার হুদীর্ঘতা। প্রলম্বিত ভাষার ওজন তাকে রাখতেই হয়। মাহ্বের সেই বাক্যের সঙ্গে তার গানের হর ষধন মিশল, তখন গীতিকলা হল দীর্ঘায়ত। নানাবিধ তাল নিযুক্ত হয়েছে তার ভার বইতে। কিছু, তাল অর্থাৎ হলকে কেবল ভারবাহক বললে চলবে না। সে ভো ধ্বনিভারের ঝাকামুটে নয়। ভারগুলিকে নানা আয়তনে বিভক্ত করে যেই সে তাকে গভিদেয়, অমনি রূপ নিয়ে সংগীত আমাদের চৈত্রকে আঘাত করে। ভাষা অবলম্বন করে যখন আমরা খবর দিতে চাই তখন বিবরণের সত্যতা রক্ষা করাই আমাদের একমাত্র দায়িত; কিছু যখন রূপ দিতে চাই তখন সত্যতার চেয়ে বেশি আবশ্রুক হয়

'একদা এক বাঘের গলাম হাড় ফুটিরাছিল', এটা নিছক খবর। গল্প হিসাবে বা ঘটনা হিসাবে সত্য হলে এর আর কোনোই জবাবদিহি নেই। কিন্তু, গলাম-হাড়-বেঁধা জন্তীর ল্যাজ যদি প্রত্যক্ষভাবে চৈত্তগ্রের মধ্যে আছড়িয়ে নিতে চাই তবে ভাষায় লাগাতে হবে হলের মন্ত্র। বিত্যং-লাঙ্গুল করি খন তর্জন বজ্রবিদ্ধ মেঘ করে বারি বর্জন। তদ্ধপ যাতনার অন্থির শাদ্ল অস্থিবিদ্ধগলে করে ঘোর গর্জন।

কাব্যসাহিত্য ক্ষেত্রল রসসাহিত্য নয়, তা রূপসাহিত্য। সাধারণত, ভাষায় শব্দগুলি অর্থবহন করে, কিন্তু ছন্দে তারা রূপগ্রহণ করে।

ছন্দ সম্বন্ধে এই গোল আমার সাধারণ বক্তবা। বিশের ভাষায় মামুষের ভাষায় রূপ দেওয়া তার কাজ। এখন বাংলা কাব্যছন্দ সম্বন্ধে বিশেষভাবে কিছু বলবার চেষ্টা করা যাক।

2

প্রত্যেক ভাষার একটি স্বকীয় ধ্বনি-উদ্ভাবনা আছে। তার থেকে তার স্বরূপ চেনা যায়। ইংরেজিতে বেশির ভাগ শব্দে স্বরবর্ণের মধ্যস্থতা নেই বলে সে যেন হয়েছে সরদ যম্বের মতো, আঙুলের আঘাতে তার ঐকমাত্রিক ধ্বনিগুলি উচ্চকিত, ইটালিয়ানে ছড়ির লম্বা টানে বেহালার টানা স্বর।

বাংলাভাষাও নিজের একটা বিশেষ ধ্বনিষক্ষপ আছে। তার ধ্বনির এই চেহারা হসস্তবর্ণের যোগে। যে বাংলা আমাদের মায়ের কণ্ঠগত, জ্যেষ্ঠতাতের লেখনীগত নম্ন, ইংরেজির মতো তারও হার ব্যঞ্জনবর্ণের সংঘাতে। আজ সাধুভাষার ছন্দে জোর নেবার অভিপ্রায়ে অভিধান ঘেঁটে যুক্তবর্ণের আয়োজনে লেগেছি, অথচ প্রাক্তবাংলায় হসস্তের প্রাধান্ত আছে বলেই যুক্তবর্ণের জোর তার মধ্যে আপনি এসে পড়ে। এই ভাষার একটি প্লোক রচনা করা যাক একটিও যুক্তবর্ণ না দিয়ে।

দূর সাগরের পারের পবন

আসবে ধখন কাছের কৃলে রঙ্কিন আঞ্চন জালবে ফাগুন,

মাতবে অশোক সোনার ফুলে।

হসস্তের ধান্ধার যুক্তবর্ণের ঢেউ আপনি উঠছে।

চীনদেশের সাংঘাই নগরে একটি আরামবাগ আছে। অনেককাল দেখানে চীনের লোকেরই প্রবেশ নিষেধ ছিল। তেমনি বাংলাদেশের সাহিত্য-আরামবাগ থেকে বাংলাভাষার স্বকীয় ধ্বনিরূপটি পণ্ডিত-পাহারাওয়ালার ধান্ধা থেয়ে অনেক কাল বাইরে বাইরে ফিরেছিল। ভাষার শব্দে অর্থ আছে, স্বর আছে। অর্থ কিনিসটা সকল ভাষাতেই এক, স্বর্টা প্রত্যেক ভাষাতেই স্বতম্ব। 'কল' শব্দে যা বোঝার 'water' শব্দেও তাই বৃঝি, কিন্তু ওদের স্বর আলাদা। ভাষা এই স্বর নিরে শিল্প রচনা করে, ধ্বনির শিল্প। সেই রূপস্থাইর যে ধ্বনিতত্ত্ব বাংলাভাষার আপন সমল পণ্ডিভরা তাকে অবজ্ঞা করতে পারেন, কেননা, তাঁরা অর্থের মহাজন; কিন্তু, যারা রূপরসিক তাঁদের মূল্যন ধ্বনি। প্রাক্ত-বাংলার ছুয়োরানীকে যারা স্বরোরানীর অপ্রতিহতপ্রভাবে সাহিত্যের গোরাল্যরে বাসা না দিয়ে হৃদ্রে স্থান দিয়েছে, সেই 'অশিক্ষিত'-লাঞ্ছনাধারীর দল যথার্থ বাংলাভাষার সম্পদ নিয়ে আনন্দ করতে বাধা পার না। তাদের প্রাণের গভীর কথা তাদের প্রাণের সহন্ধ ভাষার উদ্যুত করে দিই।

আছে যার মনের মাহ্র্য আপন মনে
সে কি আর জপে মালা।
নির্দ্রনে সে বসে বসে দেখছে খেলা।
কাছে রয়, ডাকে তারে
উচ্চম্বরে

কোন্ পাগেশা,

eরে যে যা বোঝে তাই সে বুঝে থাকে ভোলা।

যেথা যার ব্যথা নেহাত সেইখানে হাত

ডলামলা,

তেমনি জেনো মনের মান্ত্র মনে তোলা। যে জনা দেখে সে রূপ করিয়া চুপ,

त्रत्र नित्रांना ।

ওরে লালন-ভেড়ের লোক-দেখানো মুখে 'হরি হরি' বোলা।

আর-একটি---

এমন মানব-জনম আর কি হবে। যা কর মন তরার করো এই ভবে। জনস্তরূপ ছিষ্টি করেন সাঁই, শুনি মানবের তুলনা কিছুই নাই। দেব-দেবভাগণ

করে আরাধন

জন্ম নিতে মানবে।…

এই মাহুষে হবে মাধুর্যভন্তন
ভাইতে মাহুষ-রূপ গঠিল নিরঞ্জন।
এবার ঠকলে আর
না দেখি কিনার,
লালন কয় কাত্রভাবে।

এই ছন্দের ভঙ্গি একঘেরে নয়। ছোটো বড়ো নানা ভাগে বাঁকে বাঁকে চলেছে। সাধুপ্রসাধনে মেজে-ঘষে এর শোভা বাড়ানো চলে, আশা করি এমন কথা বলবার সাহস হবে না কারো।

এই থাটি বাংলায় সকল রকম ছন্দেই সকল কাবাই লেখা সম্ভব, এই আমার বিশাস। ব্যঙ্গকবিতায় এ ভাষার জোর কত ঈশ্বর গুপ্তের কবিতা থেকে তার নম্না দিই। কুইন ভিক্টোরিয়াকে সম্বোধন করে কবি বলছেন—

তুমি মা কল্পতক,

আমরা সব পোষা গোরু শিখি নি শিঙ-বাঁকানো,

क्वन थाव (थान-विविन घान।

যেন রাঙা আমলা তুলে মামলা গামলা ভাঙে না,

षामवा ज्वि (शानरे श्नि हव

ঘূষি থেলে বাঁচব না।

কেবল এর হালিটা নয়, এর ছন্দের বিচিত্র ভলিটা লক্ষ করে দেখবার বিষয়।

অথচ, এই প্রাক্ত-বাংলাতেই 'মেঘনাদবধ' কাব্য লিখলে যে বাঙালিকে লজ্জা

দেওয়া হত লে কথা স্বীকার করব না। কাব্যটা এমন ভাবে আরম্ভ করা যেত—

যুদ্ধ ভখন সাক্ত হল বীরবাছ বীর যবে বিপুল বীর্ণ দেখিয়ে ছঠাৎ গেলেন মৃত্যুপুরে যৌবনকাল পার না হতেই। কও মা সরস্বতী, অমৃত্যুর বাক্য তোমার, সেনাধ্যক্ষপদে কোন্ বীরকে বরণ করে পাঠিরে দিলেন রণে রঘুক্লের পরম শক্রু, রক্ষক্লের নিধি।

এতে গান্তীর্থের ফটি ঘটেছে এ কথা মানব না। এই যে বাংলা বাঙালির দিনরাত্রির ভাষা এর একটি মন্ত গুণ, এ ভাষা প্রাণবান্। এইজন্যে সংস্কৃত বলো, ফার্সি বলো, ইংরেজি বলো, সব শন্দকেই প্রাণের প্রয়োজনে আত্মসাৎ করতে পারে। থাটি ছিন্দি ভাষারও সেই গুণ। যারা হেড্পণ্ডিত মহাশস্কের কাছে পড়ে নি তাদের একটা লেখা তৃশে দিই—

চক্ষ্ আঁধার দিলের ধোঁকার কেশের আড়ে পাহাড় লুকার, কী রঙ্গ সাঁই দেখছে সদাই বসে নিগম ঠাই।

এখানে না দেখলেম তারে চিনব তবে কেমন ক'রে, ভাগোতে আখেরে তারে

हिना्छ यमि शार्टे।

প্রাক্ত-বাংলাকে গুরুচগুলি দোষ স্পর্ণ ই করে না। সাধু ছাঁদের ভাষাতেই শব্দের মিশোল সয় না।

চলতি বাংলাভাষার প্রসন্ধা দীর্ঘ হয়ে পড়ল। তার কারণ, এ ভাষাকে যারা প্রতিদিন ঘরে দেন স্থান, তাঁদের অনেকে সাহিত্যে একে অবজ্ঞা করেন। স্টোতে লাহিত্যকে তার প্রাণরসের মূল আধার থেকে সরিয়ে নেওয়া হচ্ছে জেনে আমার আপত্তিকে বড়ো করেই জানাল্ম। ছলের তত্ত্বিচারে ভাষার অন্তর্নিহিত ধ্বনিপ্রকৃতির বিচার অত্যাবশ্যক, সেই কথাটা এই উপলক্ষে বোঝাবার চেটা করেছি।

বাংলা ছন্দের তিনটি শাখা। একটি আছে পুঁথিগত ক্টরেম ভাষাকে অবলম্বন করে, সেই ভাষার বাংলার স্বাভাবিক ধ্বনিরূপকে স্বীকার করে নি। আর-একটি সচল বাংলার ভাষাকে নিয়ে, এই ভাষা বাংলার হসস্ত-শব্দের ধ্বনিকে আপন বলে গ্রহণ করেছে। আর-একটি শাখার উল্গাম হয়েছে সংস্কৃত ছন্দকে বাংলার ভেঙে নিয়ে।

শिथितिगी माणिनी मन्नाकासा भार्म् गिविकी फिछ প্রভৃতি বড়ো বড়ো গছীরচালের हन्म श्रक्तमपूष रत्रत यथानिर्निष्ठे विकारम सम्मान मोळाडारभत हन्। বাংলার सम्मान বিষমমাত্রামূলক ছন্দ কিছু কিছু চালিম্নেছি, কিন্তু বিষমমাত্রার ঘনঘন পুনরার্ত্তির ধারা তারও একটা সন্মিতি রক্ষা হয়।

শিমৃশ রাঙা রঙে
চোখেরে দিল ভরে।
নাকটা হেলে বলে,
হার রে যাই মরে।
নাকের মতে, গুণ
কেবলি আছে ছাণে,
রূপ যে রঙ থোঁকে
নাকটা তা কি জানে।

এখানে বিষমমাত্রার পদগুলি জোড়ে-জোড়ে এসে চলনের অসমানতা ঘৃচিয়ে দিয়েছে।
কিন্তু, সংস্কৃত ভাষায় বিষমমাত্রার বিস্তার আরো অনেক বড়ো। এই সংস্কৃত ছন্দের
দীর্ঘহুস্ব স্বরকে সমান করে নিয়ে কেবলমাত্র মাত্রা মিলিয়ে ছন্দ রচনা বাংলায় দেখেছি,
সে বহুকাল পূর্বে 'স্বপ্নপ্রয়াণ'এ।

লজা বলিল, "হবে

কি লো তবে,
কতদিন পরান রবে

অমন করি।

হইয়ে জলহীন

যথা মীন
রহিবি ওলো কতদিন

মরমে মরি।"

এর প্রত্যেক ভাগে মাত্রাসংখ্যা সভস্ত।

সংস্কৃত ছন্দে বিবিধ মাত্রার এই গতিবৈচিত্রা যা সন্মিতি উপেক্ষা করেও ভলিলীলা বাঁচিরে চলে, বাংলার তার অহকেতি এখনো যথেষ্ট প্রচলিত হর নি। নৃতন ছন্দ বাংলার স্পষ্ট করবার শর্ম থালের প্রবল, এই পথে তাঁরা অনেক নৃতনত্বের সন্ধান পাবেন। তব্ বলে রাখি, তাতে তাঁরা সংস্কৃত ছন্দের মোট আয়তনটা পাবেন, তার ধ্বনিতরক্ষ পাবেন না। মন্দাক্রাস্থার মাত্রা-গোনা একটা বাংলা ছন্দের নমুনা দেওয়া যাক্ষ— সারা প্রভাতের বিকালে গেঁথে আনি ভাবিত্ব হারখানি मिय गरन। **ज्रा अंदर अंदर्शिय** তোমার কাছে এসে কথা ষে যার ভেসে वांशिक्ता দিন যবে হয় গভ না-বলা কথা যত খেলার ভেলা-মতো হেলাভবে লীলা ভার করে সারা যে পথে ঠাইহারা রাতের যত তারা योष्ठ गद्रा

শিখরিণীকেও এই ভাবে বাংলায় রূপাস্তরিত করা যেতে পারে-

কেবলি অহরহ মনে-মনে
নীরবে ভোমা-সনে
যা-খুশি কহি কত;
বিরহবাথা মম নিজে নিজে
ভোমারি মুরতি ষে
গড়িছে অবিরত।
এ পূজা ধার যবে ভোমা-পানে
বাজে কি কোনোখানে,
কাঁপে কি মন তব।
জান কি দিবানিশি বছদুরে
গোপনে বাজে স্থরে
বেদনা অজ্ঞিনব।

ছল সম্বন্ধে আরো কিছু বলা বাকি রইল, আর কোনো সময়ে পরে বলবার ইচ্ছা আছে। উপসংহারে আজ কেবল এই কথাটি বলতে চাই যে, ছলের একটা দিক আছে যেটাকে বলা যেতে পারে কৌশল। কিন্তু, তার চেয়ে আছে বড়ো জিনিস যেটাকে বলি সৌষ্ঠব। বাহাত্ত্বি তার মধ্যে নেই, সমগ্র কাব্যস্থাইর কাছে ছলের আত্মবিশ্বত আত্মনিবেদনে তার উত্তব। কাব্য পড়তে গিয়ে যদি অহতেব করি যে, ছল পড়ছি, তা হলে সেই প্রগল্ভ ছলকে ধিক্কার দেব। মন্তিক্ষ হংপিও পাকস্থলী অতি আশ্চর্য যয়, স্থাইকর্তা তাদের স্বাতন্ত্র্য ঢাকা দিয়েছেন। দেহ তাদেরকে ব্যবহার করে, প্রকাশ করে না। করে প্রকাশ যখন রোগে ধরে; তখন যক্ষটো হয় প্রবল, তার কাছে মাথা হেঁট করে লাবণ্য। শরীরে স্বাস্থ্যের মতোই কবি ছলকে ভূলে থাকে, ছল যখন তার যথার্থ আপন হয়।

বৈশাধ ১৩৪১

গগুছন্দ

কলিকাতা বিশ্ববিদ্যালয়ে পঠিত

কথা যথন থাড়া দাঁড়িয়ে থাকে তখন সে কেবলমাত্র আপন অর্থটুকু নিবেদন করে।
যথন তাকে ছন্দের আঘাতে নাড়া দেওয়া যায় তখন তার কাছ থেকে অর্থের বেশি আরো
কিছু বেরিয়ে পড়ে। সেটা জানার জিনিস নয়, বেদনার জিনিস। সেটাতে পদার্থের
পরিচয় নয়, রসের সম্ভোগ।

আবেগকে প্রকাশ করতে গেলে কথার মধ্যে আবেগের ধর্ম সঞার করতে হয়। আবেগের ধর্ম হচ্ছে বেগ; সে চলে, চালায়। কথা যখন সেই বেগ গ্রহণ করে তখন স্পন্দিত হাম্মভাবের সঙ্গে তার সাধর্মা ঘটে।

চলতি ভাষায় আমরা বলি কথাকে ছন্দে বাঁধা। বাঁধা বটে, কিন্তু লে বাঁধন বাইরে, রূপের দিকে; ভাবের দিকে মৃক্তি। যেমন লেতারে তার বাঁধা, তার থেকে হুর পায় ছাড়া। ছন্দ সেই লেতারের বাঁধা তার, হুরের বেগে কথাকে অন্তরে দেয় মৃক্তি।

উপনিষদে আছে, আত্মার লক্ষ্য ব্রহ্ম, ওক্ষারের ধানিবেগ তাকে ধছুর মতো লক্ষ্যে পৌছিরে দেয়। এতে বলা হচ্ছে, বাক্যের দারা যুক্তির দারা ব্রহ্ম জানবার বিষয় নন, তিনি আত্মার সঙ্গে একাত্ম হবার বিষয়। এই উপলব্ধিতে ধানিই সহায়তা করে, শকার্থ করে না।

काला जवर एक में उन्हों मार्था स्था का किना इस माज , जर्थार मासिधा इस, मायूका

হয় না। কিন্তু, এমন-সকল বিষয় আছে যাকে জানার বারা পাওয়া যায় না, যাকে আত্মন্থ করতে হয়। আম বস্তুটাকে সামনে রেখে জানা চলে, কিন্তু তার রসটাকে আত্মগত করতে না পারলে বৃদ্ধিমূলক কোনো প্রণালীতে তাকে জানবার উপায় নেই। রসসাহিত্য মুখ্যত জ্ঞানের জিনিস নয়, তা মর্মের অধিগম্য। তাই, সেখানে কেবল অর্থ যথেই নয়, সেখানে ধ্বনির প্রয়োজন; কেননা ধ্বনি বেগবান্। ছন্দের বন্ধনে এই ধ্বনিবেগ পায় বিশিষ্টতা, পায় প্রবলতা।

নিতাব্যবহারের ভাষাকে ব্যাকরণের নিয়মকাল দিয়ে বাঁধতে হয়। রসপ্রকাশের ভাষাকে বাঁধতে হয় ধানিসংগতের নিয়মে। সমাজেই বলো, ভাষাতেই বলো, সাধারণ ব্যবহারবিধির প্রয়োজন বাইরের দিকে, কিন্তু তাতেই সম্পূর্ণতা নেই। আর-একটা বিধি আছে যেটা আত্মিকতার বিধি। সমাজের দিক থেকে একটা দৃষ্টাস্ত দেখানো যাক।

জাপানে গিয়ে দেখা গেল জাপানি সমাজন্থিতি। সেই স্থিতি ব্যবস্থাবন্ধনে। সেধানে চোরকে ঠেকার পুলিস, জুরাচোরকে দের সাজা, পরস্পরের দেনাপাওনা পরস্পরকে আইনের তাড়ার মিটিরে দিতে হয়। এই ষেমন স্থিতির দিক তেমনি গতির দিক আছে; সে চরিত্রে, যা চলে যা চালায়। এই গতি হচ্ছে অস্তর থেকে উদ্যাত স্বাচির গতি, এই গতিপ্রবাহে জাপানি মহুয়াখের আদর্শ নিম্বত রূপ গ্রহণ করে। জাপানি সেখানে ব্যক্তি, সর্বদাই তার ব্যঞ্জনা চলছে। সেখানে জাপানির নিতা-উদ্বাবিত সচল সম্ভাব পরিচয় পাওয়া গেল। দেখতে পেলেম, স্বভাবতই জাপানি রপকার। কেবল যে শিল্পে সে আপন সৌষম্যবোধ প্রকাশ করছে তা নয়, প্রকাশ করছে আপন ব্যবহারে। প্রতিদিনের আচরণকেও সে শিল্পসামগ্রী করে তুলেছে, সৌজক্তে তার শৈথিলা নেই। আতিথেয়তায় তার দাক্ষিণা আছে, হততা আছে, বিশেষভাবে আছে ऋष्या। कांशान्तर वोक्रमन्तित शिल्य। यन्त्रिमञ्जाय, উপাসকদের আচরণে অনিন্যানির্মল শোভনতা; বহুনৈপুণ্যে নির্মিত মন্দিরের ঘণ্টার গঞ্জীর মধুর ধ্বনি মনকে আনন্দে আন্দোলিত করে। কোপাও দেখানে এমন কিছুই নেই যা মান্ন্ষের কোনো ইন্দ্রিয়কে কদর্যতা বা অপারিপাটো অবমানিত করতে পারে। এই সব্দে দেখা যায় পৌরুষের অভিমানে জাপানির প্রাণপণ নিভীকতা। চারুতা ও বীর্ষের সন্মিলনে এই যে তার আত্মপ্রকাল, এ তো ফৌজদারি দণ্ডবিধির সৃষ্টি নয়। অথচ, জাপানির ব্যক্তিশ্বরূপ বন্ধনের স্বষ্টি, তার পরিপূর্ণতা দীমার দারাতেই। নিয়ত প্রকাশমান চলমান এই তার প্রকৃতিকে শক্তিদান রূপদান করে যে আছরিক বছন, যে সজীব সীমা, তাকেই विन इन । आईरनद नागरन ग्रांखिष्ठि, अक्षद्वद इस्म आण्रश्रकान ।

বিংশতিকোট মানবের বাস
এ ভারতভূমি যবনের দাস
রয়েছে পড়িয়া শৃত্ধলে বাঁধা।
আর্থাবর্তজয়ী মানব যাহারা
সেই বংশোন্তব জাতি কি ইহারা,
জন কত শুধু প্রহরী-পাহারা
দেখিয়া নয়নে লেগেছে ধাঁধা।

দেখা যাচ্ছে, ছন্দের বন্ধনে শব্দগুলোকে শৈথিলা থেকে বাঁচিয়ে রেখেছে, এলিয়ে পড়ছে না, তারা একটা বিশেষ রূপ নিয়ে চলেছে। বাঁধন ভেঙে দেওয়া যাক।

'ভারতভূমিতে বিংশতিকোটি মানব বাস করিয়া থাকে, তথাপি এই দেশ দাসত্বশৃষ্থলে আবদ্ধ হইয়া আছে। যাহারা একদা আধাবর্ত জয় করিয়াছিল ইহারো কি
সেই বংশ হইতে উছ্ত। কয়েকজনমাত্র প্রহ্রীর পরিক্রমণ দেখিয়াই ইহাদের চক্ষ্তে
কি দৃষ্টিবিভ্রম ঘটিয়াছে।'

কথাগুলোর কোনো লোকসান হয় নি, বরঞ্ছ হিসাব করে দেখলে কয়েক পার্সেন্ট্
মূনফাই দেখা যায়। কিন্তু কেবল ব্যাকরণের বাঁধনে কথাগুলোকে অন্তরের দিকে
সংঘবদ্ধ করে নি, তারই অভাবে সে শক্তি হারিয়েছে। উদাস মনের কদ্ধ দার ভাঙবার
উদ্দেশে স্বাই মিলে এক হয়ে ঘা দিতে পারছে না।

ছন্দর সঙ্গে অছন্দর তফাত এই যে, কথা একটাতে চলে, আর-একটাতে শুধু বলে কিন্তু চলে না। যে চলে সে কখনো খেলে, কখনো নাচে, কখনো লড়াই করে, হাসে কাঁদে; যে স্থির বসে থাকে সে আপিস চালায়, তর্ক করে, বিচার করে, হিসাব মেখে, দল পাকায়। ব্যবসায়ীর শুক্ষ প্রবীণতা ছন্দোহীন বাক্যে, অব্যবসায়ীর সরসচঞ্চল প্রাণের বেগ ছন্দোময় ছবিতে কাব্যে গানে।

এই ছবি-গান-কাব্যকে আমরা গড়ে-তোলা জিনিস বলে অমুদ্ভব করি নে; মনে লাগে, যেন তারা হয়ে-ওঠা পদার্থ। তাদের মধ্যে উপাদানের বাছ সংঘটনটা অত্যম্ভ বেশি ধরা দের না; দেখা যার উদ্ভাবনার একটা অথগু প্রকাশ, যে প্রকাশ একান্তভাবে আমাদের বোধের সঙ্গে মেলে। বিশ্বস্থিতি স্পন্দিত আকাশ, কম্পিড বাতাস, চঞ্চল হদরাবেগ আয়ুতস্ততে ছন্দোবিভঙ্গিত হয়ে আলোডে গানেতে বেদনার আমাদের চৈতন্যে কেবলই একে দিচ্ছে আলিম্পন। ছবি-গান-কাব্যও আপন ছন্দঃম্পন্দনের

> আরম্ভ ছইতে প্রবন্ধের এই অনুদ্দেন পর্যন্ত আল সাম্বরিক পত্র হইতে গৃহীত ছইরাছে।

চলদ্বেগে আমাদের চৈডক্তকে গতিমান্ আকৃতিমান্ করে তুলছে নানাপ্রকার চাঞ্চল্যে। অস্তরে খেটা এলে প্রবেশ করছে সেটা মিলে যাচ্ছে আমাদের চৈডক্তে, লে আরু স্বতন্ত্র থাকছে না।

ঘোড়ার ছবি দেখি প্রাণিতত্বের বইরে। সেখানে ঘোড়ার আরুতির সঙ্গে তার অকপ্রতাকের সমস্ত হিসাব ঠিকঠাক মেলে। তাতে ধবর পাই, সে ধবর বাইরের ধবর; তাতে জ্ঞানলাভ করি, ভিতরটা খুলি হয়ে ওঠে না। এই ধবরটা স্থাবর পদার্থ। রূপকার ঘোড়ার যে ছবি আঁকে তার চরম উদ্দেশ্য ধবর নর খুলি, এই খুলিটা বিচলিত চৈতন্তের বিশেষ উদ্বোধন। তালো ছবির মধ্যে বরাবরের মতো একটা সচলতার বেগ ররেই গেল, তাকে বলা চলে পর্পেচ্রল মৃত্যেন্ট; প্রাণিতত্বের বইয়ে ঘোড়ার ছবিটা চারি দিকেই সঠিক করে বাঁধা, থাটি ধবরের যাধার্থো পিলপে-গাড়ি করা তার সীমানা। রূপকারের রেখার রেখার তার তুলি মুল্লের বোল বাজিয়েছে, দিয়েছে স্থবমার নাচের দোলা। সেই ঘোড়ার ছবিতে চতুপদন্ধাতীর জীবের থাটি ধবর না মিলতেও পারে, মিলবে ছন্দ যার নাড়া ধেরে সচকিত চৈতন্ত সাড়া দিরে বলে ওঠে 'হা এই তো বটে'। আপনারই মধ্যে সেই স্পৃষ্টিকে সে স্বীকার করে, সেই থেকে চিরকালের মতো সেই ধ্বনিমর রূপ আমাদের বিশ্বপরিচরের অন্তর্গত হয়ে থাকে। আকাল কালো মেঘে স্থিয়, বনভূমি তমালগাছে শ্রামবর্ণ, ব্যাপারটা এর বেশি কিছুই নয়; খবরটা একবারের বেশি ত্বার বললে ধমক দিয়ে থামিরে দিই; কবি বরাবরকার মতো বলতে থাকলেন—

মেঘৈর্মেম্রমম্বরং বনভূব: খ্রামান্তমালজ্ঞমৈ:।

কবির মনের মেঘলা দিনের সংবেগ চড়ে বদল ছন্দ-পক্ষিরাজের পিঠে, চলল চিরকালের মনোহরণ করতে।

গছে প্রধানত অর্থবান শব্দকে বৃহ্বদ্ধ করে কাজে লাগাই, পছে প্রধানত ধ্বনিমান্
শব্দকে বৃহ্বদ্ধ করে সাজিরে তোলা হয়। বৃহ শব্দী এথানে অসার্থক নয়। ভিড়
জনে রাস্তায়, তার মধ্যে সাজাই-বাছাই নেই, কেবল এলোমেলো চলাফেরা। সৈত্তের
বৃহ সংহত সংযত, সাজাই-বাছাইয়ের দারা সবগুলি মান্থবের যে সন্মিলন ঘটে তার
থেকে একটা প্রবল শক্তি উদ্ভাবিত হয়। এই শক্তি স্বতম্বভাবে বথেচ্ছভাবে প্রত্যেক
সৈনিকের মধ্যে নেই। মান্থবকে উপাদান করে নিয়ে ছন্দোবিক্তাসের দারা সেনাপতি
এই শক্তিরূপের স্পষ্ট করে। এ যেন বহু-ইন্ধনের হোমহতাশন থেকে যাজ্ঞসেনীয়
আবিতাব। ছন্দংসজ্জিত শব্দবৃহহ ভাষায় তেমনি একটি শক্তিরূপের স্পষ্ট।

চিত্রস্ষ্টিভেও এ কথা থাটে। তার মধ্যে রেখার ও রঙ্গে একটা সামঞ্জবদ্ধ ২১॥২৫ সাজাই-বাছাই আছে। সে প্রতিরূপ নয়, সে স্বরূপ। তার উদ্দেশ্য রিপোর্ট কয়া নয়,
তার উদ্দেশ্য চৈতন্তকে কব্ল করিয়ে নেওয়া 'এই তো স্বয়ং দেখল্ম'। গুণীর হাতে রেখা
ও রঙের ছন্দোবদ্ধন হলেই ছবির নাড়ির মধ্যে প্রাণের স্পন্দন চলতে থাকে, আমাদের
চিংস্পন্দন তার লয়টাকে স্বীকার কয়ে, ঘটতে থাকে গতির সঙ্গে গতির সহযোগিতা
বাতাসের হিল্লোলের সঙ্গে সমুদ্রের তরক্ষের মতো।

ভারতবর্ষে বেদমন্ত্রে ছন্দ প্রথম দেখা দিল, মন্ত্রে প্রবেশ করল প্রাণের বেগ, সে প্রবাহিত হতে পারল নিখাসে প্রখাসে, আবর্তিত হতে থাকল মননধারায়। মন্ত্রের ক্রিয়া কেবল জ্ঞানে নয়, তা প্রাণে মনে; স্থতির মধ্যে তা চিরকাল স্পন্দিত হয়ে বিরাজ্ঞ করে। ছন্দের এই গুণ।

ছলকে কেবল আমরা ভাষায় বা রেখায় স্বীকার করলে সব কথা বলা হয় না।
শব্দের সঙ্গে সঙ্গে ছল আছে ভাবের বিক্তাসে, সে কানে শোনবার নয়, মনে অম্বভব
করবার। ভাবকে এমন করে সাজানো যায় ষাতে সে কেবলমাত্র অর্থবাধ ঘটায় না,
প্রাণ পেয়ে ওঠে আমাদের অস্তরে। বাছাই করে হ্ববিক্তত্ত্ব হ্ববিভক্ত করে ভাবের শিল্প
রচনা করা যায়। বর্জন গ্রহণ সজ্জীকরণের বিশেষ প্রণালীতে ভাবের প্রকাশে সঞ্চারিত
হয় চলৎশক্তি। যেহেতু সাহিত্যে ভাবের বাহন ভাষা, সেই কারণে সাহিত্যে যে ছল
আমাদের কাছে প্রত্যক্ষ সে ছল ভাষার সঙ্গে জড়িত। তাই, অনেক সময়ে এ কথাটা
ভূলে যাই য়ে, ভাবের ছলাই তাকে অতিক্রম করে আমাদের মনকে বিচলিত করে।
সেই ছল ভাবের সংযমে, তার বিক্তাসনৈপুণ্যে।

জ্ঞানের বিষয়কে প্রাঞ্জল ও ষথার্থ করে ব্যক্ত করতে হলেও প্রকাশের উপাদানকে আঁট করে তাকে ঠিক্মত শ্রেণীবদ্ধ করা চাই। সে তাকে প্রাণের বেগ দেবার জন্তে নয়, তাকে প্রকৃষ্ট অর্থ দেবার জন্তেই। শংকরের বেদান্তভাগ্য তার একটি নিদর্শন। তার প্রত্যেক শন্ধই সার্থক, তার কোনো অংশেই বাহুল্য নেই, তাই তত্ত্বর্যাখ্যা সম্বন্ধে তা এমন স্থাপাই। কিন্তু, এই শন্ধষোজনার সংযমটি যৌজ্ঞিকতার সংযম, আর্থিক যাথাতথ্যের সংযম, শন্ধগুলি লজিক-সংগত পঙ্কিবদ্ধনে স্থপ্রতিষ্ঠিত। কিন্তু শংকরাচার্বের নামে যে আনন্দলহরী কাব্য প্রচলিত তার ভাবের প্রকাশ লজিকের পক্ষ থেকে অসংযত, অথচ প্রাণবান্ গতিমান্ রূপস্কাইর পক্ষ থেকে তার কলাকৌশল দেখতে পাই।

বহস্তী সিন্দুরং প্রবলকবরীভারতিমির-দ্বিশং বুলৈর্বন্দীক্বতমিব নবীনার্ককিরণম্।

ভনোতু ক্ষেমং নন্তব বদনসৌন্দর্যলহরী-পরীবাহস্রোভঃসরণিরিব সীমস্কসরণিঃ।

श्रहे जिथित दिशा जामारात कनान मिक य-दिशां जियात म्थर्गान्मर्धात्रात्र त्याणः भरवत्र मर्जा। जात्र य-जिंद् ते जांका त्रवाह जामात्र श्रहे जिथित जा यम नवीन प्रश्वत जारमा, जारक चनकवत्रीजादित जन्नका मक रुद्ध वन्नी करत्र द्वार्थाह।

আনন্দলহরীতে বে নারীরপের কথা পাই সে সাধারণ নারী নয়, সে বিশ্বসৌন্দর্বের প্রতিমা। নিয়ত বয়ে চলেছে তার সৌন্দর্বের প্রবাহ, পিছনে তার ঘনকবরীপুঞ্জে রাত্রি, সম্মুখে তার সীমন্তরেখার সিন্দুররাগে তরুপস্থিকিরণ, এই অল্ল কথার ভাবের যে তাবক-গুলি সংবদ্ধ তাতে কবিহাদরের আনন্দ দিয়ে আঁকা একটি ছবি দেখতে পাচ্ছি, সেই ছবিটি বিশ্বপ্রকৃতির নারীরূপ।

' যে ছন্দ দিয়ে এই ছবি আঁকা এ শুধু ভাষার ছন্দ নয়, এ ভাবের ছন্দ। এতে ভাবের শুটিকয়েক উপকরণ উপমার শুচ্ছে সাঞ্জানো, তাই দিয়েই ওর জ্বাত্ব। ওর নিতাসচল কটাক্ষে অনেক না-বলা কথার ইশারা রয়ে গেল।

একদিন ছিল যখন ছাপার অক্ষরের সামাজ্ঞাপন্তন হয় নি। যেমন কল-কারখানার আবির্ভাবে পণাবস্তর ভূরি-উৎপাদন সম্ভবপর হল তেমনি লিখিত ও মৃদ্রিত অক্ষরের প্রসাদে সাহিত্যে শব্দসংকোচের প্রয়োজন চলে গেছে। আজ সরস্বতীর আসনই বল, আর তাঁর ভাগ্ডারই বল প্রকাণ্ড আয়তনের। সাবেক সাহিত্যের ছই বাহন, তার উচ্চে: প্রবা আর তার প্ররাবত, তার শ্রুতি ও স্মৃতি, তারা নিয়েছে ছুটি। তাদের জায়গায় যে যান এখন চলল, তার নাম দেওয়া যেতে পারে লিখিতি। সে রেলগাড়ির মতো, তাতে কোনোটা যাত্রীর কামরা, কোনোটা মালের। কোনোটাতে বস্তর পিণ্ড, সংবাদপ্র, কোনোটাতে সজীব যাত্রী অর্থাৎ রস্সাহিত্য। তার অনেক চাকা, অনেক কক্ষ; একসক্ষে মন্ত চালান। স্থানের এই অসংকোচে গভের ভূরিভোজ।

সাহিত্যে অক্ষরের অতিথিশালার বাক্যের এত বড়ো সদাব্রতের আরোজন বখন ছিল না তখন ছন্দের সাহায্য ছিল অপরিহার্য। তাতে বাধা পেত শব্দের অতিব্যবিতা, আর ছন্দ আপন সাংগীতিক গতিবেগের ঘারা শ্বতিকে রাখত সচল করে। সেদিন পভছন্দের শতিন ছিল না ভাষার, সেদিন বাণীর ছন্দের সঙ্গে ভাবের ছন্দের অধ্য-বিবাহ অর্থাৎ মনোগেমি ছিল প্রচলিত। এখন বই-পড়াটা অনেকস্থলেই নিঃশন্ধ পড়া, কানের একান্ত শাসন তাই উপেক্ষিত হতে পারে। এই স্বযোগেই আক্ষমাল কাব্যশ্রেণীর রচনা অনেক স্থলে পভছন্দের বিশেষ অধিকার এড়িয়ে ভাবছ্যন্দের মৃক্ষি দাবি করছে।

গভসাহিত্যের আরম্ভ থেকেই তার মধ্যে মধ্যে প্রবেশ করেছে ছন্দের অন্তঃশীলা ধারা। বদ বেখানেই চঞ্চল হরেছে, রদ বেখানেই চেয়েছে রূপ নিতে, সেখানেই শব্দগুছে অতই দক্ষিত হয়ে উঠেছে। ভাবরসপ্রধান গভ-আবৃত্তির মধ্যে হয়ে লাগে অথচ তাকে রাগিণী বলা চলে না, তাতে তালমানহরের আভাসমাত্র আছে। তেমনি গভরচনার ধেখানে রসের আবির্ভাব দেখানে ছল অতিনির্দিষ্ট রূপ নের না, কেবল তার মধ্যে থেকে বার ছন্দের গতিলীলা।

করবী গাছের প্রতি লক্ষ করলে দেখা যায়, তার ডালে-ডালে ক্ষ্ডি-ক্ডি সমানভাগে প্রবিক্রাস। কিন্তু, বটগাছে সেই প্রশাখাগত স্থনিয়মিত পর্জপর্যায় চোখে পড়ে না। তাতে দেখি বহু শাখা-প্রশাখায় পর্জপ্রের বড়ো-বড়ো শুবক। এই অনতিসমান রাশীয়ত ভাগগুলি বনস্পতির মধ্যে একটি সামঞ্জস্ত পেয়েছে, তাকে দিয়েছে একটি বৃহৎ চরিত্ররূপ। অখচ, পাখরের যে পিগুরুত স্থাবর বিভাগগুলি দেখা যায় পাহাড়ে, এ সেরকম নয়। এয় মধ্যে দেখতে পাই প্রাণশক্তি অবলীলাক্রমে আপন নানায়তন অক্ষপ্রত্যক্ষের ওক্ষন প্রতিনিয়ত বিশেষ মহিমার সঙ্গে বাঁচিয়ে চলেছে; তার মধ্যে দেখি যেন মহাদেবের তাগুব, বলদেবের নৃত্য, সে অপ্সরীয় নাচ নয়। একেই তুলনা করা যায় সেই আধুনিক কাব্যরীতির সঙ্গে, গভের সঙ্গে যার বাহু রূপ মেলে আর প্রের সঙ্গে আন্তর রূপ।

সঞ্জীবচনদ্র তাঁর 'পালামো' গ্রন্থে কোল নারীদের নাচের বর্ণনা করেছেন। নৃতত্তে যেমন করে বিবরণ লেখা হয় এ তা নয়, লেখক ইচ্ছা করেছেন নাচের রূপটা রসটা পাঠকদের সামনে ধরতে। তাই এ লেখায় ছল্পের ভক্ষি এসে পৌচেছে অথচ কোনো বিশেষ ছল্পের কাঠামো নেই। এর গত সমমাজায় বিভক্ত নয়, কিন্তু শিল্পপ্রচেষ্টা আছে এর গভির মধ্যে।

গগুসাহিত্যে এই-যে বিচিত্র মাত্রার ছন্দ মাঝে মাঝে উচ্ছুসিত হয়, সংস্কৃত বিশেষত প্রাকৃত আর্থা প্রভৃতি ছন্দে তার তুলনা মেলে। সে-সকল ছন্দে সমান পদক্ষেপের নৃত্য নেই, বিচিত্রপরিমাণ ধ্বনিপুঞ্জ কানকে আঘাত করতে থাকে। যদুর্বেদের গগুমন্তের ছন্দকে ছন্দ বলেই গণ্য করা হয়েছে। তার থেকে দেখা যার, প্রাচীনকালেও ছন্দের মূলতন্তি গগু পত্যে উভয়ত্রই স্বীকৃত। অর্থাৎ, যে পদবিভাগ বাণীকে কেবল অর্থ দেবার জন্তে নয়, তাকে গতি দেবার জন্তে, তা সমমাত্রায় না হলেও তাতে ছন্দের স্কাব থেকে বার।

পততন্দের প্রধান লক্ষণ পঙ্জিসীমানায় বিভক্ত তার কাঠামো। নির্দিষ্টসংখ্যক ধ্বনিশুছে এক-একটি পঙ্জি সম্পূর্ণ। সেই পঙ্জিশেষে একটি করে বড়ো ঘডি। বলা বাছলা, পতে এই নিয়মের শাসন নেই। পতে বাকা ষেধানে আপন অর্থ সম্পূর্ণ

করে সেইখানেই তার দাড়াবার জারগা। পত্যহন্দ বেখানে আপন ধ্বনিসংগত্তিকে অপেকাক্বত বড়ো রক্ষের সমাপ্তি দেয়, অর্থনিবিচারে সেইখানে পঙ্জি শেষ করে। পত্য সব-প্রথমে এই নিরম লক্ষন করলে অমিত্রাক্ষর ছন্দে, পঙ্জির বাইরে পদচারণা শুক্ষ করলে। আধুনিক পত্যে এই বৈরাচার দেখা দিল পরারকে আশ্রের করে।

यमा बाह्मा, এक माजा চলে ना। त्रक हैव खरका मिवि छिष्ठेर्छाकः। यह क्टेरबंद नमानम व्यमि इन हमा क्षरा थाम व्याह्य এक शार्व मांफिरब स्थरम। बद्धत्र भा, भाषित्र भाषा, बाह्य भाषना हुई गःशात्र खाल हुल। लाई नित्रविख গভির উপরে যদি আর-একটা একের অতিরিক্ত ভার চাপানো যায় তবে সেই গতিতে ভারসামোর অপ্রতিষ্ঠতা প্রকাশ পার। এই অনির্মের ঠেলার নির্মিত গভির বেগ বিচিত্র হয়ে ওঠে। মাহুষের দেহটা তার দৃষ্টান্ত। আদিমকালের চারপেরে মানুষ আধুনিক কালে ছই পারে গোলা হরে দাঁড়াল। তার কোমর থেকে পर्ने छन भर्म छूटे भारम्य माहारमा मस्त्र , कामन थरक माथा भर्म हिन्मला। এই হুই ভাগের অসামঞ্জকে সামলাবার জন্তে মাত্মবের গতিতে মাথা হাত কোমর পা विठित हिस्साम हिस्सामिछ। পाथिও दूरे भारत हाम, किन्न जात पर चलावजरे ছুই পারের ছন্দে নিয়মিত। টলবার ভর নেই তার। ছুই মাত্রার অর্থাৎ জ্বোড় মাত্রার व अम वीधा इत्र जात्र माथा मीफ़ानां आहि, त्यां आहि; विकास माजात्र त्यांत्र (वंकिटोरे श्रधान। এरेक्टक अभिकाक्करत्र स्थान-मिश्रम আছে সেটা পালন করা বিষম মাত্রার ছন্দের পক্ষে ছংসাধ্য। এই জন্তে বেজোড় মাত্রার পছধর্মই একাম্ভ প্রবল। চেট্টা করে দেখা যাক বেজোড় মাত্রার দরজাটা খুলে मिरत । अथम नदीका होक जिन माजात महरन।

বিরহী গগন ধরণীর কাছে
পাঠালো লিপিকা। দিকের প্রান্তে
নামে ভাই মেঘ, বহিয়া সজল
বেদনা; বহিয়া ভড়িৎ-চকিত
বাাকুল আকৃতি। উৎক্ষ ধরা
ধৈর্য হারায়, পারে না লুকাতে
বুকের কাঁপন পল্লবদলে।
বক্লকুজে রচে সে প্রাণের
মৃথ প্রলাপ, উল্লাস ভাসে
চামেলিগজে পূর্বপ্রনে।

পরার ছন্দের মতো এর গতি সিধে নয়। এই তিন মাত্রার এবং জ্বোড়-বিজ্বোড় মাত্রার ছন্দে পদক্ষেপ মার্ঘনেষধের নারিকাদের মতো মরালগমনে, ডাইনে-বাঁয়ে ঝোঁফে-ঝোঁফে হেলতে-ত্বতে।

এবার যে-ছনের নম্না দেব সেটা তিন-ছুই মাত্রার, গানের ভাষায় ঝাঁপভাল-জাতীয়।

চিত্ত আজি হংখদোলে
আন্দোলিত। দূরের স্থর
বক্ষে লাগে। অঙ্গনের
সম্প্রেতে পান্থ মম
ক্লান্তপদে গিরেছে চলি
দিগন্তরে। বিরহ্বেণু
ধ্বনিছে তাই মন্দবারে।
ছন্দে তারি কুন্দজ্ল
বারিছে কত, চঞ্লিয়া
কাঁপিছে কাশগুচ্ছনিখা।

এ ছন্দ পাচ মাত্রার মাঝধানে ভাগ করে থামতে পারে না; এর যতিস্থাপনার বৈচিত্রোর যথেষ্ট স্বাধীনতা নেই।

এবার দেখানো যাক তিন-চার মাতার হন্দ।

মালতী সারাবেলা ঝরিছে রহি রহি
কেন যে বৃঝি না তো। হার রে উদাসিনী,
পথের ধূলিরে কি করিলি অকারণে
মরণসহচরী। অরুণ গগনের
ছিলি তো সোহাগিনী। প্রাবণবরিষনে
ম্থর বনভূমি তোমারি গদ্ধের
গর্ব প্রচারিছে সিক্ত সমীরণে
দিশে দিশাস্তবে। কী অনাদরে তবে
গোপনে বিকশিরা বাদল-বজনীতে
প্রভাত-আলোকেরে কহিলি 'নহে নহে'।

উপরের দৃষ্টান্তগুলি থেকে দেখা যার, অসম ও বিষম মাত্রার ছন্দে পঙ্জিলক্ষন চলে বটে, কিন্তু তার এক-একটি ধ্বনিশুক্ত সমান মাপের, তাতে ছোটো-বড়ো ভাগের বৈচিত্র্য নেই। এইজন্তেই একমাত্র পরারছন্দই অমিত্রাক্ষর রীতিতে কতকটা গছ-জাতীর স্বাধীনতা পেরেছে।

এইবার আমার শ্রোতাদের মনে করিয়ে দেবার সময় এল যে, এই-সব পঙ্জিলজ্যক ছন্দের কথাটা উঠেছে প্রসঙ্গক্রমে। মৃলকথাটা এই যে, কবিতার ক্রমে-ক্রমে ভাষাগভ ছন্দের আঁটা-আঁটির সমাস্তরে ভাবগত ছন্দ উদ্ভাবিত হচ্ছে। পূর্বেই বলেছি, তার প্রধান কারণ, কবিতা এখন কেবলমাত্র প্রাব্য নয়, তা প্রধানত পাঠ্য। বে স্থনিবিড় স্থনিয়মিত ছল আমাদের শ্বতির সহারতা করে তার অত্যাবশ্রকতা এখন আর নেই। একদিন थनात वहत्न हायवारणत भन्नामर्थ लिथा हरब्रिक हत्स । आक्रकानकात वांश्नाब य 'कृष्टि' শব্দের উদ্ভব হয়েছে থনার এই-সমন্ত কৃষির ছড়ায় তাকে নিশ্চিত এগিয়ে নিয়েছিল। কিন্তু এই ধরনের ক্লপ্তি প্রচারের ভার আঞ্চকাল গগু নিয়েছে। ছাপার অক্ষর ভার वर्षन, এই अस्त्र छ्ल्पत भूँ ऐ निष्ठ अरे बहन अला माथान करत वरन विकास ने ने ने ने না। একদিন পুরুষও আপিসে ষেত পালকিতে, মেয়েও সেই উপায়েই ষেত খণ্ডর-বাড়িতে। এখন রেলগাড়ির প্রভাবে উভয়ে একত্রে একই রথে জায়গা পায়। আক্রকাল গড়ের অপরিহার্য প্রভাবের দিনে ক্ষণে-ক্ষণে দেখা যাবে কাব্যও আপন গতিবিধির জক্তে বাঁধাছন্দের ময়্রপংখিটাকে অত্যাবশ্রক বলে গণ্য করবে না। পূর্বেই বলেছি, অমিত্রাক্ষর ছন্দে সব-প্রথমে পালকির দরজা গেছে খুলে, তার ঘটাটোপ হয়েছে বজিত। তবুও পন্নার ষধন পঙ্জির বেড়া ডিঙিয়ে চলতে শুরু করেছিল তখনো সাবেকি চালের পরিশেষরূপে গণ্ডির চিহ্ন পূর্বনির্দিষ্ট স্থানে রয়ে গেছে। ঠিক ষেন পুরানো वां फ़ित्र जन्मत्रमहन ; जांत्र मित्रानश्चरना मत्रारमा हम नि, किन्छ जाधूनिककारनत स्मरत्रता তাকে অস্বীকার করে অনায়াসে সদরে যাতায়াত করছে। অবশেষে হাল-আমলের তৈরি ইমারতে সেই দেওয়ালগুলো ভাঙা ওক হয়েছে। চোদ অক্ষরের গণ্ডিভাঙা পরার একদিন 'মানসী'त এক কবিতার লিখেছিলুম, তার নাম নিফল-প্ররাস'। অবশেষে व्यादां व्यानक रहत शद्र दिक्षां । अन्नात दिशा मिटल नागन 'वनाका'म, 'शनां का'म। এতে করে কাব্যছন্দ গভের কভক্টা কাছে এল বটে, তবু মেয়ে-কম্পার্টমেন্ট্ রয়ে গেল, পুরাতন ছন্দোরীতির বাঁধন খুলন না। এমন-কি, সংস্কৃত ও প্রাকৃত ভাষার আর্ঘা প্রভৃতি ছন্দে ধ্বনিবিভাগ ষভটা স্বাধীনভা পেয়েছে আধুনিক বাংলায় ততটা সাহসও

> यख्याः 'नियम-कांत्रना'।

প্রকাশ পান্ন নি। একটি প্রাক্ত ছন্দের শ্লোক উদ্ধৃত করি।
বিরস জ্বল ভমই ঘণ গজ্ঞণ
সিজ্ঞল প্রথ মণহরণ
কণ্জ-পিজারি ণচই বিজুরি ফুল্লিআ ণীবা।
প্রথর-বিধ্বর-হিজ্ঞলা
পিজ্ঞলা [নিজ্ঞলং] ধ আবেই ।

মাত্রা মিলিয়ে এই ছন্দ বাংলায় লেখা যাক।
বৃষ্টিধারা শ্রাবণে ঝরে গগনে,
শীতল পবন বহে সঘনে,
কনক-বিজুরি নাচে রে, অশনি গর্জন করে।
নিষ্ঠুর-অন্তর মম প্রিয়তম নাই ঘরে।

বাঙালি পাঠকের কান একে রীতিমত ছন্দ বলে মানতে বাধা পাবে তাতে সন্দেই নেই, কারণ এর পদবিভাগ প্রায় গতের মতোই অসমান। যাই হোক, এর মধ্যে একটা ছন্দের কাঠামো আছে; সেটুকুও যদি ভেঙে দেওয়া যায় তা হলে কাবাকেই কি ভেঙে দেওয়া হল। দেখা যাক।

> অবিরল ঝরছে শ্রাবণের ধারা, বনে বনে সজল হাওয়া বয়ে চলেছে, সোনার বরন ঝলক দিয়ে নেচে উঠছে বিদ্যাৎ, বজ্র উঠছে গর্জন করে।

নিষ্ঠ্র আমার প্রিয়ত্য ঘরে এল না।

একেও বলতে হবে কাব্য, বৃদ্ধির সলে এর বোঝাপড়া নয়, একে অহুভব করতে হয় রসবোধে। সেইজন্তেই যতই সামান্ত হোক, এর মধ্যে বাক্যসংস্থানের একটা শিল্পকলা শব্দব্যবহারের একটা 'তেরছ চাহনি' রাধতে হয়েছে। স্থবিহিত গৃহিণীপনার মধ্যে লোকে দেখতে পায়.লন্দ্রীঞ্জী, বহু উপকরণে বহু অলংকারে তার প্রকাশ নয়। ভাষার কক্ষেও অনতিভূষিত গৃহস্থালি গত হলেও তাকে সম্পূর্ণ গত বলা চলবে না, যেমন চলবে না আপিস্থরের অসজ্জাকে অন্তঃপুরের সরল শোভনতার সঙ্গে তুলনা করা। আপিস্থরের ছনটা প্রত্যক্ষই বজিত, অন্তর্ম চনটা নিগৃত্ মর্মগত, বাহ্য ভাষায় নয়, অস্তরের ভাবে।

আধুনিক পাশ্চান্তা সাহিত্যে গগে কাব্য রচনা করেছেন ওয়াল্ট ছইট্ম্যান। সাধারণ গলের সঙ্গে তার প্রভেদ নেই, তবু ভাবের দিক থেকে তাকে কাব্য না বলে थोकरात्र त्या तहे। এইथान এक । उर्जया करत मिरे।

লুইসিয়ানাতে দেখলুম একটি তাজা ওক গাছ বেড়ে উঠছে;
একলা সে দাড়িয়ে, তার ডালগুলো থেকে স্থাওলা পড়ছে ঝুলে।
কোনো দোসর নেই তার, ঘন সব্জ পাতায় কথা কইছে তার খুলিট।
তার কড়া থাড়া ভেজালো চেহারা মনে করিয়ে দিলে আমারই নিজেকে।
আশ্রুষ্ লাগল, কেমন করে এ গাছ ব্যক্ত করছে খুলিতে ভরা
আপ্রন পাতাগুলিকে,

যথন না আছে ওর বন্ধু না আছে দোসর।
আমি বেশ জানি, আমি তো পারত্ম না।
গুটিকতক পাতাওয়ালা একটি ডাল ভার ভেঙে নিলেম,
তাতে জড়িয়ে দিলেম প্রাওলা।
নিয়ে এসে চোথের সামনে রেখে দিলেম আমার ঘরে;
প্রিয় বন্ধুদের কথা শারণ করাবার জল্ঞে যে তা নয়।
(সম্প্রতি ওই বন্ধুদের ছাড়া আর কোনো কথা আমার মনে ছিল না।)
ও রইল একটি অভুত চিহ্নের মতো,
পুরুষের ভালোবাসা যে কী তাই মনে করাবে।
তা যাই ছোক, যদিও সেই তাজা ওক গাছ
লুইসিয়ানার বিস্তীর্ণ মাঠে একলা ঝল্মল্ করছে,
বিনা বন্ধু বিনা দোসরে খুলিতে ভরা পাতাগুলি প্রকাশ করছে
চিরজীবন ধরে,

তব্ আমার মনে হয়, আমি তো পারত্ম না।

এক দিকে দাঁড়িয়ে আছে কঠিন বলিষ্ঠ সভেজ ওক গাছ, একলা আপন আত্মসম্পূর্ণ নিঃসক্ষতায় আনন্দময়; আর-এক দিকে একজন মাহ্ব, সেও কঠিন বলিষ্ঠ সভেজ, কিন্তু ভার আনন্দ অপেকা করছে প্রিয়সক্ষের জ্ঞান্ত— এটি কেবলমাক্র সংবাদরপে গজে বলবার বিষয় নয়। এর মধ্যে কবির আপন মনোভাবের একটি ইলারা আছে। একলা গাছের সঙ্গে তুলনায় একলা বিরহী-ছদরের উৎকণ্ঠা আভাসে জানানো হল। এই প্রছয় আবেগের ব্যঞ্জনা, এই তো কাবা; এর মধ্যে ভাববিদ্যাসের শিল্প আছে, ভাকেই বলব ভাবের হন্দ।

চীন-কবিতার ভরজ্মা থেকে একটি দৃষ্টাস্ত দেখাই।

স্বপ্ন দেখলেম, যেন চড়েছি কোনো উচ্ ভাঙায়; সেখানে চোখে পড়ল গভীর এক ইদারা। চলতে চলতে কণ্ঠ আমার শুকিয়েছে;

ইচ্ছে হল, জল খাই। ব্যগ্র দৃষ্টি নামতে চান্ন ঠাণ্ডা সেই কুমোর তলার দিকে। ঘুরলেম চার দিকে, দেখলেম ভিতরে তাকিয়ে,

জলে পড়ল আমার ছায়া।
দেখি এক মাটির ঘড়া কালো সেই গহরে;
দড়ি নাই যে তাকে টেনে তুলি।
ঘড়াটা পাছে তলিয়ে যায়

এই ভেবে প্রাণ কেন এমন ব্যাকুল হল।
পাগলের মতো ছুটলেম সহায় থুঁজতে।
গ্রামে গ্রামে ঘ্রি, লোক নেই একজনও,
কুকুরগুলো ছুটে আসে টুটি কামড়ে ধরতে।

কাদতে কাদতে ফিরে এলেম কুয়োর ধারে। জল পড়ে হুই চোখ বেয়ে, দৃষ্টি হল অন্ধপ্রায়।

শেষকালে জাগলেম নিজেরই কারার শব্দে।

ঘর নিস্তন্ধ, শুদ্ধ স্ব বাড়ির লোক;
বাজিব শিখা নিবো-নিবো, তাব থেকে সবজ ধোঁয়া উঠিব

বাতির শিখা নিবো-নিবো, তার থেকে সর্জ ধোঁয়া উঠছে, তার আলো পড়ছে আমার চোখের জলে।

ঘণ্টা বাজল, রাভত্পুরের ঘণ্টা, বিছানায় উঠে বসলুম, ভাবতে লাগলুম অনেক কথা।

মনে পড়ল, যে ডাঙাটা দেখেছি সে চাং-আনের কবরস্থান , তিনশো বিঘে পোড়ো জমি,

ভারী মাটি তার, উচ্-উচ্ সব তিবি: নীচে পভীর গর্ভে মৃতদেহ শোওয়ানো।

खत्निहि, युक्त याञ्चय कथरना-कथरना प्राथा प्राप्त नयाथित वाहरत। व्याक व्यामात्र श्रित्र এग्रिहिन हैमात्रात्र पूर्य-वाश्वत्रा म्हि चढ़ा,

তাই ভূচোধ বেম্নে ক্লল পড়ে আমার কাপড় গেল জিলে।

এতে পগছন্দ নেই, এতে জমানো ভাবের ছন্দ। শব্দবিস্থালে ক্প্রত্যক্ষ অশংকরণ নেই, তবুও আছে শিল্প।

উপসংহারে শেষকথা এই ষে, কাব্যের অধিকার প্রশন্ত হতে চলেছে। গছের সীমানার মধ্যে সে আপন বাসা বাঁধছে ভাবের ছন্দ দিয়ে। একদা কাব্যের পালা শুক্দ করেছি পছে, তথন সে মহলে গছের ভাক পড়ে নি। আল পালা সাল করবার বেলার দেখি, কথন অসাক্ষাতে গছে-পছে রফানিশন্তি চলছে। যাবার আপে তাদের রাজিনামার আমিও একটা সই দিয়েছি। এক কালের যাতিরে অন্ত কালকে অস্বীকার করা বার না।

देवमाथ ১७৪১

পরিশিষ্ট

বাংলাভাষার স্বাভাবিক ছন্দ

প্রকাশক সিমুদ্ত'-এর ছন্দ সম্বন্ধে বলিতেছেন, "সিমুদ্তের ছন্দঃ প্রচলিত ছন্দঃসকল হইতে একরপ স্বতন্ত্র ও নৃতন। এই নৃতন্তবহেতু অনেকেরই প্রথম প্রথম পড়িতে কিছু কট হইতে পারে।… বাঙ্গালা ছন্দের প্রাণগত ভাব কি ও তাহার স্বাভাবিক গতি কোন্দিকে এবং কি প্রণালীতেই বা ইচ্ছামতে উহার স্বন্দর বৈচিত্রা-সাধন করা যার, ইহার নিগায়তম্ব সিমুদ্তের ছন্দঃ আলোচনা করিলে উপলব্ধ হইতে পারে।"

আমাদের সমালোচ্য গ্রন্থের ছন্দ পড়িতে প্রথম-প্রথম কট বোধ হর সতা; কিছু, ছন্দের নৃতনত্ব তাহার কারণ নহে, ছত্রবিভাগের ব্যতিক্রমই তাহার একমাত্র কারণ। নিমে গ্রন্থ হইতে একটি শ্লোক উদ্ধৃত করিয়া দিতেছি।

এ কি এ, আগত সন্ধা, এখনো রয়েছি বসে সাগরের তীরে ?

দিবস হয়েছে গত, না জানি ভেবেছি কত,
প্রভাত হইতে বসে রয়েছি এখানে বাহ্য জগৎ পাশরে,
ক্ষাত্ফা নিদ্রাহার কিছু নাহি মোর; সব ত্যেজেছে আমারে।
বীতিমত ছত্রবিভাগ করিলে উপরি-উদ্ধৃত শ্লোকটি নিম্নলিখিত আকারে প্রকাশ

এ কি এ, আগত সন্ধ্যা, এখনো রয়েছি বসে
সাগরের তীরে ?
দিবস হয়েছে গত,
না জানি ভেবেছি কত,
প্রভাত হইতে বসে রয়েছি এখানে বাহ্
জগৎ পাশরে,
ক্ষাতৃষ্ণা নিদ্রাহার কিছু নাই মোর; সব
ত্যেক্ষেছে আমারে।

माहेरकन-त्रिक निम्ननिश्विक कविकां विकासित मान आहि काँहात्राहे वृत्थिएक भातिर्दन, निम्नुमुख्त इन्म वास्त्रिक नृकन नरह।

> 'ज्रव्यव्याहिनी व्यक्तिंग (১৮१८-११) कवि नवीनहस्त्र मृत्वांशायात्रव व्यक्तिः। 'निक्र्यूक' (১৮৮৯) अँव क्रुकोव कांया। '

আশার ছলনে ভূলি কি ফল লভিম, হায়, তাই ভাবি মনে। জীবনপ্রবাহ বহি কালসিন্ধু-পানে ধায়,

ফিরাব কেমনে ?

একটি ছত্ত্বের মধ্যে তুইটি ছত্ত্ব পুরিয়া দিলে পর প্রথমত চোধে দেখিতে ধারাপ হয়, ছিতীয়ত কোন্ধানে হাঁপ ছাড়িতে হইবে পাঠকরা হঠাৎ ঠাহর পান না। এখানে-ওখানে হাতড়াইতে হাতড়াইতে অবশেষে ঠিক জায়গাটা বাহির করিতে হয়। প্রকাশক ষে বলিয়াছেন, বাংলা ছনের প্রাণগত ভাব কী ও তাহার স্বাভাবিক গতি কোন্ দিকে তাহা সিয়ুদ্তের ছল আলোচনা করিলে উপলব্ধ হইতে পারে, সে বিষয়ে আমাদের মতভেদ আছে। ভাষার উচ্চারণ-অহসারে ছল নিয়মিত হইলে তাহাকেই স্বাভাবিক ছল বলা যায়, কিস্তু বর্তমান কোনো কাব্যগ্রহে (এবং সিয়ুদ্তেও) তদহসারে ছল নিয়মিত হয় নাই। আমাদের ভাষায় পদে পদে হসন্ত শব্দ দেখা যায়, কিস্তু আমরা ছল পাঠ করিবার সময় তাহাদের হসন্ত উচ্চারণ লোপ করিয়া দিই। এইজন্ত যেখানে চোদ্দটা অক্ষর বিস্তন্ত হইয়াছে, বান্তবিক বাংলার উচ্চারণ অহসারে পড়িতে গেলে তাহা হয়তো আট বা নয় অক্ষরে পরিণত হয়। রামপ্রসাদের নিয়লিখিত ছলটে পাঠ করিয়া দেখো।

यन् द्वात्रित् की त्नास् चाटक,

তারে ষেমন্ নাচাও তেম্নি নাচে।

দিতীয় ছত্তের 'তারে' নামক অতিরিক্ত শন্তি ছাড়িয়া দিলে ছুই ছত্তে এগারোটি করিয়া অক্ষর থাকে। কিন্তু, উহাই আধুনিক ছন্দে পরিণত করিতে হইলে নিম্নলিখিতরূপ হয়—

मत्नत्र को लांच जात्ह,

रयभन नां हां ।

ইহাতে ঘুই ছত্রে আটটি অক্ষর হয়, তাল ঠিক সমান রহিয়াছে অথচ অক্ষর কম পড়িতেছে। তাহার কারণ, শেষোক্ত ছলে আমরা হসন্ত শব্দকে আমল দিই না। বাস্তবিক ধরিতে গেলে রামপ্রসাদের ছলেও আটটির অধিক অক্ষর নাই।

मस्बन्धि की साराह,

যেমন্নাচা ভেম্নি নাচে।

বিতীর ছত্র হইতে 'নাচাও' শবের 'ও' অক্ষর ছাড়িয়া দিয়াছি; তাছার কারণ এই ও-টি 'হসস্ত' ও, পরবর্তী 'তে'-র সহিত ইছা যুক্ত। উপরে দেখাইলাম বাংলাভাষার স্বাভাবিক ছন্দ কী। আর, যদি কখনো স্বাভাবিক দিকে বাংলা ছন্দের গতি হয় তবে ভবিশ্বতের ছন্দ রামপ্রসাদের ছন্দের অমুযায়ী হইবে।

खोवन ১२३।

বাংলা শব্দ ও ছন্দ

বাংলা শন্ধ-উচ্চারণের মধ্যে কোথাও ঝোঁক নাই, অথবা যদি থাকে সে এত গামান্ত যে তাহাকে নাই বলিলেও কতি হয় না। এইজন্তই আমাদের হলে অক্ষর গণিয়া মাত্রা নিরপিত হইয়াছে। কথার প্রত্যেক অক্ষরের মাত্রা সমান। কারণ, কোনো হানে বিশেষ ঝোঁক না থাকাতে অক্ষরের বড়ো ছোটো প্রায় নাই। সংক্ত উচ্চারণে যে দীর্ঘইয়ের নিয়ম আছে তাহাও বাংলায় লোপ পাইয়াছে। এই কারণে উচ্চারণ-হিসাবে বাংলাভাষা বঙ্গদেশের সমতল-প্রসারিত প্রান্তরভূমির মতো সর্বত্র সমান। জিহনা কোথাও বাধা না পাইয়া ভাষার উপর দিয়া যেন একপ্রকার নিদ্রিত অবস্থায় চলিয়া যায়; কথাগুলি চিন্তকে পদে পদে প্রতিহত করিয়া অবিশ্রাম মনোযোগ জাগ্রত করিয়া রাখিতে পারে না। শন্ধের সহিত শন্ধের সংঘর্ষণে যে বিচিত্র সংগীত উৎপন্ন হয় তাহা সাধারণত বাংলাভাষায় অসম্ভব; কেবল একতান কলধননি ক্রমে সমস্ত ইন্দ্রিক্রের চেতনা লোপ করিয়া দেয়। একটি শন্ধের সম্পূর্ণ অর্থ হারণ্যম হইবার পূর্বেই অবিলম্বে আর-একটি কথার উপরে খলিত হইয়া পড়িতে হয়। বৈষ্ণব করির একটি গান আছে—

मन्त्रप्रतन, कुक्षाच्यन,

क्रमगक-माध्री।

এই দুটি ছত্ত্রে অক্ষরের গুরুলঘু নির্মণিত হওরাতে এই সামান্ত গুটিকরেক কথার মধুর ভাবে সমস্ত হাদর অধিকার করিয়া লয়। কিন্তু, এই ভাব সমমাত্রক হলে নিবিষ্ট হইলে অনেকটা নিম্নল হইরা পড়ে। যেমন—

মৃত্ল প্ৰন, কুক্মকানন, ফুলপরিমল-মাধুরী।

১ এখালে 'সম্মান্তক' শংশ "ছুই সাত্রায় চলন" উদ্দিষ্ট নয়, ধ্বনের ইন্দীর্থতা বা উচ্চনীচতা নাই এইমান্ত বুঝাইতেছে। ইংরাজিতে অনেক সময় আট-দশ লাইনের একটি ছোটো কবিতা লখুবাণের মতো ক্ষিপ্রগতিতে হৃদরে প্রবেশ করিয়া মর্মের মধ্যে বিদ্ধ হইয়া থাকে। বাংলার ছোটো কবিতা আমাদের হৃদরের স্বাভাবিক জড়তার আঘাত দিতে পারে না। বোধ করি কতকটা সেই কারণে আমাদের ভাষার এই থবঁতা আমরা অত্যুক্তি বারা পূরণ করিয়া লাইতে চেষ্টা করি। একটা কথা বাছল্য করিয়া না বলিলে আমাদের ভাষার বড়োই কাঁকা শুনার এবং সে কথা কাহারো কানে পৌছার না। সেইজন্ত সংক্ষিপ্ত সংহত রচনা আমাদের দেশে প্রচলিত নাই বলিলেই হয়। কোনো লেখা অত্যুক্তি পুনক্ষিত্ত বিস্তারিত ব্যাখ্যা এবং আড়ম্বর -পূর্ণ না হইলে সাধারণত গ্রাহ্ হয় না।

বাংলা পড়িবার সময় অনেক পাঠক অধিকাংশ শ্বরবর্গকে দীর্ঘ করিয়া টানিয়া টানিয়া পড়েন। নচেৎ সমমাত্র হ্রশ্বরে হদরের সমন্ত আবেগ কুলাইয়া উঠে না। বাংলার বক্তারা অনেকেই দীর্ঘ উচ্চারণ প্রয়োগ করিয়া বক্তৃতা বৃহৎ ও গন্তীর করিয়া ভোলেন। ভালো ইংরাজ অভিনেতার অভিনয়ে দেখিতে পাওয়া যায়, এক-একটি শন্ধকে সবলে বেষ্টন করিয়া প্রচণ্ড হলয়াবেগ কিরপ উদ্দামগভিতে উদ্ধুসিত হইয়া উঠে। কিন্তু, বাংলা অভিনয়ে শিথিল কোমল কথাগুলি হলয়মোভের নিকট সহজেই মাথা নত করিয়া দেয়, তাহাকে কৃত্ত করিয়া তুলিতে পারে না। এইজন্য ভাহাতে সর্বত্তই একপ্রকার তুর্বল সমায়ত সাহ্যনাসিক কেন্দনশ্বর ধ্বনিত হইতে থাকে। এইজন্য আমাদেয় অভিনেতারা যেখানে শ্রোভাদের হলয় বিচলিত করিতে চান সেখানে গলা চড়াইয়া অযথা-পরিমাণে চিৎকার করিতে থাকেন এবং ভাহাতে প্রায়ই ফললাভ করেন।

মাইকেল তাঁহার মহাকাব্যে যে বড়ো বড়ো সংস্কৃত শব্দ ব্যবহার করিরাছেন—শব্দের স্থায়িত, গান্ডীর্য এবং পাঠকের সমগ্র মনোষোগ বন্ধ করিবার চেষ্টাই তাহার কারণ বোধ হয়। 'যাদংপতিরোধং যথা চলোমি-আঘাতে' তুর্বোধ হইতে পারে, কিন্তু 'দাগরের তট যথা তরকের ঘার' ত্র্বল; 'উড়িল কলম্বুল অম্বপ্রদেশে' ইহার পরিবর্তে 'উড়িল যতেক তীর আকাশ ছাইয়া' ব্যবহার করিলে ছন্দের পরিপূর্ণ ধ্বনি নষ্ট হয়।

বাংলা শব্দের মধ্যে এই ধ্বনির অভাববশত বাংলার পত্যের অপেক্ষা গীতের প্রচলনই অধিক। কারণ, গীত স্থবের সাহায্যে প্রত্যেক কথাটিকে মনের মধ্যে সম্পূর্ণ নিবিষ্ট করিরা দের। কথার যে অভাব আছে স্থবের তাহা পূর্ণ হয়। এবং গানে এক কথা বারবার ফিরিয়া গাহিলে ক্ষতি হর না। যতক্ষণ চিন্ত না জাগিরা উঠে ততক্ষণ সংগীত ছাড়ে না। এই জন্ম প্রাচীন বন্ধসাহিত্যে গান ছাড়া কবিতা নাই বলিলে হয়।

সংস্কৃতে ইহার বিপরীত দেখা যায়। বেদ ছাড়িয়া দিলে সংস্কৃত ভাষার এত মহাকাব্য থওকাব্য সন্তেও গান নাই। শকুন্তলা প্রভৃতি নাটকে যে তুই-একটি প্রাক্ত গীত দেখিতে পাওয়া যায় তাহা কাব্যের মধ্যে স্থান পাইতে পারে না। বাঙালি জয়দেবের গীতগোবিন্দ আধুনিক এবং তাহাকে এক হিসাবে গান না বলিলেও চলে। কারণ, তাহার ভাষালালিতা ও ছন্দোবিক্তাস এমন সম্পূর্ণ যে তাহা স্থরের অপেক্ষা রাখে না, বরং আমার বিশ্বাস স্থরসংযোগে তাহার স্বাভাবিক শব্দনিহিত সংগীতের লাঘ্য করে। কিন্তু,

मत्न त्रहेन, महे, यत्नत्र (बहना ।

প্রবাসে যখন যার গো সে

তারে বলি বলি আর বলা হল না।

ইছা কাব্যকলায় অসম্পূর্ণ, অতএব স্থবের প্রতি ইছার অনেকটা নির্ভর। সংস্কৃত শব্দ এবং ছন্দ ধ্বনিগোরবে পরিপূর্ণ। স্থভরাং সংস্কৃতে কাব্যরচনার সাধ গানে মিটাইতে হয় নাই, বরং গানের সাধ কাব্যে মিটিয়াছে। মেঘদ্ত স্থরে বসানো বাছল্য।

হিন্দীসাহিত্য সম্বন্ধে বিশেষ কিছুই জানি না। কিন্তু, এ কথা বলিতে পারি, হিন্দীতে যে-সকল প্রপদ থেয়াল প্রভৃতি পদ শুনা যায় তাহার অধিকাংশই কেবলমাত্র গান, একেবারেই কাব্য নহে। কথাকে সামাস্ত উপলক্ষমাত্র করিয়া হ্বর শুনানোই হিন্দী গানের প্রধান উদ্দেশ্য, কিন্তু বাংলায় হ্বরের সাহায্য লইয়া কথার ভাবে শ্রোতাদিগকে মৃথ্য করাই কবির উদ্দেশ্য। কবির গান, কীর্তন, রামপ্রসাদী গান, বাউলের গান প্রভৃতি দেখিলেই ইহার প্রমাণ হইবে। অভএব কাব্যরচনাই বাংলাগানের মৃথ্য উদ্দেশ্য, হ্বরসংযোগ গৌন। এই-সকল কারণে বাংলা সাহিত্য-ভাগ্রারে রত্ম যাহা কিছু পাওয়া যায় তাহা গান।

ख्वांवन ३२३३

সংগীত ও ছন্দ

অনেক দিন হইতেই কবিতা লিখিতেছি, এইজক্ত যতই বিনয় করি না কেন এটুকু না বলিয়া পারি না যে, ছন্দের তত্ত কিছু কিছু বৃঝি। সেই ছন্দের বোধ লইয়া যখন গান লিখিতে বলিলাম, তথন চাঁদ সদাগরের উপর মনসার যে-রকম আক্রোশ, আমার রচনার উপর ভালের দেবতা তেমনি ফোঁস করিয়া উঠিলেন। আমার জানা ছিল, ছন্দের মধ্যে যে-নিয়ম আছে তাহা বিধাতার গড়া নিয়ম, তা কামারের গড়া-

> সমুজ পত্রে মৃত্রিত 'সজীতের মৃত্তি' প্রবজের জাশ। মূলাকুগত পাঠ। এম্পরিচয় রস্টবা।

নিগড় নয়। স্থতরাং, ভার সংযমে সংকীর্ণ করে না, ভাহাতে বৈচিত্রাকে উদ্ঘাটিত করিতে থাকে। সেই কথা মনে রাখিয়া বাংলা কাব্যে ছন্দকে বিচিত্র করিতে সংকোচ বোধ করি নাই।

কাব্যে ছন্দের যে কাজ, গানে তালের সেই কাজ। অতএব, ছন্দ যে নিয়মে কবিতার চলে তাল সেই নিয়মে গানে চলিবে এই ভরসা করিয়া গান বাঁধিতে চাহিলাম। তাহাতে কী উৎপাত ঘটল একটা দৃষ্টাস্ত দিই। মনে করা যাক, আমার গানের কথাটি এই—

কাঁপিছে দেহলতা থরথর,
চোথের জলে আঁথি ভরভর।
দোত্ল তমালেরি বনছারা
তোমার নীলবাদে নিল কারা,
বাদল-নিশীথেরি ঝরঝর
তোমার আঁখি-'পরে ভরভর।
বে কথা ছিল তব মনে মনে
চমকে অধরের কোণে কোণে।
নীরব হিরা তব দিল ভরি
কী মারা-স্বপনে যে, মরি মরি,
নিবিড় কাননের মরমর
বাদল-নিশীথের ঝরঝর।

এ ছন্দে আমার পাঠকেরা কিছু আপন্তি করিলেন না। তাই সাহস করিরা ওইটেই ওই ছন্দেই স্থরে গাহিলাম। তথন দেখি, যারা কাব্যের বৈঠকে দিব্য খুলি ছিলেন তাঁরাই গানের বৈঠকে রক্তচকু। তাঁরা বলেন, এ ছন্দের এক অংশে সাত আর-এক অংশে চার, ইহাতে কিছুতেই তাল মেলে না। আমার ক্ষবাব এই, তাল যদি না মেলে সেটা তালেরই দোব, ছন্দটাতে দোব হয় নাই। কেন তাহা বলি। এই ছন্দ তিন এবং চার মাত্রার ধোগে তৈরি। এইকক্তই 'তোমার নীলবাসে' এই সাত মাত্রার পর 'নিল কায়া' এই চার মাত্রা থাপ থাইল। তিন মাত্রা হইলেও ক্ষতি হইত না। যেমন, 'তোমার নীলবাসে মিলিল'। কিছু, ইহার মধ্যে ছয় মাত্রা কিছুতেই সইবে না। যেমন, 'তোমারি নীলবাসে ধরিল শরীর'। অথচ, প্রথম অংশে যদি ছয়ের ভাগ থাকিত তবে দিবা চলিত। যেমন, 'তোমার স্থনীল বাসে ধরিল শরীর'। এ আমি বলিতেছি কানের স্থাভাবিক ক্ষতিব কথা। এই কানের ভিতর দিয়া মরমে

পশিবার পথ। অতএব, এই কানের কাছে যদি ছাড় মেলে তবে ওস্তাদকে কেন ভরাইব।
আমার দৃষ্টাস্তগত ছন্দটিতে প্রত্যেক লাইনেই সবস্থ ১১ মাত্রা আছে। কিন্তু
এমন ছন্দ হইতে পারে যার প্রত্যেক লাইনে সমান মাত্রাবিভাগ নাই। যেমন—

বাজিবে, স্থী, বালি বাজিবে,
হনম্বাজ হলে রাজিবে।
বচন রালি রালি কোথা যে যাবে ভাসি,
অধরে লাজহাসি সাজিবে।
নম্মন আঁথিজল করিবে ছলছল
স্থাবেদনা মনে বাজিবে।
মরমে ম্রছিয়া মিলাতে চাবে হিয়া
সেই চর্ণম্গ-রাজীবে।

ইছার প্রথম দুই লাইনে মাত্রা ভাগ ৩+৪+৩-১০। তৃতীয় লাইনে ৩+৪+৩
+৪-১৪। আমার মতে এই বৈচিত্রো ছন্দের মিষ্টতা বাড়ে। অতএব, উৎসাহ
করিয়া গান ধরিলাম। কিন্তু, এক ফের ফিরিতেই তালওয়ালা পথ আটক করিয়া
বিলি। সে বলিল, "আমার সমের মাস্থল চুকাইয়া দাও।" আমি তো বলি, এটা
বে-আইনি আবোয়াব। কান মহারাজার উচ্চ আদালতে দরবার করিয়া ধালাস পাই।
কিন্তু, সেই দরবারের বাহিরে থাড়া আছে মাঝারি শাসনতন্ত্রের দারোগা। সে থপ্
করিয়া হাত চাপিয়া ধরে, নিজের বিশেষ বিধি থাটায়, রাজার দোহাই মানে না।

কবিতার বেটা ছন্দ, সংগীতে সেইটেই লয়। এই লয় জ্বিনিসটি সৃষ্টি ব্যাপিয়া আছে, আকাশের তারা হইতে পতকের পাখা পর্যন্ত সমস্তই ইহাকে মানে বলিয়াই বিশ্বসংসার এমন করিয়া চলিতেছে অথচ ভাঙিয়া পড়িতেছে না। অতএব, কাব্যেই কী গানেই কী, এই লয়কে যদি মানি তবে তালের সঙ্গে বিবাদ ঘটিলেও ভয় করিবার প্রয়োজন নাই।

वकि मुझेस्ड मिडे--

বাক্ল বকুলের ফুলে।
ভাষা মরে পথ ভূলে।
ভাষাশে কী গোপন বাণী
বাতাসে করে কানাকানি,
বনের অঞ্চলধানি
পুলকে উঠে দুলে দুলে।

বেদনা স্থাধুর হয়ে।

ত্বনে গেল আজি বয়ে।

বাঁলিতে মায়া তান পুরি
কে আজি মন করে চুরি,

নিখিল তাই মরে ঘুরি

বিরহসাগরের কুলে।

এটা যে কী তাল তা আমি আনাড়ি জানি না। এবং কোনো ওন্তাদও জানেন না। গণিয়া দেখিলে দেখি প্রত্যেক লাইনে নয় মাত্রা। যদি এমন বলা যায় যে, নাহয় নয় মাত্রায় একটা ন্তন তালের স্প্রতি করা যাক, তবে আর-একটা নয় মাত্রার গান পরীক্ষা করিয়া দেখা যাক।

> य कांमरन हिम्रा कांमिरह সে কাদনে সেও কাদিল। যে বাঁধনে মোরে বাঁধিছে সে বাঁধনে তারে বাঁধিল। পথে পথে তারে খুঁজিম মনে মনে তারে পৃঞ্জিম্ব, म शृक्षात्र मात्य न्कारम আমারেও সে যে সাধিল। এগেছিল মন হরিতে মহাপারাবার পারামে। ফিরিল না আর তরীতে, আপনারে গেল হারায়ে। তারি আপনার মাধুরী আপনারে করে চাতৃরী, धित्रत्व कि धत्रा मित्व रम को ভাবিয়া कांत्र कांत्रिम।

এও নম্ন মাত্রা, কিন্তু এর ছন্দ আলাদা। প্রথমটার লম্ন ছিল জিনে-ছয়ে, বিতীমটার লম্ন ছয়ে-জিনে। আরো একটা নম্নের তাল দেখা দাক। আধার রক্তনী পোহালো, জগৎ পুরিল পুলকে,

বিমল প্রভাতকিরণে

थिनिन छालारक ज्लारक।

नम माजा वर्षे, किन्छ এ इम चड्डा। ইशांत्र नम जिन जिन जिन। ইशांक कान् नाम मिर्व १ व्यादा अको एक्या यांक।

इम्राव यम अवशारण,

नमारे ভাবে খুলে রাখি।

কখন ভার রথ আসে

वाक्न रात्र कार्ण वाथि।

ভাবণ ভনি দূর মেঘে

লাগার গুরু গ্রগর,

ফাগুন গুনি বায়ুবেগে

कांगांच युष् यत्रमत्र,

আমার বুকে উঠে জেগে

চমক তারি থাকি থাকি।

কখন তার রথ আসে

वाक्न श्रम कार्य जांथि।

मवाहे सिथ योत्र हतन

পিছন-পানে নাহি চেয়ে

উख्न त्रांत्न करबातन

পথের গান গেয়ে গেয়ে।

শরৎ-মেঘ ভেলে ভেলে

উथां ७ इट्स यात्र मृद्य,

ষেপান্ন সব পথ মেশে

গোপন কোন স্বপুরে---

श्वभरन ७एए कौन् एएट

উদাস মোর প্রাণ-পাধি।

কখন তার রথ আসে

वाक्नि क्र कार्ग कांशि।

अल जा आय-अक इमा। हेहांत नम्न नीटि होता मिनिया, आयात अहेटिंटक जैनहें हिया निया होता नीटि कतिला नस्यत इम्मर्क नहेंग्रा नम्र-इत्र कता यहिए नाता। চৌতাল তো বারো মাতার ছন। কিন্তু, এই বারো মাতা রক্ষা করিলেও চৌতালকে রক্ষা করা যায় না এমন হয়। এই তো বারো মাতা—

বনের পথে পথে বাজিছে বারে
নৃপুর রুহুরুহু কাছার পারে।
কাটিয়া যায় বেলা মনের ভূলে,
বাতাস উদাসিছে আকুল চূলে,
ভ্রমরম্থরিত বকুলছায়ে
নৃপুর রুহুরুহু কাছার পারে।

ইহা চৌতালও নহে, একতালাও নহে, ধামারও নয়, ঝাঁপতালও নয়। লয়ের হিসাব দিলেও তালের হিসাব মেলে না। তালওয়ালা সেই গরমিল লইয়া কবিকে দায়িক করে।

কিন্তু, হাল আমলে এ-সমস্ত উৎপাত চলিবে না। আমরা শাসন মানিব, তাই বিলিয়া অত্যাচার মানিব না। কেননা, যে-নিয়ম সত্য সে-নিয়ম বাহিরের জিনিস নয়, তাহা বিশ্বের বলিয়াই তাহা আমার আপনার। যে-নিয়ম ওস্তাদের তাহা আমার ভিতরে নাই, বাহিরে আছে; স্কৃতরাং তাকে অভ্যাস করিয়া বা ভয় করিয়া বা দায়ে পড়িয়া মানিতে হয়। এইরূপ মানার হারাই শক্তির বিকাশ বন্ধ হইয়া যায়। আমাদের সংগীতকে এই মানা হইতে মুক্তি দিলে তবেই তার স্কভাব তার স্বরূপকে নব উদ্ভাবনার ভিতর দিয়া ব্যক্ত করিতে থাকিবে।

ভার ১৩२৪

সংস্কৃত-বাংলা ও প্রাকৃত-বাংলার ছন্দ

সংস্কৃত-বাংলা এবং প্রাকৃত-বাংলার গতিভলিতে একটা লয়ের তফাত আছে। তার প্রকৃত কারণ প্রাকৃত-বাংলার দেহতন্তটা হসস্তের ছাঁচে, সংস্কৃত-বাংলার হলস্তের।' অর্থাৎ, উভয়ের ধ্বনিশ্বভাবটা পরস্পরের উলটো। প্রাকৃত-বাংলা স্বরবর্ণের মধ্যস্থতা থেকে মৃক্ত হয়ে পদে পদে তার বাঞ্জনধানিগুলোকে আঁট করে তোলে। স্বতরাং তার ছন্দের বুনানি সমতল নয়, তা তর্লিত। সোজা লাইনের স্বতো ধরে বিশেষ কোনো প্রাকৃত-বাংলার ছন্দের সঙ্গে সেব বহরে সমান হতে পারে, কিন্তু স্বতোর মাপকে কি আদর্শ বলে ধরা যায়।

> इनस्र नम यद्रीस व्यर्ध ।

মনে করা যাক, রাজমিন্তি দেয়াল বানাচ্ছে; ওলনদণ্ড ঝুলিয়ে দেখা গোল, সেটা হল বারো ফিট। কিন্তু, মোটের উপর দেয়াল থাড়া দাড়িয়ে থাকলেও সেটার উপরিতল যদি ঢেউখেলানো হয়, তবে কাক্লবিচারে সেই ভরজিত ভলিটাই বিশেষ আখ্যা পেয়ে থাকে। দৃষ্টাস্থের সাহায্য নেওয়া যাক।

'বউ কথা কও, বউ কথা কও'

যভই গান্ত সে পাঝি,

নিজেন কথাই কুঞ্জবনের

সব কথা দেন্ত ঢাকি।

খাড়া হতোর মাপে দাড়ায় এই---

১ ২ ১ ২ | ১ ২ ১ ২ বিউ ক | থা কও | বিউ ক | থা কও ১ ২ ১ ২ ১ ২ য তই | গায় দে | পা খি, ১ ২ ১ ২ ১ ২ নি জের | ক থাই | কুন্জ | ব নের ১ ২ ১ ২ ১ ২ সব ক | থা দেয় | ঢা কি।

সেই স্তোর মাপে এর সংস্কৃত সংস্করণকে মাপা যাক---

হুতোর মাপে সমান। কিন্তু, কান কি সেই মাপে আঙুল গুনে ছন্দের পরিচয় নের। ছন্দ যে ভঙ্গি নিয়ে, বস্তুর পরিমাপ নিয়ে নর।

> ভোমার সঙ্গে আমার মিলন বাধল কাছেই এলে।

ভাকিরে ছিলেম আসন মেলে,
আনক দ্র ষে পেরিরে এলে,
আঙিনাতে বাড়িরে চরণ
ফিরলে কঠিন হেসে।
ভীরের হাওয়ার তরী উধাও
পারের নিরুদ্ধেশে।

এরই সংস্কৃত রূপান্তর দেওয়া যাক—

ভোষা সনে মোর প্রেম
বাধে কাছে এসে।
চেয়েছিয় জাখি মেলে,
বহুদ্র হতে এলে,
আঙিনাতে পা বাড়িয়ে
ফিরে গেলে হেসে।
ভীর-বায়ে তরী গেল
ভপারের দেশে।

মাপে মিলল, কিন্তু লয়ে মিলেছে কি। সমুদ্র যথন স্থির থাকে আর সমুদ্র যথন তেউ থেলিয়ে ওঠে তথন তার দৈর্ঘ্যপ্রস্থ সমান থাকে, কিন্তু তার ভলির বৈচিত্রা ঘটে। এই ভলি নিয়েই ছল। বিধাতা সেই ভলির দিকে তাকিয়েই মূদক বাজান, বোল বদলিয়ে দেন, তাই মনের মধ্যে ভিন্ন রকমের আঘাত লাগে।

আমি অন্তত্ত বলেছি, প্রাক্বত-বাংলার ছন্দে যতিবিভাগ সকল সময় ঠিক কাটা কাটা সমান ভাগে নয়। পাঠক এক জায়গায় মাত্রা হরণ করে আর-এক জায়গায় ওজন রেখে তা প্রণ করে দিলে নালিশ চলে না। এইজ্জে একই কবিতা পাঠক আপন ক্ষতি-অহসারে কিছু পরিমাণে ভিন্নরকম করে পড়তে পারেন।

রূপসাগরে ডুব দিয়েছি

অরপরতন আশা করি।

घाटि घाटि क्षित्रव ना आत्र

ভাগিয়ে আমার জীণ তরী।

এই কবিতাটি আমি পড়ি 'রূপ' এবং 'ড়ব' এবং 'অরূপ' শব্দের ধ্বনিকে দীর্ঘ করে। অর্থাৎ ওই উকারগুলোর ওজন হয় ছুই মাত্রার কিছু বেশি। তথন ভারই প্রণম্বরূপে 'ড়ব দিয়েছি'র পরে যভিকে থামতে দেওরা যায় না। অপরপক্ষে 'হাটে হাটে' শব্দে মাত্রাহ্রাপের জটি প্রণ করবার বরাত দেওয়া যায় 'ফিরব না' শব্দের উপর; নইলে লিখতে হত 'সাভঘাটে আর ফিরব না ভাই'।

সংস্কৃত-বাংলা ও প্রাক্ত-বাংলার ছন্দে লয়ের বে ভেদ কানে লাগে তার কারণ সংস্কৃত-বাংলার অনেক স্থলেই ষে-শন্দের মাপ ছুইয়ের ভার ওজনও ছুইয়ের। যেমন—

> ১ ২ ১ ২ তো মা স নে।

কিন্ত প্রাক্ত-বাংলার প্রারহ লে হলে মাপ ছইরের হলেও ওল্পন তিনের। যেমন---

> ১ ২ ১ ২ তো মার সঙ্গো

এতে করে তিন-ঘেঁষা ছন্দের প্রকৃতি বদলে যার।

'ক্লপদাগরে' গানটির পরিবর্তে লেখা ষেতে পারত—

রূপরসে ডুব দিছ অরূপের আশা করি। ঘাটে ঘাটে ফিরিব না বেল্পে মোর ভাঙা ভরী।

যদি কেউ বলেন, ছটোর একই ছন্দ, তা হলে এইটুকু বলে চুপ করব যে, আমার সঙ্গে মতে মিলল না। কেননা, আমি ছন্দ গুনি নে, আমি ছন্দ গুনি।

ভাবণ ১৩৩৯

ছন্দে হসস্ত

তব চিত্তগগনের দ্র দিক্সীমা বেদনার রাঙা মেঘে পেয়েছে মহিমা।

এখানে 'দিক্' শব্দের ক্ হসম্ভ ছওয়া সম্বেও তাকে এক মাত্রার পদবি দেওয়া গেল। নিশ্চিত জানি, পাঠক সেই পদবির সম্মান স্বতই রক্ষা করে চলবেন।

यत्नत्र व्याकारण जात्र मिक्नोयांना त्वरत्र विवामी व्यानभाषि ठलित्रांट्ड (स्टन्न)

> त्रहमांबनीत वर्षमान बरले 'इटम्पत्र इमस इमस इमस अवस अवस अवस्तितत्र अहेगा।

व्यथ्या---

দিগ্বলয়ে নবশশিলেখা টুকরো যেন মানিকের রেখা।

এতেও কানের সন্মতি আছে।

मिक्श्रांस्थ ७३ ठाम वृत्रि मिक्-लास मत्त्र १४ थ्ँ जि।

আপত্তির বিশেষ কারণ নেই।

দিক্প্রান্থের ধ্মকেতৃ উন্মন্তের প্রলাপের মতো নক্ষত্রের আভিনায় টলিয়া পড়িল অসংগত।

এও চলে। একের নজিরে অন্তের প্রামাণ্য ঘোচে না।

কিন্তু যারা এ নিয়ে আলোচনা করছেন তাঁরা একটা কথা বোধ হর সম্পূর্ব মনে রাখছেন না যে, সব দৃষ্টান্তগুলিই পয়ারজাতীয় ছম্দের। আর এ কথা বলাই বাহুলা যে, এই ছন্দ যুক্তধ্বনি ও অযুক্তধ্বনি উভয়কেই বিনা পক্ষপাতে এক মাত্রারূপে ব্যবহার করবার স্নাতন অধিকার পেয়েছে। আবার যুক্তধ্বনিকে তুই ভাগে বিশ্লিষ্ট করে তাকে তুই মাত্রায় ব্যবহার করার স্বাধীনতা সে যে দাবি করতে পারে না তাও নয়।

যাকে আমি অসম বা বিষম মাত্রার ছন্দ বলি যুক্তধ্বনির বাছ-বিচার তাদেরই এলেকায়।

इ९-घटं उपात्रम खित

কিম্বা-

হ্বং-ঘটে অমৃতরস ভরি ত্যা মোর হরিলে স্থলরী।

এ ছम्म इरेरे हमर्य। किस-

অমৃডনির্বরে হংপাত্রটি ভরি কারে সমর্পণ করিলে হুন্দরী।

অগ্রাহ্, অস্তত আধুনিক কালের কানে। অসম মাত্রার ছন্দে এরকম যুক্তধ্বনির বন্ধুরতা আবার একদিন ফিরে আগতেও পারে, কিছু আন্ধু এটার চল নেই।

এই উপলক্ষে একটা কথা বলে রাখি, সেটা আইনের কথা নর, কানের অভিক্রচির কথা।

হৃৎপটে আঁকা ছবিখানি

ব্যবহার করা আমার পক্ষে সহজ, কিন্তু-

হুৎপতে আঁকা ছবিধানি

অল্প একটু বাধে। তার কারণ খণ্ড ত'কে পূর্ণ ত'এর জাতে তুলতে হলে ভার পূর্ববর্তী স্বরবর্ণকে দীর্ঘ করতে হল; এই চুরিটুকুতে পীড়াবোধ হল না যদি পরবর্তী স্বরটা হ্রম্ম থাকে। কিন্তু, পরবর্তী স্বরটাও যদি দীর্ঘ হল তা হলে শন্দটার পালা ভারী হয়ে পড়ে।

হুৎপত্তে ত্ৰঁকেছি ছবিখানি

আমি সহজে মঞ্ব করি, কারণ এখানে 'হৃৎ' শব্দের স্বরটি ছোটো ও 'পত্র' শব্দের স্বরটি বড়ো। রসনা 'হৃৎ' শব্দ ক্রভ পেরিয়ে 'পত্র' শব্দে পুরো বোঁক দিতে পারে। এই কারণেই 'দিক্সীমা' শব্দকে চার মাত্রার আসন দিতে কুন্তিত হই নে, কিন্ধু 'দিক্সীমা' শব্দক চার মাত্রার আসন দিতে কুন্তিত হই নে, কিন্ধু 'দিক্সীমা' শব্দের বেলা ঈষৎ একটু দিধা হয়। প্রীক্লফ বলেছেন, দরিজ্ঞান্ ভর কোন্তেয়। 'দিক্সীমা' কথাটি দরিত্র, 'দিক্পান্ত' কথাটি পরিপুষ্ট।

এ অসীম গগনের তীরে মৃৎকণা জানি ধরণীরে।

'মৃংকণা' না বলে যদি 'মৃংপিণ্ড' বলা যায় তবে তাকে চালিয়ে দেওয়া যায়, কিন্তু একটু যেন ঠেলতে হয়, তবেই চলে।

> মৃং-ভবনে এ কী স্থা রাখিয়াছ হে বস্থা।

कांत्न वार्य ना। किस-

মৃত-ভাতেতে এ কী স্থা ভরিষাহ হে বস্থা।

কিছু পীড়া দেয় না যে তা বলতে পারি নে। কিন্তু, অক্ষর গন্তি করে যদি বল ওটা ইন্ডীডিয়স্ ডিস্টিহ্শন, তা হলে চুপ করে যাব। কারণ, কান-বেচারা প্রিমিটিভ্ ইক্রিয়, তর্কবিভায় অপটু।

কার্তিক ১৩৩৯

চিঠিপত্ৰ

त्यः छि. अक्षांमन्दक निरिष्ठ ?

আপনি বলিয়াছেন, আমাদের উচ্চারণের বোঁকটা বাক্যের আরম্ভে পড়ে। ইহা আমি অনেক দিন পূর্বে লক্ষ্য করিয়াছি। ইংরাজিতে প্রত্যেক শব্দেরই একটি নিজস্ব বোঁক আছে। সেই বিচিত্র বোঁকগুলিকে নিপুণভাবে ব্যবহার করার ভারাই আপনাদের ছন্দ সংগীতে মুখরিত হইয়া উঠে। সংস্কৃত ভাষার বোঁক নাই কিন্তু দীর্যহুস্বস্থর ও যুক্তবাঞ্জনবর্ণের মাত্রাবৈচিত্র্য আছে, তাহাতে সংস্কৃত ছন্দ টেউ খেলাইয়া উঠে। ষ্থা—

অস্তান্তরস্থাং দিশি দেবতাত্মা।

উক্ত বাক্যের যেখানে যেখানে যুক্তব্যঞ্জনবর্ণ বা দীর্ঘম্বর আছে সেখানেই ধ্বনি গিয়া বাধা পায়। সেই বাধার আঘাতে আঘাতে ছন্দ হিল্লোলিত হইয়া উঠে।

যে ভাষার এইরপ প্রত্যেক শব্দের একটি বিশেষ বেগ আছে সে ভাষার মন্ত স্থিধা এই যে, প্রত্যেক শব্দটিই নিব্দেকে জানান দিরা যার, কেহই পাশ কাটাইরা আমাদের মনোযোগ এড়াইরা যাইতে পারে না। এইজ্ঞ বখন একটা বাক্য (sentence) আমাদের সমুখে উপস্থিত হয় তখন ভাহার উচ্চনীচভার বৈচিত্রাবশত একটা স্থাপটি চেহারা দেখিতে পাওরা যায়। বাংলা বাক্যের অস্থবিধা এই যে, একটা কোঁকের টানে একসকে অনেকগুলা শব্দ অনারাসে আমাদের কানের উপর দিরা পিছলাইরা চলিরা যার; তাহাদের প্রভাকটার সক্ষে পরিচয়ের সমর পাওরা যায় না। ঠিক যেন আমাদের একারবর্তী পরিবারের মভো। বাড়ির কর্তাটিকেই স্পট করিয়া অহভেব করা যার কিছু তাহার পশ্চাতে তাহার কত পোল্প আছে, তাহারা আছে কি নাই, তাহার হিসাব রাখিবার দরকার হয় না।

এইজন্য দেখা যায়, আমাদের দেশে কথকতা যদিচ জনসাধারণকৈ শিক্ষা এবং আমোদ দিবার জন্ম, তথাপি কথকমহাশয় ক্ষণে ক্ষণে তাহার মধ্যে ঘনঘটাছয় সংস্কৃত সমাদের আমদানি করিয়া থাকেন। সে-সকল শব্দ গ্রাম্যলোকেয়া বোঝে না, কিন্তু এই-সমন্ত গভীর শব্দের আওয়াজে তাহাদের মনটা ভালো করিয়া

> नवूल भट्य श्रकाशिक 'नाष्' काषात्र निविक मृत शार्र ।

জাগিয়া ওঠে। বাংলাভাষায় শব্দের মধ্যে আওয়াজ মৃত্ব বলিয়া অনেক সময় জামাদের কবিদিগকে দায়ে পড়িয়া অপ্রচলিত সংস্কৃত শব্দ ব্যবহার করিতে হয়।

এইজন্তই আমাদের যাত্রার ও পাঁচালির গানে ঘন ঘন অন্থ্রাস ব্যবহারের প্রথা আছে। সে অন্থ্রাস অনেক সময় অর্থহীন এবং ব্যাকরণবিক্ষত্র; কিন্তু সাধারণ শ্রোতাদের পক্ষে তাহার প্রয়োজন এত অধিক বে বাছ-বিচার করিবার সময় পাওয়া যায় না। নিরামিষ তরকারি রাঁধিতে হইলে ঝাল-মসলা বেলি করিয়া দিতে হয়, নহিলে খাদ পাওয়া যায় না। এই মসলা পুষ্টির জন্ম নহে; ইহা কেবলমাত্র রসনাকে তাড়া দিয়া উত্তেজিত করিবার জন্ম। সেইজন্ম দাশর্থি রায়ের রামচক্র যথন নিম্নলিখিত রীতিতে অন্থ্রাসচ্চটা বিস্তার করিয়া বিলাপ করিতে থাকেন—

অতি অগণ্য কাজে ছি ছি অঘ্য সাজে

ঘোর অরণামাঝে কত কাঁদিলাম---

তাহাতে শ্রোতার হনর ক্র হই রা উঠে। আমাদের বন্ধু দীনেশবাব্-কর্তৃক পরমপ্রশংসিত কৃষ্ণকমল গোস্বামী মহাশন্তের গানের মধ্যে নিম্নলিখিত প্রকারের আবর্জনা ঝুড়িঝুড়ি চাপিয়া আছে। তাহাতে কাহাকেও বাধা দের না।

পূন: যদি কোনকণে দেখা দেয় কমলেকণে
যতনেকনৈ রক্ষণে জানাবি তৎকণে।

এখানে কমলেক্ষণ এবং রক্ষণ শব্দটাতে এ-কার যোগ করা একেবারেই নিরর্থক; কিছ অন্ধ্রানের বক্তার মুখে অমন কত এ-কার উ-কার স্থানে অস্থানে ভাসিয়া বেড়ার তাহাতে কাহারো কিছু আসে যায় না।

একটা কথা মনে রাখিতে হইবে, বাংলা রামারণ, মহাভারত, অরদামকল, কবিক্ষণচণ্ডী প্রভৃতি সমন্ত পুরাতন কাব্য গানের হ্বরে কীর্তিত হইত। এইকর লবের মধ্যে যাহা কিছু কীণতা ও ছন্দের মধ্যে যাহা কিছু কাঁক ছিল সমন্তই গানের হ্বরে ভরিয়া উঠিত; সকে সকে চামর ছলিত, করভাল চলিত এবং মুক্ত বাজিতে থাকিত। সেই-সমন্ত বাদ দিয়া যখন আমাদের সাধুসাহিত্য-প্রচলিত ছন্দঞ্জলি পড়িরা দেখি, তখন দেখিতে পাই একে তো প্রত্যেক কথাটিতে হতম্ব বোঁক নাই, তাহাতে প্রত্যেক অক্ষরটি একমাত্রা বলিয়া গণ্য হইরাছে।…

গানের পক্ষে ইহাই স্থবিধা। বাংলার সমতল ক্ষেত্রে নদীর ধারা ধেমন ক্ষম্ভনে চারি দিকে লাথার প্রলাথার প্রসারিত হইরাছে, তেমনি সমমাত্রিক ছন্দে স্থর আপন প্রবোজনম্ভ বেমন-ভেমন করিয়া চলিভে পারে। কথাঞ্জলা মাথা ঠেট করিয়া সম্পূর্ণ ভাহার অন্থণ্ড হইয়া থাকে।

কিন্তু, স্থান হইতে বিষ্কু করিয়া পড়িতে গেলে এই ছনগুলি একেবারে বিধবার মতো হইয়া পড়ে। এইজন্য আজ পর্যন্ত বাংলা কবিতা পড়িতে হইলে আমরা স্থান করিয়া পড়ি। এমন-কি, আমাদের গত আবৃত্তিতেও যথেষ্ট পরিমাণে স্থান লাগে। আমাদের ভাষার প্রকৃতি-অনুসারেই এরপ ঘটিয়াছে। আমাদের এই অভ্যাসবশত ইংরেজি পড়িবার সময়েও আমরা স্থান লাগাই; ইংরেজের কানে নিশ্চরই ভাষা অতৃত লাগে।

কিন্তু, আমাদের প্রত্যেক অক্ষরটিই যে বস্তুত এক মাত্রার এ কথা সত্য নহে। যুক্ত বর্ণ এবং অযুক্ত বর্ণ কখনোই এক মাত্রার হইতে পারে না।

কাশীরাম দাস কছে ভনে পুণ্যবান।

'পুণাবান' শব্দটি 'কাশীরাম' শব্দের সমান ওজনের নহে। কিন্তু, আমরা প্রত্যেক বর্ণটিকে স্থর করিয়া টানিয়া টানিয়া পড়ি বলিয়া আমাদের শব্দগুলির মধ্যে এতটা ফাঁক থাকে যে, হালকা ও ভারী তৃইরকম শব্দই সমমাত্রা অধিকার করিতে পারে।…'

Equality, Fraternity প্রভৃতি পদার্থগুলি থ্ব ম্লাবান বটে, কিন্তু সেইজক্সই
বৃটা হইলে তাহা ত্যাজ্ঞা হয়। আমাদের সাধুছন্দে বর্ণগুলির মধ্যে সাম্য ও সৌলাত্র
দেখা যায় তাহা গানের স্থরে সাঁচ্চা হইতে পারে, কিন্তু আবৃত্তি করিয়া পড়িবার
প্রয়োজনে তাহা ঝুটা। এই কথাটা অনেকদিন আশার মনে বাজিয়াছে। কোনো
কোনো কবি ছন্দের এই দীনতা দ্ব করিবার জন্ত বিশেষ জোর দিবার বেলায় বাংলা
শক্তিলিকে সংস্কৃতের রীতি-অমুষায়ী স্বরের হন্দ্র দীর্ঘ রাখিয়া ছন্দে বসাইবার চেটা
করিয়াছেন। ভারতচন্দ্রে তাহার ঘুই-একটা নম্না আছে। যথা—

महाकल (तत्म महात्मव नात्म।

বৈষ্ণৰ কবিদের রচনায় এরপ অনেক দেখা যায়। কিন্তু, এগুলি বাংলা নয় বলিলেই হয়। ভারতচক্র বেখানে সংস্কৃত ছন্দে লিখিয়াছেন, সেখানে তিনি বাংলা শব্দ যতদ্র সম্ভব পরিত্যাগ করিয়াছেন এবং বৈষ্ণব কবিরা যে ভাষা ব্যবহার করিয়াছেন তাহা মৈখিলী ভাষার বিকার।

আমার বড়দাদা মাঝে নাঝে এ কাজ করিয়াছেন, কিন্তু ভাছা কৌতুক করিয়া। যথা—

रेक्टा गमाक् जमनगमत्न किन्छ भाषित्र नाचि । भारत्र निक्री यन छेष्ट्र छेष्ट्र ७ कि स्टिवरि माचि !

বাংলায় এ জিনিস চলিবে না; কারণ বাংলায় হ্রন্থীর্ঘন্তরের পরিমাণভেদ স্থাক্ত নহে। কিন্তু, যুক্ত ও অযুক্ত বর্ণের মাত্রাভেদ বাংলাতেও না ঘটিয়া থাকিতে পারে না।...

गःषुट्छत गत्न वांश्मात्र अकृति व्यट्म अहे य, वांश्मात्र श्राप्त गर्वताहे भर्त्यत अक्षिष्ठ अ-स्वत्र दर्शन देखान क्या । त्यमन-- क्या, खन, मार्ठ, घाँछ, ठाँम, काँम, বাঁদর, আদর ইত্যাদি। ফল শব্দ বস্তুত এক মাত্রার কথা। অথচ সাধু বাংলাভাষার ছন্দে हैशारक पूरे भाजा विनिष्ठा धन्ना एन । अर्थाए कना এवः कन वांश्ना हत्म अकरे अस्ति । **এইक्र**प्त वांश्ना नांध्रहत्म रुमस सिनिमिंगांक अत्कवादि वावरादि नांगांका एक ना। অথচ জিনিসটা ধ্বনি উৎপাদনের কাজে ভারি মজবুত। হসন্ত শব্দটা স্বর্যবর্ণের বাধা পান্ন না বলিয়া পরবর্তী শব্দের ঘাড়ের উপর পড়িয়া তাহাকে ধাকা দের ও বাজাইয়া তোলে। 'করিতেছি' শন্টা ভোঁতা। 'উহাতে কোনো স্থর বাজে না কিছ 'কটি' मरम এक हो अब चाहि। 'बाहा हरेवांत्र डाहार हरेरव' এर वास्कात स्वनिहा चडास ঢিলা; সেইজন্ম ইহার অর্থের মধ্যেও একটা আলস্ত প্রকাশ পায়। কিন্তু, ষ্থন वणा यात्र 'या हवात्र তारे हत्य' उथन 'हवात्र' मास्त्र हमख-'त्र' 'जारे' मास्त्र छेनत्र আছাড় খাইয়া একটা জোর জাগাইয়া তোলে, তখন উহার নাকী স্থর ঘূচিয়া গিয়া ইহা হইতে একটা মরিয়া ভাবের আওয়াক বাহির হয়। বাংলার হসন্তবজিত সাধু ভাষাটা বাবুদের আত্তরে ছেলেটার মতো মোটালোটা গোলগাল; চর্বির স্তরে ভাহার চেহারাটা একেবারে ঢাকা পড়িয়া গেছে, এবং তাহার চিক্কণতা যতই থাক্, তাহার জোর অতি অল্লই।

কিন্ধ, বাংলার অসাধু ভাষাটা খুব জোরালো ভাষা, এবং তাহার চেহারা বলিরা একটা পদার্থ আছে। আমাদের সাধু ভাষার কাব্যে এই অসাধু ভাষাকে একেবারেই আমল দেওয়া হর নাই; কিন্ধ, তাই বলিয়া অসাধু ভাষা যে বাসার গিয়া মরিয়া আছে তাহা নহে। লে আউলের মূখে, বাউলের মূখে, ভক্ত কবিদের গানে, মেরেদের ছড়ার বাংলাদেশের চিন্তটাকে একেবারে শ্রামল করিয়া ছাইয়া রহিয়াছে। কেবল ছাপার কালির ভিলক পরিয়া সে ভত্রসাহিত্যসভার মোড়লি করিয়া বেড়াইতে পারে না। কিন্ধ, তাহার কঠে গান থামে নাই, তাহার বাঁশের বাঁশি বাজিতেছেই। সেই-সব মেঠো-গানের ঝরনার তলায় বাংলাভাষার হসন্ত-শন্তলো হুড়ির মতো পরস্পরের উপর পড়িয়া ঠুন্ঠুন্ শন্ধ করিভেছে। আমাদের ভত্রসাহিত্যপদ্ধীর গন্তীর দিঘিটার দ্বিয় জলে সেই শন্ধ নাই, সেখানে হসন্তর ঝংকার বন্ধ।

আমার শেষ বন্ধসের কাব্য-রচনান্ন আমি বাংলার এই চলভি ভাষার স্বর্টাকে ব্যবহারে লাগাইবান্ন চেষ্টা করিয়াছি। কেননা দেখিয়াছি, চলভি ভাষাটাই স্রোভের অলের মভো চলে, ভাহার নিজের একটি কলধ্বনি আছে। গীতাঞ্জলি' হইভে আপনি

> गैकियांगा ?

আমার যে লাইনগুলি তুলিয়া দিয়াছেন ভাছা আমাদের চলতি ভাষার হসন্ত স্থরের লাইন।

আমার সকল্ কাঁটা ধন্ত করে
ফুট্বে গো ফুল্ ফুট্বে।
আমার সকল্ ব্যথা রভিন্ হয়ে
গোলাপ্ হয়ে উঠ্বে।

আপনি লক্ষ্য করিয়া দেখিবেন এই ছন্দের প্রত্যেক গাঁঠে গাঁঠে একটি করিয়া হসস্তের ভক্তি আছে। 'ধয়া' শন্দটার মধ্যেও একটা হসস্ত আছে। উহা "ধন্ন" এই বানানে লেখা যাইতে পারে। এইটে সাধু ভাষার ছন্দে লিখিলাম—

যত কাঁটা মম সফল করিয়া ফুটিবে কুস্ম ফুটিবে।
সকল বেদনা অৰুণ বরনে গোলাপ হইয়া উঠিবে।
অথবা যুক্তবর্ণকৈ যদি এক মাত্রা বলিয়া ধরা যায় তবে এমন হইতে পারে—
সকল কণ্টক সার্থক করিয়া কুস্থমন্তবক ফুটিবে।
বেদনা যন্ত্রণা রক্তম্তি ধরি গোলাপ হইয়া উঠিবে।

এমনি করিরা লাধু ভাষার কাব্যসভার যুক্তবর্ণের মৃদক্ষণা আমরা ফুটা করিরা দিরাছি এবং হসস্তর বালির ফাকগুলি দীলা দিরা ভাতি করিরাছি। ভাষার নিজের অস্করের স্বাভাবিক স্থরটাকে রুদ্ধ করিরা দিরা বাহির হইতে স্থর যোজনা করিতে হইরাছে। সংস্কৃতভাষার জবি-জহরতের ঝালরওরালা দেড়-হাত ছই-হাত ঘোমটার আড়ালে আমাদের ভাষাবধূটির চোথের জল মুথের হালি সমস্ত ঢাকা পড়িয়া গেছে, তাহার কালো চোথের কটাক্ষে যে কত তীক্ষতা তাহা আমরা ভূলিয়া গেছি। আমি ভাহার সেই সংস্কৃত ঘোমটা খুলিয়া দিবার কিছু সাধনা করিয়াছি তাহাতে সাধু লোকেরা ছি ছি করিয়াছে। সাধু লোকেরা জরির আঁচলাটা দেখিয়া ভাহার দর যাচাই করুক; আমার কাছে চোথের চাহনিটুকুর দর তাহার চেম্বে অনেক বেশি; সে যে বিনামুল্যের ধন, সে ভটাচার্যপাড়ার হাটে বাজারে মেলে না।

देकार्ष ३७२३

२

সম্প্রসমরে পড়ি বীরচ্ডামণি বীরবাহ—

এই বাকাটি আবৃত্তি করিবার সময়ে আমরা 'সমুধ' শব্দটার উপরে বোঁক দিয়া সেই এক কোঁকে একেবারে 'বীরবাহু' পর্যন্ত গড় গড় করিয়া চলিয়া যাইতে পারি। আমরা নিশাসটার বাজে-ধরচ করিতে নারাজ, এক নিশাসে বতগুলা শব্দ সারিয়া লইতে পারি ছাড়ি না।

আপনাদের ইংরাজি বাক্যে সেটা সম্ভব হন্ন না, কেননা, আপনাদের শক্তবণা বেজান্ন রোখা মেজাজের। তাহারা প্রত্যেকেই চুঁ মারিন্না নিশাসের শাসন ঠেলিন্না বাহির হইতে চান্ন। She was absolutely authentic, new, and inexpressible—এই বাক্যে যতগুলি বিশেষণপদ আছে সব কটাই উচু হইন্না উঠিনা নিশাসের বাভাসটাকে কুটবলের গোলার মতো এক মাখা হইতে আর-এক মাখান্ন ছুঁজিন্না ছুঁজিনা চালান করিন্না দিতেছে।

প্রত্যেক ভাষারই একটা স্বাভাবিক চলিবার ভলি আছে। সেই ভলিটারই অন্থসরণ করিয়া সেই ভাষার নৃত্য অর্ধাৎ তাহার হল রচনা করিতে হয়। এখন দেখা যাক, আমাদের ভাষার চাল-চলনটা কী রকম।

আপনি বলিয়াছেন, বাংলা বাকা -উচ্চারণে বাক্যের আরম্ভে আমরা বোঁক দিয়া থাকি। এই কোঁকের দৌড়টা যে কতদ্র পর্যন্ত হইবে তাহার কোনো বাঁধা নিরম নাই, লেটা আমাদের ইচ্ছা। যদি জোর দিতে না চাই তবে সমস্ত বাকাটা একটানা বলিতে পারি, যদি জোর দিতে চাই তবে বাক্যের পর্বে পর্বেই কোঁক দিয়া থাকি। 'আদিম মানবের তুম্ল পাশবতা মনে করিয়া দেখো'— এই বাক্যটা আমরা এমনি করিয়া পড়িতে পারি যাহাতে উহার সকল শক্ষই একেবারে মাথার মাথার সমান হইরা থাকে। আবার উত্তেজনার বেগে নিয়লিখিত-মত করিয়াও পড়া যাইতে পারে—

আদিম মানবের তুমুল পাশবতা মনে করিয়া দেখো।

এই বাংলা শবশুলির নিজের কোনো বিশেষ দাবি নাই, জামাদের মর্জির উপরেই নির্ভর। কিন্তু, Realize the riotous animality of primitive man— এই বাংলা প্রান্ন প্রত্যেক শব্দই নিজ নিজ এক্সেন্টের ধ্বজা গাড়িয়া বসিয়া আছে বলিয়া নিশাস তাহাদিগকে খাডির করিয়া চলিতে বাধা।

বাংলা ছন্দে যে পদবিভাগ হয় সেই প্রভাক পদের গোড়াভেই একটি করিরা বোঁকালো শব্দ কাপ্তেনি করে এবং তাহার পিছন পিছন করেকটি অহুগত শব্দ সমান তালে পা ফেলিয়া কুচ করিয়া চলিয়া যায়। এইরপ এক-একটি বোঁক-কাপ্তেনের অধীনে কয়টা করিয়া মাত্রা-সিপাই থাকিবে ছন্দের নিয়ম-অহুসারে তাহার বরাদ্দ হইয়া থাকে।

পন্নারের রীডিটা দেখা যাক। পন্নারটা চতুম্পদ ছন্দ। আমার বিশ্বাস, পন্নার

শব্দটা পদ-চার শব্দের বিকার। ইহার এক-একটি পদ এক-একটি বোঁকের শাসনে চলে।

> মহাভারতের কথা | অমৃতস্মান। কাশীরামদাস কছে। শুনে পুণ্যবান্।

'অমৃতসমান' ও 'শুনে পুণাবান' এই ছই অংশে ছয়টি অক্ষর দেখা যাইতেছে বটে, কিন্তু মাত্রাগণনায় ইহারা আট। ওইখানে লাইন শেষ হয় বলিয়া ছটি মাত্রা-পরিমাণ জায়গা ফাঁক থাকে। যাহারা হ্বর করিয়া পড়ে তাহারা 'মান' এবং 'বান' শব্দের আকারটিকে দীর্ঘাকার করিয়া ওই ফাঁক ভরাইয়া দেয়।

এক-একটি বোঁকে করটি করিয়া মাত্রা আগলাইতেছে তাহা দেখিয়াই ছন্দের বিচার
করিতে হয়। নতুবা যদি মোটা করিয়া বলি যে, এক-এক লাইনে চোদটা করিয়া
অক্ষর থাকিলে তাহাকে পয়ার বলে তবে নানা ভিয়প্রকারের ছন্দকে পয়ার বলিতে
হয়। নিয়লিখিত ছন্দে প্রত্যেক লাইনে চোদটা অক্ষর আছে—

ফাগুন যামিনী, প্রদীপ জলিছে ঘরে। দখিন-বাতাস মরিছে বুকের 'পরে।

ইহাকে যে পরার বলি না তাহার কারণ ইহার এক-একটি ঝোঁকের দখলে ছরটি করিয়া মাতা। ইহার ভাগ নীচে লিখিলাম—

कांश्वन यामिनी, अमील व्यक्ति घरत-।

टाम-अम्द्री नारेत्नद्र आद्रा मृहास आह—

পুরব-মেষমৃখে । পড়েছে রবিরেখা। অঙ্গল-রথচূড়া। আধেক গেল দেখা।

এখানে স্পষ্টই এক-এক ঝোঁকে সাতটি করিয়া মাতা। স্বতরাং পরারের তুলনার প্রত্যেক পদে ইহার এক মাতা কম।

তবেই দেখা যাইতেছে, আট মাত্রার ছলকেই পরার বলে। আট মাত্রাকে হথানা করিয়া চার মাত্রায় ভাগ করা চলে, কিন্তু সেটাতে পরারের চাল থাটো করা হয়। বস্তুত লখা নিখাসের মন্দগতি চালেই পরারের পদমর্যাদা। চার-চার মাত্রায় পা ফেলিয়া পরার যথন ছলকি চালে চলে তখন ভাহার পায়ে পায়ে মিল থাকে। যেমন—

वांस्य जीव, পড़ে वीव धवनीव 'शदा।

এরপ ছন্দ হালকা কাজে চলে, ইছা যুক্ত-অক্ষরের ভার সন্ধ না এবং সাভকাও আ অষ্টাদশ পর্ব জুড়িয়া লখা দৌড় ইছার পক্ষে অসাধ্য। চৌপদীটা পন্নারের সহোদর বোন। আট মাত্রার ভাহার পা পড়ে, কেবল তাহার পারে মিলের মলজোড়ার ঝংকারটা কিছু বেলি।

বাছিরের চেহারা দেখিরা ছন্দের জাতিনির্ণর করার যে প্রমাদ ঘটতে পারে তাহার একটা দৃষ্টাস্ত এইখানে দিই। একদিন আমার মাথার একটা ছর মাত্রার ছন্দ আসিয়া হাজির হইরাছিল। তাহার চেহারাটা এইরকম—

প্রথম শীতের মাসে, শিশির লাগিল ঘাসে,

इह करत्र हा छत्रा जारम हिहि करत्र केंद्रि गांज।

গোটা কয়েক শ্লোক ষধন লেখা হইয়া গেছে তথন হঠাৎ হঁশ হইল যে, আকারেআয়তনে চৌপদীর সঙ্গে ইহার কোনো তফাত নাই, অতএব পাঠকেরা আট মাত্রার
বোঁক দিয়াই ইহা পড়িবে— তখন আমি হাল ছাড়িয়া দিয়া চৌপদীর দম্বরেই লিখিতে
লাগিলাম। এই ছন্দটিকে ছয় মাত্রার কায়দার পড়িতে হইলে নিয়লিখিত-মত
ভাগ হয়—

প্রথম শীতের | মাসে---

मिनित्र मातिम। चारम---

আমাদের দেশের সংগীতের তাল যদি আপনার জানা থাকে তবে এক কথার বলিলেই ব্ঝিবেন, চৌপদীতে কাওরালির লয়ে ঝোঁক দিতে হয় এবং আমি যে ছন্দটা লক্ষ্য করিয়া লিখিতেছিলাম তাহার তাল একতালা। কাওয়ালি হুইবর্গ মাত্রার তাল, এবং একতালা তিনবর্গ মাত্রার।

ত্রিপদীরও মোটের উপর আট মাত্রার চাল। বথা—

जवानीय कर्षेजारा। नव्या देश कीर्जिवारम,

क्थानल कल्वत । पर ।

তৃতীর পদে চুটা মাত্রা বেশি আছে; ভাহার কারণ, বে চতুর্ব পদটি থাকিলে এই ছন্দের ভারসামঞ্জ থাকিত সেটি নাই। 'ক্ষানলে কলেবর' পর্যন্ত আসিরা থামিতে গেলে ছন্দটা কাত হইরা পড়ে এইজন্ত 'দছে' একটা বোগ করিয়া ছোটো একটি ঠেকা দিয়া উহাকে থাড়া রাখা হইরাছে। চতুম্পদ জন্তর পায়ের তেলোটা চওড়া হর না, কিন্তু মাছবের থাড়া শরীরের টিল্টলে ভারটা ছই পারের পক্ষে বেশি হওরাতেই ভাহার

পদতলটা গোড়ালি ছাড়াইয়া সামনের দিকে থানিকটা বিস্তীর্ণ; সেইটুকুই ত্রিপদীর ওই শেষ ছটো অতিরিক্ত মাত্রা।

এইরপ অনেকগুলি ছন্দ দেখা যার যাহাতে খানিকটা করিরা বড়ো মাত্রাকে একটি করিরা ছোটো মাত্রা দিরা বাধা দিবার কারদা দেখা যার। দশ মাত্রার ছন্দ তাহার দৃষ্টাস্ত। ইহার ভাগ আট+ত্ই, অথবা চার+চার+ত্ই—

মোর পানে। চাহ মুখ। তুলি,

পরশিব চরণের ধৃ ।

ছয় মাত্রার ছন্দেও এরপ বড়ো-ছোটোর ভাগ চলে। সেই ভাগ ছয় + ছই অথবা তিন + তিন + ছই। যেমন—

আঁখিতে। মিলিল। আঁখি।
হাসিল। বদন। ঢাকি।

মরম- বারতা শরমে মরিল

কিছু না রহিল বাকি।

উক্ত ছন্দে তিনের দল বৃক ফুলাইরা জুড়ি মিলাইরা চলিতেছিল, হঠাৎ মাঝে মাঝে একটা থাপছাড়া হুই আসিরা তাহাদিগকে বাধা দিরাছে। এইরপে গতি ও বাধার মিলনে ছন্দের সংগীত একটু বিশেষ ভাবে বাজিরা উঠিয়াছে। এই বাধাটি গতির অহপাতে ছোটো হওয়া চাই। কারণ, বড়ো হইলে সে বাধা সতা হয়, এবং গতিকে আবদ্ধ করে, সেটা ছন্দের পক্ষে ছুর্ঘটনা। তাই উপরের ছুইটি দৃষ্টাস্তে দেখিয়াছি চারের দল ও তিনের দলকে ছুই আসিয়া রোধ করিয়াছে, সেইজেল ইহা বন্ধনের অবরোধ নহে, ইহা লীলার উপরোধ। ছুইরের পরিবর্তে এক হুইলেও ক্ষতি হয় না। যেমন—

প্রতিদিন হার | এসে ফিরে যার | কে |

অধবা---

प्रधात । निश्चित । ता।

।

गार्थ जीन | कॅाल कीन | गा।

বাংলা ছন্দকে তিন প্রধান শ্রেণীতে ভাগ করা যায়। ছই বর্গের যাত্রা, তিন বর্গের

তুই বর্গ মাজার ছন্দ, বেমন পরার, ত্রিপদী, চৌপদী। এই-সমস্ত ছন্দ বড়ো বড়ো বোঝা বহিতে পারে, কেননা তুই, চার, আট মাজাগুলি বেশ চৌকা। এইজ্ঞ পৃথিবীতে পা-ওরালা জীবমাজেরই, হর তুই, নর চার, নর আট পা। বাংলাসাহিত্যে ইহারাই মহাকাব্যের বাহন।

চাকার গুণ এই যে একবার ধাকা পাইলে সেই ঝোঁকে সে, গড়াইয়া চলে, থামিতে চায় না। তিন মাত্রার হন্দ সেই চাকার মতো। তুই সংখ্যাটা স্থিতিপ্রবণ, তিন সংখ্যাটা গতিপ্রবণ।

নবীন | কিশোরী | মেঘের | বিজুরি | চমকি | চলিয়া | গেল।
এখানে তিন মাত্রার শব্দগুলি একটা আর-একটার গারের উপর গড়াইরা পড়িরা
ঠেলা দিরা চলিরাছে, থামানো দার। অবলেষে একটি হুই মাত্রা আসিরা তাহাকে
ক্ষণকালের জন্ত ঠেকাইরাছে।

হুই মাত্রার সঙ্গে তিন মাত্রার মিলনে অসম মাত্রার ছন্দের উৎপত্তি। ৩+২, ৩+৪, ৫+৪ মাত্রার ছন্দ তাহার দৃষ্টাস্ত।

७+२, यथा-

কাঁপিলে পাতা, নড়িলে পাখি চমকি উঠে চকিত আঁখি।

0+8-

खत्रम खमध्र वित्रिष् अत्रक्षत्र

Q+8---

वहन वरण आर्था-आर्था, हत्रन हरण वार्था-वार्था, नत्रन- खरण कारण-कारण हाहनि।

তিন মাত্রার ছন্দের ক্লার অসম মাত্রার ছন্দও স্বভাবত চঞ্চল। মাত্রার অসমানতাই তাছাকে কেবল টলাইতে থাকে। প্রত্যেক পদ পরবর্তী পদের উপর ঠেস দিয়া আপনাকে সামলাইতে চেষ্টা করে। বন্ধত তিন মাত্রাও অসম মাত্রা, তাহার উপাদান ছই+এক।

কারণ, ছন্দের মূল মাজা হুই, ভাছা এক নছে। নিয়মিত গতিমাত্রই হুই সংখ্যাকে অবলম্বন করিয়া। ভাই গুল্ক, যাহা থামিয়া থাকে, ভাছা এক হুইতে পারে; কিন্তু

জন্ম পা বল, পাখির পাখা বল, মাছের পাখনা বল, ছইরের বোগে তবে চলে।
সেই ছইরের নিয়মিত গতির উপরে যদি একটা একের অতিরিক্ত ভার চাপানো যার তবে
সেই গতিতে একটা অনিয়মের বেগ পড়ে, সেই অনিয়মের ঠেলায় নিয়মিত গতির বেগ
বাড়িয়া যায় এবং ভাছার বৈচিত্রা ঘটে। মাছবের শরীর ভাছার দৃষ্টাস্ত। চারপেরে
মাহ্র যখন সোজা হইয়া দাঁড়াইল তখন ভাছার কোমর হইতে মাথা পর্যন্ত টেল্মলে এবং
কোমর ছইতে পদতল পর্যন্ত মজবৃত হওয়াতে এই ছইভাগের মধ্যে অসামঞ্জ ঘটিয়াছে।
এই অসামঞ্জ্যকে ছন্দে সামলাইবার জন্ম মাহ্রবের গতিতে মাথা হাত কোমর পা
বিচিত্র হিল্লোলে হিল্লোলিত হইতেছে। চার পারের ছন্দ ইছার চেরে অনেক সরল।

অতএব বাংলা ছলকে সম মাত্রা, অসম মাত্রা এবং বিষম মাত্রায় শ্রেণীবন্ধ করা বাইতে পারে। শুধু বাংলা কেন, কোনো ভাষার ছলের আর-কোনোপ্রকার ভাগ হইতে পারে বলিয়া মনে করিতে পারি না। তবে প্রভেদ হয় কিসে। মাত্রাগুলির চেহারায়।

সংস্কৃতভাষার অসমান শ্বর ও ব্যপ্তনগুলিকে কৌশলে মিলাইরা সমান মাত্রার ভাগ করিতে হয়, তাহাতে ধ্বনির বৈচিত্র্য ও গান্তীর্য ঘটে। যথা—

বদসি যদি | কিঞ্চিদপি | দস্তক্ষচি | কৌম্দী।
। । । । হরতি দর | তিমিরমতি | ঘোরম্।

ইহা পাঁচ মাত্রা অর্থাৎ বিষম মাত্রার ছন্দ। বাঙালি জন্মদেব তাঁহার গানে সংস্কৃতভাষার যুক্তবর্ণের বেণী যথাসম্ভব এলাইয়া দিতে ভালোবাসিতেন, এইজস্ত উপরের উদ্ধৃত স্নোকাংশটি যথেই ভালো দৃষ্টাম্ভ নহে; তবু ইহাতে আমার কথাটি বুঝা বাইবে। ইহার প্রত্যেক বোঁকে যে পাঁচ মাত্রা পড়িয়াছে তাহার ভাগ এইরূপ—

বাংলাভাষার সাধু ছন্দে একের মাঝে মাঝে ঘুই বসিবার জারগা পার না, এ কথা পূর্বেই বলিরাছি। উপরের কবিতাটুকু বাংলার তর্জমা করিতে হইলে নিম্নলিখিত-মত হইবে—

বচন যদি । কহু গো ছটি
দশনক্ষতি । উঠিবে ফুটি,
ঘুচাবে মোর । মনের ঘোর । ভামসী।

এकि हेश्त्रां कि मुद्देश मिकना योक---

Ah distinctly I remember | It was in the | bleak December. |

এটি চৌপদী ছন্দ। ইছার মাত্রাগুলিকে ছাড়াইয়া দেখা যাক—

> 3 0 8

Ah dis tinct ly

5 2 0 8

I re mem ber

ইহার এক-একটা বোঁকে চারিটি করিয়া মাত্রা, কিন্তু অসমান শবস্তুলিকে ভাগ করিয়া এই মাত্রাগুলি তৈরি হইয়াছে এবং distinct শব্দের tinct এবং remember শব্দের mem অংশটি নিজের এক্সেণ্টের সড়্কি আক্ষালন করিতেছে।

रेशरे गांधू वांश्नाम श्रेटव---

আছা মোর মনে আসে দারুণ শীতের মাসে।

ইংরেজ কবি ইচ্ছা করিলেও এমনতরো নথদন্তহীন মাত্রায় ছল রচিতেই পারেন না, কারণ, তাঁহাদের শবশুলি কোণওয়ালা।

ইচ্ছা করিলে যুক্ত-অক্ষরের আমদানি করিরা আমরা ওই শ্লোকটাকে শক্ত করিরা তুলিতে পারি। যেমন—

> ম্পষ্ট শ্বতি চিত্তে ভাসে হুরস্ত অন্তান মাসে অগ্নিকুণ্ড নিবে আসে

> > নাচে ভারি উপচ্ছায়া।

এখানে বাংলার সদ্ধে ইংরাজির প্রধান প্রভেদ এই ষে, বাংলা শক্তুলিতে স্বর্বর্ণের টান ইংরাজির চেয়ে বেলি। কিন্তু, আমার প্রথম পত্রেই লিখিয়াছি, সেটা কেবল সাধু ভাষায়; বাংলার চলতি ভাষায় ঠিক ইছার উলটা। চলতি ভাষার কথাগুলি শুচিভাবে পরস্পরের স্পর্শ বাচাইয়া চলে না, ইংরাজি শক্ষেরই মতো চলিবার সময় কে কাছার গায়ে পড়ে তাছার ঠিক নাই।

পূর্বপত্রেই লিখিয়াছি, বাংলা চলতি ভাষার ধানিটা হসন্তের সংঘাত-ধানি, এইজ্ঞ ধানিহিসাবে সংস্কৃতের চেয়ে ইংরাজির সঙ্গে ভাহার মিল বেলি। তাই এই চলতি ভাষার ছন্দে যাত্রাবিভাগ বিচিত্র। বাংলা-প্রাকৃতের একটা চৌপদী নীচে লিখিলাম।—

কই পালন্ধ, কই রে কম্বল, কপ্নি-টুক্রো রইল সম্বল, এক্লা পাগ্লা ফির্বে জন্ল, মিট্বে সংকট মুচ্বে ধনা।

ইহার সঙ্গে Ah distinctly I remember শ্লোকটি মিলাইয়া দেখিলে দেখা যাইবে, ধ্বনির বিশেষ কোনো তফাত নাই।

ইহার সাধু পাঠ এইরূপ---

শযা কই বন্ধ কই, কী আছে কৌপীন বৈ, একা বনে ফিন্নে ওই নাহি মনে ভন্ন চিস্তা।

गांधु ७ जगांधुत यांकां जां नीति नीति निश्रिनाय, यिनारेश पिश्रितन।

সাধু ভাষার ছনটি ষেন মোটা মোটা ফাঁকওয়ালা জালের মতো, আর অসাধুটির একেবারে ঠাসবুনানি।

ইংরাজিতে সম মাত্রার ছন্দ অনেক আছে, তাহার একটি দৃষ্টান্ত পূর্বেই দিয়াছি। অসম মাত্রা অর্থাৎ তিন মাত্রার দৃষ্টান্ত। যথা—

One | more | un || for | tu | nate ||

> ২ ৩ ১ ২ ৩

Wea | ry | of || breath — ||
ইংবেজিতে বিষম মাজার একটি উনাহরণ দিতে পারিলেই জাপাতত আমার পালা

```
শেষ হয়। একটি মনে পড়িডেছে।—
```

এই শ্লোকটির ছুই লাইনকে মিলাইয়া এক লাইন করিয়া পড়িলে ইহার ছক্তকে তিন মাত্রায় ভাগ করিয়া পড়া শহল হয়। কিন্তু বিষম মাত্রার লয়ে ইহাকে পড়িলে চলে বলিয়াই এই দৃষ্টাস্টটি প্রয়োগ করিয়াছি, বোধ করি এয়প দৃষ্টাস্ত ইংরেজি ছন্দে তুর্লভ।

দেখা গিয়াছে ইংরেজি ছন্দে ঝোঁক পদের আরক্তেও পড়িতে পারে, পদের শেষেও পড়িতে পারে। আরভে, ধেমন—

O the dreary | dreary moorland

O the barren | barren shore পদের শেষে, যেমন—

And are ye sure the news is true

And are ye sure he's well । বাংলায় আরভে ছাড়া পদের আর-কোথাও ঝোঁক পড়িতে পারে না।

একলা পাগলা ফিরবে জলল

কিছা---

একলা পাগলা ফিরবে ভালন এমনটি হইবার জো নাই। ° আমার কথাটি কুরালো। ইংরেজি ছন্দকে আমি বাংলা ছন্দের রীতি-অকুসারে তাগ করিয়া দেখিয়াছি, সেটা ভালো হইল কি না জানি না। ইংরেজি ছন্দতত্ত্ব আমার একদম জানা নাই বলিয়াই বোধ করি এরপ ছঃসাহস আমার পক্ষে সহজ্ব হইয়াছে। কারণ, চাণকা যাহাদিগকে কথা কহিতে বারণ করেন তাহারাই আগেভাগে কথা কহিয়া বসে; আপনারাও জানেন angelয়া প্রবেশ করিতে ভয় পান এমন জায়গা আছে, কিন্তু foolদের কোথাও বাধা নাই। এরপ সতর্কতায় সকল সময়েই যে এজেলয়া জেতেন তাহা নহে, অনেক সময়েই ঠিকয়া থাকেন; অব্য হঠকারিতায় অপর পক্ষের কর্মনা করনা জিত হইবার সম্ভাবনা আছে, এই আমার ভয়সা। আপনার পক্ষে বোঝা সহজ্ব হউতে পারে বলিয়াই আমি ইংরেজি দৃষ্টাস্তগুলি ব্যবহার করিয়াছি, ইহাতে আমার বিল্যা প্রকাশ না হইয়া বিল্যা ফাঁস হইয়া যাইতে পারে।

८५०८ व्हांमाळ ४८

প্রপ্রথপ চৌধুরীকে লিখিত

চলতি কথার একটা লম্বা ছন্দের কবিতা লিখেছি। এটা কি পড়া যার কিন্বা বোঝা যার কিন্বা ছাপানো যেতে পারে। নাম-রূপের মধ্যে রূপটা আমি দিলুম, নাম দিতে হর তুমি দিরো।…

যারা আমার গাঁঝ-সকালের গানের দীপে জালিরে দিলে আলো
আপন হিয়ার পরশ দিয়ে, এই জীবনের সকল সাদা-কালো
যাদের আলো-ছায়ার লীলা, বাইরে বেড়ায় মনের মায়্র যারা
তাদের প্রাণের ব্যরনাম্রোতে আমার পরান হরে হাজার ধারা
চলছে বয়ে চতুর্দিকে। কালের যোগে নয় তো মোদের আয়ু—
নয় সে কেবল দিবস-রাতির সাতনলি হার, নয় সে নিশাসবায়ু।
নানান প্রাণের প্রেমের মিলে নিবিড় হয়ে আত্মীয়ে বাছবে
মোদের পরমায়ুর পাত্র গভীর ক'রে পূরণ করে সবে।
সবার বাঁচায় আমার বাঁচা আপন সীমা ছাড়ায় বছদ্রে,
নিমেষগুলির ফল পেকে যায় বিচিত্র জানন্দরসে পূরে;
অতীত হয়ে তব্ও তারা বর্তমানের বস্তদোলায় দোলে—
গর্ভ হতে মৃক্ত লিশু তব্ও যেমন মায়ের বক্তে কোলে
বন্দী থাকে নিবিড় প্রেমের বাঁধন দিয়ে। তাই তো যধন শেষে
একে একে আপন জনে স্র্থ-আলোর অস্করালের দেশে

আধির নাগাল এড়িরে পালার, তথন রিক্ত শীর্ণ জীবন মম
ভঙ্ক রেখার মিলিরে আসে বর্ধানেবের নির্মারিশীসম
দৃশ্য বাল্র একটি প্রান্তে ক্লান্তবারি শ্রন্ত অবহেলার।
ভাই যারা আজ রইল পালে এই জীবনের অপরার-বেলার
ভালের হাতে হাত দিরে তুই গান গেরে নে থাকতে দিনের আলো—
বলে নে ভাই, "এই যা দেখা, এই যা ছোঁওরা, এই ভালো, এই ভালো।
এই ভালো আজ এ-সংগমে কারাহাসির গলাযম্নার
ভেউ থেরেছি, ভূব দিরেছি, ঘট ভরেছি, নিয়েছি বিদার।
এই ভালো রে প্রাণের বলে এই আসক্ষ সকল অকে মনে
পুণা ধরার ধুলো মাটি ফল হাওরা জল তৃণ তক্রর সনে।
এই ভালো রে ফুলের সকে আলোর জাগা, গান-গাওরা এই ভাষার,
ভারার সাথে নিশীধ-রাতে ঘুমিরে-পড়া নৃতন প্রাতের আলার।"

এই জাতের সাধু ছলে আঠারো অক্ষরের আসন থাকে। কিন্তু, এটাতে কোনো কোনো লাইনে পচিল পর্যন্ত উঠেছে। ফার্ল্ট ক্লাসের এক বেঞ্চিতে ছ-জনের বেশি বসবার ছকুম নেই কিন্তু থার্ড ক্লাসে ঠেসাঠেসি ভিড়, এ সেইরকম। কিন্তু, যদি এটা ছাপাও তা হলে লাইন ভেঙো না, তা হলে ছল পড়া কঠিন হবে।…

8 टेकार्ड ३७२8

প্ৰিণ্যারীমোহন সেনগুপ্তকে লিখিত

সংস্কৃত কাব্য-অস্থবাদ সম্বন্ধে আমার মত এই বে, কাব্যধ্বনিময় গছে ছাড়া বাংলা পছচ্চন্দে তার গাছীর্য ও রস বন্ধা করা সহজ্ঞ নয়। ছটি-চারটি শ্লোক কোনোমতে বানানো যেতে পারে, কিন্তু দীর্ঘ কাব্যের অস্থবাদকে স্থপাঠ্য ও সহজ্ঞবোধ্য করা ছংসাধ্য। নিভান্ত সরল পন্নারে তার অর্থটিকে প্রাশ্রণ করা যেতে পারে। কিন্তু তাতে ধ্বনিসংগীত মারা যায়, অথচ সংস্কৃত কাব্যে এই ধ্বনিসংগীত অর্থসম্পদের চেন্নে বেলি বৈ কম নয়।

यन्गाकांका हत्मत जात्नांका-श्रमक श्रातां यादांनित कात्नत उत्तर करतहरू। वोद्यांनित कान वर्ण कात्ना वित्यव भनार्व जात्ह बर्ण जािम मानि तः। माहरवत्र স্বাভাবিক কানের দাবি অনুসরণ করলে দেখা যায়, মন্দাক্রান্তা ছন্দের চার পর্ব। যথা—

মেঘালোকে | ভবতি স্থিনো | পাক্সথাবং | তি চেতঃ।
অর্থাৎ, মাত্রা-হিসাবে আট+সাভ+সাভ+চার। শেষের চারকে ঠিক চার বলা চলে
না। কারণ, লাইনের শেষে এক মাত্রা আন্দাজের ষতি বিরামের পক্ষে অনিবার্য। এই
ছন্দকে বাংলার আনতে গেলে এইরকম দাড়ার—

দ্রে ফেলে গেছ জানি,
স্বতির বীণাখানি,
বাজায় তব বাণী
মধুরতম।
অহপমা, জেনো অগ্নি,
বিরহ চিরজন্নী
করেছে মধুমন্ত্রী
বেদনা মম।

সংস্কৃতের অমিত্রাক্ষররীতি অমুবর্তন করা যেতে পারে। যথা—

অভাগা যক্ষ কবে করিল কাজে হেলা, কুবের তাই তারে দিলেন শাপ, নির্বাসনে সে রহি প্রের্মী-বিচ্ছেদে বর্ষ ভরি স'বে দাক্ষণ জ্ঞালা। গেল চলি রামগিরি-শিখর-আশ্রমে হারারে সহজাত মহিমা তার, সেধানে পাদপরাজি স্মিগ্ধছায়ারত সীতার স্নানে পৃত্ত সলিলধারা।

३७ मार्च ३२७३

क्षीविनी गक्रमात्र तात्राक निविद्य

গীতাঞ্চলির করেকটি গানের ছন্দ সম্বন্ধে কৈফিয়ত চেয়েছ। গোড়াতেই বলে রাখা দরকার গীতাঞ্চলিতে এমন অনেক কবিতা আছে যার ছন্দোরক্ষার বরাত দেওরা হয়েছে গানের হ্বরের 'পরে। অতএব, যে পাঠকের ছন্দের কান আছে তিনি গানের খাতিরে এর মাত্রা কম-বেশি নিজেই হ্বরম্ভ করে নিয়ে পড়তে পারেন, যার নেই তাঁকে থৈর্ব অবলম্বন করতে হবে।

- ১। 'নব নব রূপে এলো প্রাণে'— এই গানের অন্তিম পদগুলির কেবল অন্তিম ছটি অক্ষরের দীর্ঘন্ত করের সন্থান স্থীকৃত হরেছে। যথা 'প্রাণে' 'গানে' ইত্যাদি। একটিমাত্র পদে তার ব্যতিক্রম আছে। এলো ছংবে হুখে, এলো মর্মে— এথানে 'হুখে'র এ-কারকে অবাঙালি রীতিতে দীর্ঘ করা ছয়েছে। 'সৌখ্যে' কথাটা দিলে বলবার কিছু থাকত না। তবু সেটাতে রাজি হই নি, মাছ্য চাপা দেওয়ার চেয়ে মোটর ভাঙা ভালো।
- ২। 'জ্মল ধবল পা-লে লেগেছে মন্দমধুর হাওরা'— এ গানে গানই মুখ্য, কাব্য গৌণ। অভএব, তালকে লেলাম ঠুকে ছন্দকে পিছিয়ে থাকতে হল। যদি বল, পাঠকেরা ভো ভ্রোতা নর, তারা মাপ করবে কেন। হয়তো করবে না— কবি জোড়হাত করে বলবে, 'তাল্যারা ছন্দ রাখিলাম, ক্রটি মার্জনা করিবেন।'
- ০। চৌত্রিশ-নম্বরটাও গান। তবুও এর সম্বন্ধে বিশেষ যক্তব্য হচ্ছে এই ষে, ষে 'ছন্দগুলি বাংলার প্রাক্কত ছন্দ, অক্ষর গণনা করে তাদের মাত্রা নয়। বাঙালি সেটা বরাবর নিজের কানের সাহায্যে উচ্চারণ করে এসেছে। ষ্ণা—

বৃষ্টি পড়ে- টাপুর টুপুর, নদের এল-বা- ন, শিবু ঠাকুরের বিশ্বে- হবে- ডিন কত্যে দা- ন।

আক্ষরিক মাত্রা গুনতি করে একে যদি সংশোধন করতে চাও তা হলে নিখুঁত পাঠাস্তরটা দাড়াবে এইরকম—

> বৃষ্টি পড়ছে টাপুর টুপুর, নদের আসছে বক্তা, শিবু ঠাকুরের বিবাহ হচ্ছে, দান হবে তিন কক্তা।

वांमश्राटावर अकि गान चाटि-

মা আমার ঘ্রাবি কত যেন | চোধবাধা বলদের মতো।

এটাকে যদি সংশোধিত মাত্রায় কেতাদ্বন্ত করে লিখতে চাও তা হলে তার নম্না একটা দেওয়া যাক—

ছে মাতা আমারে ঘুরাবি কতই চক্ত্বন্ধ বৃষ্ণের মতোই।

একটা কথা ভোমাকে মনে রাখতে হবে, বাঙালি আযুদ্ধিকার সাধুভাষা-প্রচলিত ছন্দেও নিজের উচ্চারণসম্বত মাত্রা রাখে নি বলে ছন্দের অহুরোধে ব্রম্বনীর্ঘের সহজ্ঞ নিয়মের সঙ্গে রফানিপার্ভি করে চলেছে। যথা—

মহাভারতের কথা অয়তসমান, কাশীরাম দাস কছে গুনে পুণাবান্।

উচ্চারণ-অহুসারে 'মহাভারতের কথা' লিখতে হয় 'মহাভারতের্কথা', তেমনি 'কাশীরাম লাস কহে' লেখা উচিত 'কাশীরাম লাস্কহে'। কারণ, হসস্ত শব্দ পরবর্তী স্থর বা ব্যঞ্জন শব্দের সঙ্গে মিলে বায়, মাঝখানে কোনো স্বরবর্গ ভালের ঠোকাঠুকি নিবারণ করে না। কিন্তু, বাঙালি বরাবর সহজেই 'মহাভারতে-র্কথা' পড়ে এসেছে, অর্থাৎ 'তে'র এ-কারকে দীর্ঘ করে আপসে মীমাংসা করে দিয়েছে। তার পরে 'পুণাবান্' কথাটার 'পুণা'র মাত্রা কমিয়ে দিতে সংকোচ করে নি, অথচ 'বান্' কথাটার আক্ষরিক ছই মাত্রাকে টান এবং যতির সাহাযো চার মাত্রা করেছে।

- ৪। 'নিভৃত প্রাণের দেবতা' এই গানের ছন্দ তুমি কী নিরমে পড় আমি ঠিক বৃষতে পারছি নে। 'দেবতা' শন্দের পরে একটা দীর্ঘ যতি আছে, সেটা কি রাখ না। যদি সেই যতিকৈ মাত্ত করে থাক তা হলে দেখনে, 'দেবতা' এবং 'থোলো হার' মাত্রার অসমান হয় নি। এ-সব ধ্বনিগত তর্ক মোকাবিলার মীমাংসা করাই সহজ্ব। লিখিত বাক্যের হারা এর শেষ সিদ্ধান্তে পৌছনো সম্ভব হবে কি না জানি নে। ছাপাখানা-শাসিত সাহিত্যে ছন্দোবিলাসী কবির এই এক মৃশকিল— নিজের কণ্ঠ স্তন্ধ, পরের কণ্ঠের করুণার উপর নির্ভর। সেইজ্লেন্ডই আমাকে সম্প্রতি এমন কথা শুনতে হচ্ছে বে, আমি ছন্দ ভেঙে থাকি, তোমাদের স্তৃতিবাক্যের কল্লোলে সেটা আমার কানে ওঠে না। তথন আকাশের দিকে চেম্বে বলি, 'চতুরানন, কোন্ কানগুরালাদের 'পরে এর বিচারের ভার।'
- ৫। 'আজি গন্ধবিধুর সমীরণে'— কবিতাটি সহজ নিয়মেই পড়া উচিত। অবশ্র, এর পঠিত ছন্দে ও গীতছন্দে প্রভেদ আছে।
- ७। 'खनगंपमन-प्यिपात्रक' गानिया त्य मार्काधित्वात्र कथा वर्णाइ प्राप्त वर्णा व

পন্। জাব সিদ্ধ গুজরাট মরাঠা ইত্যাদি।

'পঞ্জাব'কে 'পঞ্জব' করে নামটার আকার ধর্ব করতে সাহস হয় নি, ওটা দীর্ঘকায়াদের দেশ। ছন্দের অভিরিক্ত অংশের অক্তে একটু তফাতে আসন পেতে দেওয়া রীতি বা গীতি-বিক্তম নয়।

এই গেল আমার কৈফিরতের পালা।

ভোমার ছন্দের ভর্কে আমাকে সালিস মেনেছ। 'লীলানন্দে'র যে লাইনটা নিয়ে তুমি অভিযুক্ত আমার মতে ভার ছন্দঃপতন হয় নি। ছন্দ রেখে পড়তে গেলে করেকটি কথাকে অস্থানে থণ্ডিত করতে হয় বলেই বোধ হয় সমালোচক ছন্দঃপাত করানা করেছেন। ভাগ করে দেখাই—

न्छा । अध् वि । नात्ना ना । वना इन ।

षाग्राम 'विनाता' कथांग्रां क्षांग्रां क्षांग कद्राम कात्म थेवेका नार्म।

নৃত্য শুধু লাবণ্যবিলানো ছন্দ

লিখলে কোনোরকম আপত্তি মনে আসে না, অর্থহিসাবেও স্পষ্টতর হয়। ওই কবিতায় যে লাইনে তোমার ছন্দের অপরাধ ঘটেছে সেটা এই—

সংগীতমুধা নন্দনে(র) সে আলিম্পনে।

ভাগ করে দেখো----

गःगी । उ स्था । नन । तन रम वा । निम्भत ।

यि निश्र ज

সংগীতস্থা নন্দনেরি আলিম্পনে

তা হলে ছন্দের ক্রটি হত না।

যাক। ভার পরে 'একান্তিকা'। ওটা প্রাকৃত ছন্দে লেখা। সে ছন্দের ছিডিয়াপকতা যথেই। মাজার ওজনের একট্-আঘট্ নড়চড় হলে কতি হয় না। ভব্ও নেহাত টিলেমি করা চলে না। বাঁধামাজার নিয়মের চেয়ে কানের নিয়ম প্তম্ম ; ব্রিয়ে বলা বড়ো শক্ত, কেন ভালো লাগল বা লাগল না। 'একান্তিকা'র ছন্দটা বদ্ধর হয়েছে সে কথা বলতেই হবে। অনেক জায়গায় দ্রাঘয়ের জল্পে এবং ছন্দের বিভাগে বাকা বিভক্ত হয়ে গেছে বলে অর্থ ব্যতে কই পেয়েছি। তয় তয় আলোচনা কয়তে হলে বিজয় বাকা ও কাল -বায় কয়তে হয়। ভাই আমার কান ও বৃদ্ধি অম্পরণ কয়ে ভোমার কবিতাকে কিছু কিছু বদল কয়েছি। তৃমি গ্রহণ কয়বে এ জালা কয়ে নয়, আমার অভিমতটা অম্পান কয়তে পায়বে এই আলা কয়েই।

३ कार्डिक ३७७७

२

তুমি এমন করে সব প্রশ্ন ফাঁদ যে ছ-চার কথার সেয়ে দেওরা অসম্ভব হর, ভোমার সম্বন্ধে আমার এই নালিশ।

)। 'बारात्र अत्रा विरत्न स्वात मन'— अहे পঙ्कित स्वामाजात गर्क 'बार २)।२৮ আবার বেড়ে ওঠে ক্রমের মাত্রার অসামা ঘটেছে এই তোমার মত। 'ক্রমে' শক্টার 'ক্র'র উপর যদি যথোচিত বোঁক দাও তা হলে হিসাবের গোল থাকে না। 'বেড়ে ওঠেক্রমে'— বস্তুত সংস্কৃত ছন্দের নির্মে 'ক্র' পরে থাকাতে 'ওঠে'র 'এ' শ্বরবর্ণে মাত্রা বেড়ে ওঠা উচিত। তুমি বলতে পার, আমরা সাধারণত শব্দের প্রথম বর্ণস্থিত র-ফলাকে হই মাত্রা দিতে ক্লপণতা করি। 'আক্রমণ' শব্দের 'ক্র'কে তার প্রাপ্য মাত্রা দিই, কিন্তু 'ওঠে ক্রমে'র 'ক্র' হস্বমাত্রার ধর্ব করে থাকি। আমি স্থযোগ ব্বে বিকরে হুইরকম নিরমই চালাই।

- ২। ভক্ত বিথার বিশেষা বা তির এইরকম ভাগে কোনো দোষ নেই। কিন্তু, তুমি যে ভাগ করেছিলে রিত এটা চলে না; যেহেতু 'র' হসন্ত বর্ণ, ওর পরে স্বর্বণ নেই, অতএব টানব কাকে।
- ৩। 'জনগণ' গান যখন লিখেছিলেম তখন 'মারাঠা' বানান করি নি। মরাঠিরাও প্রথমবর্ণে আকার দেয় না। আমার ছিল 'মরাঠা'। তার পরে যারা শোধন করেছেন তাঁরাই নিরাকারকে সাকার করে তুলেছেন, আমার চোখে পড়ে নি।
- ৪। 'জাগিরে' ও 'রটিয়ে' শব্দের 'গিয়ে' ও 'টিয়ে' প্রাক্বত-বাংলার মতে এক মাত্রাই। আমি যদি পরিবর্তন করে থাকি সেটাকে স্বীকার করবার প্রয়োজন নেই।

১০ নভেম্বর ১৯২৯

9

তুমি বে 'মান' শক্টিকে হসন্তভাবে উচ্চারণ কর এ আমার কাছে নতুন লাগল। আমি কথনোই 'মান' বলি নে। প্রাক্বত-বাংলার বে-সব শক্ অতিপ্রচলিত তাদেরই উচ্চারণে এইরকম স্বরল্থি সহু করা চলে। 'মান' শক্টা সে-জাতের নয় এবং ওটা অতি হৃন্দর শক্ষ, ওকে বিনা দোষে জরিমানা করে ওর স্বর্হরণ কোরো না, তোমার কাছে এই আমার দরবার।

যতি বলতে বোঝার বিরাম। ছন্দ জিনিসটাই হচ্ছে আবৃত্তিকে বিরামের বিশেষ বিধির ছারা নিয়ন্ত্রিত করা।

ললিত ল | বন্ধ ল | তা পরি | শীলন।

প্রত্যেক চার মাত্রার পরে বিরাম।

वनिंग यनि | किक्षिनिं।

পাঁচ-পাঁচ মাত্রার শেষে বিরাম। তুমি যদি লেখ 'বদসি যগুপি' তা হলে এই ছন্দে যতির যে পঞ্চারতি বিধান আছে তা রক্ষা হবে না। এখানে যতিভক্ত ছন্দোভক্ত একই কথা। প্রত্যেক পদক্ষেপের সমষ্টি নিয়ে নৃত্য, কিন্তু একটিমাত্র পদপাতে যদি চ্যুভি ঘটে ভা ছলে সে ক্রটি পদবিক্ষেপের ক্রটি, স্কুডরাং সমস্ত নৃত্যেরই ক্রটি।

क खांचन ३७०५

8

'ভোমারই' কথাটাকে সাধু ভাষার ছন্দেও আমরা 'ভোমারি' বলে গণ্য করি। এমন একদিন ছিল যথন করা হত না। আমিই প্রথমে এটা চালাই। 'একটি' শব্দকে সাধু ভাষার তিন মাত্রার মর্বাদা যদি দেও তবে ওর হসস্ত হরণ করে অত্যাচারের ঘারা সেটা সম্ভব হয়। যদি হসন্ত রাথ তবে বৈমাত্রিক বলে ওকে ধরতেই হবে। যদি মাছের উপর কবিতা লেখার প্রয়োজন হয় তবে 'কাৎলা' মাছকে কা-ত-লা উচ্চারণের জারে সাধুষে উদ্ভীণ করা আর্বসমাজি শুদ্ধিতেও বাধবে। তুমি কি লিখতে চাও—

পাতলা করিয়া কাটো কাতলা মাছেরে, উৎস্ক নাতনী যে চাহিয়া আছে রে।

खात्र खामि यति निधि--

পাৎলা করি কাটো প্রিয়ে কাৎলা মাছটিরে টাট্কা করি দাও ঢেলে সর্যে আর জিরে, ভেট্কি যদি জোটে তাহে মাথো লহাবাটা, যত্ন করে বেছে ফেলো টুক্রো যত কাটা।

আপত্তি করবে কি। 'উষ্ট্র' যদি গৃই মাত্রায় পদক্ষেপ করতে পারে তবে 'একটি' কী দোষ করেছে।

'জনগণমন-অধিনায়ক' সংস্কৃত ছন্দে বাংলায় আমদানি।

१ डांस ३७७७

ছন্দ সম্বন্ধে তুমি অতিমাত্র সচেতন হয়ে উঠেছ। শুধু তাই নয়, কোনোমতে
নতুন হল তৈরি করাকে তুমি বিশেষ সার্থকতা বলে কয়না কয়। আশা কয়ি, এই
অবস্থা একদিন তুমি কাটিয়ে উঠবে এক হল সম্বন্ধে একেবারেই সহজ হবে তোমার
মন। আজ তুমি ভাগবিভাগ কয়ে হল বাচাই কয়হ, প্রাণের পরীকা চলছে দেহব্যব্দেহন কয়ে। বায়া হালিসিক তাদের উপর এই কাটাছেঁড়ার ভায় দাও, তুমি বদি

ছব্দরসিক হও তবে ছুরিকাঁচি ফেলে দিয়ে কানের পথ খোলসা রাখো ফেবান দিয়ে বাঁলি মর্মে প্রবেশ করে। গীতার একটা লোকের আরম্ভ এই—

অপরং ভবতো অন্য,

ঠিক তার পরবর্তী শ্লোক—

বহুনি মে বাতীতানি।

বিতীরটির সমান ওলনে প্রথমটি যদি লিখতে হয় তা হলে লেখা উচিত 'অপারং ভাবতো জন্ম'। কিন্তু, যারা এই ছন্দ বানিয়েছিলেন তাঁরা ছান্দসিকের হাটে গিয়ে নিজি নিয়ে বসেন নি। আমি যখন 'পঞ্জাব সিন্ধু গুজরাট মরাঠা' লিখেছিলুম তখন জানতুম, কোনো কবির কানে খটকা লাগবে না, ছান্দসিকের কথা মনে ছিল না।

३७ मांच ३७७३

6

ছন্দ নিম্নে যে কথাটা তুলেছ সে সম্বন্ধে আমার বক্তব্যটা বলি। বাংলার উচ্চারণে ব্রম্বার্থ উচ্চারণভেদ নেই, সেইজক্তে বাংলাছন্দে সেটা চালাতে গেলে ক্তুত্রিমভা আসেই।

হেসে হেসে হস যে অস্থির,
।।।।।।।।
মেরেটা বুঝি আন্দাবন্তির।

এটা অবরদন্তি। কিন্তু-

ছেলে কৃটিকৃটি এ কী দশা এর, এ মেয়েটি বৃষি রাম্মশামের।

এর মধ্যে কোনো অত্যাচার নেই। রারমশারের চঞ্চল মেরেটির কাহিনী যদি বলে যাই লোকের মিষ্টি লাগবে, কিন্তু দীর্ঘে প্রশ্নে পা ফেলে চলেন যিনি তাঁর সজে বেশিক্ষণ আলাপ চলে না। যেটা একেবারে প্রকৃতিবিক্ষণ্ধ তার নৈপুণো কিছুক্ষণ বাহবা দেওয়া চলে, তার সক্ষে হরকরা চলে না।

'জনগণমনঅধিনায়ক'— ওটা যে গান। দিতীয়ত, সকল প্রাদেশের কাছে যথাসম্ভব স্থগম করবার জন্তে যথাসাধ্য সংস্কৃত শব্দ লাগিয়ে ওটাকে আমাদের পাড়া থেকে জন্মবীয় পদ্ধীতে চালান করে দেওয়া হয়েছে। বাংলা পদ্ধে এক্সেণ্ট দিয়ে বা ইংরেজি শব্দে না দিয়ে কিমা সংস্কৃত কাব্যে দীর্ঘন্তমকে বাংলার মতো সমভূম করে যদি রচনা করা যায় তবে কেবলমাত্র ছন্দকৌশলের থাতিরে সাহিত্যসমাজে তার নভূন মেলবন্ধন করা চলবে না। বিশেষত, চিহ্ন উচিয়ে চোখে থোঁচা দিয়ে পড়াতে চেষ্টা করলে পাঠকদের প্রতি অসৌজন্ত করা হয়।

Autumn flaunteth in his bushy bowers
এতে একটা ছন্দের স্চনা থাকতে পারে, কিন্তু সেইটেই কি যথেট। অথবা---

সম্মুখ সমরে পড়ি বীর চূড়ামণি বীরবাছ।

এক্সেণ্ট-এর তাড়ার ধাকা মেরে চালালে এইরকম লাইনের আলস্ত ভেঙে দেওরা যার যদি মানি, তবু আর কিছু মানবার নেই কি।

७ क्नाई ३२०७

দীর্ষ্য ছন্দ সম্বন্ধে আর-একবার বলি। ও এক বিলেষ ধরনের লেখার বিশেষ ভাষারীতিতেই চলতে পারে। আকবর বাদশার যোধপুরী মহিনীর জন্তে তিনি মহল বানিরেছিলেন শ্বতম্ব, সমগ্র প্রাসাদের মধ্যে সে আপন জাত বাঁচিয়ে নির্লিপ্ত ছিল। বাংলার উচ্চারণরীতিকে মেনে চলে যে ছন্দ তার চলাফেরা সাহিত্যের সর্বত্র, কোনো গণ্ডির মধ্যে নয়। তা পণ্ডিত-অপণ্ডিত সকল পাঠকের পক্ষেই শ্বসম। তুমি বলতে পার, সকল কবিতাই সকলের পক্ষে শ্বসম হবেই এমন্তরো কবুলতিনামার লেখককে সই দিতে বাধ্য করতে পারি নে। সে তর্ক খাটে ভাবের দিক থেকে, চিন্তার দিক থেকে, কিন্তু ভাষার সর্বজনীন উচ্চারণরীতির দিক থেকে নয়। তুমি বেলের শরবতই করো, দইরের শরবতই করো, মূল উপাদান জলটা সাধারণ জল— ভাষার উচ্চারণটাও সেইরকম। My heart aches— কোনো ধ্বনিসোর্চবের থাতিরেই বা বাঙালির অস্ত্যাসের অস্থ্যোধে heartএর আ এবং achesএর এ-কে হ্রন্থ করা চলবে না। এই কারণে বাংলার বিশুদ্ধ সংস্কৃত ছন্দ চালাতে গেলে দীর্ঘ শ্বর্থনির আয়গায় যুক্তবর্ণের ধ্বনি দিতে হয়। সেটার জন্তে বাংলাভাষা ও পাঠককে সর্বদা ঠেলা মারতে হয় না। অধ্বা দীর্ঘর্যরেক শ্বন্থী মাজার মূল্য দিলেও চলে। যদি লিখতে—

হে অমল চন্দনগঞ্জিত, তমু রঞ্জিত হিমানীতে সিঞ্চিত স্বর্ণ

তা হলে চতুস্পাঠীর বহিবতী পাঠকের ছন্ডিন্তা ঘটাত না।

৮ खुनाई ३२७७

বাংলার প্রাক্হনন্ত শ্বর দীর্ঘারত হর এ কথা বলেছি। জল এবং জলা, এই ফটো শব্দের মাত্রাসংখ্যা সমান নর। এইজন্তেই 'টুম্স্ টুম্স্ বাছি বাজে' পদটাকে তৈমাত্রিক বলেছি। টু-মু ফুই সিলেব্ল, পরবর্তী হসন্ত স্-ও এক সিলেব্ল্এর মাত্রা নিরেছে পূর্ববর্তী উ শ্বরকে সহজেই দীর্ঘ ক'রে। 'টুম্ টুম্ বাজা বাজে' এবং 'টুম্স্ টুম্স্ বাছি বাজে' এক ছন্দ নর। 'রণিরা রণিরা বাজিছে বাজনা' এবং 'টুম্স্ টুম্স্ বাছি বাজে'. এক ওজনের ছন্দ। ফুটোই তৈমাত্রিক। আমি প্রচলিত ছড়ার দৃষ্টান্তও দেখিয়েছি।

२६ खूनाई ১२७७

और्षिध्यमान म्रांभाभागायस्य निर्विष्

যখন কবিভাগুলি পড়বে তখন পূর্বাভ্যাসমত মনে কোরো না ওগুলো পছ।
- অনেকে সেই চেষ্টা করতে গিয়ে বার্থ হয়ে কষ্ট হয়ে ওঠে। গছের প্রভি গছের
সন্মানরক্ষা করে চলা উচিত। পুরুষকে স্থনরী রমণীর মতো ব্যবহার করলে তার
মর্বাদাহানি হয়। পুরুষেরও গৌন্দর্য আছে, সে মেয়ের গৌন্দর্য নয়— এই সহজ্ঞ কথাটা
বলবার প্রশ্নাস পেয়েছি পরবর্তী পাতাগুলিতে।

২৬ আশ্বিন ১৩৩৯

S

'পুনল্চ'র কবিতাগুলোকে কোন্ সংজ্ঞা দেবে। পদ্ম নম্ব, কারণ পদ্ম নেই। গদ্ধ বললে, অভিব্যাপ্তি দোষ ঘটে। পক্ষিরাজ্ঞ ঘোড়াকে পাখি বলবে না ঘোড়া বলবে? গদ্মের পাখা উঠেছে এ কথা যদি বলি, তবে শক্রপক্ষ বলে বসবে, 'পিপিড়ার পাখা ভঠে মবিবার তরে।' জলে হলে বে সাহিত্য বিভক্ত, সেই সাহিত্যে এ জিনিসটা জল নম্ব, তাই বলে মাটিও নম। তা হলে ধনিজ বলতে দোষ আছে কি। সোনা বলতে পারি এমন জিহংকার যদি বা মনে থাকে মুখে বলবার সাহস নেই। না হয় তাঁবাই হল। অর্থাৎ, এমন কোনো ধাতু যাতে মুভি-গড়ার কাল চলে। গদাধরের মুভিও হতে পারে, তিলোভমারও হয়। অর্থাৎ, রূপরসাত্মক গছ, অর্থভারবহ গছ নর। ভৈজস গছ।

সংজ্ঞা পরে হবে, আপাতত প্রশ্ন এই— ওতে চেহারা গড়ে উঠেছে কি না। যদি উঠে থাকে তা হলেই হল।

৭ কাতিক ১৩৩১

9

গানের আলাপের দক্ষে 'পুনন্দ' কাব্যগ্রহের গণ্ডিকারীতির যে তুলনা করেছ দেটা মন্দ হয় নি। কেননা আলাপের মধ্যে তালটা বাধনছাড়া হয়েও আত্মবিশ্বত হয় না। অর্থাৎ, বাইরে থাকে না মৃদক্ষের বোল, কিন্তু নিজের অঙ্কের মধ্যেই থাকে চলবার একটা ওজন।

